পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণে তারিখ

বেদব্যাস-ভাণ্ডার গ্রন্থাবলী।

ধর্ম্মানুষ্ঠান।

দশসংস্কার, নিত্যকৃত্য,, মাসিককৃত্য বার্ষিককৃত্য,

শৌচাশৌচ, প্রায়শ্চিত্ত, শ্রাদ্ধ প্রভৃতি

অনুষ্ঠান সম্বলিত।

শ্রীভূধর চট্টোপাধ্যায় সম্পাদিত।

৭০ নং সুকিয়া ষ্ট্রীট বেদব্যাস কার্য্যালয়

হইতে প্রকাশিত।

কলিকাতা

২০ নং সুকীয়া ষ্ট্রীট, কালিকা যন্ত্রে

শ্রীশরচ্চন্দ্র চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত।

১৩০২ সাল।

মূল্য ১৶০ আনা মাত্র।

স্বধর্ম্মনিরত

শ্রীযুক্ত রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়।

যাঁহার অনুরোধের

ফল এই ধর্ম্মানুষ্ঠান ;

যাঁহার সহোদরোপম

স্নেহে আমি মুগ্ধ ;

যাঁহার চরিত্র, বংশ-

মর্য্যাদা ও সুনাম

হিন্দুসমাজের বিশেষতঃ

রাঢ়ীয় ব্রাহ্মণ-সমাজের

একমাত্র আদর্শ স্থল ;

সেই স্বসমাজরক্ষণেচ্ছু মহোদয়ের করকমলে

ভক্তির সহিত সাদরে

উৎসর্গ করিলাম।

নিবেদন।

ধর্ম্মেই ব্রহ্মাণ্ড প্রতিষ্ঠিত। ধর্ম্ম ব্যতীত একটী ক্ষুদ্র পরমাণুও ক্ষণমাত্র তিষ্ঠিতে পারে না। তাই শাস্ত্র বলেন,—ধর্ম্মো বিশ্বস্য জগতঃ প্রতিষ্ঠা, লোকে ধর্ম্মিষ্ঠম্ প্রজা উপসর্পন্তি ধর্ম্মেন পাপং অপনুদন্তি, ধর্ম্মে সর্ব্বং প্রতিষ্ঠিতং তস্মাৎ ধর্ম্মং পরমং বদন্তি। সুতরাং একমাত্র ধর্ম্ম থাকিলে সমস্ত থাকিবে এবং একমাত্র ধর্ম্মের অভাব হইলে সমস্তই নষ্ট হইবে। এরূপ সর্ব্বমূলাধার ধর্ম্মের অনুষ্ঠানই পরম শ্রেয়স্কর। একমাত্র বেদই সে ধর্ম্মের প্রবর্ত্তক এবং বেদবিহিত কর্ম্মানুষ্ঠানই ধর্ম্মানুষ্ঠান। যথা—

বেদপ্রণিহিতো ধর্ম্মো হ্যধর্ম্মস্তদ্বিপর্য্যয়ঃ।

বেদবিহিত কর্ম্মানুষ্ঠানই যদি ধর্ম্মানুষ্ঠান হয়, তবে সে ধর্ম্মের দ্বারা কিরূপে ব্রহ্মাণ্ড পরিরক্ষিত হইয়া থাকে, এই প্রশ্ন স্বতঃই মনোমধ্যে উদিত হওয়া সম্ভব। মনু ধৃতি-ক্ষমাদি যে ধর্ম্মের লক্ষণ করিলেন, ইহারই বা কিরূপ মীমাংসা সম্ভব? এতন্মীমাংসায় শাস্ত্র সিদ্ধান্ত করেন যে, মনুক্ত ধর্ম্মই প্রকৃত ধর্ম্ম, কিন্তু বেদবিহিত কর্ম্মানুষ্ঠান দ্বারা মনূক্ত "ধৃতিঃ ক্ষমা দমোস্তেয়ঃ শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। ধীর্বিদ্যা সত্যমক্রোধো দশকংধর্ম্মলক্ষণম্॥ ইত্যাদি। ধর্ম্মের উন্মেষ হওয়ায় আত্মার উক্ত শক্তিসমূহও স্বরূপস্থ হয় বলিয়াই এ সমস্তও ধর্ম্ম। বেদবিহিত কর্ম্মানুষ্ঠান ব্যতীত কখনই আত্মার নিরোধশক্তির বিকাশ হইতে পারে না। আর যখন আত্মার শক্তির অভিব্যঞ্জনার দ্বারা সৃষ্টি স্থিতি ও লয়-শক্তিযুক্ত এই ব্রহ্মাণ্ড প্রকাশিত, তখন আত্মার শক্তির যথাযথ

ক্রিয়ার দ্বারাই যে এই ব্রহ্মাণ্ড রক্ষিত হইয়া থাকে তাহাতে সন্দেহ নাই। সংক্ষেপে কেবলমাত্র ইঙ্গিত ভিন্ন এস্থলে বিস্তার আলোচনা অসম্ভব। অতএব যাহাতে বেদবিহিত কর্ম্মানুষ্ঠানে অধিকার জন্মে, তৎপক্ষে সচেষ্ট হওয়াই সর্ব্বতোভাবে কর্ত্তব্য।

"জন্মনা জায়তে শূদ্রঃ সংস্কারাদ্দ্বিজ উচ্যতে।" যথাপদ্ধতি দশসংস্কারে সংস্কৃত হইলে তবে ব্রহ্মণ্যশক্তির বিকাশ হইয়া দ্বিজ হওয়া যায়। বর্ত্তমানে দশবিধ সংস্কারে সংস্কৃত ব্রাহ্মণ প্রায়ই দেখা যায় না। যে দুই একটী সংস্কার এখনও অনুষ্ঠিত হয় তাহা যদি কোন শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ স্বচক্ষে দেখেন, তবে বঙ্গদেশে যে কখনও ব্রাহ্মণের অস্তিত্ব ছিল বা আছে ইহা কদাচই বিশ্বাস করিবেন না। সুতরাং প্রকৃত ব্রাহ্মণের অভাবেই সে ব্রহ্মণ্য-মহিমাও দৃষ্টিগোচর হয় না। সংস্কার দ্বারা দ্বিজত্ব প্রাপ্ত হইলে তবে বেদাদিতে অধিকার জন্মে। তখন বৈদিকক্রিয়ার প্রত্যক্ষ ফল পাওয়া যায়। যাহাতে ব্রাহ্মণসন্তান সংস্কার দ্বারা দ্বিজত্ব লাভ করিয়া বেদাদি শাস্ত্রে ও ক্রিয়ায় অধিকারী হন, তদুদ্দেশে এই ধর্ম্মানুষ্ঠান পুস্তক প্রকাশ করিলাম। ইহাতে গার্হস্থ্যধর্ম্মে যাহা কিছু জ্ঞাতব্য ও কর্ত্তব্য, তাবদ্বিষয় যথাসম্ভব ও যথাসাধ্য সংগ্রহ করিয়াছি। এখন সকল বর্ণেরই হিন্দু সন্তানগণ যাহাতে ধর্ম্মানুষ্ঠানসাহায্যে কর্ম্মানুষ্ঠান করিয়া ধর্ম্মের উন্মেষে আত্মার শক্তিস্ফুরণ করিতে পারেন, তাহার চেষ্টা করিলে আমার শ্রম সার্থক হইবে। অলমিতি বিস্তারেন।

শ্রীভূধর শর্ম্মা।

সূচীপত্র।

পঞ্চম অধ্যায়।

প্রকীর্ণ অংশ।

সূচিপত্র সম্পূর্ণ।

ধর্ম্মানুষ্ঠানম্।

প্রথমোঽংশঃ।

প্রথমোঽধ্যায়ঃ।

সামবেদীয়-

দশসংস্কারাঃ।

গর্ভাধানম্। *

তত্র ঋতুস্নানাদূর্দ্ধং নিষেকদিবসে সায়ংসন্ধ্যায়া-মতীতায়াং শুভলগ্নে পতিঃ শুচিঃ স্বস্তিবাচনপূর্ব্বকং

ঋতুস্নানান্তে নিষেকদিনে সায়ংসন্ধ্যা সমতীত হইলে শুভ-লগ্নে পতি পবিত্র হইয়া (আচমন এবং) স্বস্তিবাচন পূর্ব্বক

---

* আর্য্য-মনীষিগণ বিশেষরূপ পর্য্যালোচনা করিয়াই আমা-দিগের দেশে গর্ভাধানাদি সংস্কারের বিধি প্রচলিত করিয়া গিয়া-ছেন। আধুনিক অনভিজ্ঞ মূর্খেরা স্বীয় অজ্ঞানতাবশতঃ তাহার প্রকৃত মর্ম্ম বুঝিতে না পারিয়া সেই সকল পরমহিতকর সংস্কার-

সঙ্কল্পং কুর্য্যাৎ। অদ্যেত্যাদি অমুকরাশিস্থে ভাস্করেঽমুকপক্ষেঽমুকতিথৌ অমুকগোত্রায়াঃ শ্রীমৎপত্ন্যা অমুকীদেব্যা গর্ভাধানকর্ম্মণি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিশিষ্টপুত্রোৎপত্তিকামো গণপত্যাদিষষ্ঠীমার্কণ্ডেয়পূজাপূর্ব্বকং সূর্য্যার্ঘ্যদানমহং করিষ্যে। সুগন্ধিঃ সুবেশঃ পতিঃ শ্রীসূর্য্যায় নবার্ঘ্যং দদ্যাৎ। তদ্‌যথা—ওঁ

মূলের লিখিত "অদ্যেত্যাদি অমুকরাশিস্থে" ইত্যাদি বাক্যে সঙ্কল্প করিবে। তৎপরে পতি সুগন্ধলিপ্ত ও সুবেশ হইয়া

গুলির বিলোপ করিতে উদ্‌যোগী হইতেছে। মনে কর, যেমন চিত্রকর প্রথমতঃ স্থূলভাবে একটী ছবি অঙ্কন করিয়া পুনঃ পুনঃ তুলিকার চালনা করিলে সেই ছবি ক্রমে ক্রমে অঙ্গপ্রত্যঙ্গাদিসমন্বিত ও পরিস্ফুট হয়, সেইরূপ বিধানে সংস্কারক্রিয়ার ভূয়ঃ প্রয়োগ হইলে মানবদেহে সত্বগুণের পূর্ণ উন্মেষ হইয়া উঠে। এই জন্য শাস্ত্রেও কথিত আছে যে, জন্মনা জায়তে শূদ্রঃ সংস্কারাদ্দ্বিজ উচ্যতে অর্থাৎ জন্ম দ্বারা শূদ্র হয়, সংস্কারদ্বারাই দ্বিজ হইয়া থাকে। সুতরাং বিশেষ বিবেচনা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীতি হইবে যে, সংস্কার কার্য্যগুলির লোপ হওয়া নিতান্ত অনুচিত। দেহে আর্য্যগুণের উন্মেষ করিতে দেওয়া সর্ব্বথাই বিধেয়। সংস্কারকার্য্য সাধারণতঃ দশবিধ;—(১) গর্ভাধান, (২) পুংসবন, (৩) সীমন্তোন্নয়ন, (৪) জাতকর্ম্ম, (৫) নামকরণ, (৬) অন্নপ্রাশন, (৭) চূড়াকরণ, (৮) উপনয়ন (৯) সমাবর্ত্তন, (১০) বিবাহ। এই সংস্কারদশটী চারি শ্রেণীতে বিভক্ত;—

বিশ্বপ্সা বিশ্বতঃ কর্ত্তা বিশ্বযোনিরযোনিজঃ। নবপুষ্পোৎসবে চার্ঘ্যং গৃহাণ ত্বং দিবাকর॥ (১)॥ সম্পদাকৃতিরাকাশে ক্ষোভরূপী জগৎপ্রভো। সাক্ষী ত্বং সর্ব্বভূতানাং গৃহাণার্ঘ্যং দিবাকর॥ (২)॥ ময়া চ যৎ কৃতং কর্ম্ম সাম্প্রতং ফলহেতবে। তিমিরঘ্ন মহাতেজো গৃহাণার্ঘ্যং

সূর্য্যদেবকে নবসংখ্য অর্ঘ্য প্রদান করিবে। "ওঁ বিশ্বপ্সা বিশ্বতঃ কর্ত্তা" ইত্যাদি যে নয়টী মন্ত্র লিখিত আছে, সেই

---

(১) গার্ভসংস্কার, (২) শৈশব সংস্কার, (৩) কৈশোর সংস্কার, (৪) যৌবন সংস্কার। প্রথম তিনটীকে গার্ভসংস্কার, দ্বিতীয় তিনটীকে শৈশব সংস্কার, তৃতীয় তিনটিকে কৈশোর সংস্কার এবং চতুর্থটিকে যৌবনসংস্কার কহে। গর্ভাধানাদি সংস্কারের উদ্দেশ্য সত্ত্বগুণের উৎকর্ষসাধন। সেই মহোচ্চ উদ্দেশ্যসাধনাভিপ্রায়েই আর্য্যশাস্ত্র বেদমূল হইতে স্থির করিলেন যে, জনক জননী-দেহে যে সকল দোষ থাকে, তাহাই সন্তানে সংক্রামিত হয়। ইহা স্থির করিয়া গর্ভাধান, গর্ভগ্রহণযোগ্যতা ও তদুপযুক্ত সময় নিরূপণ করত সন্তানোৎপত্তিকালেও যাহাতে জনকজননীর মন পশুভাবে ইন্দ্রিয়পরতন্ত্র না হইয়া বিশুদ্ধ সাত্ত্বিকভাবে প্রণোদিত হয়, সেই হেতুই আর্য্যশাস্ত্রে গর্ভাধানাদির ব্যবস্থা প্রদর্শিত হইয়াছে। বস্তুতঃ মূলের মধ্যে যে "ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু" ইত্যাদি মন্ত্রদ্বয় লিখিত আছে, তাহার প্রকৃত মর্ম্ম হৃদয়ঙ্গম করিলেই গর্ভাধানসংস্কারের মহোচ্চ অভিপ্রায় ও পবিত্রভাব উপলব্ধি হইবে। উহার

দিবাকর ॥ (৩) ॥ নবপুষ্পোৎসবে চার্ঘ্যং দদামি ভক্তি-তৎপরঃ। সম্পদাং হেতুঃ কর্ত্তা চ গৃহাণার্ঘ্যং দিবা-কর ॥ (৪) ॥ নমস্তে ভগবন্ সূর্য্য লোকসাক্ষিন্ বিভা-বসো। পুত্রার্থী চ প্রপন্নোঽহং গৃহাণার্ঘ্যং দিবা-কর ॥ (৫) ॥ কমলাকান্ত দেবেশ সাক্ষী ত্বঞ্চ জগৎ-পতে। ভক্তস্তব প্রপন্নোঽহং গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ (৬) ॥ স্বর্গদ্বীপ নমস্তেঽস্তু নমস্তে বিশ্বতাপন। নবপুষ্পোৎ-

---

নয়টী মন্ত্র পাঠ পূর্ব্বক যথাক্রমে নয়টী অর্ঘ্য প্রদান করিতে হয়। তদনন্তর পূর্ব্বাভিমুখে উপবিষ্টা বধূর পশ্চাদ্ভাগে থাকিয়া

ভাবার্থ এই যে, গর্ভাধানসময়ে পতি পত্নীকে বলিতেছেন,— "সর্ব্বব্যাপী বিষ্ণু তোমার গর্ভস্থানকে প্রসবসমর্থ করুন্; দেব-শিল্পী ত্বষ্টা তোমার রূপ প্রকাশ করুন্; যাবন্মাত্র বীজে গর্ভ হয়, প্রজাপতি তোমার জননেন্দ্রিয়ে তাবন্মাত্র বীজ প্রক্ষেপ করুন্; আদিত্যদেব পুত্রার্থ তোমার গর্ভরক্ষা করুন্। হে ভগবতি সিনীবালি! তুমি এই বধূতে গর্ভাধান কর; হে সর-স্বতি! তুমি ইহাতে গর্ভাধান কর অর্থাৎ ইহার বন্ধ্যাত্ব অপনো-দন কর। যাঁহাদের অধিষ্ঠানে সমুৎপন্ন সন্তান সর্ব্বদা দেবগণ দ্বারা অভ্যুদিত, স্বতঃ বিনয়নম্র, সত্বগুণবান্, নারীবিভূষণ-স্বরূপ, সম্পদ্‌যুক্ত ও আত্মানন্দময় হয়, সেই পদ্মমালাধারী অশ্বিনী-কুমারযুগল তোমার গর্ভাধান করুন্।" এই প্রকার আনন্দময়, পবিত্র, উচ্চ, শুভলক্ষণোদ্দীপক ভাবসমূহ সহকারে সঞ্জাত সন্ততি যে দিব্যভাবযুক্ত ও সর্ব্বসুলক্ষণে সুলক্ষিত হইয়া জন্ম

সবে চার্ঘ্যং গৃহাণ ত্বং দিবাকর॥ (৭)॥ নমস্তে পদ্মিনী-কান্ত সুখমোক্ষপ্রদায়ক। ছায়াপতে জগৎস্বামিন্‌ স্বর্গ-দ্বীপ নমোঽস্তু তে॥ (৮)॥ বিশ্বাত্মা বিশ্ববন্ধুশ্চ বিশ্বেশো বিশ্বলোচনঃ। নবপুষ্পোৎসবে চার্ঘ্যং গৃহাণ ত্বং দিবাকর॥ (৯)॥ ততঃ পূর্ব্বাভিমুখোপবিষ্টায়াঃ বধ্বাঃ পশ্চাৎ স্থিত্বা স্কন্ধোপরিভাবেন দক্ষিণহস্তেন উপস্থং স্পৃশন্‌ জপতি। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দো বিষ্ণুত্বষ্টৃপ্রজাপতিধাতারো দেবতা গর্ভাধানে বিনি-য়োগঃ। ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু।

টীকা—ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু। আসি-

তদীয় স্কন্ধোপরিদেশ হইতে দক্ষিণ হস্ত অবতরণ করত শিশ্ন স্পর্শ পূর্ব্বক "প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ ছন্দো বিষ্ণু ত্বষ্টৃ-প্রজা-পতিধাতরো দেবতা গর্ভাধানে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণুর্যোনিং

গ্রহণ করিবে, তাহাতে সন্দেহমাত্র নাই। যে সকল ব্যক্তি এই দুইটী মন্ত্রের মধ্যে বৈজ্ঞানিক তথ্যের, মহোচ্চ কবিত্বের, শাস্ত্রের নিগূঢ় তথ্য, সর্ব্বের সর্ব্বাত্মকতাপ্রতীতি এই সকলের সমবেত সমাবেশ দর্শনে বিস্মিত না হইবেন, তাঁহাদিগকে কিছু বলিতে চাহি না। তবে যে সকল ব্যক্তি মন্ত্রের প্রকৃত মর্ম্ম গ্রহণপূর্ব্বক ভক্তিপ্রণোদিত হইবেন, তাঁহাদিগকে জানাই যে, তাঁহারা যেন কদাচ ভ্রমেও নিজ নিজ কুলে গর্ভাধানাদি সংস্কারের লোপ না করেন।

আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে ॥ ১ ॥ ততঃ পুনরপি উপস্থং স্পৃশন্ জপতি। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্-ছন্দঃ সিনীবালীসরস্বত্যশ্বিনৌ দেবতা গর্ভাধানে বিনি-য়োগঃ। ওঁ গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি। গর্ভং তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ ॥ ২ ॥ ততো মন্ত্রং পঠেদ্বধ্বা নাভিদেশে সুবর্ণং স্পৃশন্

ঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে। অনুষ্টুবিয়ং গর্ভাধানে বিনিযুক্তা। বিশ্বাদয়ো দেবতাঃ তে ইতি প্রত্যেকমভিসম্বধ্যতে। হে বধু তে তব যোনিং গর্ভস্থানং বিষ্ণুর্বাসুদেবঃ কল্পয়তু প্রসব-সমর্থাং করোতু। ত্বষ্টা চ দেববিশেষঃ তে তব রূপাণি পিংষতু প্রকাশয়তু। পিষ্ সংচূর্ণনার্থোপ্যত্র প্রকাশনে বর্ত্ততে। কিঞ্চ প্রজাপতিস্তামেব যোনিং যাবন্মাত্রেণ বীজেন গর্ভো ভবতি তাবন্মাত্রমেব প্রক্ষেপয়ত্বিত্যর্থঃ। কিঞ্চ ধাতা আদিত্যঃ তে তব গর্ভং পুত্রার্থং দধাতু ধারয়তু ॥ ১ ॥ ওঁ গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি। গর্ভং তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্কর-স্রজৌ। সিনীবাল্যাদয়ো দেবতাঃ পূর্ব্বোক্তা অত্র অমাবস্যা সিনীবালী সা প্রার্থতে। হে ভগবতি সিনীবালি অস্যাং বধ্বাং

কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে।” এই মন্ত্র পাঠ করিবে। ১। পরে পুনরায় উপস্থ স্পর্শ পূর্ব্বক মূলের লিখিত “প্রজাপতির্ঋষি” ইত্যাদি দ্বিতীয় মন্ত্র পাঠ করিতে হয়। ২। তৎপরে বধূর নাভিদেশে সুবর্ণ

জপতি। ওঁ জীববৎসা ভব ত্বং সুপুত্রোৎপত্তি-হেতবে। তস্মাত্ত্বং সর্ব্বকল্যাণি অবিঘ্নগর্ভধারিণী। নাভি-পদ্মং সমাধায় পতিরেতদুদীরয়েৎ। ওঁ দীর্ঘায়ুষং বংশ-ধরং পুত্রং জনয় সুব্রতে॥ ততঃ পঞ্চগব্যং তত্তন্মন্ত্রৈঃ

গর্ভং ধেহি ধারয়। বন্ধ্যতামপনয়। হে সরস্বতি গর্ভং ধেহি।

স্পর্শ করাইয়া "ওঁ জীববৎসা ভব ত্বং সুপুত্রোৎপত্তিহেতবে। তস্মাত্ত্বং সর্ব্বকল্যাণি অবিঘ্নগর্ভধারিণী।" এই মন্ত্র পাঠ করিবে। পরে পতি বধূর নাভিপদ্ম স্পর্শ পূর্ব্বক "ওঁ দীর্ঘায়ুষং বংশ-ধরং পুত্রং জনয় সুব্রতে" অর্থাৎ হে সুব্রতে! তুমি দীর্ঘায়ু ও বংশধর পুত্র প্রসব কর, এই মন্ত্র পাঠ করিতে হয়। তদনন্তর যথাযথ মন্ত্র দ্বারা পঞ্চগব্য সংশোধিত করিয়া * পতিপুত্র-

---

* পঞ্চগব্য—গোময়, গোমুত্র, ঘৃত, দধি, দুগ্ধ। শোধনমন্ত্র যথা—

(১) ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ং॥

(ইতি গোময়শোধনং)

(২) গায়ত্র্যা গোমূত্রশোধনং।

(৩) ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেষসা দ্যাবা পৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতেঽজরে ভূরিরেতসা।

(ইতি ঘৃতশোধনং)

(৪) দধিক্রাব্নোঽকার্ষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ সুরভিনো মুখাকরৎ প্রণআয়ুংষি তারিষৎ।

(ইতি দধিশোধনং)

(৫) আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবা বাজস্য সংগথে

(ইতি দুগ্ধশোধনং)

সংশোধিতং পতিপুত্রবতী নারী ব্রাহ্মণকুমারো বা বধূং প্রাঙ্মুখীং ভক্ষয়েৎ। ততো ভার্য্যামুপেয়াৎ॥

ইতি সামবেদীয়গর্ভাধানং॥

কিঞ্চ হে বধু তে তবাশ্বিনৌ গর্ভমাধত্তাং কুরুতাং কিম্ভূতৌ পুষ্করস্রজৌ পদ্মমালিনৌ॥ ২॥

ইতি সামবেদীয়-গর্ভাধানং।

বতী নারী দ্বারা বা বিপ্রবালক দ্বারা বধূকে তাহা পান করাইবে। যৎকালে উহা পান করিবে, তখন বধূ পূর্ব্বাভিমুখী হইয়া সেবন করিবে। তৎপরে পতি ভার্য্যাতে উপগত হইবে।

ইতি সামবেদীয় গর্ভাধান।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

পুংসবনম্। *

প্রথমগর্ভস্য তৃতীয়গর্ভমাস্যোপক্রমে শুভে দিনে প্রাতঃ কৃতস্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ পতিশ্চন্দ্রনামানমগ্নিং

প্রথমগর্ভের তৃতীয় মাসের প্রারম্ভে শুভদিনে প্রাতঃকালে পতি স্নান ও বৃদ্ধিশ্রাদ্ধ অনুষ্ঠান পূর্ব্বক চন্দ্রনামা অগ্নিকে স্থাপন

---

* গর্ভাবস্থার দ্বিতীয় সংস্কারকে পুংসবন কহে। এই সংস্কার গর্ভরক্ষার পক্ষে বিশেষ উপযোগী সন্দেহ নাই। গর্ভ গ্রহণের তিন হইতে চারিমাসের মধ্যে গর্ভ নষ্ট হইবার অনেক সম্ভাবনা, এই জন্য তৃতীয়মাসের দশদিনের মধ্যেই পুংসবন-সংস্কার নির্ব্বাহের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে। পুংসবন শব্দে পুত্র সন্তানের উৎপত্তি। গর্ভস্থ ভ্রূণ পুত্র হইবে কি পুত্রী হইবে, চতুর্থমাসের মধ্যে তাহা অবধারণ করা যায় না; বিশেষতঃ সকলদেশীয়া স্ত্রীলোকেই কন্যা অপেক্ষা অধিকপরিমাণে পুত্র কামনা করেন। এই জন্যই পুংসবন-সংস্কার নির্ব্বাহ করিতে হয়। কারণ এই সংস্কারে যে মন্ত্র পাঠ করিতে হয়, তাহা শুনিবামাত্র গার্ভিণীর হৃদয় আনন্দে উৎফুল্ল হইয়া উঠে; সেই আনন্দাতিরেক বশতঃ গর্ভাবস্থায় আলস্য, ভয়, বমনাদিজনিত অবসাদ প্রভৃতি বিদূরিত হয় এবং গর্ভপোষণের শক্তি যেন

সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য কৃত-স্নানাং বধূমগ্নেঃ পশ্চিমায়াং দিশি স্বদক্ষিণত উদগগ্রেষু কুশেষু প্রাঙ্মুখীমুপবেশ্য প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশ-প্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা মহাব্যাহৃতি-

---

করিয়া বিরূপাক্ষজাপান্তা কুশণ্ডিকা সমাপন করিবে। পরে কৃতস্নানা বধূকে অগ্নির পাশ্চিমভাগে স্বীয় দক্ষিণদিকে উদগগ্র কুশোপরি প্রাঙ্মুখীভাবে উপবেশন করাইয়া প্রকৃতকর্ম্মারম্ভে

পুনরায় সমুদ্ভূত হইতে থাকে। সেই মন্ত্র উপরে মূলে লিখিত আছে, অর্থাৎ "মিত্রাবরুণ দেবদ্বয় পুরুষ, অশ্বিনীকুমারযুগল পুরুষ, অগ্নি ও বায়ু ইহাঁরাও পুরুষ, তোমার গর্ভে পুরুষেরই আবির্ভাব হইয়াছে।" পতি যখন ইত্যাদি প্রকার মন্ত্র পাঠ করিতে থাকেন, তখন তাহা শুনিয়া যে গর্ভিণীর হৃদয় আনন্দে উচ্ছ্বসিত হইবে, ইহা বিচিত্র নহে এবং সেই আনন্দাতিরেক বশতঃ যে মহাফল উৎপন্ন হইবে, তাহাতেই বা সন্দেহ কি? এতদ্ভিন্ন পুংসবন সংস্কারে ফলদ্বয়যুক্ত বটশুঙ্গা মাষকলায় ও যবের সহিত গর্ভিণীর নাসিকা স্পর্শ করাইয়া শুকাঁইকার বা নাসাতে তদ্রসনিক্ষেপের ব্যবস্থা আছে। যদিও আমরা বিশেষ না জানি, কিন্তু ঐ সকল দ্রব্যে যে গর্ভরক্ষার বিশেষ শক্তি আছে, তাহাতে সন্দেহ নাই; অধিকন্তু আয়ুর্ব্বেদেও লিখিত আছে যে, বটকল্ক দ্বারা যোনিদোষ বিনষ্ট হয়। যাহা হউক, এই সকল কারণে স্পষ্টই বোধগম্য হয় যে, পুংসবন সংস্কার নির্ব্বাহ করা অবশ্য কর্ত্তব্য।

হোমং কুর্য্যাৎ। যথা—ওঁ প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দো-ঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যা-হৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতি-র্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনি-য়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। ততঃ পতিরুত্থায় বধূপৃষ্ঠদেশে স্থিতো বধূদক্ষিণস্কন্ধং স্পৃষ্ট্বা অবতীর্ণেন দক্ষিণহস্তেনাব্য-বহিতং নাভিদেশং স্পৃশন্ জপতি। প্রজাপতির্ঋষিরনু-ষ্টুপ্‌ছন্দো মিত্রাবরুণাশ্ব্যগ্নিবায়বো দেবতাঃ পুংসবনে বিনিয়োগঃ। ওঁ পুমাংসৌ মিত্রাবরুণৌ পুমাংসাবশ্বিনা-বুভৌ। পুমানগ্নিশ্চ বায়ুশ্চ পুমান্ গর্ভস্তবোদরে॥ ১॥

টীকা—ওঁ পুমাংসৌ মিত্রাবরুণৌ পুমাংসাবশ্বিনাবুভৌ। পুমানগ্নিশ্চ বায়ুশ্চ পুমান্ গর্ভস্তবোদরে। মিত্রাবরুণাদি-দেবতাঃ

প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে তূষ্ণীভাবে হোম করত মহাব্যাহৃতিহোম করিবে। মূলের লিখিত "প্রজাপতির্ঋষি-র্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ ওঁ ভূঃ স্বাহা "ইত্যাদি মন্ত্রে হোম করিতে হয়। তদনন্তর পতি গাত্রো-খান পূর্ব্বক বধূর পৃষ্ঠভাগে থাকিয়া তদীয় দক্ষিণ স্কন্ধ স্পর্শ করত দক্ষিণ হস্ত দ্বারা অব্যবহিত নাভিদেশ স্পর্শ করিবে এবং "প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো মিত্রাবরুণাশ্ব্যগ্নিবায়বো দেবতাঃ পুংসবনে বিনিয়োগঃ। ওঁ পুমাংসৌ মিত্রাবররুণৌ পুমাংসা-বশ্বিনাবুভৌ। পুমানগ্নিশ্চ বায়ুশ্চ পুমান্ গর্ভস্তবোদরে॥" অর্থাৎ

ইত্যেকং পুংসবনং কর্ম্ম। অপরপুংসবনার্থঞ্চ বটস্য পূর্ব্বোত্তরশাখায়াং ফলযুগলশালিনীং কৃমিভিরনুপহতাং বটশুঙ্গাং যবানাং মাষাণাং বা ত্রিভির্গুড়কৈঃ সপ্তবারান্ সপ্তভির্ম্মন্ত্রৈঃ ক্রীণীয়াৎ। সপ্তানাং মন্ত্রাণাং ঋষ্যাদয়ঃ সাধারণাঃ। প্রজাপতির্ঋষিঃ সোমবরুণবসুরুদ্রাদিত্যমরুদ্বিশ্বেদেবা দেবতা ন্যগ্রোধশুঙ্গাপরিক্রমণে বিনিয়োগঃ। ওঁ যদ্যসি সৌমী সোমায় ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি

পুংসবনে বিনিয়োগঃ। সাপেক্ষত্বাদ্বাক্যস্য যথা তথা ইত্যেতদস্থিতি চ ক্রিয়াপদমত্রাধ্যাহার্য্যং তেনায়মর্থঃ। যথা পুমাংসৌ মিত্রাবরুণৌ আদিত্যপ্রচেতসৌ যথা পুমাংসাবশ্বিনৌ দেববৈদ্যৌ যথা পুমান্ অগ্নিঃ পুমান্ বায়ুঃ তথা তবোদরেঽয়ং গর্ভঃ পুমানস্থিতি ॥ ১ ॥ ওঁ যদ্যসি সৌমী সোমায় ত্বা রাজ্ঞে পরিক্রীণামি

"মিত্রাবরুণ দেবতাদ্বয় পুরুষ, অশ্বিনীকুমারদ্বয় পুরুষ, অগ্নি ও বায়ু ইহাঁরাও পুরুষ, সুতরাং তোমার গর্ভেও পুরুষের আবির্ভাব হইয়াছে।" এই মন্ত্র পাঠ করিবে। ১। অপর পুংসবনার্থ বটবৃক্ষের পূর্ব্বোত্তরশাখাস্থিত ফলদ্বয়যুক্তা, কৃমি কর্ত্তৃক অনুপহত বটশুঙ্গা সপ্তমন্ত্র দ্বারা সপ্তবার অভিমন্ত্রিত করিয়া আনয়ন করিবে। যব ও মাষকলায়ের গুড়কত্রয় দ্বারা অভিমন্ত্রিত করিতে হয়। সপ্ত মন্ত্রের ঋষ্যাদি সাধারণ অর্থাৎ প্রজাপতির্ঋষিঃ সোমবরুণবসুরুদ্রাদিত্যমরুদ্বিশ্বেদেবা দেবতা ন্যগ্রোধশুঙ্গাপরিক্রমণে বিনিয়োগঃ" ইহাই ঋষ্যাদি জানিবে। "হে বটশুঙ্গে তুমি যদি সোমদেবতাকা হও, তবে তোমাকে ওষধিপতি

গুড়ত্রয়েণ একং ক্রমণং । সর্ব্বত্র গুড়ত্রয়েণ ক্রমণং। ওঁ যদ্যসি বারুণী বরুণায় ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি দ্বিতীয়ং ক্রমণং । ওঁ যদ্যসি বসুভ্যো বসুভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি তৃতীয়ং ক্রমণং। ওঁ যদ্যসি রুদ্রেভ্যো রুদ্রেভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি চতুর্থং ক্রমণং। ওঁ যদ্যসি আদিত্যেভ্য আদিত্যেভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি পঞ্চমং ক্রমণং। ওঁ যদ্যসি মরুদ্ভ্যো মরুদ্ভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি ষষ্ঠং ক্রমণং। ওঁ যদ্যসি বিশ্বেভ্যো

ওঁ যদ্যসি বারুণী বরুণায় ত্বা রাজ্ঞে পরিক্রীণামি। ওঁ যদ্যসি বসুভ্যো বসুভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি। ওঁ যদ্যসি রুদ্রেভ্যো রুদ্রেভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ওঁ যদ্যস্যাদিত্যেভ্য আদিত্যেভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি। ওঁ যদ্যসি মরুদ্ভ্যো মরুদ্ভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি। ওঁ যদ্যসি বিশ্বেভ্যো দেবেভ্যো বিশ্বেভ্যো দেবেভ্যস্ত্বা

চন্দ্রমার নিকট হইতে গ্রহণ করিতেছি। (১)। যদি তুমি বরুণদেবতাকা হও, তবে বরুণরাজার নিকট হইতে তোমাকে গ্রহণ করিতেছি। (২)। যদি তুমি বসুগণদেবতাকা হও, তবে তোমাকে বসুগণসকাশ হইতে গ্রহণ করিতেছি। (৩)। যদি তুমি রুদ্রদেবতাকা হও, তাহা হইলে রুদ্রগণ-সকাশ হইতে তোমাকে গ্রহণ করিতেছি। (৪)। যদি তুমি আদিত্যদেবতাকা হও, তবে আদিত্যগণসকাশ হইতে তোমাকে গ্রহণ করিতেছি। (৫)। যদি তুমি মরুদ্দেবতাকা হও, তবে মরুদ্গণসকাশ হইতে তোমাকে গ্রহণ করিতেছি। (৬)। যদি তুমি বিশ্বেদেবদেবতাকা হও, তবে বিশ্বেদেবগণ-সকাশ হইতে

দেবেভ্যো বিশ্বেভ্যো দেবেভ্যস্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ইতি সপ্তমং ক্রমণং ॥ ২ ॥ ততঃ ক্রীতাং বটশুঙ্গামনেন মন্ত্রেণ বৃক্ষাদাহরেৎ। প্রজাপতির্ঋষিরোষধয়ো দেবতা ন্যগ্রোধ-শুঙ্গাচ্ছেদনে বিনিয়োগঃ। ওঁ ওষধয়ঃ সুমনসোঽস্যাং বীর্য্যং সমাধত্ত ইদং কর্ম্ম করিষ্যতি ॥ ৩ ॥ ততস্তাং বটশুঙ্গাং তৃণবেষ্টিতাং অন্তরীক্ষে স্থাপয়েৎ। ততঃ

রাজ্ঞে পরিক্রীণামি। সপ্তযজূংষি ন্যগ্রোধশুঙ্গাক্রমণে বিনিয়োগঃ। সোমাদয়ো দেবতাঃ। নিগদিতান্যেতানি। হে ন্যগ্রোধশুঙ্গে ত্বং যদি সৌমী সোমদেবতাকা তদা সোমায় রাজ্ঞে ওষধীনাং রাজ্ঞে চন্দ্রমসে সোমস্য সোমস্য রাজ্ঞঃ সকাশাৎ পরিক্রীণামি বিনি-ময়েন গৃহ্লামি। সৌমীতি সোমস্য দেবতেত্যনেন সোমায় রাজ্ঞে ষষ্ঠ্যর্থে বহুলং ছন্দসীতি চতুর্থী। ত্বা ত্বাং পরিক্রীণামি তথা যদ্যসি বারুণীত্যাদিষু ॥ ২ ॥ ওঁ ওষধয়ঃ সুমনসো ভূত্বা অস্যাং বীর্য্যং সমাধত্ত ইদং কর্ম্ম করিষ্যতি। যজুরিদং ওষধি-দৈবতং ছেদনে বিনিযুক্তং। হে ওষধয়ঃ যূয়ং সুমনসঃ প্রসন্ন-

---

তোমাকে গ্রহণ করিতেছি। (৭)। (৯) এই সপ্ত মন্ত্র দ্বারা বটশুঙ্গা আনয়ন করিবে। ২। অনন্তর "প্রজাপতির্ঋষিরোষ-ধয়ো দেবতা ন্যগ্রোধশুঙ্গাচ্ছেদনে বিনিয়োগঃ। ওঁ ওষধয়ঃ সুমন-সোঽস্যাং বীর্য্যং সমাধত্ত ইদং কর্ম্ম করিষ্যতি" এই মন্ত্রে অর্থাৎ "হে ওষধিগণ! তোমরা প্রসন্নচিত্ত হইয়া এই ক্রীত বটশুঙ্গাতে সামর্থ্য অর্পণ কর; যেহেতু ইহা পুংসবন কর্ম্ম সমাহিত করিবে।" এই মন্ত্র পাঠ করিয়া বৃক্ষ হইতে বটশুঙ্গা আহরণ করিবে। ৩। পরে ঐ বটশুঙ্গা তৃণবেষ্টিতা করিয়া শূন্যে রাখিতে হয়।

কৃতশোভননাম্নোঽগ্নেরুত্তরতঃ প্রক্ষালিতশিলায়াং ব্রহ্ম-
চারী কুমারী গর্ভবতী বা শ্রুতস্বাধ্যায়শীলো ব্রাহ্মণো
বা আচারতো নীহারজলেনাবৃত্তলোষ্ট্রেণ পুনঃ পুন-
র্ব্বটশুঙ্গাং পেষয়েৎ। ততোঽগ্নেঃ পশ্চিমতঃ উদগ-
গ্রেষু কুশেষু পশ্চিমাভিমুখীং বধূং পূর্ব্বদিগানতমস্তকাং
কৃত্বা তৎপৃষ্ঠদেশে স্থিতঃ পতির্দ্দক্ষিণপাণেরঙ্গুষ্ঠানামি-
কাভ্যাং বস্ত্রবদ্ধাং পেষিতবটশুঙ্গাং গৃহীত্বা গর্ভবত্যা
বধ্বা দক্ষিণনাসাবিবরে বটশুঙ্গারসং নিঃক্ষিপত্যনেন
মন্ত্রেণ। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নীন্দ্রবৃহস্পতয়ো
দেবতা ন্যগ্রোধশুঙ্গারসদানে বিনিয়োগঃ। ওঁ পুমানগ্নিঃ

চেতসো ভূত্বা অস্যাং ক্রীতায়াং বটশুঙ্গায়াং বীর্য্যং সামর্থ্যং সমাধত্ত
অর্পয়তু যত ইদং কর্ম্ম পুংসবনলক্ষণং করিষ্যতি ॥ ৩॥ ওঁ পুমা-

অনন্তর ব্রহ্মচারী, কুমারী, গর্ভবতী নারী অথবা শ্রুতস্বাধ্যায়-
শীল ব্রাহ্মণ যথাচারে কৃতশোভন নামক অগ্নির উত্তর দিকে
প্রক্ষালিত শিলাতলে নীহারজল দ্বারা লোষ্ট্রযোগে ঐ বটশুঙ্গা
পুনঃ পুনঃ পেষণ করিবে। পরে অগ্নির পশ্চিম ভাগে উদগগ্র-
কুশোপরি পশ্চিমাভিমুখে উপবিষ্টা বধূকে পূর্ব্বদিগানতমস্তকা
করিয়া পতি তৎপৃষ্ঠভাগে থাকিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও অনা-
মিকা দ্বারা বস্ত্রবদ্ধ পেষিত বটশুঙ্গা গ্রহণ পূর্ব্বক সেই গর্ভবতী
বধূর দক্ষিণনাসারন্ধ্রে সেই বটশুঙ্গারস নিক্ষেপ করিবে।
"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নীন্দ্রবৃহস্পতয়ো দেবতা ন্যগ্রো-
ধশুঙ্গারসদানে বিনিয়োগঃ। ওঁ পুমানগ্নিঃ পুমানিন্দ্রঃ পুমান্

পুমানিন্দ্রঃ পুমান্ দেবো বৃহস্পতিঃ। পুমাংসং পুত্ত্রং বিন্দস্ব তং পুমাননুজায়তাং ॥ ৪ ॥ ততো মহাব্যাহৃতি-হোমং কৃত্বা প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি বামদেব্য-গানান্তং উদীচ্যং কর্ম্ম সমাপ্য কর্ম্মকারয়িতৃব্রাহ্মণায় দক্ষিণাং দদ্যাৎ ॥

নগ্নিঃ পুমানিন্দ্রঃ পুমান্ দেবো বৃহস্পতিঃ। পুমাংসং পুত্রং বিন্দং তং পুমাননুজায়তাং। অনুষ্টুবিয়ং ন্যগ্রোধশুঙ্গারসদানে বিনি যুক্তা। অগ্ন্যাদয়ো দেবতাঃ। অত্রাপি যথা তথেত্যেতদধ্যা হার্য্যং। হে বধু যথা পুমানগ্নিঃ যথা পুমানিন্দ্রো যথা পুমাং দেবো বৃহস্পতিঃ তথা তদ্রূপবুদ্ধিবিভবসদৃশং পুত্রং বিন্দস্ব লভস্ব বিদ লাভে। কিঞ্চ তমনু তস্য জাতস্য পশ্চাদন্যোপি পুমাঃ পুত্রঃ তব জায়তাং ॥ ৪ ॥

দেবো বৃহস্পতিঃ। পুমাংসং পুত্রং বিন্দস্ব তং পুমাননুজায়তাং” এই মন্ত্রে অর্থাৎ “অগ্নি পুরুষ, ইন্দ্র পুরুষ, বৃহস্পতিদেবও পুরুষ; তুমিও তদ্রূপ বুদ্ধিবিভবসদৃশ পুত্র লাভ কর এবং সেই জাত পুত্রের পরে অন্য পুত্রও জন্ম গ্রহণ করুক” এই মন্ত্র পাঠ পূর্ব্বক বটশুঙ্গারস নিক্ষেপ করিতে হয়। ৪। তৎপরে মহাব্যা-হৃতিহোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে তূষ্ণী-ম্ভাবে হোম করত সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়নহোমাদি বাম-দেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম সমাপন করিয়া কর্ম্মকারয়িতৃব্রাহ্মণকে দক্ষিণা প্রদান করিবে।

ইতি সামবেদীয় পুংসবন।

তৃতীয়োঽধ্যায়ঃ।

সীমন্তোন্নয়নং। *

প্রথমগর্ভস্য চতুর্থে ষষ্ঠেঽষ্টমে বা মাসি সীমন্তো-ন্নয়নং কর্ত্তব্যং। তত্র গর্ভাধানপুংসবনসীমন্তোন্নয়ন-

---

প্রথমগর্ভের চতুর্থ, ষষ্ঠ বা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন সংস্কার সম্পাদন করিবে। গর্ভাধান, পুংসবন ও সীমন্তোন্নয়ন এই

---

* গর্ভাবস্থার তৃতীয় সংস্কার সীমন্তোন্নয়ন। এই সংস্কার-টীও গর্ভাবস্থার পক্ষে বিশেষ উপযোগী। গর্ভ গ্রহণের ছয় হইতে আট মাসের মধ্যে গর্ভ বিনষ্ট হইবার বিলক্ষণ সম্ভব, এই জন্য গর্ভগ্রহণের পর ষষ্ঠ বা অষ্টম মাসে এই সংস্কার সম্পাদন করিতে হয়। ইহার মূল ক্রিয়াটী গর্ভিণীর সীমন্ত বা সিঁতি তুলিয়া দেওয়া। সীমন্ত তুলিয়া দেওয়া হইলে গর্ভিণী স্ত্রী আর তৎপরে প্রসবযাবৎ অনুলেপনাদিতে অনু-লিপ্তা, মাল্যাদিধারিণী, শৃঙ্গারবেশে অলঙ্কৃতা বা পতিগামিনী হয়েন না। পুংসবনের পর শুভলক্ষণে এই সংস্কারটী সম্পাদন করিতে হয়। এই সংস্কারে বৃদ্ধিশ্রাদ্ধ ও চরুপাকাদি সম্পা-দন পূর্ব্বক স্বামী একবৃন্তস্থ পরিপক্ক যজ্ঞডুম্বরদ্বয় ও অন্যান্য কতিপয় মাঙ্গল্য দ্রব্য গর্ভিণীর গলে পট্টসূত্রযোগে লম্বিত করত যে মন্ত্র শুনাইয়া থাকেন, তাহা পর্য্যালোচনা করিলেই

কর্ম্মণাং পৌর্ব্বাপর্য্যনিয়মাৎ। যদি দৈবাদ্‌যথাকালে গর্ভাধানপুংসবনকর্ম্মণী ন ক্রিয়েতে তদা সীমন্তোন্নয়ন-দিবসে শাট্যায়নহোমাদিরূপং প্রায়শ্চিত্তং কৃত্বা গর্ভাধানপুংসবনকর্ম্মণী সমাপ্য সীমন্তোন্নয়নং কার্য্যং। তত্র প্রথমং কৃতস্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ পতির্ম্মঙ্গলনামানমগ্নিং সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য সংকল্পং কুর্য্যাৎ। যথা ওঁ অদ্যেত্যাদি এতন্মদীয়পত্ন্যা যথাকালে গর্ভাধানপুংসবনকর্ম্মণোরকরণজনিতদোষপ্রশমনায় শাট্যায়নহোমমহং কুর্ব্বীয়। ইতি সঙ্কল্প্য পূর্ব্ববৎ

সকল সংস্কারক্রিয়াগুলির পৌর্ব্বাপর্য্যনিয়ম হেতু তত্তদনুসারেই কর্ত্তব্য। যদি দৈবাৎ যথাকালে গর্ভাধান ও পুংসবন কর্ম্ম নির্ব্বাহিত না হয়, তাহা হইলে সীমন্তোন্নয়নদিবসে শাট্যায়ন-হোমাদিরূপ প্রায়শ্চিত্ত করিয়া গর্ভাধান ও পুংসবন কর্ম্ম সমাপন পূর্ব্বক সীমন্তোন্নয়ন নির্ব্বাহ করিবে। প্রথমতঃ পতি স্নান ও বৃদ্ধিশ্রাদ্ধ সমাপন পূর্ব্বক মঙ্গলনামা অগ্নি স্থাপন করিয়া বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা সমাধা করত সঙ্কল্প করিবে। "ওঁ অদ্যেত্যাদি এতন্মদীয়পত্ন্যা যথাকালে গর্ভাধানপুংসবনকর্ম্মণোরকরণজনিত-দোষ-প্রশমন শাট্যায়নহোম-মহং কুর্ব্বীয়' এই বাক্যে সঙ্কল্প করিয়া যথাবৎ শাট্যায়ন

স্পষ্ট প্রতীত হইবে যে, এমন প্রীতি ও আনন্দবর্দ্ধক, সুদূরদৃষ্টি-প্রদায়ক পবিত্র কার্য্য বোধ হয় আর নাই; সুতরাং এ সংস্কার আমাদের দেশ হইতে বিলুপ্ত হওয়া একান্ত দুঃখের বিষয়।

শাট্যায়নহোমং কুর্য্যাৎ। ততো যথোক্তগর্ভাধানপুংসবনকর্ম্মণী সমাপ্য প্রাতঃ কৃতস্নানাং বধূমগ্নেঃ পশ্চিমায়াং দিশি স্বদক্ষিণত উদগগ্রেষু কুশেষু প্রাঙ্মুখীমুপবেশ্য প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা মহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। যথা প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। ততো বধূপৃষ্ঠদেশে স্থিতঃ পূর্ব্বাভিমুখঃ পতিরেকবৃন্তস্থিতং পক্বোডুম্বরফলযুগং পট্টসূত্রাদিগ্রথিতং আচার-

---

হোম করিবে। অনন্তর যথোক্ত গর্ভাধান ও পুংসবন কর্ম্ম সমাপন পূর্ব্বক প্রাতঃ কৃতস্নানা বধূকে অগ্নির পশ্চিম দিকে স্বীয় দক্ষিণভাগে উদগগ্র কুশোপরি প্রাঙ্মুখীভাবে উপবেশন করাইয়া প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে অগ্নিতে হোম করতঃ মহাব্যাহৃতিহোম সম্পাদন করিবে। "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।" ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে মহাব্যাহৃতি হোম করিতে হয়। তৎপরে পতি বধূর পৃষ্ঠভাগে পূর্ব্বাভিমুখে থাকিয়া একবৃন্তস্থিত পক্ক উডুম্বর-ফলদ্বয় পট্টসূত্রাদি দ্বারা গাঁথিয়া আচারানুসারে তৎসহ স্বর্ণাদি-

প্রাপ্তসুবর্ণাদিঘটিতবাসুদেবপাদযুগলং যবপ্রতিকৃতি-সহিতং রক্ষার্থোপক্লৃপ্তনিম্বসর্ষপভল্লাতকবচাদ্যুপেতং গৃহীত্বা প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ স্ত্রী দেবতা ঔডুম্বর-ফলযুগলবন্ধনে বিনিয়োগঃ। ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনীভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িং॥ ইতি মন্ত্রেণ বধূকণ্ঠে দদাতি॥ ১॥ ততো

টীকা,—ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনীভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িং। স্ত্রীদেবতাঃ উডুম্বর-ফলযুগলবন্ধনে বিনিয়োগঃ। ছন্দোঽনুষ্টুপ্। হে কল্যাণি অয়ং বৃক্ষ উডুম্বরাখ্য ঊর্জ্জাবান্ প্রভূতফলঃ। তথা প্রশস্ততরো-রূর্জ্জাবতঃ তৎসকাশাদপি ত্বং উর্জ্জীব উডুম্বরীব ফলিনীভব। কিঞ্চ হে বনস্পতে উডুম্বর অস্যাঃ প্রস্তুতায়াং ত্বয়া রয়িং পুত্রধনং সূয়তাং কিমিব নুত্বা নুত্বা প্রেষ্য প্রেষ্য পর্ণমিব নুদধাতুরত্র প্রের-

---

গঠিত বাসুদেবপাদদ্বয়, যবপ্রতিকৃতি এবং নিম্ব, সর্ষপ, ভল্লা-তক, বচ প্রভৃতি লইয়া "প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ স্ত্রী দেবতা উডুম্বরফলযুগলবন্ধনে বিনিয়োগঃ। ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িং" এই মন্ত্রে অর্থাৎ "হে কল্যাণি! তুমি উর্জ্জস্বল উডু-ম্বর তরু হইতেও উর্জ্জস্বলফলসমন্বিতা হও। হে বনস্পতে! যেরূপ পর্ণের পর পর্ণের উৎপত্তি হইয়া সমৃদ্ধি জন্মে, সেইরূপ এই বধূতে পুত্ররূপ মহাধন সঞ্জাত হউক্।" এই মন্ত্র পড়িয়া বধূর কণ্ঠদেশে উহা লম্বিত করিয়া দিবে। ১।

দর্ভপিঞ্জলীত্রয়ং গৃহীত্বা প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ ভূরিতি দর্ভপিঞ্জলীভির্ব্বধূকেশপাশাদারভ্য সীমন্তমুন্নীয় দর্ভপিঞ্জলীঃ কেশপাশে স্থাপয়েৎ। ততঃ পুনরপি দর্ভপিঞ্জলীত্রয়ং গৃহীত্বা প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ ভুব ইতি তথৈব সীমন্তমুন্নীয় তাস্তথৈব স্থাপয়েৎ। ততঃ পুনরপি দর্ভপিঞ্জলীত্রয়ং গৃহীত্বা প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌-ছন্দঃ সূর্য্যো দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনি-

---

ণার্থঃ॥ ১॥ ওঁ যেনাদিতেঃ সীমানং নয়তি প্রজাপতির্ম্মহতে সৌভগায় তেনাহমস্যৈ সীমানং নয়ামি প্রজামস্যৈ জরদষ্টিং কৃণোমি। ত্রিষ্টুবিয়ং স্ত্রীদেবতাকা সীমন্তোন্নয়নে বিনিযুক্তা।

অনন্তর কুশগুচ্ছত্রয় লইয়া "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ ভূঃ।" এই মন্ত্র দ্বারা গর্ভিণীর সীমন্তভাগের কেশ উন্নীত করিয়া সেই কুশগুচ্ছ কেশপাশে স্থাপন করিবে। পরে পুনরায় কুশগুচ্ছত্রয় লইয়া "প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ ওঁ ভুবঃ।" এই মন্ত্রে পূর্ব্ববৎ সীমন্ত উন্নীত করিয়া সেই কুশগুচ্ছও কেশপাশে স্থাপন করিবে। তৎপরে পুনর্ব্বার কুশগুচ্ছত্রয় লইয়া "প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ স্বঃ।" এই মন্ত্রে পূর্ব্ববৎ সীমন্ত উন্নীত

যোগঃ। ওঁ স্বঃ। ইতি তথৈব স্থাপয়েৎ। ততঃ শরং গৃহীত্বা প্রজাপতিঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ স্ত্রী দেবতা শরেণ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ যেনাদিতেঃ সীমানং নয়তি প্রজাপতির্ম্মহতে সৌভগায় তেনাহমস্যৈ সীমানং নয়ামি প্রজামস্যৈ জরদষ্টিং কৃণোমি ॥ ২ ॥ ইতি তথৈব কেশান্তাদারভ্য শরেণ সীমন্তমুন্নীয় শরং তথৈব স্থাপ-

---

প্রজাপতির্জ্জগতঃ স্রষ্টা যেন শরেণ অদিতের্দ্দেবমাতুঃ সীমানং সীমন্তং নয়তি নীতবান্। কিমর্থং মহতে বৃহতে সৌভগায় সৌভাগ্যায় তেন শরেণাহং ভর্ত্তা অস্যৈ অস্যাঃ স্ত্রিয়াঃ সীমানং সীমন্তং নয়ামি। প্রজাং পুত্রপৌত্রাদিকাং জরদষ্টিং জরাপর্য্যন্তং দীর্ঘকালজীবিনীং কৃণোমি করোমি। সৌভগায়েতি সুভগমন্ত্র ইতি যুবাদিষু পঠ্যতে তে নাম অস্য ইতি ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥ ২ ॥

করিয়া পূর্ব্বের ন্যায় কুশগুচ্ছ কেশপাশে স্থাপন করিবে। অনন্তর শরকাষ্ঠিকা লইয়া "প্রজাপতিঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ স্ত্রী দেবতা শরেণ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ যেনাদিতেঃ সীমানং নয়তি প্রজাপতির্মহতে সৌভগায় তেনাহমস্যৈ সীমানং নয়ামি প্রজামস্যৈ জরদষ্টিং কৃণোমি" এই মন্ত্রে অর্থাৎ "প্রজাপতি কশ্যপ যে শর দ্বারা দেবজননী অদিতির সৌভাগ্য সম্পাদনার্থ সীমন্তোন্নয়ন করিয়াছিলেন, সেই শর দ্বারা আমি গর্ভিণীর সীমন্তোন্নয়ন করত ইহাঁর পুত্র পৌত্র প্রভৃতিকে স্বীয় স্বীয় জরাবস্থা যাবৎ দীর্ঘজীবী করিতেছি।" এই মন্ত্র পড়িয়া শর দ্বারা সীমন্ত উন্নীত করত শর যথাবৎ স্থাপন করিবে। ২। তদ-

য়েৎ ॥ ২ ॥ ততঃ সূত্রপূর্ণতর্কুং গৃহীত্বা প্রজাপতির্ঋষির্জ্জগতীচ্ছন্দো রাকা দেবতা সূত্রপূর্ণতর্কুণা সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ রাকামহং সুহবাং সুষ্টুতী হুবে শৃণোতু নঃ সুভগা বোধতু ত্মনা সীব্যত্বযঃ সূচ্যা অচ্ছিদ্যমানয়া দদাতু বীরং শতদায়মুখ্যং ॥ ইতি সূত্রপূর্ণতর্কুণা কেশান্তাদারভ্য সীমন্তমুন্নীয় তং তত্রৈব স্থাপয়েৎ ॥ ৩ ॥

ওঁ রাকামহং সুহবাং সুষ্টুতী হুবে শৃণোতু নঃ সুভগা বোধতু ত্মনা সীব্যত্বযঃ সূচ্যা অচ্ছিদ্যমানয়া দধাতু বীরং শতদায়মুখ্যং। জগতীয়ং রাকা দেবতা সূত্রপূর্ণতর্কুণা সীমন্তোন্নয়নে বিনিযুক্তা।

নন্তর পতি সূত্রপূর্ণ নলিকা লইয়া তদ্দারা পূর্ব্ববৎ সীমন্ত উন্নীত করত সেই নলিকা পূর্ব্বের ন্যায় স্থাপন করিবে। "প্রজাপতির্ঋষির্জ্জগতীচ্ছন্দো রাকা দেবতা সূত্রপূর্ণতর্কুণা সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ রাকামহং সুহবাং সুষ্টুতী হুবে শৃণোতু নঃ সুভগা বোধতু ত্মনা সীব্যত্বয়ঃ সূচ্যা অচ্ছিদ্যমানয়া দদাতু বীরং শতদায়মুখ্যং" এই মন্ত্রে অর্থাৎ "আমি শোভনস্তুতি দ্বারা শোভনাঙ্গা পৌর্ণমাসীকে আহ্বান করিতেছি। * তিনি আমাদিগের শোভনবাণী শ্রবণ পূর্ব্বক অবধারণ করুন্, অচ্ছিদ্যমান সূচিক্রিয়া দ্বারা পুত্র-পৌত্রাদি উৎপাদনকর্ম্ম অনুস্যূত করুন্ এবং ভূরিদাতা একটি পুত্র সমর্পণ করুন্।" এই মন্ত্র

---

* পূর্ব্বে গর্ভাধানসংস্কারকালে অমাবস্যার অন্তর্গত শশিকলার আবাহন হইয়াছিল, অধুনা গর্ভ পূর্ণতা প্রাপ্ত হইয়াছে, সুতরাং এক্ষণে রাকা পৌর্ণমাসীর আহ্বান হইতেছে।

ততস্ত্রিশ্বেতাং শললীং গৃহীত্বা প্রজাপতিঋর্ষির্জ্জগতীচ্ছন্দো রাকা দেবতা ত্রিশ্বেতয়া শলল্যা সীমন্তোন্নয়নে বিনি-য়োগঃ। ওঁ যাস্তে রাকে সুমতয়ঃ সুপেশসো যাভি-র্দ্দদাসি দাশুষে বসূনি তাভির্নোঽদ্য সুমনা উপাগহি

রাকা পৌর্ণমাসীত্যুচ্যতে তামহং ভর্ত্তা হুবে আহ্বয়ামি কিম্ভূতাং সুহবাং শোভনাহ্বানাং কয়া হুবে সুষ্টুতী শোভনস্তুত্যা আহ্বান-প্রয়োজনমাহ শৃণোতু নোঽস্মাকং বচঃ কিম্ভূতা সুভগা শোভন-পুণ্যা। ন কেবলং শৃণোতু অপি চ ত্মনা আত্মনা বোধতু অব-ধারয়তু সৈব ভূয়ঃ প্রার্থ্যতে। অয়ঃ এতৎ পুত্রজননকর্ম্ম পুত্র-পৌত্রাদিলক্ষণং সীব্যতু সীব্যাৎ। কয়া সূচ্যা সংঘন্তন সীবয়া কিম্ভূতয়া অচ্ছিদ্যমানয়া কিঞ্চ বীরং পুত্রং দদাতু কিম্ভূতং শত-দায়ুমুখ্যং শতদায়বঃ প্রভূতদাতারঃ তেষু মুখ্যং প্রধানং দামু-রৌণাদিকঃ। সুষ্টুতীতি সুপাংসুলুগিতি পূর্ব্বসবর্ণঃ হুবে ইতি বহুলং ছন্দসীতি সংপ্রসারণং ত্মনা ইতি জাদেরাত্মন ইত্যাকার-লোপঃ। অয ইতি অদসো দকারস্য ব্যত্যয়েন যকারঃ। কচিৎ পুস্তকে অয়ঃ সূচ্যা ইত্যেকপদব্যাখ্যানং। দৃষ্টং এব শতাদায়ু-মুখ্যমিত্যত্র শতদায়মুখ্যমিতি পাঠো দৃষ্টঃ। তস্য শতদায়াঃ প্রভূতদাতারঃ তেষু মুখ্যং ইতি ব্যাখ্যাঞ্চ ॥ ৩ ॥ ওঁ যাস্তে রাকে

পাঠ করিয়া উক্ত ক্রিয়া অর্থাৎ সীমন্ত উন্নীত করিবে। ৩। তৎপরে ত্রিশ্বেতা শললী লইয়া উক্তপ্রকারে সীমন্তোন্নয়ন করত শললী স্থাপন করিতে হয়। "প্রজাপতিঋর্ষির্জ্জগতীচ্ছন্দো রাকা দেবতা ত্রিশ্বেতয়া শলল্যা সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ যাস্তে রাকে

সহস্রপোষং সুভগে ররাণা ইতি শলল্যা কেশান্তাদারভ্য সীমন্তমুন্নীয় শললীস্তত্রৈব স্থাপয়েৎ॥ ৪॥ ততস্তিল-তণ্ডুলমাষসাধিতকৃষরররূপং স্থালীপাকমুপরিদত্তঘৃতং

সুমতয়ঃ সুপেশসো যাভির্দ্দদাসি দাশুষে বসূনি তাভির্নোদ্য সুমনা উপাগহি সহস্রপোষং সুভগে ররাণা। জগতীয়ং রাকা দেবতা শলল্যা সীমন্তোন্নয়নে বিনিযুক্তা। হে রাকে যাস্তে তব সুমতয়ঃ শোভনা বুদ্ধয়ঃ কিম্ভূতাঃ সুপেশসঃ সুরূপাঃ। কিঞ্চ যাভিস্ত্বং দাশুষে যজমানায় বসূনি ধনানি দদাসি তাভিঃ সুমতি-ভিরুপলক্ষিতা অদ্যাহনি নোঽস্মাকং উপ সমীপং আগহি আগচ্ছ। কিম্ভূতা সুমনা প্রসন্নহৃদয়া। কিং কুর্ব্বাণা হে সুভগে সর্ব্বলোকবল্লভে সহস্রপোষং সুতং ররাণা দদানা। দাশুষ ইতি দাশু দানে দাশ্বান্ সাহ্বান্ মীঢ়ুং শ্চেতি লিটকসৌ নিপাত্যতে চতুর্থ্যেকবচনং বসোঃ সম্প্রসারণং। উপাগহীতি বহুলং ছন্দসীতি শপো লুক্। অনুদাত্তোপদেশ ইত্যাদিনা অনুনাসিকলোপঃ। তস্যাসিদ্ধবদত্রাভাবাদিত্যসিদ্ধিত্বাৎ অতো হেলুঙ্‌ন ভবতি সহস্রপোষমিতি কর্ম্মণি ণ্যন্। ররাণেতি রা লা দানে ইত্যস্মাৎ

সুমতয়ঃ সুপেশসো যাভির্দদাসি দাশুষে বসূনি তাভির্নোঽদ্য সুমনা উপাগহি সহস্রপোষং সুভগে ররাণা।” এই মন্ত্রে শললী দ্বারা সীমন্ত উন্নীত করিবে। উক্ত মন্ত্রের অর্থ এই যে—হে পৌর্ণ-মাসি! তুমি তোমার যে শোভনমতি দ্বারা যজমানকে ঐশ্বর্য্য-সমন্বিত করিয়া থাক, সেই বুদ্ধিযুক্ত হইয়া অদ্য প্রফুল্ল-চিত্তে আমাদিগের সন্নিহিত হও। হে সুভগে! আমাদিগকে সহস্রপোষী পুত্র সমর্পণ কর। ৪। অবশেষে পতি উপরিদত্ত-

পতির্ব্বধূং দর্শয়ন্ পৃচ্ছতি। প্রজাপতির্ঋষিঃ স্ত্রী দেবতা বধূপ্রশ্নে বিনিয়োগঃ। ওঁ কিং পশ্যসি। ততঃ স্থালী-পাকং পশ্যন্তীং বধূং পাঠয়তি। প্রজাপতির্ঋষিঃ স্ত্রী দেবতা স্থালীপাকাবেক্ষণে বিনিয়োগঃ। ওঁ প্রজাং পশূন্ সৌভাগ্যং মহ্যং দীর্ঘায়ুষ্ট্বং পত্যুঃ॥ ৫॥ ততো মহাব্যাহৃতিহোমং কৃত্বা প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্ম-সমাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম

পরস্য শপো বহুলং ছন্দসীতি শব্দাবিতি দ্বির্ব্বচনং ব্যত্যয়েনা-ত্মনেপদং শানচ্॥ ৪॥ ওঁ কিং পশ্যসি প্রজাং পশূন্ সৌভাগ্যং মহ্যং দীর্ঘায়ুষ্ট্বং পত্যুঃ। যজুরিদং স্ত্রীদৈবতং স্থালীপাকাবেক্ষণে বিনিযুক্তং। হে কল্যাণি অস্মিন্ স্থালিপাকে আত্মসম্বন্ধিত্বেন

ঘৃতবিশিষ্ট, তিলতণ্ডুলমাষযুক্ত কৃষররূপ স্থালীপাক অর্থাৎ সঘৃত চরু দেখাইয়া গর্ভিণীকে জিজ্ঞাসা করিবেন, "কি দেখি-তেছ?" তখন পত্নী সেই চরু দর্শন করিলে তাহাকে "প্রজা-পতির্ঋষিঃ স্ত্রী দেবতা স্থালীপাকাবেক্ষণে বিনিয়োগঃ। ওঁ প্রজাং পশূন্ সৌভাগ্যং মহ্যং দীর্ঘায়ুষ্ট্বং পত্যুঃ।" এই মন্ত্র পাঠ করাইবেন অর্থাৎ পত্নী বলিবেন যে, আমি প্রজা (পুত্রপৌত্রাদি) দেখিতেছি, পশু (গো-মহিষাদি) সৌভাগ্য দেখিতেছি এবং মদীয় পতির দীর্ঘজীবন দর্শন করিতেছি। ৫। তদনন্তর মহা-ব্যাহৃতি হোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিয়া প্রকৃত কর্ম্ম সমাপন পূর্ব্বক সর্ব্বকর্ম্ম-

সমাপ্য কর্ম্মকারয়িতৃব্রহ্মণায় দক্ষিণান্দদ্যাৎ। ততোঽবিধবাঃ পুত্রবত্যো নার্য্যো বেদ্যামুত্থাপ্য কলসোদকেন স্নানাদিকং মঙ্গলং কুর্য্যুঃ। তাঞ্চ বীরসূস্ত্বং ভব জীবসূস্ত্বং ভব জীবপত্নী ত্বং ভব ইত্যপি ব্রূয়ুঃ। তঞ্চ কৃষরং গর্ভবতী ভুঞ্জীত ॥

ইতি সামবেদীয়-সীমন্তোন্নয়নং।

প্রজাং পুত্রপৌত্রাদিকং পশূন্ গোমহিষাদীন্ মহ্যং মম পত্যুঃ দীর্ঘায়ুষ্ট্বং বহুকালজীবিতং কিং পশ্যসি এবং প্রশ্নং পূর্ব্বমুক্তা সতী উত্তরমাহ সর্ব্বং ভবদুক্তং পশ্যামীতি। মহ্যমিতি ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥৫॥

ইতি সামবেদীয়-সীমন্তোন্নয়নং।

সাধারণ শাট্যায়ন হোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম সমাপন করত কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা প্রদান করিবে। পরে পতিপুত্রবতী নারীগণ বধূকে বেদীর উপরে উত্থাপিত করিয়া কলসবারি দ্বারা স্নানাদি মঙ্গলকর্ম্ম সম্পাদন করিবেন এবং বধূকে কহিবেন, "তুমি বীরপ্রসবিনী হও, জীববৎসা হও, জীবপতিকা হও।" অবশেষে গর্ভিণী সেই কৃষর ভোজন করিবেন।

ইতি সামবেদীয় সীমন্তোন্নয়ন।

চতুর্থোঽধ্যায়ঃ।

শোষ্যন্তীকর্ম্ম।

আসন্নপ্রসবায়া বধ্বাঃ সুখপ্রসবার্থং শোষ্যন্তীহোমঃ কর্ত্তব্যঃ। তত্র কৃতস্নানঃ পতিঃ ওঁ অদ্যেত্যাদি অমুক-গোত্রায়া মৎপত্ন্যা অমুকাভিধানায়াঃ সুখপ্রসবকামঃ শোষ্যন্তীহোমমহং কুর্ব্বীয়। ইতি সংকল্প্য পূর্ব্ববদগ্নিং সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য প্রকৃত-কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা মহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। যথা প্রজাপতির্ঋষি-র্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ।

আসন্নপ্রসবা বধূর সুখপ্রসবার্থ শোষ্যন্তী হোম করা কর্ত্তব্য। পতি কৃতস্নান হইয়া "ওঁ অদ্যেত্যাদি অমুকগো-ত্রায়া মৎপত্ন্যা অমুকাভিধানায়াঃ সুখপ্রসবকামঃ শোষ্যন্তী-হোমমহং কুর্ব্বীয়" এই বাক্যে সংকল্প করিয়া পূর্ব্ববৎ অগ্নিস্থাপন করত বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা সমাপন পূর্ব্বক প্রকৃতকর্ম্মা-রম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীম্ভাবে অগ্নিতে আহুতি দিয়া মহাব্যাহৃতি হোম করিবে। "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দো-ঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ ওঁ ভূঃ স্বাহা। প্রজা-পতির্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ

ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতিঋ´ষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতিঋ´ষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। ততঃ প্রজাপতিঋ´ষিঃ পংক্তিশ্ছন্দঃ সংরাধনী দেবতা শোষ্যন্তীহোমে বিনিয়োগঃ। ওঁ যা তে তিরশ্চী নিপদ্যতেঽহং বিধরণী ইতি। তাং ত্বাং ঘৃতস্য ধারয়া যজে সংরাধনীমহং সংরাধন্যৈ দেব্যৈ দেষ্ট্র্যৈ

টীকা,—শোষ্যন্তীকর্ম্মমন্ত্রব্যাখ্যা। ওঁ যাতে তিরশ্চী নিপদ্যাতে অহং বিধরণী ইতি তাং ত্বাং ঘৃতস্য ধারয়া যজে সংরাধনীমহং সংরাধন্যৈ দেব্যৈ দেষ্ট্র্যৈ স্বাহেতি। অস্য শোষ্যন্তীহোমে বিনিয়োগঃ। অভিধায়মানা সংরাধনী দেবতা। যা দেবতা শুভকর্ম্মণি ক্রিয়মাণে বিধরণী শুভফলবিঘাতকারিণী ইত্যেবং মন্যমানা তিরশ্চী বাঞ্ছিতফলবিঘাতকর্ত্রী নিপদ্যাতে প্রভবতি তাং ত্বাং দেবতামহং ভর্ত্তা যজে পূজয়ামি। কীদৃশাং সংরাধনীং তবেষ্টফলস্য দাত্রীং। কয়া যজে ঘৃতস্য ধারয়া আজ্যাহুত্যা তস্যৈ দেব্যৈ সংরাধন্যৈ দেষ্ট্র্যৈ ইষ্টফলদাত্র্যৈ ইত্যর্থঃ। সংরাধন্যৈ ইত্যাদিষু পূজার্থে

ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতিঋ´ষি-রনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি-হোমে বিনিয়োগঃ ওঁ স্বঃ স্বাহা।" এই মন্ত্রে মহাব্যাহৃতি হোম করিতে হয়। তদনন্তর উপরি মূলের লিখিত দুইটী মন্ত্রে শোষ্যন্তী হোম করিবে অর্থাৎ যে দেবতা শুভকর্ম্মকরণসময়ে শুভফলবিঘাতকারিণী ও বাঞ্ছিতফলবিঘাতকর্ত্রী বলিয়া মন্যমানা হন, আমি আজ্যাহুতি দ্বারা সেই দেবতাকে

স্বাহা ॥ ১ ॥ প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো বিপশ্চিদ্দেবতা শোষ্যন্তীহোমে বিনিয়োগঃ। ওঁ বিপশ্চিৎ পুচ্ছমভরত্তদ্ধাতা পুনরাহরৎ। পরে হি ত্বং বিপশ্চিৎ পুমানয়ং জনিষ্যতেঽসৌ নাম স্বাহা ॥ ২ ॥ অত্রাসাবিতি সর্ব্বনামস্থানে ভবিষ্যৎপুত্রস্য হৃদয়নিহিতনামকীর্ত্তনং কর্ত্তব্যং। তেনামুকশর্ম্মণাম্ স্বাহেতি হোমং কুর্য্যাৎ। ততো মহা-

---

চতুর্থী। তিরশ্চীতি তিরোঽঞ্চতীতি ক্বিপ্ অঞ্চশ্চোপসংখ্যানমিতি ঙীপ। অচ ইত্যকারলোপঃ ॥ ১ ॥ ওঁ বিপশ্চিৎ পুচ্ছমভরত্তদ্ধাতা পুনরাহরৎ পরে হি ত্বং বিপশ্চিৎ পুমানয়ং জনিষ্যতেঽসৌ নাম। অনুষ্টুবিয়ং বিপশ্চিদ্দেবতাকা। বিপশ্চিদ্দেববিশেষঃ স পুচ্ছং শিশ্নং শিশূনামাহরৎ হৃতবান্। তৎ পুচ্ছং ধাতা প্রজাপতির্বিপশ্চিতা হৃতং পুনরাহরৎ আনীতবান্। যতোঽতঃ হে বিপশ্চিৎ ত্বং পরঃ শ্রেষ্ঠ এহি অস্মিন্ কর্ম্মণি সন্নিহিতো ভব যেনায়ং

পূজা করি, তিনি তোমার পক্ষে ইষ্টফলদাত্রী হউন্। ১। এই মন্ত্রে হোম করিয়া পুনরায় দ্বিতীয় মন্ত্রে অর্থাৎ বিপশ্চিৎ (দেববিশেষ) শিশুর পুচ্ছ (শিশ্ন) হরণ করিয়াছেন, প্রজাপতি সেই হৃত পুচ্ছ পুনরায় আনয়ন করিয়াছেন; অতএব হে বিপশ্চিৎ! তুমিই শ্রেষ্ঠ। তুমি এই শোষ্যন্তীহোমকর্ম্মে সন্নিহিত হও; যেহেতু অমুকনামা পুত্র উৎপন্ন হইবে, এই মন্ত্রে দ্বিতীয় হোম করিবে। ২। মন্ত্রমধ্যে "অসৌ" "এই শব্দ স্থানে ভবিষ্যৎ পুত্রের হৃদয়নিহিত নাম কীর্ত্তন কর্ত্তব্য। "অমুকশর্ম্মণাম্ স্বাহা" এই বাক্যে হোম করিবে। তদনন্তর মহা-

ব্যাহৃতিহোমং কৃত্বা প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপ্য কর্ম্মকারয়িতৃব্রাহ্মণায় দক্ষিণান্দদ্যাৎ ॥

ইতি সামবেদীয়-শোষ্যন্তীকর্ম্ম।

পুমান্ জনিষ্যতে উৎপৎস্যতে অসৌ নামা দেবদত্তাভিধান ইত্যর্থঃ। অভরদিতি হৃগ্রহোর্ভশ্ছন্দসীতি ভকারঃ। পরে হীতি পরা-শব্দস্যাকারলোপশ্ছান্দসঃ॥ ২ ॥

ইতি শোষ্যন্তীকর্ম্ম।

ব্যাহৃতি হোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে অগ্নিতে আহুতি প্রদান পূর্ব্বক প্রকৃতকর্ম্ম সমাপন করত সর্ব্ব-কর্ম্মসাধারণ শাট্যায়নহোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম সমাপন করিবে। পরে কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিতে হয়।

ইতি শোষ্যন্তীকর্ম্ম সমাপ্ত।

পঞ্চমোঽধ্যায়ঃ।

জাতকর্ম্ম। *

পুত্রে জাতে সতি পিতা মা নাভিং কৃন্তত স্তন্যঞ্চ মা দত্ত ইত্যভিধায় কৃতস্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ প্রক্ষালিত-শিলায়াং ব্রহ্মচারিণা কুমার্য্যা গর্ভবত্যা বা শ্রুত-স্বাধ্যায়শীলেন ব্রাহ্মণেন বা অনাবৃত্তলোষ্ট্রেণ পিষ্টৌ ব্রীহিযবৌ দক্ষিণহস্তানামিকাঙ্গুষ্ঠাভ্যাং গৃহীত্বা প্রজা-

---

পুত্র ভূমিষ্ঠ হইবামাত্র পিতা "নাভিচ্ছেদন করিও না, স্তন্য দিও না" এই বলিয়া স্নান ও বৃদ্ধিশ্রাদ্ধ সম্পাদন পূর্ব্বক ব্রহ্ম-চারী, কুমারী, গর্ভবতী অথবা শ্রুতস্বাধ্যায়শীল ব্রাহ্মণ দ্বারা প্রক্ষালিত শিলাতলে অনাবৃত্ত লোষ্ট্রযোগে পিষ্ট ব্রীহিযবচূর্ণ দক্ষিণ হস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা গ্রহণ করিয়া "ওঁ প্রজা-

---

* শৈশব সংস্কারের প্রথম সংস্কারকে জাতকর্ম্ম কহে। সন্তান ভূমিষ্ঠ হইবামাত্র এই সংস্কার সম্পন্ন করিতে হয়। এই সংস্কারের কার্য্য এই যে, পিতা প্রথমতঃ যব ও ব্রীহিচূর্ণ দ্বারা, পরে স্বর্ণ দ্বারা ঘৃষ্ট মধু এবং ঘৃত গ্রহণ পূর্ব্বক সদ্যোজাত সন্তানের জিহ্বা স্পর্শ করিয়া থাকেন। তৎকালে যে মন্ত্র উচ্চার্য্য হয়, তাহার প্রকৃত মর্ম্ম হৃদয়ঙ্গম করিলেই এই সংস্কারের আবশ্যকতা ও পবিত্র ভাব স্পষ্ট উপলব্ধি হইবে।

পতিঋর্ষিরন্নং দেবতা ব্রীহিযবচূর্ণেন কুমারস্য জিহ্বা-মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ ইয়মাজ্ঞেদমন্নমিদমায়ুরিদ-মমৃতং ॥ ১ ॥ ইতি মন্ত্রেণ কুমারস্য জিহ্বাং পরি-মার্ষ্টি ॥ ১ ॥ ততস্তথৈব সুবর্ণেন ঘৃতং গৃহীত্বা প্রজাপতি-ঋর্ষিরনুষ্টুপ্‌ছন্দো মিত্রাবরুণাগ্ন্যশ্বিনো দেবতাঃ কুমারস্য সর্পিঃপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ মেধান্তে মিত্রাবরুণৌ

টীকা,—জাতকর্ম্মমন্ত্রব্যাখ্যা। ওঁ ইয়মাজ্ঞেদমন্নমিদমায়ুরিদম-মৃতং। যজুরিদমন্নদৈবতং ব্রীহিযবচূর্ণেন কুমারস্য জিহ্বামার্জনে বিনিযুক্তং। হে বালক ইদং প্রত্যক্ষমন্নং ইয়মাজ্ঞা প্রজ্ঞা আ সমন্তাৎ কারেণ জ্ঞানহেতুত্বাৎ ইদমায়ুঃ প্রাণধারণং ইদমমৃতং অনেন বিধিনা উপযুজ্যমানং অমরণধর্ম্মিতা ভবাস্থিতি বাক্যশেষঃ। ১। ওঁ মেধাং তে মিত্রাবরুণৌ মেধামগ্নির্দধাতু তে। মেধাং তে অশ্বিনৌ

পতিঋর্ষিরন্নং দেবতা ব্রীহিযবচূর্ণেন কুমারস্য জিহ্বামার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ ইয়মাজ্ঞেদমন্নমিদমায়ুরিদমমৃতং" এই মন্ত্রে অর্থাৎ "এই অন্নই প্রজ্ঞা, ইনিই আয়ুঃ, ইনিই অমৃত; তোমার ঐ সকল লাভ হউক্‌।" এই মন্ত্র পাঠ করিয়া কুমারের জিহ্বা মার্জ্জন করিবে। ১। অনন্তর তদ্রূপ স্বর্ণ দ্বারা ঘৃষ্ট ঘৃত লইয়া "ওঁ প্রজাপতিঋর্ষিরনুষ্টুপ্‌ছন্দো মিত্রাবরুণাগ্ন্যশ্বিনো দেবতাঃ কুমারস্য সর্পিঃপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ মেধান্তে মিত্রাবরুণৌ মেধামগ্নির্দধাতু তে। মেধান্তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্কর-স্রজৌ স্বাহা।" এই মন্ত্রে অর্থাৎ "মিত্রাবরুণ দেবতাযুগল তোমাকে মেধা প্রদান করুন, অগ্নি তোমাকে মেধা প্রদান

মেধামগ্নির্দ্দধাতু তে। মেধান্তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ স্বাহা।২। ইতি মন্ত্রেণ তথৈব কুমারস্য জিহ্বাং পরিমার্ষ্টি॥২॥ পুনরপি তথৈব সুবর্ণেন ঘৃতং গৃহীত্বা প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা কুমারস্য সর্পিঃপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ সদসস্পতিমদ্ভুতং

দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ। অনুষ্টুবিয়ং সর্পিঃপ্রাশনে বিনিযুক্তা। মিত্রাবরুণাগ্ন্যশ্বিনৌ দেবতাঃ। হে বালক মেধা পাঠশ্রবণবিষয়-শক্তিং তব মিত্রাবরুণৌ দেবৌ আধত্তাং তথা অশ্বিনৌ তথাগ্নির্দ-ধাতু।২। ওঁ সদসঃ পতিমদ্ভুতং প্রিয়মিন্দ্রস্য কাম্যং সনিং মেধা ময়াশিষং। গায়ত্রীয়ং ইন্দ্রদেবতা সর্পিঃপ্রাশনে বিনিযুক্তা। সদসঃ সভয়াঃ পতিং মুখ্যং অদ্ভুতং আশ্চর্য্যরূপং প্রিয়মিন্দ্রস্য ইন্দ্রস্য লভ্যং কাম্যমভীষ্টার্থসাধকং মেধাং সনিং ধীর্ধারণাবতী মেধা তস্য দাতারং

করুন্ এবং পদ্মমাল্যধারী অশ্বিনীকুমারদ্বয় তোমাকে মেধা দান করুন্।" এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ কুমারের জিহ্বা মার্জ্জন করিবে।২। তৎপরে পুনর্ব্বার পূর্ব্ববৎ স্বর্ণঘৃষ্ট ঘৃত লইয়া "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা কুমারস্য সর্পিঃ-প্রাশনে বিনিয়োগঃ। ওঁ সদসস্পতিমদ্ভুতং প্রিয়মিন্দ্রস্য কাম্যং সনিং মেধা ময়াশিষং স্বাহা।" এই মন্ত্রে অর্থাৎ "বৃহস্পতি ইন্দ্রের বিচিত্ররূপ প্রিয়পাত্র এবং তাঁহার বাঞ্ছিতার্থসাধক ও মেধাদাতা, তাঁহার নিকটেও প্রার্থনা করি, তিনি তোমাকে মেধা সমর্পণ করুন।" এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ কুমা-

প্রিয়মিন্দ্রস্য কাম্যং সনিং মেধা ময়াশিষং স্বাহা।৩।
ইতি কুমারস্য জিহ্বাং পরিমার্ষ্টি।৩। ততো নাভিং

সুরাচার্য্যমহমমাশিষং শরণত্বেন সোঽস্মৈ কুমারায় মেধাং দদা-

রের জিহ্বা মার্জ্জন বা স্পর্শ করিবে।৩।+ তৎপরে "নাভি-

+ এই যে মন্ত্র কথিত হইল, সূক্ষ্মরূপে বিবেচনা করিলে স্পষ্টই প্রতীয়মান হইবে যে, মন্ত্রের প্রথম ভাগে একটী বৈদিক বা সুগভীর বৈজ্ঞানিক তথ্যের পরম বিকাশ হইতেছে। শেষভাগ হইতে জনক, জননী ও গোষ্ঠী-সম্প্রদায় সকলেই জানিতে পারিলেন যে, বিপ্রসন্তানের পক্ষে ধন প্রভৃতির জন্য প্রার্থনা নাই; অধিকন্তু আয়ুর নিমিত্ত প্রার্থনাও একবারমাত্র; কিন্তু মেধা বা ধারণাবতী বুদ্ধির নিমিত্ত প্রার্থনা পুনঃ পুনঃ হইতেছে। সুতরাং বিপ্রসন্তানের পালন যে উদ্দেশে হওয়া উচিত, তাহার সূচনা এই প্রথম সংস্কার হইতেই উপলব্ধি হইতেছে। আরও দেখ, এই সংস্কারে ভূমিষ্ঠ সন্তানের জিহ্বাতে স্বর্ণঘৃষ্ট ঘৃত এবং যব ও ব্রীহিচূর্ণ স্পর্শের নিয়ম নির্দ্দিষ্ট আছে। স্বর্ণঘৃষ্ট ঘৃতের যে বহুবিধ গুণ, তাহা আমাদিগের আয়ুর্ব্বেদেই দৃষ্ট হইতেছে। স্বর্ণ দ্বারা বায়ুদোষের দমন হয়, প্রস্রাব পরিষ্কার হয় এবং উহা রক্তের ঊর্দ্ধগতিত্ব-দোষ বিনাশ করে। ঘৃত দ্বারা শৌচ পরিষ্কার হয়, বলাধান হয় এবং শরীরের তাপবৃদ্ধি হইয়া থাকে। এই সংস্কারে প্রায় সর্ব্বত্রই স্বর্ণঘৃষ্ট ঘৃত ও মধু সন্তানের জিহ্বাতে স্পৃষ্ট হইয়া থাকে। মধুতেও বহুবিধ গুণ বিদ্যমান আছে। মধু দ্বারা পিত্তকোষের ক্রিয়া বর্দ্ধিত হয়,

কৃন্তত স্তন্যঞ্চ দত্ত ইতি পিতা ব্রূয়াৎ। পিতা পুনঃ স্নানং কুর্য্যাৎ॥

ইতি সামবেদীয়-জাতকর্ম্ম।

ত্বিত্যাশংসাবাক্যার্থঃ। সনিমিতি ছন্দসি রণসনরক্ষিমথামিতীন। অয়াশিষমিতি যাতেলুঁঙ্ সিপ্॥ ৩॥

ইতি জাতকর্ম্ম।

ছেদন কর, স্তন্য দেও" এই কথা বলিয়া পিতা পুনর্ব্বার স্নান সম্পাদন করিবেন।

ইতি সামবেদীয় জাতকর্ম্ম সমাপ্ত।

মুখে লালার সঞ্চার হয় এবং কফ-দোষের দমন হইয়া থাকে। সদ্যোজাত সন্তানের পক্ষে এই সকল দ্রব্য যে কতদূর উপকারী, তাহা সহজেই উপলব্ধি হইতে পারে। প্রসবযন্ত্রণাবশতঃ সদ্যোজাত সন্তানের শোণিত উর্দ্ধগামী হয়, দেহে কফাধিক্য জন্মে এবং অন্ত্রাভ্যন্তরে একরূপ কৃষ্ণমলের সঞ্চার হয়। যদি সেই মল নির্গত না হয়, তাহা হইলে অশেষবিধ রোগ জন্মিবার সম্ভব। স্বর্ণঘৃষ্ট মধু ও ঘৃত জিহ্বায় প্রদান করিলে উপরোক্ত দোষসমূহের বিদূরণ হয় এবং সন্তানের রোগ জন্মিবার আশঙ্কা থাকে না।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

নিষ্ক্রমণম্। *

জাতে কুমারে তৃতীয়শুক্লপক্ষস্য তৃতীয়ায়াস্তিথৌ প্রাতঃ কুমারং স্নাপয়িত্বা সায়ংসন্ধ্যায়ামতীতায়াং চন্দ্রাভিমুখঃ কৃতাঞ্জলিঃ পিতা তিষ্ঠেৎ। অথ মাতা শুচিনা বস্ত্রেণ কুমারমাচ্ছাদ্য দক্ষিণস্যান্দিশি ভর্ত্তুর্ব্বামপার্শ্বে পশ্চিমাভিমুখী উত্তরশিরসং কুমারং পিত্রে সমর্পয়তি। ততো মাতা ভর্ত্তুঃ পৃষ্ঠদেশে উত্তরস্যাং দিশি গত্বা

অনুবাদ,—সন্তানের জন্মদিন হইতে তৃতীয় শুক্লপক্ষের তৃতীয়া তিথিতে পিতা প্রাতঃকালে কুমারকে স্নান করাইয়া সায়ং-সন্ধ্যা অতীত হইলে চন্দ্রাভিমুখে করপুটে অবস্থিতি করিবেন। মাতা কুমারকে বিশুদ্ধ বস্ত্রে আচ্ছাদন পূর্ব্বক দক্ষিণ দিকে পতির বামপার্শ্বে পশ্চিমাভিমুখী হইয়া উত্তরশিরা কুমারকে তৎপিতার হস্তে প্রদান করিবেন। তৎপরে মাতা পতির

---

* দশবিধ সংস্কার ভিন্ন নিষ্ক্রমণ নামে আরও একটী শৈশব সংস্কার আছে। জন্মদিন হইতে তৃতীয় শুক্ল পক্ষের তৃতীয়া তিথিতেই ইহা কর্ত্তব্য। প্রথমবারে নান্দীমুখ শ্রাদ্ধাদি সহকারে ইহা সম্পন্ন করিতে হয়, তদনন্তর সন্তানের একবর্ষ বয়ঃক্রম পূর্ণ হওয়া যাবৎ প্রত্যেক শুক্ল তৃতীয়াতে করণীয়।

চন্দ্রাভিমুখী ভর্ত্তুর্দক্ষিণপার্শ্বে তিষ্ঠেৎ। ততঃ পিতা অমুং মন্ত্রং জপতি। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দশ্চন্দ্রো দেবতা কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ যত্তে সুষীমে হৃদয়ং হিতমন্তঃ প্রজাপতৌ। বেদাহং মন্যে তদ্ব্রহ্ম মাহং পৌত্রমঘং নিগাং।১। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দশ্চন্দ্রো দেবতা কুমারস্য চন্দ্রদর্শনে বিনি-

---

টীকা,—নিষ্ক্রমণমন্ত্রব্যাখ্যা। ওঁ যত্তে সুষীমে হৃদয়ং হিতমন্তঃ প্রজাপতৌ বেদাহং মন্যে তদ্ব্রহ্ম মাহং পৌত্রমঘং নিগাং। অনুষ্টুবিয়ং চান্দ্রী চন্দ্রদর্শনে বিনিযুক্তা। হে চন্দ্র যত্তে তবান্তর্ম্মধ্যে সুষীমে অতিশীতলে প্রজাপতৌ প্রজানামানন্দজনকত্বেন পত্যৌ পত্যাবিব স্বামিনীব নিহিতং হৃদয়ং অর্পিতং তদ্ব্রহ্ম আত্মা তৎস্থানত্বাৎ অহং বেদ জানামি। তন্মধ্যে এবমেবেতি মন্যে যস্মাত্তস্মাৎ পুত্রসম্বন্ধি অঘং ব্যসনং অনিষ্টযোগব্যাধিনাশাদিরূপমহং মাগাং ন গচ্ছেয়ং ন প্রাপ্নুয়ামিতি যাবৎ। অয়মর্থঃ যস্মাদহং ব্রহ্মচিত্তস্তাস্মমানিষ্টসম্বন্ধো ন ঘটতে। নিগামিতি ইন গতৌ

পৃষ্ঠভাগে উত্তরদিকে গমন পূর্ব্বক চন্দ্রাভিমুখী হইয়া ভর্ত্তার দক্ষিণ পার্শ্বে অবস্থান করিবেন। অনন্তর পিতা মূলের লিখিত ঋষ্যাদি সহ মন্ত্রত্রয় পাঠ করিবেন। অর্থাৎ "হে চন্দ্র! তুমি অতিশীতল আলোকে আলোকিত এবং সন্তানের আনন্দক অন্তর্ম্মধ্যে আত্মার স্থান নিহিত রহিয়াছে। আমি সেই ব্রহ্মকে অবগত আছি এবং সম্মাননা করি। আমি যেন পুত্র সম্বন্ধীয় কোনরূপ অঘ প্রাপ্ত না হই।১। যাহা পৃথিবী

য়োগঃ। যৎ পৃথিব্যা অনামৃতং দিবি চন্দ্রমসি শ্রিতং। বেদামৃতস্যাহং নাম মাহং পৌত্রমঘং ঋষং।২। প্রজা-পতিঋর্ষিরনুষ্টুপ্ছন্দ ইন্দ্রাগ্নী দেবতে কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্রাগ্নী শর্ম্ম যচ্ছতং প্রজায়ৈ মে প্রজা-পতী। যথায়ান্ন প্রমীয়েত পুত্রো জনিত্র্যা অধি।৩। ইতি জপ্ত্বা কুমারং চন্দ্রং দর্শয়তি। ততঃ পিতা চন্দ্রায়

মাঙিলুঙ ইনো গাঙ্লুঙীতি গাদেশঃ।১। ওঁ যৎ পৃথিব্যা অনামৃতং দিবি চন্দ্রমসি শ্রিতং বেদামৃতস্যাহং নাম মাহং পৌত্রমঘং ঋষং। যৎ পৃথিব্যা অনামৃতং অমৃতং দিবি দ্যুলোকে চন্দ্রমসি শ্রিতং তদহং অমৃতস্য নাম বেদ জানামি। যতোঽতোঽহং পৌত্রমঘং পুত্রসম্বন্ধিব্যসনং মা ঋষি মা গচ্ছামি। ঋষি গতৌ মাঙ্ লুঙ্ ছান্দসত্বাৎ সেরঙ। অঘং ঋষমিতি ছান্দসত্বাৎ অব্যাপি ঋকারে অনুস্বারঃ।২। ওঁ ইন্দ্রাগ্নী শর্ম্ম যচ্ছতং প্রজায়ৈ মে প্রজাপতী যথায়ং ন প্রমীয়েত পুত্রো জনিত্র্যা অধি। অত্রেন্দ্রাগ্নী দেবতে। হে ইন্দ্রাগ্নী যুবাং মে মম প্রজায়ৈ শর্ম্ম কল্যাণং যচ্ছতং।

অমৃত এবং দ্যুলোকে চন্দ্রমধ্যে আশ্রিত, আমি তাহা অবগত আছি। আমি যেন পুত্রসম্বন্ধীয় কোনরূপ ব্যসন প্রাপ্ত না হই।২। হে ইন্দ্র! হে অগ্নে! আপনারা উভয়ে আমার সন্তানের কল্যাণ বিধান করুন্। আপনারা লোকপাল। যেন আমার কুমার জননী সহ অবস্থিত থাকিয়া কোন প্রকার বিপদা-পন্ন না হয়।৩।" এই তিনটী মন্ত্র পাঠ করিবে। এই মন্ত্রত্রয় জপ করিয়া কুমারকে চন্দ্র দেখাইতে হয়। তদনন্তর পিতা চন্দ্রদেবকে

অর্ঘ্যং দদ্যাৎ। যথা ওঁ ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব। গৃহাণার্ঘ্যং শশাঙ্কেদং রোহিণ্যা সহিতো মম। ততঃ পিতা তথাভূতমেব কুমারমুত্তরশিরসং মাত্রে দত্ত্বা বামদেব্যগানং কৃত্বা কল্যাণমবধার্য্য গৃহং প্রবেশয়েদিতি। তত ঊর্দ্ধপরশুক্লপক্ষত্রয়েঽপি তৃতীয়ায়াস্তিথৌ সায়ং-সন্ধ্যামুপক্রম্য চন্দ্রাভিমুখঃ পিতা জলাঞ্জলিং গৃহীত্বা প্রজাপতিঋর্ষিরনুষ্টুপ্‌ছন্দশ্চন্দ্রো দেবতা 'কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ যদশ্চন্দ্রমসি কৃষ্ণং পৃথিব্যা হৃদয়ং শ্রিতং। তদহং বিদ্বাংস্তং পশ্যন্নহং পৌত্রমঘং রুদং ৪॥ ইতি পঠিত্বা জলাঞ্জলিং ত্যজেৎ। তুষ্ণীং বারদ্বয়ং। ততো

কিম্ভূতৌ যুবাং প্রজাপতী লোকপালৌ তথা শর্ম্ম যচ্ছতং যথায়ং কুমারো জনিত্র্যা অধি তৎসঙ্গে স্থিতো ন প্রমীয়েত ন হিংস্যেত। মীঙ্ হিংসায়াং॥ ৩॥ ওঁ যদশ্চন্দ্রমসি কৃষ্ণং পৃথিব্যা হৃদয়ং শ্রিতং। তদহং বিদ্বাংস্তৎ পশ্যন্নাহং পৌত্রমঘং রুদং। চন্দ্রমা

অর্ঘ্য প্রদান করিবেন। "হে ক্ষীরোদার্ণবসম্ভূত! হে অত্রিনেত্রোদ্ভব! হে শশাঙ্ক! আপনি রোহিণী সহ আমার এই অর্ঘ্য গ্রহণ করুন্।" এই মন্ত্র পাঠ করিয়া অর্ঘ্য প্রদান করিতে হয়। অনন্তর পিতা ঊর্দ্ধ পর শুক্লপক্ষত্রয়ে তৃতীয়া তিথিতে সায়ংসন্ধ্যাকালে চন্দ্রাভিমুখ হইয়া জলাঞ্জলি গ্রহণ পূর্ব্বক "প্রজাপতিঋর্ষিরনুষ্টুপ্ ছন্দশ্চন্দ্রো দেবতা কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ যদশ্চন্দ্রমসি কৃষ্ণং পৃথিব্যা হৃদয়ং শ্রিতং। তদহং বিদ্বাংস্তৎ পশ্যন্নহং পৌত্রমঘং রুদং।" এই মন্ত্র পাঠ করিবে অর্থাৎ

বামদেব্যং গীত্বা কল্যাণমবধার্য্য গৃহং প্রবিশেৎ। এতচ্চ নিষ্ক্রমণকর্ম্মাঙ্গভূতমুদীচ্যং কর্ম্ম পত্নীপুত্রোপাদানবিরহাৎ পিত্রা কার্য্যং ॥ ইতি নিষ্ক্রমণং ॥

এব দেবতা যং অদঃ এতচ্চন্দ্রমসি কৃষ্ণং লাঞ্ছনং পৃথিব্যা হৃদয়ং শ্রিতং তদহং বিদ্বান্ তৎস্বরূপঃ জানন্ তচ্চ পশ্যন্ দৃষ্টবানস্মি। যতঃ অতোঽহং পৌত্রমঘং পুত্রসম্বন্ধিপাপং শোকং মা রুদং মা রুদিমীত্যর্থঃ ॥ ৪ ॥

"চন্দ্রের অভ্যন্তরে যে কৃষ্ণবর্ণ লাঞ্ছন আছে, তাহা পৃথিবীর হৃদয়েও নিহিত রহিয়াছে; উহা আমি অবগত আছি এবং দর্শন করিতেছি। পুত্রসম্বন্ধীয় শোক নিবন্ধন যেন আমাকে ক্রন্দন করিতে না হয়।" এই মন্ত্র পাঠ করিবে। ৪। এই মন্ত্র পাঠ করিয়া গৃহীত জলাঞ্জলি নিক্ষেপ করিবে। * তূষ্ণীভাবেও দুইবার জলাঞ্জলি দিতে হয়। তৎপরে বামদেব্যগান পূর্ব্বক কল্যাণাবধারণ করিয়া গৃহপ্রবেশ করিবে। এই নিষ্ক্রমণকর্ম্মাঙ্গভূত উদীচ্য কর্ম্ম পত্নীপুত্রোপাদানবিরহ হইলেও প্রবাসী পিতা করিতে পারেন।

ইতি সামবেদীয় নিষ্ক্রমণ।

---

* এই সংস্কারে যে কয়টী মন্ত্রের উল্লেখ হইল, ইহাতে স্পষ্টই প্রতীত হইতেছে যে, সাক্ষাৎ সম্বন্ধে পিতা আপনার জন্যই প্রার্থনা করিতেছেন, অধিকন্তু ইহাতে আত্মার বিভুত্ব, পুত্রার্থ পিতার আন্তরিক ব্যাকুলত্ব প্রভৃতিই প্রকাশিত হইতেছে। এই কারণে এই সংস্কারটীকে মুখ্য সংস্কারের মধ্যে গণ্য করা যাইতে পারে না। ইহা অন্যান্য সংস্কারের ন্যায় গৌরবান্বিতও নহে। ইহা এক প্রকার পুষ্টিসাধক সংস্কার বলিয়া অভিহিত হইতে পারে।

সপ্তমোঽধ্যায়ঃ।

নামকরণম্। *

তত্র যদ্যপি জননাদ্দশরাত্রে ব্যুষ্টে শতরাত্রে সম্বৎসরে বা নামকরণং কার্য্যং' ইতি গৃহ্যবচনেন হি একাদশাহে নামকরণং প্রাপ্তং তথাপ্যাচারবশাৎ দ্বাদশাহে একাধিকশতরাত্রে জন্মদিনে বা নামকরণং কর্ত্তব্যং। তত্র প্রথমং কৃতস্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ পিতা

অনুবাদ,—ভূমিষ্ঠ হইবার পর দশরাত্রি গত হইলে, অথবা শত রাত্রি অতীত হইলে কিম্বা বৎসর পূর্ণ হইলে নামকরণের ব্যবস্থা আছে। তথাপি লৌকিকাচার বশতঃ দ্বাদশাহে, একাধিকশত রাত্রে বা জন্মদিনেও নামকরণ করিতে পারে † এই সংস্কারে

---

* শৈশবসংস্কার কয়টীর মধ্যে দ্বিতীয় সংস্কারকেই নামকরণ কহে। পিতা কর্ত্তৃক জাত সন্তানের যে নাম রাখা হয়, তাহারই নাম নামকরণ। এই সংস্কার দ্বারা পিতা মাতার মনে সন্তানপালন সম্বন্ধে অবশ্যই শুভফল ফলে সংশয় নাই।

† সচরাচর এইরূপ দৃষ্ট হইয়া থাকে যে, আঁতুড়ে যে সকল শিশুর মৃত্যু হয়, তাহার অধিকাংশই দশরাত্রির মধ্যে মারা গিয়া থাকে। এই কারণেই দশ রাত্রির পর নামকরণের ব্যবস্থা হইয়াছে। নামকরণ হইলে সেই সম্বন্ধে চিত্তের একরূপ দার্ঢ্য জন্মে। নবজাত শিশু অকালে মৃত্যুমুখে পড়িলে তৎসম্বন্ধে চিন্তা ও শোক করিবার পক্ষে ঐ নামটীই একরূপ অব-

পার্থিবনামানমগ্নিং সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তুষ্ণীমগ্নৌ হুত্বা মহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। যথা প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। ততো মাতা শুচিনা বস্ত্রেণ কুমারমাচ্ছাদ্য ভর্ত্তুর্দক্ষিণে স্থিত্বা কুমারমুত্তরশিরসং পিত্রে সমর্প্যতি। ততো মাতা ভর্ত্তুঃ

প্রথমতঃ পিতা স্নান ও বৃদ্ধিশ্রাদ্ধ সমাপনান্তে পার্থিবনামা অগ্নি স্থাপন পূর্ব্বক বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা সমাপন করিয়া প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ তুষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিয়া মূলের লিখিত মন্ত্রে মহাব্যাহৃতিহোম করিবে। তৎপরে মাতা কুমারকে বিশুদ্ধবস্ত্রে আচ্ছাদন পূর্ব্বক পতির দক্ষিণপার্শ্বে থাকিয়া উত্তরশিরা কুমারকে তৎপিতৃহস্তে অর্পণ করিবে। তদনন্তর মাতা পতির

াম্বনস্বরূপ হয়। সুতরাং প্রথম দশদিবসের মধ্যে নাম রাখা কর্ত্তব্য নহে। অধুনা প্রায়ই অন্নপ্রাশনের সময় নামকরণ করিতে দেখা যায়। ইহাও অশাস্ত্রীয় বা যুক্তিবিরুদ্ধ নহে। কারণ, শৈশবমৃত্যু আমাদিগের দেশে আজি কালি অতীব প্রবল। এ অবস্থায় দশ রাত্রি গতে বা শত রাত্রি গতে নামকরণ না করিয়া অন্নপ্রাশনের সময় করাই যুক্তিযুক্ত।

পৃষ্ঠদেশেন উত্তরস্যান্দিশি গত্বা ভর্ত্তুর্ব্বামপার্শ্বে উত্তরাগ্রেষু কুশেষু প্রাঙ্মুখী উপবিশতি। ততঃ পিতা ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইতি সকৃদাহুতিং দত্বা কুমারস্য জন্মতিথিদেবতাহোমং জন্মনক্ষত্রদেবতাহোমঞ্চ কুর্য্যাৎ। যদি প্রতিপদি জাতস্তদা ওঁ প্রতিপদে স্বাহা ওঁ ব্রহ্মণে স্বাহা। যদি দ্বিতীয়ায়াং তদা ওঁ দ্বিতীয়ায়ৈ স্বাহা ওঁ ত্বষ্ট্রে স্বাহা। যদি তৃতীয়ায়াং তদা ওঁ তৃতীয়ায়ৈ স্বাহা ওঁ জনার্দ্দনায় স্বাহা। যদি চতুর্থ্যাং তদা ওঁ চতুর্থ্যৈ স্বাহা ওঁ যমায় স্বাহা। যদি পঞ্চম্যাং তদা ওঁ পঞ্চম্যৈ স্বাহা ওঁ সোমায় স্বাহা। যদি ষষ্ঠ্যাং তদা ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা ওঁ কুমারায় স্বাহা। যদি সপ্তম্যাং তদা ওঁ সপ্তম্যৈ

পশ্চাদ্ভাগে উত্তরদিকে গমন করিয়া স্বামীর বামপার্শ্বে উত্তরাগ্র কুশোপরি প্রাঙ্মুখী হইয়া উপবেশন করিবে। পরে পিতা "ওঁ প্রজাপতয়ে স্বাহা" এই মন্ত্রে একবার আহুতি দিয়া কুমারের জন্মতিথি দেবতা-হোম ও জন্মনক্ষত্র-দেবতার উদ্দেশে হোম করিবেন। যদি প্রতিপদে জন্ম হইয়া থাকে, তাহা হইলে ওঁ প্রতিপদে স্বাহা ওঁ ব্রহ্মণে স্বাহা" এই মন্ত্রে হোম করিতে হয়। দ্বিতীয়াতে জন্ম হইলে "ওঁ দ্বিতীয়ায়ৈ স্বাহা ওঁ ত্বষ্ট্রে স্বাহা" এই মন্ত্রে; তৃতীয়া তিথিতে হইলে "ওঁ তৃতীয়ায়ৈ স্বাহা ওঁ জনার্দ্দনায় স্বাহা"; চতুর্থীতে হইলে "ওঁ চতুর্থ্যৈ স্বাহা ওঁ যমায় স্বাহা"; পঞ্চমীতে হইলে "ওঁ পঞ্চম্যৈ স্বাহা ওঁ সোমায় স্বাহা"; ষষ্ঠীতে হইলে "ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা ওঁ কুমারায় স্বাহা"; সপ্তমীতে

স্বাহা ওঁ মুনিভ্যঃ স্বাহা। যদি অষ্টম্যাং তদা ওঁ অষ্টম্যৈ স্বাহা ওঁ বসুভ্যঃ স্বাহা। যদি নবম্যাং তদা ওঁ নবম্যৈ স্বাহা ওঁ পিশাচেভ্যঃ স্বাহা। যদি দশম্যাং তদা ওঁ দশম্যৈ স্বাহা ওঁ ধর্ম্মায় স্বাহা। যদি একাদশ্যাং তদা ওঁ একাদশ্যৈ স্বাহা ওঁ রুদ্রেভ্যঃ স্বাহা। যদি দ্বাদশ্যাং তদা ওঁ দ্বাদশ্যৈ স্বাহা ওঁ রবিভ্যঃ স্বাহা। যদি ত্রয়োদশ্যাং তদা ওঁ ত্রয়োদশ্যৈ স্বাহা ওঁ কামায় স্বাহা। যদি চতুর্দ্দশ্যাং তদা ওঁ চতুর্দ্দশ্যৈ স্বাহা ও যক্ষেভ্যঃ স্বাহা। যদি পঞ্চদশ্যাং তদা ওঁ পঞ্চদশ্যৈ স্বাহা ওঁ পিতৃভ্যঃ স্বাহা। যদি পৌর্ণমাস্যাং তদা ওঁ পৌর্ণমাস্যৈ স্বাহা ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা॥ ততো নক্ষত্রহোমঃ।

হইলে "ওঁ সপ্তম্যৈ স্বাহা ওঁ মুনিভ্যঃ স্বাহা"; অষ্টমীতে হইলে ওঁ অষ্টম্যৈ স্বাহা ওঁ বসুভ্যঃ স্বাহা" নবমীতে হইলে "ওঁ নবম্যৈ স্বাহা ওঁ পিশাচেভ্যঃ স্বাহা"; দশমীতে হইলে "ওঁ দশম্যৈ স্বাহা ওঁ ধর্ম্মায় স্বাহা"; একাদশীতে হইলে "ওঁ একাদশ্যৈ স্বাহা ওঁ রুদ্রেভ্যঃ স্বাহা; দ্বাদশীতে হইলে "ওঁ দ্বাদশ্যৈ স্বাহা ওঁ রবিভ্যঃ স্বাহা; ত্রয়োদশীতে হইলে "ওঁ ত্রয়োদশ্যৈ স্বাহা ওঁ কামায় স্বাহা"; চতুর্দ্দশীতে হইলে "ওঁ চতুর্দ্দশ্যৈ স্বাহা ওঁ যক্ষেভ্যঃ স্বাহা"; পঞ্চদশীতে হইলে "ওঁ পঞ্চদশ্যৈ স্বাহা ওঁ পিতৃভ্যঃ স্বাহা" এবং পৌর্ণমাসীতে জন্ম হইলে "ওঁ পৌর্ণমাস্যৈ স্বাহা ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা" এই মন্ত্রে হোম করিবে। অনন্তর নক্ষত্রহোম করিতে হয়। কৃত্তিকা নক্ষত্রে জন্ম হইলে "ওঁ

যদি কৃত্তিকায়াং জাতস্তদা ওঁ কৃত্তিকাভ্যঃ স্বাহা ওঁ অগ্নয়ে স্বাহা। যদি রোহিণ্যাং তদা ওঁ রোহিণীভ্যঃ স্বাহা ওঁ প্রজাপতয়ে স্বাহা। যদি মৃগশিরসি জাতস্তদা ওঁ মৃগশিরসে স্বাহা ওঁ সোমায় স্বাহা। যদি আর্দ্রায়াং তদা ওঁ আর্দ্রায়ৈ স্বাহা ওঁ রুদ্রায় স্বাহা। যদি পুনর্ব্বসৌ তদা ওঁ পুনর্ব্বসবে স্বাহা ওঁ অদিতয়ে স্বাহা। যদি পুষ্যায়াং তদা ওঁ পুষ্যায়ৈ স্বাহা ওঁ বৃহস্পতয়ে স্বাহা। যদ্যশ্লেষায়াং তদা ওঁ অশ্লেষাভ্যঃ স্বাহা ওঁ সর্পেভ্যঃ স্বাহা। যদি মঘায়াং তদা ওঁ মঘায়ৈ স্বাহা ওঁ পিতৃভ্যঃ স্বাহা। যদি পূর্ব্বফল্গুনীভ্যাং তদা ওঁ পূর্ব্বফল্গুনীভ্যাং স্বাহা ওঁ ভগায় স্বাহা। যদ্যুত্তরফল্গুন্যাং তদা ওঁ উত্তরফল্গুনীভ্যাং স্বাহা ওঁ অর্য্যম্নে স্বাহা। যদি হস্তায়াং

কৃত্তিকাভ্যঃ স্বাহা ওঁ অগ্নয়ে স্বাহা "এই মন্ত্রে হোম করিবে। রোহিণীতে জন্ম হইলে "ওঁ রোহিণীভ্যঃ স্বাহা ওঁ প্রজাপতয়ে স্বাহা" এই মন্ত্রে; মৃগশিরাতে হইলে "ওঁ মৃগশিরসে স্বাহা ওঁ সোমায় স্বাহা; আর্দ্রাতে হইলে "ওঁ আর্দ্রায়ৈ স্বাহা ওঁ রুদ্রায় স্বাহা"; পুনর্ব্বসুতে হইলে "ওঁ পুনর্ব্বসবে স্বাহা ওঁ অদিতয়ে স্বাহা"; পুষ্যাতে হইলে "ওঁ পুষ্যায়ৈ স্বাহা ওঁ বৃহস্পতয়ে স্বাহা"; অশ্লেষাতে হইলে "ওঁ অশ্লেষাভ্যঃ স্বাহা ওঁ সর্পেভ্যঃ স্বাহা"; মঘাতে হইলে "ওঁ মঘায়ৈ স্বাহা ওঁ পিতৃভ্যঃ স্বাহা"; পূর্ব্বফল্গুনীতে হইলে "ওঁ পূর্ব্বফল্গুনীভ্যাং স্বাহা ওঁ ভগায় স্বাহা"; উত্তরফল্গুনীতে হইলে "ওঁ উত্তরফল্গুনীভ্যাং স্বাহা

তদা ওঁ হস্তায়ৈ স্বাহা ওঁ সবিত্রে স্বাহা। যদি চিত্রায়াং তদা ওঁ চিত্রায়ৈ স্বাহা ওঁ ত্বষ্ট্রে স্বাহা। যদি স্বাত্যাং তদা ওঁ স্বাত্যৈ স্বাহা ওঁ বায়বে স্বাহা। যদি বিশাখায়াং তদা ওঁ বিশাখাভ্যঃ স্বাহা ওঁ ইন্দ্রাগ্নীভ্যাং স্বাহা। যদ্যনুরাধায়াং তদা ওঁ অনুরাধাভ্যঃ স্বাহা ওঁ মিত্রায় স্বাহা। যদি জ্যেষ্ঠায়াং তদা ওঁ জ্যেষ্ঠায়ৈ স্বাহা ওঁ ইন্দ্রায় স্বাহা। যদি মূলায়াং তদা ওঁ মূলায়ৈ স্বাহা ওঁ নৈঋর্তায় স্বাহা। যদি পূর্ব্বাষাঢ়ায়াং তদা ওঁ পূর্ব্বাষাঢ়াভ্যঃ স্বাহা ওঁ অদ্ভ্যঃ স্বাহা। যদ্যুত্ত-রাষাঢ়ায়াং তদা ওঁ উত্তরাষাঢ়াভ্যঃ স্বাহা ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা। যদি শ্রবণায়াং তদা ওঁ শ্রবণায়ৈ স্বাহা ওঁ বিষ্ণবে স্বাহা। যদি ধনিষ্ঠায়াং তদা ওঁ ধনি-

---

ওঁ অর্য্যম্নে স্বাহা"; হস্তাতে হইলে "ওঁ হস্তায়ৈ স্বাহা ওঁ সবিত্রে স্বাহা" চিত্রাতে হইলে "ওঁ চিত্রায়ৈ স্বাহা ওঁ ত্বষ্ট্রে স্বাহা" স্বাতীতে হইলে "ওঁ স্বাত্যৈ স্বাহা ও বায়বে স্বাহা" বিশাখাতে হইলে "ওঁ বিশাখাভ্যঃ স্বাহা ওঁ ইন্দ্রাগ্নীভ্যাং স্বাহা"; অনুরাধাতে হইলে "ওঁ অনুরাধাভ্যঃ স্বাহা ওঁ মিত্রায় স্বাহা"; জ্যেষ্ঠাতে হইলে ওঁ জ্যেষ্ঠায়ৈ স্বাহা ওঁ ইন্দ্রায় স্বাহা"; মূলাতে হইলে "ওঁ মূলায়ৈ স্বাহা ওঁ নৈঋর্তায় স্বাহা;" পূর্ব্বাষাঢ়াতে হইলে "ওঁ পূর্ব্বাষাঢ়াভ্যঃ স্বাহা ওঁ অদ্ভ্যঃ স্বাহা"; উত্তরা-ষাঢ়াতে হইলে "ওঁ উত্তরাষাঢ়াভ্যঃ স্বাহা ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা" শ্রবণাতে হইলে "ওঁ শ্রবণায়ৈ স্বাহা ওঁ বিষ্ণবে স্বাহা";

ষ্ঠাভ্যঃ স্বাহা ওঁ বসুভ্যঃ স্বাহা। যদি শতভিষায়াং তদা ওঁ শতভিষাভ্যঃ স্বাহা ওঁ বরুণায় স্বাহা। যদি পূর্ব্বভাদ্রপদায়াং তদা ওঁ পূর্ব্বভাদ্রপদাভ্যাং স্বাহা ওঁ অজৈকপাদায় স্বাহা। যদি উত্তরভাদ্রপদায়াং তদা ওঁ উত্তরভাদ্রপদাভ্যাং স্বাহা ওঁ অহিব্রধ্নায় স্বাহা। যদি রেবত্যাং তদা ওঁ রেবত্যৈ স্বাহা ওঁ পূষ্ণে স্বাহা। যদি অশ্বিন্যাং তদা ওঁ অশ্বিন্যৈ স্বাহা ওঁ অশ্বিনীকুমারাভ্যাং স্বাহা। যদি ভরণ্যাং তদা ওঁ ভরণ্যৈ স্বাহা ওঁ যমায় স্বাহা। ইতি হোমং কুর্য্যাৎ। ততো ঘৃতপ্রদীপদ্বয়ং প্রজ্বাল্য প্রদীপদ্বয়ে কুমারস্য নামদ্বয়ং পরিকল্প্য যত্র প্রদীপঃ প্রজ্বলিতস্তত্র নাম ভবেৎ। ততঃ পিতা কুমারস্য মুখনাসিকানেত্রশ্রোত্রাণি স্পৃশন্

ধনিষ্ঠাতে হইলে “ওঁ ধনিষ্ঠাভ্যঃ স্বাহা ওঁ বসুভ্যঃ স্বাহা”; শতভিষায় হইলে “ওঁ শতভিষাভ্যঃ স্বাহা ওঁ বরুণায় স্বাহা”; পূর্ব্বভাদ্রপদে হইলে “ওঁ পূর্ব্বভাদ্রপদাভ্যাং স্বাহা ওঁ অজৈকপাদায় স্বাহা”; উত্তরভাদ্রপদে হইলে “ওঁ উত্তরভাদ্রপদাভ্যাং স্বাহা ওঁ অহিব্রধ্নায় স্বাহা”; রেবতীতে হইলে “ওঁ রেবত্যৈ স্বাহা ওঁ পূষ্ণে স্বাহা”; অশ্বিনীতে হইলে “ওঁ অশ্বিন্যৈ স্বাহা ওঁ অশ্বিনীকুমারাভ্যাং স্বাহা”; এবং ভরণীনক্ষত্রে জন্ম হইলে ওঁ ভরণ্যৈ স্বাহা ওঁ যমায় স্বাহা” এই মন্ত্রে হোম করিবে। অনন্তর দুইটী ঘৃত প্রদীপ প্রজ্বালিত করত সেই প্রদীপদ্বয়ে কুমারের দুইটি নাম কল্পনা করিয়া যে প্রদীপটি প্রজ্বলিত হইবে, সেই নাম নির্দ্দেশ করিবে। পরে পিতা কুমারের মুখ, নাসিকা,

জপতি। প্রজাপতিঋ্ষিরহর্পতির্দ্দেবতা নামকরণে বিনি-
য়োগঃ। ওঁ কোঽসি কতমোঽস্যেষোঽস্যমৃতোস্যাহস্পত্যং
মাসং প্রবিশাসৌ॥ ১॥ প্রজাপতিঋ্ষিরাদিত্যো দেবতা
নামকরণে বিনিয়োগঃ। ওঁ স ত্বাহ্নে পরিদদাত্বহস্ত্বা রাত্র্যৈ
পরিদদাতু। রাত্রিস্ত্বাহোরাত্রাভ্যাং পরিদদাত্বহোরাত্রৌ
ত্বা অর্দ্ধমাসেভ্যস্ত্বা পরিদত্তামর্দ্ধমাসাস্ত্বা মাসেভ্যঃ পরিদ-
দাতু। মাসাস্ত্বর্ত্তুভ্যঃ পরিদদাতু ঋতবস্ত্বা সম্বৎসরায়

টীকা,—নামকরণমন্ত্রব্যাখ্যা। ওঁ কোঽসি কতমোঽস্যেষোঽস্য-
মৃতোস্যাহস্পত্যং মাসং প্রবিশাসৌ। যজুরিদমাদিত্যদৈবতং নাম-
করণে বিনিযুক্তং। অসৌ আমন্ত্রণে দেবদত্ত কোসি কস্ত্বমসি।
স্বরূপপ্রশ্নঃ। কতমোঽসি কিংজাতীয়োঽসি। জাতি প্রশ্নে। উত্তর
এযোঽসি ভবসি প্রত্যক্ষনির্দ্দেশঃ। অমৃতোঽস্যবিনাশ্যসি যতঃ অতস্ত্বং
আহস্পত্যং মাসং সূর্য্যমাসং সংক্রান্তিচিহ্নিতং প্রবিশ॥ ১॥ ওঁ স
ত্বাহ্নে পরিদদাত্বহস্ত্বারাত্র্যৈ পরিদদাতু রাত্রিস্ত্বাহোরাত্রাভ্যাং পরি-
দদাত্বহোরাত্রৌ ত্বা অর্দ্ধমাসেভ্যস্ত্বা পরিদত্তামর্দ্ধমাসাস্ত্বা মাসেভ্যঃ
পরিদদাতু মাসাস্ত্বর্ত্তুভ্যঃ পরিদদাতু। ঋতবস্ত্বা সম্বৎসরায় পরিদদাতু

নেত্র ও শ্রোত্র স্পর্শ পূর্ব্বক "প্রজাপতিঋ্ষিরহর্পতির্দ্দেবতা
নামকরণে বিনিয়োগঃ। ওঁ কোঽসি কতমোঽস্যেষোঽস্য
মৃতোস্যাহস্পত্যং মাসং প্রবিশাসৌ। প্রজাপতিঋ্ষিরাদিত্যো
দেবতা নামকরণে বিনিয়োগঃ। ওঁ স ত্বাহ্নে পরিদদাত্বহস্ত্বা
রাত্র্যৈ পরিদদাতু। রাত্রিস্ত্বাহোরাত্রাভ্যাং পরিদদাত্বহোরাত্রৌ
ত্বা অর্দ্ধমাসেভ্যস্ত্বা পরিদত্তামর্দ্ধমাসাস্ত্বা মাসেভ্যঃ পরিদদাতু।

পরিদদাতু। সম্বৎসরস্ত্বায়ুষে জরায়ৈ পরিদদাত্বসৌ ॥ ২ ॥
অত্রাসাবিতি সর্ব্বনামপদং স্থানদ্বয়েঽস্তি। তত্র কুমারস্য

সম্বৎসরস্ত্বায়ুষে জরায়ৈ পরিদদাত্বসৌ। আহস্পত্যমাসপ্রবেশস্য
ফলমেতৎ। অসৌ হে দেবদত্ত সোঽহস্পতিস্ত্বা ত্বাং অহ্নে দিবসায়

মাসাস্ত্বর্ত্তুভ্যঃ পরিদদাতু ঋতবস্ত্বা সম্বৎসরায় পরিদদাতু। সম্বৎ-
সরস্ত্বায়ুষে জরায়ৈ পরিদদাত্বসৌ। এই মন্ত্রদ্বয় জপ করিবে অর্থাৎ
"তুমি কে? তুমি কোন্ জাতীয়? এই যে তুমি, তুমি অবিনাশ্য।
তুমি সূর্য্যসম্বন্ধীয় মাসে প্রবেশ কর। হে অমুক! সূর্য্য
তোমাকে দিন হইতে দিনে অর্পণ করান্! দিন রাত্রিতে অর্পণ
করান! অহর্নিশি অর্দ্ধমাসে অর্পণ করান! অর্দ্ধমাস পূর্ণমাসে,
মাস ঋতুতে, ঋতু সম্বৎসরে এবং সম্বৎসর জরাগ্রস্ত ব্যক্তির পূর্ণা-
য়ুতে প্রবেশ করান। ১—২। এই মন্ত্র পাঠ করিবে। * কুমারের

---

* এই মন্ত্রদ্বয়ের নিগূঢ় ভাব হৃদয়ঙ্গম করিলে স্পষ্টই বুঝিতে পারা যাইবে যে, ইহা দ্বারা জীবাত্মার অবিনশ্বরত্ব প্রখ্যাপিত হইয়া সন্তানের রক্ষণ-সম্বন্ধে যে কিরূপ সাবধানতা সহকারে দিন দিন গণনা করিয়া যাপন করিতে হয়, তাহা বিশদরূপে প্রকাশিত হইল। ইহাতে জনক-জননীর হৃদয়ে সন্তানরক্ষণসম্বন্ধে নিশ্চয়ই শুভফল ঘটিবে সংশয় নাই। পরন্তু ইহা জিজ্ঞাস্য হইতে পারে যে, ইহা দ্বারা সন্তানের নিজের পক্ষে কি হইল? তাহার উত্তর এই যে, উহার জাতিভ্রংশকর দোষের অপনয়ন হইল অর্থাৎ যে দোষ বশতঃ জাতি বোধগম্য না হয় সেই দোষ বিদূরিত হইল। কেননা, শাস্ত্রে ভিন্ন ভিন্ন জাতির ভিন্ন ভিন্নরূপ নামকরণের ব্যবস্থা রহিয়াছে। ব্রাহ্মণেরা নামের পরে দেবশর্ম্মা, ক্ষত্রিয়েরা ত্রাতৃবর্ম্মা, বৈশ্যেরা ভূতি গুপ্ত বা দাস এবং শূদ্রেরা দাস শব্দ প্রয়োগ করিবে।

সম্বোধনান্তমমুকদেবশর্ম্মন্নিতি নামপদং প্রয়োক্তব্যং। ততঃ পিতা কুমারস্য মাতুর্ব্বামকর্ণে শ্রীঅমুকদেবশর্ম্মা-য়ন্তে পুত্র ইতি নাম কথয়িত্বা কুমারস্য দক্ষিণকর্ণে শ্রীঅমুকদেবশর্ম্মাসীতি নাম কথয়তি। ততো মাত্রে কুমারং দত্ত্বা পূর্ব্ববন্মহাব্যাহৃতিহোমং কৃত্বা প্রাদেশ-প্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা সর্ব্বকর্ম্মসাধা-রণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপ্য কর্ম্মকারয়িতৃব্রাহ্মণায় দক্ষিণান্দদ্যাৎ॥

ইতি সামবেদীয়-নামকরণং॥

পরিদদাতু সম্বর্দ্ধনায় যাবৎ শতায়ুস্ত্বং মাসস্য বিশেষণভূতো-প্যহস্পতিরত্র প্রাধান্যাৎ স ইত্যনেন প্রত্যবমৃষ্যতে॥ ২॥

ইতি সামবেদীয়-নামকরণমন্ত্রব্যাখ্যা॥

নাম সম্বোধনান্ত করিয়া অর্থাৎ অমুকদেবশর্ম্মন্ বলিয়া প্রয়োগ করিতে হয়। তদনন্তর পিতা কুমারের মাতার বামকর্ণে "এই শ্রীঅমুকদেবশর্ম্মা তোমার পুত্র" এই কথা বলিয়া কুমারের দক্ষিণ কর্ণে "তুমি অমুকদেবশর্ম্মা" এই কথা কহিবেন। পরে কুমারকে জননীক্রোড়ে দিয়া পূর্ব্ববৎ মহাব্যাহৃতিহোম সাধন পূর্ব্বক প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে অগ্নিতে আহুতি প্রদান করত সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়নহোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম সমাপন করিবে। পরিশেষে কর্ম্মকারয়িতৃ ব্রাহ্ম-ণকে দক্ষিণা দিতে হয়।

ইতি সামবেদীয় নামকরণ সমাপ্ত।

অষ্টমোঽধ্যায়ঃ।

কুমারস্য পৌষ্টিকং কর্ম্ম।

জনানাং সংবৎসরপর্য্যন্তং মাসি মাসি জন্মতিথৌ পৌর্ণমাস্যাং বা প্রাতঃ কৃতস্নানঃ পিতা ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য মৎপুত্রস্য শ্রী অমুকদেবশর্ম্মণঃ শুভকামঃ পৌষ্টিকং কর্ম্মাহং কুর্ব্বীয় ইতি সংকল্প্য বরদনামানমগ্নিং সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য প্রকৃত-কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা মহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। ততঃ ইন্দ্রাগ্নীভ্যাং স্বাহা। ওঁ দ্যাবাপৃথিবীভ্যাং স্বাহা। ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা। ইত্যাহুতিত্রয়ং দদ্যাৎ। ততো নামকরণোক্ত-ক্রমবিপর্য্যয়েণ জন্মতিথিদেবতানক্ষত্রদেবতয়োর্হোমং

অনুবাদ।—সন্তান জন্মগ্রহণের পর সম্বৎসর পর্য্যন্ত মাসে মাসে জন্মতিথিতে অথবা পূর্ণিমাতে প্রাতঃকালে পিতা কৃতস্নান হইয়া "ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য" ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে সঙ্কল্প করিয়া বরদ নামা অগ্নি স্থাপন পূর্ব্বক বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা সমাপন করত প্রকৃত-কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিয়া মহাব্যাহৃতি-হোম করিবে। তৎপরে "ওঁ ইন্দ্রাগ্নীভ্যাং স্বাহা" "ওঁ দ্যাবাপৃথিবীভ্যাং স্বাহা" "ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা" এই তিন মন্ত্রে তিনটী আহুতি দিতে হয়। অনন্তর নামকরণোক্তক্রমবিপর্য্যয়ানুসারে

কুর্য্যাৎ। প্রথমং তিথিদেবতায়ৈ ততস্তিথয়ে। প্রথমং নক্ষত্রদেবতায়ৈ ততো নক্ষত্রায়। তেন যদি প্রতিপদি জাতস্তদা ওঁ ব্রহ্মণে স্বাহা ওঁ প্রতিপদে স্বাহা। যদি কৃত্তিকায়াং জাতস্তদা ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ কৃত্তিকাভ্যঃ স্বাহা। ইত্যাহুতীর্জুহুয়াৎ। এবমন্যদপ্যূহনীয়ং। ততো মহাব্যাহৃতিহোমং কৃত্বা প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপ্য কর্ম্মকারয়িতৃব্রাহ্মণায় দক্ষিণান্দদ্যাৎ॥

ইতি কুমারস্য পৌষ্টিকং কর্ম্ম॥

জন্মতিথি-দেবতার উদ্দেশে এবং নক্ষত্র-দেবতার উদ্দেশে হোম করিবে। প্রথমে তিথিদেবতায়ৈ বলিয়া পরে তিথয়ে উচ্চারণ পূর্ব্বক হোম করিতে হয় এবং প্রথমে নক্ষত্র-দেবতার হোম করিয়া পরে নক্ষত্রের হোম করিবে। অর্থাৎ যদি প্রতিপদে জন্ম হইয়া থাকে, তাহা হইলে "ওঁ ব্রহ্মণে স্বাহা ওঁ প্রতিপদে স্বাহা" এই বলিয়া এবং কৃত্তিকানক্ষত্রে জন্ম হইলে "ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ কৃত্তিকাভ্যঃ স্বাহা" এই মন্ত্রে হোম করিবে। এইরূপেই আহুতি দিবে। তদনন্তর মহাব্যাহৃতি হোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে অগ্নিতে হোম করত প্রকৃত-কর্ম্ম সমাপন পূর্ব্বক সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়ন-হোমাদি-বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম সমাধা করিবে। পরিশেষে কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিতে হয়।

ইতি সামবেদীয় পৌষ্টিক কর্ম্ম।

নবমোঽধ্যায়ঃ।

অন্নপ্রাশনম্। *

তত্র ষষ্ঠে অষ্টমে বা মাসি পুংসঃ স্ত্রিয়াস্তু পঞ্চমে সপ্তমে বা মাসি শুভে দিনে কৃতস্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ পিতা শুচিনামানমগ্নিং সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্য প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা মহাব্যাহৃতিহোমং

অনুবাদ।—পুত্র-সন্তানের পক্ষে ষষ্ঠ বা অষ্টম মাসে এবং কন্যা-সন্তানের পক্ষে পঞ্চম বা সপ্তম মাসে শুভ দিনে পিতা স্নান ও বৃদ্ধিশ্রাদ্ধ সমাধা পূর্ব্বক শুচি নামক অগ্নিকে স্থাপন করিয়া বিরূপাক্ষ-জপান্তা কুশণ্ডিকা সমাপন করত প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশ-

---

* শৈশবাস্থার তৃতীয় সংস্কারকেই অন্নপ্রাশন কহে। পুত্র সন্তান হইলে ছয় মাসে বা আট মাসে এবং কন্যা সন্তান হইলে পঞ্চম বা সপ্তম মাসে এই সংস্কার করণীয়। এই সংস্কার দ্বারা শিশুর সঙ্করীকরণ-দোষের অপনোদন হয়। খাদ্যাখাদ্য-বিচার-রাহিত্যই সঙ্করীকরণ-দোষের লক্ষণ। এই সংস্কার দ্বারা শিশুর খাদ্যদ্রব্য নির্দ্দিষ্ট হইয়া থাকে। আমাদিগের দেশে এখন এই রীতি প্রচলিত হইয়া গিয়াছে যে, মাতুলকেই অন্ন খাওয়াইয়া দিতে হয়, তাঁহার অভাবে অন্য ব্যক্তি খাওয়াইবে; কিন্তু পিতা মাতা নহেন। ইহার তাৎপর্য্য এই যে, আমাদিগের বঙ্গদেশে গোষ্ঠীপতি দ্বিজাতিরা দৌহিত্র সন্তানের প্রতি বিশেষ আদর প্রদর্শন পূর্ব্বকই এই রীতি প্রচলিত করিয়া গিয়াছেন। পরন্তু উহা তাদৃশ দোষাবহ নহে।

কুর্য্যাৎ। যথা প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। ততঃ প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথেঽগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্য-হোমে বিনিয়োগঃ। ওঁ অন্নং বৈকচ্ছন্দস্যমন্নং হ্যেকং ভূতেভ্যশ্ছন্দয়তি স্বাহা। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ

টীকা,—অন্নপ্রাশনমন্ত্রব্যাখ্যা। অন্নং বা একচ্ছন্দস্যমন্নং হ্যেকং ভূতেভ্যশ্ছন্দয়তি স্বাহা। গায়ত্রীয়মাদিত্যো দেবতা পুরুষাধিপত্য-কামস্য চতুষ্পথেঽগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিযুক্তা। অন্নং বৈ কিল একছন্দস্যং একং প্রধানং ত্রয়াত্মকত্বেনাত্মনোঽদাদি-ত্যর্থঃ। একচ্ছন্দস্তত্রভবং একচ্ছন্দস্যং। কিন্তুদন্নং হি যস্মাৎ একং ভূতেভ্যঃ ভূতানাং তৃপ্ত্যর্থং ছন্দয়তি প্রবর্ত্তয়তি অয়মর্থঃ। যথা

প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তুষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিয়া মহাব্যাহৃতি হোম করিবে। মহাব্যাহৃতি হোমের মন্ত্র মূলে লিখিত আছে। পরে "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্য-কামস্য চতুষ্পথেঽগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ ওঁ অন্নং বৈকচ্ছন্দস্যমন্নং" ইত্যাদি মন্ত্র দ্বারা হোম করিতে হয়। উক্ত মন্ত্রের ভাবার্থ এই যে, "অন্নই এক আচ্ছাদক অর্থাৎ রক্ষক। অন্নই অখিল ভূতকে রক্ষা করে। অন্নযুক্ত অর্থাৎ ঐশ্বর্য্যসমন্বিত

আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথেঽগ্না- বাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ শ্রীর্যা এষা যৎ সত্বানো বিরোচনো ময়ি সত্বমবদধাতু স্বাহা। প্রজা- পতির্ঋষির্বৃহতীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্য- কামস্য চতুষ্পথেঽগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনি- য়োগঃ। ওঁ অন্নস্য ঘৃতমেব রসস্তেজঃ সম্পৎকামো জুহোমি স্বাহা। প্রজাপতির্ঋষিঃ ক্ষুদ্দেবতা বৃত্ত্যবিচ্ছি- ত্তিকামস্য সায়ংপ্রাতঃ ক্ষুদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ ক্ষুধে স্বাহা। প্রজাপতির্ঋষিঃ ক্ষুৎপিপাসে দেবতে বৃত্ত্যবিচ্ছি-

---

আদিত্যস্য রশ্মিজালং বৃষ্ট্যম্ভসা লোকান্ ছন্দয়তি আবৃণোতি তথান্নমপি আদিত্যপ্রসাদাৎ বহুতরং ভবতু যেনাহং পুরুষেষ্বধি পতির্ভবামি। একছন্দস্যমিতি ভবেচ্ছন্দসীতি যৎ। ওঁ শ্রীর্য এষা যৎ সত্বানো বিরোচনো ময়ি সত্বমবদধাতু। যজুরিদং শ্রীর্বৈ কিল এষা প্রত্যক্ষা কিয়ৎ সত্বানঃ ঈশ্বরাস্তেষু মধ্যে বিরোচন আদিত্যো ময়ি সত্বং আধিপত্যং অবদধাতু অর্পয়তু। সত্বান ইতি সচ্ছান্মত্বর্থে ছন্দসি বনীবনি পে বক্তব্যাবিতি বনিপ্। ওঁ অন্নস্য ঘৃতমেব রসস্তেজঃ সম্পৎকামো জুহোমি। বৃহতীয়ং। অন্নস্য ঘৃতমেব রসঃ সারঃ তথা চ যদ্ঘৃতং তদ্ ভোজনমিতি জনাপবাদঃ। তেজঃ সম্পৎ আধিপত্যং তৎ

ব্যক্তিগণই শ্রী; তন্মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ বিরোচন অর্থাৎ সূর্য্যদে অন্ন দ্বারা আধিপত্য অর্পণ করুন্। যাবতীয় অন্নরসের শ্রে ঘৃত এবং তিনিই তেজঃ ও সম্পৎ, আমি তদিচ্ছায় হো

ত্তিকামস্ত সায়ং প্রাতঃ ক্ষুত্তৃড্ঢোমে বিনিয়োগঃ। ওঁ *ক্ষুৎপিপাসাভ্যাং স্বাহা। ওঁ প্রাণায় স্বাহা। ওঁ অপানায় স্বাহা। ওঁ সমানায় স্বাহা। ওঁ উদানায় স্বাহা। ওঁ ব্যানায় স্বাহা* ইত্যাহুতীর্জুহুয়াৎ। ততো মহাব্যাহৃতিহোমং কৃত্বা প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি-বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপ্য অনেন মন্ত্রেণ কুমা-রস্ত মুখে অন্নং দদ্যাৎ। প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দোঽন্ন-

---

কামায়মানো জুহোমি ঘৃতং। ওঁ ক্ষুৎপিপাসাভ্যাং। যজুষী ইমে বৃত্ত্যবিচ্ছিত্তিকামস্য সায়ং প্রাতঃ ক্ষুৎতৃড্ঢোমে বিনিযুক্তে। ক্ষুৎপিপাসে দৈবতে। ওঁ অন্নপতেঽন্নস্য নো ধেহ্যনমীরস্য শুষ্মিণঃ প্রদাতারং তার্ষ উর্জ্জং নো ধেহি দ্বিপদে শং চতুষ্পদে। বৃহতীয়ং। অন্নপতির্দেবতা অন্নপ্রাশনে বিনিযুক্তা। হে অন্ন-পতে হে সূর্য্য আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজা ইতি স্মৃতেঃ। অন্নস্য অদনীয়স্য। অনমীরস্য আরোগ্যকরস্য শুষ্মিণঃ অগ্নিবৃদ্ধিকরস্য উর্জ্জং বলং ধেহি। কিঞ্চ অন্নস্য প্রদাতারং তার্ষ তারয়ত। তথা নোঽস্মাকং দ্বিপদে শং চতুষ্পদে

করিতেছি।” ইত্যাদি মন্ত্রে হোম করিবে। পরে মহাব্যাহৃতি হোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীভাবে আহুতি দিয়া প্রকৃতকর্ম্ম সমাপন পূর্ব্বক সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়ন-হোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম সমাপন করত “প্রজা-পতির্ঋষির্বৃহতীচ্ছন্দোঽন্নপতির্দ্দেবতা কুমারস্যান্নপ্রাশনে বিনি-

পতির্দ্দেবতা কুমারস্যান্নপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ অন্ন-পতেঽন্নস্য নো ধেহ্যনমীরস্য শুষ্মিণঃ প্রদাতারং তার্ষ ঊর্জ্জং নো ধেহি দ্বিপদে শং চতুষ্পদে স্বাহা ইতি। ততঃ কর্ম্মকারয়িতৃব্রাহ্মণায় দক্ষিণান্দদ্যাৎ॥

ইতি সামবেদীয়-অন্নপ্রাশনং॥

চ শং সুখং ধেহি অনমীর রোগ উচ্যতে। তার্ষ ইতি তৄ প্লবন-তরণয়োঃ ণ্যন্তাৎ প্রার্থনায়াং লিঙ্ লোটসিপ্ লোটাহ্তাটাবিতি আটসির্ব্বহুলং নেচীতি সিপ্। আগমানিত্যান্দেটসি লোপঃ ইতশ্চ লোপঃ। পরস্মৈপদীম্বিতি ইকারলোপঃ সকারস্য রুত্বং সন্বয়লোপঃ॥

ইতি সামবেদীয়-অন্নপ্রাশনমন্ত্রব্যাখ্যা॥

য়োগঃ। ওঁ অন্নপতেঽন্নস্য নো ধেহ্যনমীরস্য শুষ্মিণঃ প্রদাতারং তার্ষ ঊর্জ্জং নো ধেহি দ্বিপদে শং চতুষ্পদে স্বাহা” এই মন্ত্রে অর্থাৎ “অন্নপতি সূর্য্য আরোগ্যপ্রদ ও অগ্নিবর্দ্ধক অন্নবল সমর্পণ করুন এবং অন্নদাতাকে পরিত্রাণ করুন্। আমাদিগকে চতুষ্পদাবস্থায় অর্থাৎ যুগ্মকভাবে এবং দ্বিপদাবস্থায় অর্থাৎ অযুগ্মভাবে কল্যাণ বিধান করুন্।” এই মন্ত্রে কুমারের মুখে অন্ন প্রদান করিবে। তদনন্তর কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিতে হয়।

ইতি সামবেদীয় অন্নাশন সমাপ্ত।

দশমোঽধ্যায়ঃ।

পুত্রমূর্দ্ধাভিঘ্রাণং কর্ম্ম। *

তত্র চিরপ্রবাসাদাগতঃ পিতা শুচিঃ পূর্ব্বাভিমুখো জ্যষ্ঠপুত্রক্রমেণ হস্তাভ্যাং পুত্রস্য মূর্দ্ধানমুপসংগৃহ্য মন্ত্রত্রয়ং জপতি। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা পুত্রস্য মূর্দ্ধানমুপসংগৃহ্য জপে বিনিয়োগঃ। ওঁ অঙ্গাদঙ্গাৎ সংশ্রবসি হৃদয়াদধিজায়সে। প্রাণস্তে

টীকা,—মূর্দ্ধাভিঘ্রাণমন্ত্রব্যাখ্যা। ওঁ অঙ্গাদঙ্গাৎ সংশ্রবসি হৃদয়াদধিজায়সে। প্রাণস্তে প্রাণেন সন্দধামি জীবসে যাবদায়ুষং। অনুষ্টুবিয়ং প্রাজাপত্যা মূর্দ্ধোপগ্রহণে বিনিযুক্তা। হে পুত্র যতস্ত্বং মমাঙ্গাদঙ্গাৎ শিরোগ্রীবাদিভ্যঃ সংশ্রবসি সংশ্রুতোসি তথা হৃদয়াদধিজায়সে। হৃদয়াৎ সর্ব্বগাত্রেভ্যঃ প্রধানভূতাদধিজায়সে উৎপন্নোসি। তস্যেত্থম্ভূতস্য তে তব প্রাণং প্রাণবায়ুং

অনুবাদ,—চিরপ্রবাস হইতে আগত পিতা পবিত্রভাবে পূর্ব্বাভিমুখ হইয়া হস্তদ্বয় দ্বারা জ্যেষ্ঠপুত্রাদিক্রমে মস্তক ধারণ পূর্ব্বক "প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা পুত্রস্য মূর্দ্ধানমুপসংগৃহ্য জপে বিনিয়োগঃ। ওঁ অঙ্গাদঙ্গাৎ সংশ্রবসি হৃদয়াদধি-

* পুত্রমূর্দ্ধাভিঘ্রাণকর্ম্ম আর কিছুই নহে, পুত্রের প্রতি আন্তরিক স্নেহাধিক্য প্রকাশ মাত্র। পিতা প্রবাস হইতে আসিয়া কিরূপ স্নেহ ও আশীর্ব্বাদ প্রয়োগ করেন, তাহাই ইহা দ্বারা প্রকাশিত হইতেছে।

প্রাণেন সন্দধামি জীবসে যাবদায়ুষং ॥ ১ ॥ ওঁ অঙ্গা-দঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে। বেদো বৈ পুত্রনামাসি সংজীব শরদঃ শতং ॥ ২ ॥ ওঁ অশ্মা ভব পরশুর্ভব

প্রাণেনৈব সন্দধামি সততমবিচ্ছিন্নং করোমি তৎসম্বন্ধাৎ ত্বং যাবদায়ুষং শতবর্ষপর্য্যন্তং জীব শতায়ুর্বৈ পুরুষ ইতি শ্রুতেঃ। যাবদায়ুষমিতি অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্য ইত্যচ্‌॥ ১ ॥ ওঁ অঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে। বেদো বৈ পুত্রনামাসি সঞ্জীব শরদঃ শতং। বেদো বৈ কিল অসি পুত্রনামাসি। বেদাধ্যেতরি। বেদশব্দপ্রয়োগঃ কঠশাখাধ্যেতরি কচশব্দ-প্রয়োগবৎ ॥ ২ ॥ ওঁ অশ্মা ভব পরশুর্ভব হিরণ্যমমৃতং ভব আত্মাসি মা মৃথাঃ সঞ্জীব শরদঃ শতং। হে পুত্র অশ্মা পাষাণ ইব দৃঢ়ো নির্ব্যাধির্ভব। পরশুঃ কুঠার ইব ছেদকো ভব।

জায়সে। প্রাণং তে প্রাণেন সন্দধামি জীবসে যাবদায়ুষং।” ইত্যাদি তিনটী মন্ত্র জপ করিবে অর্থাৎ “হে পুত্র! তুমি আমার মস্তক গ্রীবা প্রভৃতি অঙ্গ হইতে সংশ্রুত হইয়াছ; তুমি আমার হৃদয় হইতে উৎপন্ন হইয়াছ। আমি প্রাণ দ্বারা তোমার প্রাণবায়ুকে সতত অবিচ্ছিন্ন করিতেছি, তুমি শত বর্ষ পর্য্যন্ত জীবিত থাক। ১।” “হে পুত্র! তুমি আমার গ্রীবাদি সমস্ত অঙ্গ হইতে উৎপন্ন হইয়াছ, তুমি আমার হৃদয় হইতে জন্ম গ্রহণ করিয়াছ, তুমি বেদস্বরূপ, তুমিই পুত্রনামা, তুমি শতবর্ষজীবী হও। ২।” “হে পুত্র! তুমি পাষাণ-স্বরূপ দৃঢ় অর্থাৎ নির্ব্যাধি হও, তুমি কুঠারবৎ ছেদক হও

হিরণ্যমমৃতং ভব আত্মাসি পুত্র মা মৃথাঃ সংজীব শরদঃ শতং ॥ ৩ ॥ ততো অনেন মন্ত্রেণ পুত্রস্য শিরঃ পিতা জিঘ্রতি। প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা পুত্রস্য মূর্দ্ধাভিঘ্রাণে বিনিয়োগঃ। ওঁ পশূনাং ত্বা হুঙ্কারেণাভি-জিঘ্রাম্যসৌ ॥ ৪ ॥ অত্রাসাবিতি সর্ব্বনামস্থানে সম্বো-ধনান্তং পুত্রস্য নাম প্রয়োক্তব্যং। ততো বামদেব্যং গীত্বাচ্ছিদ্রমবধারয়েৎ। অথ পিতা যদি প্রবাসং ন গতঃ

ন চ্ছেদ্যঃ। তথা হিরণ্যং সুবর্ণং অমৃতং অন্যৈস্তাম্রাদিভিরপ-দ্রব্যৈরাচ্ছাদিতং যন্ন ভবতি তত্ত্বং শুদ্ধসুবর্ণমিব ভব। আত্মাসি অহমিব ত্বং অতো মা মৃথাঃ মা ম্রিয়স্ব ॥ ৩ ॥ ওঁ পশূনাং ত্বা হুঙ্কারেণাভিজিঘ্রাম্যসৌ। যজুরিদং। অসৌ হে পুত্র ত্বা ত্বাং অহং পিতা পশূনাং হুঙ্কারেণ হুঙ্কৃতেনাভিজিঘ্রামি মূর্দ্ধ্নি চুম্বামি।

অর্থাৎ কাহারও ছেদ্য হইও না, তুমি বিশুদ্ধ স্বর্ণস্বরূপ হও, তুমি আমার আত্মাস্বরূপ, যেন তোমার মৃত্যু হয় না, তুমি শত-বর্ষ যাবৎ জীবন ধারণ কর। ৩।" এই তিনটী মন্ত্র জপ করিবে। অনন্তর পিতা "হে পুত্র! আমি পশুবৎ হুঙ্কার দ্বারা অর্থাৎ ধেনু প্রভৃতি পশুরা বন হইতে আগত হইয়া যেরূপ স্বীয় বৎসগণের অভিমুখে গমন পূর্ব্বক তাহাদিগকে আঘ্রাণ করে, সেইরূপ তোমাকেও আঘ্রাণ করিতেছি।" এই মন্ত্র পাঠ করিয়া পুত্রের মস্তক আঘ্রাণ করিবে। ৪। মূলে মন্ত্রমধ্যে যে "অসৌ" পদ আছে, তথায় সম্বোধনান্ত পুত্রনাম প্রয়োগ করিতে হয়। অনন্তর বামদেব্যগানান্তে অচ্ছিদ্রাবধারণ করিবে। যদি পিতা

গৃহ এব তিষ্ঠতি তদা পুত্রো সদা মমায়ং পিতা ইতি জানাতি তদৈতৎ কর্ম্ম কর্ত্তব্যং। অথ যদি তৎকালে ন কৃতং তদোপনয়নানন্তরং কর্ত্তব্যং॥

ইতি পুত্রস্য মূর্দ্ধাভিঘ্রাণং কর্ম্ম॥

যথা গাবো বনাদাগতাঃ স্বপুত্রকানাভিমুখ্যেন জিঘ্রন্তি তথাহমপি ত্বাং॥ ৪॥

ইতি মূর্দ্ধাভিঘ্রাণমন্ত্রব্যাখ্যা॥

প্রবাসে না থাকেন, গৃহেই অবস্থান করেন এবং পুত্রও "আমার পিতা ইনি" এইরূপ অবগত থাকে, তথাপি এই কর্ম্ম করিবে। যথাকালে না হইলে উপনয়নানন্তর এই কর্ম্ম সম্পাদন করিতে হয়।

ইতি পুত্রমূর্দ্ধাভিঘ্রাণকর্ম্ম সমাপ্ত।

একাদশোঽধ্যায়ঃ।

চূড়াকরণম্। *

তত্র কুলাচারবশাৎ প্রথমে তৃতীয়ে বা বর্ষে চূড়াকরণং কর্ত্তব্যং। তত্র প্রথমং প্রাতঃ কৃতস্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ পিতা সত্যনামানমগ্নিং সংস্থাপ্য বিরূপাক্ষজপান্তাং কুশণ্ডিকাং সমাপ্যাগ্নের্দ্দক্ষিণত একবিংশতিদর্ভপিঞ্জলীঃ সপ্তসপ্তভিরেকীকৃত্য কুশান্তরেণ বেষ্টয়িত্বা উষ্ণোদকসহিতং কাংস্যপাত্রং তাম্রনির্ম্মিতং

অনুবাদ।—কুলাচারানুসারে প্রথম বৎসরে, অথবা তৃতীয় বর্ষে চূড়াকরণ করণীয়। প্রথমতঃ পিতা প্রাতঃকালে স্নান ও বৃদ্ধিশ্রাদ্ধ সম্পাদন পূর্ব্বক সত্যনামা অগ্নিকে স্থাপন করিয়া বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা সমাপন করত অগ্নির দক্ষিণে একবিংশতি কুশগুচ্ছ সপ্ত সপ্ত সংখ্যায় একত্র করিয়া কুশান্তর দ্বারা বেষ্টন করিবে এবং

---

* চূড়াকরণ একটী কৈশোর সংস্কার বলিয়া পরিগণিত। যদিও ইহা বাল্যে নির্ব্বাহ করার রীতি ছিল, কিন্তু এক্ষণে তাহা না হইয়া একেবারে কৈশোরকালেই নির্ব্বাহিত হয়। ইহার মুখ্য কাল একবর্ষ বা তৃতীয় বৎসর। কিন্তু পাঁচবৎসর-প্রভৃতি অন্যান্য অযুগ্ম বর্ষেও নিষ্পাদিত হইয়া থাকে। এই সংস্কার দ্বারা অপাত্রীকরণ-দোষের বিদূরণ হয়। কেশমুণ্ডনই ইহার প্রধান কার্য্য। গর্ভাবস্থায় সন্তানের মস্তকে যে কেশ উৎপন্ন হয়, তাহা নিঃশেষে উন্মূলিত করিয়া এই সংস্কার দ্বারা শিশুকে শিক্ষা এবং সংস্কারের পাত্রীভূত করা হইয়া থাকে।

ক্ষুরং তদভাবে দর্পণং বা লৌহক্ষুরপাণিনাপিতঞ্চ অগ্নে-রুত্তরতো বৃষগোময়ং তিলতণ্ডুলমাষসিদ্ধঞ্চ কৃষরং অগ্নেঃ পুরস্তাৎ মিশ্রিতব্রীহিযবপূরিতপাত্রত্রয়ং মিশ্রিততিল-তণ্ডুলমাষপূরিতপাত্রত্রয়ঞ্চ স্থাপয়েৎ। মাতা শুচিনা বস্ত্রেণ কুমারমাচ্ছাদ্য ক্রোড়ে নিধায়াগ্নেঃ পশ্চিমতো ভর্ত্তুর্ব্বামপার্শ্বে উত্তরাগ্রেষু কুশেষু প্রাঙ্মুখী উপবিশতি। ততঃ পিতা প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহা-ব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতি-র্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনি-য়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ

উষ্ণোদকসহিত কাংস্যপাত্র, তাম্রনির্ম্মিত ক্ষুর, তদভাবে দর্পণ বা লৌহক্ষুরহস্ত নাপিতকে; অগ্নির উত্তরদিকে বৃষগোময় ও তিল-তণ্ডুল মাষসিদ্ধ কৃষর আর অগ্নির সম্মুখভাগে মিশ্রিত ব্রীহি-যবপূরিত পাত্রত্রয় ও মিশ্রিত-তিল তণ্ডুলমাষ-পূরিত পাত্রত্রয় স্থাপন করিবে। মাতা কুমারকে পবিত্র বস্ত্র দ্বারা আচ্ছাদন পূর্ব্বক অগ্নির পশ্চিমে পতির বামপার্শ্বে উত্তরাগ্র কুশোপরি প্রাঙ্মুখী হইয়া উপবেশন করিবেন। অনন্তর পিতা প্রকৃত-কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তুষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিয়া ব্যস্তসমস্তমহাব্যাহৃতি হোম করিবেন। উক্ত

স্বাহা। প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ততঃ পিতোত্থায় প্রাঙ্মুখঃ কুমারস্য মাতুঃ পশ্চিমতোঽবস্থিতঃ ক্ষুরপাণিং নাপিতং পশ্যন্ তমেব সবিতৃরূপং ধ্যায়ন্ জপেৎ। প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আয়মগাৎ সবিতা ক্ষুরেণ ॥ ১ ॥ ততঃ উষ্ণোদকসহিতং কাংস্যপাত্রস্থিতোদকং পশ্যন্ বায়ুং মনসা ধ্যায়ন্ জপেৎ। প্রজাপতির্ঋষির্ব্বায়ুর্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ উষ্ণেন বায় উদকেনৈধি। ২ ॥ ততঃ কাংস্যপাত্রস্থিতো-

---

টীকা,—ওঁ আয়মগাৎ সবিতা ক্ষুরেণ। সপ্তৈমানি যজূংষি। চূড়াকরণে বিনিযুক্তানি। প্রতিমন্ত্রোপাত্তসবিতাদেবতাকানি। হে কুমার অয়ং নাপিতঃ সবিতা দেবঃ ক্ষুরেণ আ আগাৎ আগতবান্ এতচ্চূড়াকরণায় আঙো ব্যবহিতোপসর্গসম্বন্ধঃ ॥ ১ ॥ ওঁ উষ্ণেন বায় উদকেনৈধি। হে বায়ো ত্বমপি উষ্ণেনো-

---

হোমের মন্ত্র মূলের মধ্যে লিখিত আছে। তদনন্তর পিতা গাত্রোত্থান পূর্ব্বক কুমারের জননীর পশ্চিমে অবস্থান করত ক্ষুরহস্ত নাপিতকে দর্শন করিয়া তাহাকে সবিতৃরূপ ধ্যানে "হে কুমার! এই নাপিতরূপী সবিতৃদেব ক্ষুরহস্তে আগমন করিয়াছেন।" এই মন্ত্র জপ করিবেন। ১। পরে কাংস্যপাত্রস্থিত উষ্ণোদকের প্রতি দৃষ্টিপাত করিয়া মনে মনে বায়ুকে ধ্যান করত "হে বায়ো! তুমিও গৃহীত উষ্ণোদক দ্বারা কুমারের মস্তক

ষ্ণোদকেন দক্ষিণহস্তগৃহীতেন দক্ষিণকপুষ্টিকামনেন মন্ত্রেণ ক্লেদয়তি। কপুষ্টিকাশব্দেন দক্ষিণোত্তরতঃ শিখা-স্থানাদধঃ শিরসঃ কর্ণাভিমুখদেশ-উচ্যতে। প্রজাপতি-ঋষিরাপো দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আপ উন্দন্তু জীবসে॥৩॥ ততঃ তাম্রক্ষুরং তদভাবে দর্পণং বা পশ্যন্ জপতি। প্রজাপতিঋষির্বিষ্ণুর্দ্দেবতা চূড়া-করণে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্দ্দংষ্ট্রোসি॥৪॥ ততঃ কুশবদ্ধসপ্তদর্ভপিঞ্জলীগৃহীত্বা ক্লিন্নদক্ষিণকপুষ্টিকাদেশেঽ-নেন মন্ত্রেণ ঊর্দ্ধমূলা নিদধ্যাৎ। প্রজাপতিঋষিরোষধি-

---

দকেন গৃহীতেন কুমারশিরঃ প্লাবয়িতুং ঐধি আগচ্ছ। অজিত-শ্চেতি দ্বিভাবঃ॥২॥ ওঁ আপ উন্দন্তু জীবসে। বায়ুনা যা আনীতা আপঃ হে কুমার তাস্ত্বাং উন্দন্তু ক্লেদয়ন্তু উন্দী ক্লেদনে। কিমর্থং জীবসে জীবনায়। জীবসে ইতি তুমর্থেঽস ইত্যা-দিনা অসপ্রত্যয়ঃ॥৩॥ ওঁ বিষ্ণোর্দ্দংষ্ট্রোঽসি। হে ক্ষুর ত্বং

অভিষেকার্থ আগমন কর" এই মন্ত্র জপ করিবে।২। অনন্তর দক্ষিণহস্তগৃহীত কাংস্যপাত্রস্থ উষ্ণোদক দ্বারা "হে কুমার! বায়ু দ্বারা আনীত জলসমূহ জীবনার্থ তোমাকে ক্লিন্ন করুন্।" এই মন্ত্র দ্বারা কপুষ্টিকা* ক্লিন্ন করিবে।৩। তৎপরে তাম্রক্ষুর অথবা তদভাবে দর্পণ দেখাইয়া এই মন্ত্র জপ করিবে যে, "হে ক্ষুর! তুমি বিষ্ণুর দন্তস্বরূপ।"৪। তদনন্তর কুশবদ্ধ সপ্ত দর্ভগুচ্ছ লইয়া পূর্ব্বোক্ত ক্লিন্ন-দক্ষিণ-কপুষ্টিকাদেশে "হে দর্ভ!

---

* কপুষ্টিকা।—শিখাস্থান হইতে উভয়-পার্শ্বদিকে অধঃশিরের যে অংশ কর্ণদ্বয়াভিমুখে গিয়াছে।

র্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ ওষধে ত্রায়-স্বৈনং ॥ ৫ ॥ ইতি মন্ত্রেণ দর্ভপিঞ্জলীং কেশে বধ্নীয়াৎ ॥৫॥ ততো বামহস্তগৃহীতদর্ভপিঞ্জলীসহিতকপুষ্টিকাদেশে দক্ষিণহস্তগৃহীততাম্রক্ষুরং তদভাবে দর্পণং বা অনেন মন্ত্রেণ নিদধ্যাৎ। প্রজাপতির্ঋষিঃ স্বধিতির্দ্দেবতা চূড়া-করণে বিনিয়োগঃ। ওঁ স্বধিতে মৈনং হিংসীঃ ॥ ৬ ॥ ততঃ কেশচ্ছেদো যথা ন ভবতি তথা তাম্রক্ষুরং দর্পণং বা তত্রৈব কপুষ্টিকাদেশেঽনেন মন্ত্রেণ প্রেরয়েৎ। প্রজা-পতির্ঋষিঃ পূষা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ যেন পূষা বৃহস্পতের্ব্বায়ুরিন্দ্রস্য চাবপৎ তেন তে বপামি

বিষ্ণোর্দ্দংষ্ট্রোঽসি দন্তোঽসি ॥ ৪ ॥ ওঁ ওষধে ত্রায়স্বৈনং। হে ওষধে হে দর্ভ এনং কুমারং ত্রায়স্ব রক্ষ ॥ ৫ ॥ ওঁ স্বধিতে মৈনং হিংসীঃ। স্বধিতিরৌডুম্বরঃ ক্ষুরঃ। হে স্বধিতে এনং কুমারং মা হিংসীঃ ন হিংসিষ্যসি ॥ ৬ ॥ ওঁ যেন পূষা বৃহস্পতের্ব্বায়ুরিন্দ্রস্য

তুমি এই কুমারকে রক্ষা কর” এই মন্ত্রে ঊর্দ্ধমূলভাবে সেই দর্ভগুচ্ছ কেশে বন্ধন করিবে। ৫। পরে বামহস্ত-গৃহীতদর্ভগুচ্ছ-সহিতকপুষ্টিকাদেশে দক্ষিণ হস্ত-গৃহীত তাম্রক্ষুর অথবা তদভাবে দর্পণ স্থাপন করিবে। “হে ক্ষুর! এই কুমারকে হিংসা করিও না” এই মন্ত্রে ক্ষুর স্থাপন করিবে। ৬। তৎপরে কেশচ্ছেদ না হয়, এরূপ ভাবে তাম্রক্ষুর বা দর্পণ সেই কপুষ্টিকাদেশে প্রেরণ করিতে হয়। “যে স্বধিতি অথবা ক্ষুরের দ্বারা পূষা (সূর্য্যদেব) বৃহস্পতির কেশমুণ্ডন (কিরণজাল সংযত) করিয়া-

ব্রহ্মণা জীবাতবে জীবনায় দীর্ঘায়ুষ্ট্বায় বলায় বর্চ্চসে ॥ ৭ ॥ ততো বারদ্বয়ং তূষ্ণীং প্রেরয়েৎ। ততো লৌহক্ষুরেণ কপুষ্টিকাদেশে স্থিতং কেশং ছিত্বা দর্ভপিঞ্জলীভিঃ সহাচারতো বালমিত্রবিধৃতপাত্রস্থবৃষগোময়োপরি নিক্ষিপেৎ। ততঃ কপুচ্ছলদেশস্থ কাংস্যপাত্রস্থিতোষ্ণোদকেন দক্ষিণহস্তগৃহীতেন পূর্ব্ববদেব প্রজাপতিঋর্ষিরাপো দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আপ উন্দন্তু জীবসে ইত্যনেন ক্লেদনং। ততঃ তাম্রক্ষুরং তদভাবে দর্পণং বা পশ্যন্ জপতি। প্রজাপতিঋর্ষির্বিষ্ণু-

---

চাবপত্তেন তে বপামি ব্রহ্মণা জীবাতবে জীবনায় দীর্ঘায়ুষ্ট্বায়

ছিলেন, যে স্বধিতি দ্বারা বায়ু ইন্দ্রের (মেঘবাহনের) কেশমুণ্ডন (মেঘাপনয়ন) করিয়াছিলেন, ব্রহ্মরূপী সেই স্বধিতি দ্বারা ত্বদীয় কেশ মুণ্ডন করিতেছি, ত্বদীয় আয়ু, বল ও তেজ পরিবর্দ্ধিত হউক্" এই মন্ত্র দ্বারা প্রেরণ করিবে। ৭। অনন্তর দুইবার তূষ্ণীভাবে ক্ষুর প্রেরণ করিতে হয়। তৎপরে লৌহক্ষুর দ্বারা কপুষ্টিকাদেশস্থিত কেশ ছেদন করিয়া আচারানুসারে দর্ভগুচ্ছ সহ বালমিত্রধৃত-পাত্রস্থ বৃষগোময়োপরি নিক্ষেপ করিবে। অনন্তর দক্ষিণ-হস্ত-গৃহীত কাংস্যপাত্রস্থ উষ্ণোদক দ্বারা মূলের লিখিত মন্ত্রে পূর্ব্ববৎ কপুচ্ছলদেশ * ক্লিন্ন করিবে। পরে তাম্রক্ষুর বা তদভাবে দর্পণ দেখিয়া মূলের লিখিত মন্ত্র জপ ;

---

* কপুচ্ছল—শিখাস্থানের পশ্চাদ্ভাগ অর্থাৎ যে অংশ স্কন্ধের দিকে গিয়াছে।

দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্দ্দংষ্ট্রোসি। ততঃ কুশবদ্ধসপ্তদর্ভপিঞ্জলীর্গৃহীত্বা ক্লিন্নকপুচ্ছলদেশেঽনেন মন্ত্রেণ ঊর্দ্ধমূলা নিদধ্যাৎ। প্রজাপতির্ঋষিরোষধির্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ ওষধে ত্রায়স্বৈনং। ইতি মন্ত্রেণ দর্ভপিঞ্জলীং কেশে বধ্নীয়াৎ। ততো বামহস্তগৃহীতদর্ভপিঞ্জলী-সহিতকপুচ্ছলদেশে দক্ষিণহস্তগৃহীততাম্রক্ষুরং তদভাবে দর্পণং বা অনেন মন্ত্রেণ নিদধ্যাৎ। প্রজাপতির্ঋষিঃ স্বধিতির্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ স্বধিতে মৈনং হিংসীঃ। ততঃ কেশচ্ছেদো যথা ন ভবতি তথা তাম্রক্ষুরং দর্পণং বা তত্রৈব কপুচ্ছলদেশেঽনেন মন্ত্রেণ প্রেরয়েৎ। প্রজাপতির্ঋষিঃ পূষা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ যেন পূষা বৃহস্পতের্ব্বায়োরিন্দ্রস্য চাবপৎ তেন তে বপামি ব্রহ্মণা জীবাতবে জীব-

---

বলায় বর্চ্চসে। স্বধিতিস্তুতিপূর্ব্বকং বিনিয়োগমাহ। যেন স্বধিতিনা পূষা দেবো বৃহস্পতের্ব্বায়ুরিন্দ্রস্য চ অবপৎ ভদ্রং কৃতবান্ তেন স্বধিতিনা ব্রহ্মণা ব্রহ্মভূতেন তে তব বপামি ভদ্রাকরোমি। কিমর্থং

তৎপরে কুশবদ্ধ সপ্তদর্ভপিঞ্জলী লইয়া যথাযথ মন্ত্রে ক্লিন্নকপুচ্ছলদেশে উহা ঊর্দ্ধমূলভাবে স্থাপন; পরে যথাযথ মন্ত্রে বামহস্ত-গৃহীত দর্ভগুচ্ছ-সহিত-কপুচ্ছলদেশে দক্ষিণ-হস্ত-গৃহীত তাম্রক্ষুর বা তদভাবে দর্পণ স্থাপন; অবশেষে কেশচ্ছেদ না হয় এরূপ ভাবে তাম্রক্ষুর বা দর্পণ সেই কপুচ্ছলদেশে মূলের লিখিত মন্ত্রে চালনা করিবে। পরে দুইবার তুষ্ণীভাবে চালনা করিতে হয়।

নায় দীর্ঘায়ুষ্ট্বায় বলায় বর্চ্চসে। ততো বারদ্বয়ং তুষ্ণীং প্রেরয়েৎ। ততো লৌহক্ষুরেণ কপুচ্ছলদেশস্থিতং কেশং ছিত্ত্বা দর্ভপিঞ্জলীভিঃ সহাচারতো বালমিত্রবিধৃত-পাত্রস্থবৃষগোময়োপরি নিক্ষিপেৎ। কপুচ্ছলশব্দেন পশ্চিমতঃ শিখাস্থানাদধঃ শিরসো নাপিতক্রোড়াভি-মুখোচ্চদেশোঽভিধীয়তে। ততস্তথৈব বামকপুষ্টিকা-প্লাবনাদিচ্ছেদনপূর্ব্বকং বৃষগোময়োপরি কেশনিধানান্তং সর্ব্বং পূর্ব্ববৎ কুর্য্যাৎ। ততঃ কুমারস্য শিরঃ করাভ্যা-মুপসংগৃহ্য জপেৎ।৹ প্রজাপতিঋষিরুষ্ণিক্‌ছন্দো যমদগ্নি-কশ্যপাগস্ত্যাদয়ো দেবতাশ্চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ যমদগ্নেস্ত্র্যায়ুষং ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং ওঁ অগস্ত্যস্য

জীবাতবে জীবনায়। অন্নাপ্যর্থঃ দীর্ঘায়ুষ্ট্বায় বর্চ্চসে তেজো-বৃদ্ধ্যর্থং॥ ৭॥ ওঁ যমদগ্নেস্ত্র্যায়ুষং ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং ওঁ

অনন্তর লৌহক্ষুর দ্বারা কপুচ্ছলস্থ কেশ ছেদন পূর্ব্বক আচা-রানুসারে দর্ভগুচ্ছ সহ বালমিত্রাদি-ধৃত-পাত্রস্থ বৃষগোময়ো-পরি নিক্ষেপ করিবে। তদনন্তর বামকপুষ্টিকা-প্লাবনাদি-চ্ছেদন পূর্ব্বক বৃষগোময়োপরি কেশনিক্ষেপ যাবৎ সর্ব্বকর্ম্ম পূর্ব্ববৎ করণীয়। পরে করদ্বয় দ্বারা কুমারের মস্তক ধারণ পূর্ব্বক এই মন্ত্র জপ করিবে যে, যমদগ্নির আয়ুস্ত্রিতয় অর্থাৎ বাল্য, যৌবন, জরা (অথবা মধ্যখগোলস্থ নক্ষত্রবিশেষের আয়ুস্ত্রিতয় অর্থাৎ উদয়, ভোগ, অস্ত) তুমি প্রাপ্ত হও; কশ্যপঋষির আয়ুস্ত্রিতয় অর্থাৎ বাল্য, যৌবন, জরা, (অথবা উত্তরখগোলস্থ নক্ষত্র-

ত্র্যায়ুষং ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং ওঁ তন্তেঽস্তু ত্র্যায়ুষং ॥৮॥ ততোঽগ্নেরুত্তরদেশং নীত্বা পুষ্পাদ্যলঙ্কৃতো নাপিতঃ কুমারং মুণ্ডয়তি সর্ব্বমেব কেশং গোময়োপরি নিধায়ারণ্যে বংশবিটপে বা স্থাপয়েৎ। অস্মিন্নেব সময়ে কর্ণবেধঃ কর্ত্তব্যঃ। ততঃ পূর্ব্ববদ্ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমং

অগস্ত্যস্য ত্র্যায়ুষং ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং তত্তেঽস্তু ত্র্যায়ুষং। যমদগ্নের্ম্মহর্ষেঃ কশ্যপস্য অগস্ত্যস্য দেবানাং ইন্দ্রাদীনাং যৎ

বিশেষের আয়ুস্ত্রিতয় অর্থাৎ উদয়, ভোগ, অস্ত) তুমি প্রাপ্ত হও; অগস্ত্য ঋষির আয়ুস্ত্রিতয় অর্থাৎ বাল্য, যৌবন, জরা (অথবা দক্ষিণখগোলস্থ নক্ষত্রবিশেষের উদয়, ভোগ, অস্ত) তুমি প্রাপ্ত হও; ইন্দ্রাদি দেবতাদিগের আয়ুস্ত্রিতয় অর্থাৎ বাল্য, যৌবন, জরা (অথবা দ্যুতিশীল নক্ষত্র-সমূহের আয়ুস্ত্রিতয় অর্থাৎ উদয়, ভোগ, অস্ত) তুমি প্রাপ্ত হও।" ৮। * অনন্তর পুষ্পাদি অলঙ্কারে অলঙ্কৃত নাপিত কুমারকে অগ্নির উত্তরদিকে লইয়া মুণ্ডন পূর্ব্বক সমস্ত কেশ গোময়োপরি স্থাপন করত অরণ্যে বা বংশবিটপে প্রক্ষেপ করিবে। এই সময়েই কর্ণবেধ করণীয়। † তদ-

---

* এই মন্ত্র গুলির তাৎপর্য্য চিন্তা করিলে সহজেই উপলব্ধি হইবে যে, প্রকৃত পক্ষে এই সংস্কারটী শৈশবকালের বলিয়া ইহাতে দ্রব্যসংস্কারের লক্ষণ যেরূপ স্পষ্টীকৃত রহিয়াছে, সেরূপ পুরুষসংস্কারের লক্ষণ সুস্পষ্ট নাই; তথাপি শিশুরূপী ক্ষুদ্রব্রহ্মাণ্ডটী যে বৃহদ্‌ব্রহ্মাণ্ডের অনুরূপ, মন্ত্রাভ্যন্তরে তাহার স্পষ্ট অভিব্যক্তিই লক্ষিত হইতেছে।

† কর্ণবেধটী কোন সংস্কারের মধ্যেই গণ্য নহে; ইহাতে কোন মন্ত্রপাঠও নাই। তবে শাস্ত্রীয় একটী বচন পাওয়া যায়

কৃত্বা প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তুষ্ণীমগ্নৌ হুত্বা প্রকৃতং কর্ম্ম সমাপ্য সর্ব্বকর্ম্মসাধারণং শাট্যায়নহোমাদি বামদেব্যগানান্তমুদীচ্যং কর্ম্ম সমাপ্য কর্ম্মকারয়িতৃব্রাহ্ম-

---

ত্র্যায়ুষং ত্রীণি আয়ুংষি বালযুবস্থবিরত্বানি তৎ ত্র্যায়ুষং হে

নন্তর পূর্ব্ববৎ ব্যস্তসমস্ত-মহাব্যাহৃতি হোম করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তুষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিয়া প্রকৃত কর্ম্ম সমাপন করতঃ সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়ন-হোমাদি বামদেব্যগানান্ত

যে, "কর্ণরন্ধ্রে রবেশ্ছায়া ন বিশেদগ্রজন্মনঃ। তং দৃষ্ট্বা বিলয়ং যান্তি পুণ্যোঘাশ্চ পুরাতনাঃ॥" অর্থাৎ কর্ণরন্ধ্রে সূর্য্যরশ্মি প্রবিষ্ট না হইলে সেই ব্রাহ্মণকে দেখিলে পূর্ব্বকৃত পুণ্যরাশি বিনাশ প্রাপ্ত হয়। যাহা হউক্, যদি উচিতরূপে এই কার্য্যটী নির্ব্বাহ হয়, তাহা হইলেও একপ্রকার পৌষ্টিককর্ম্মের মধ্যে ধরা যাইতে পারে। আমাদিগের বিবেচনায় ও যুক্তিতে বর্ষ-পরিমিত বয়ঃক্রমের মধ্যে এইটী নির্ব্বাহ করিয়া আর চূড়া-করণটীকে তাহার তৃতীয় বর্ষে সম্পাদন পূর্ব্বক সর্ব্বোচ্চ সংস্কার উপনয়নকে নির্ব্বিঘ্ন করা কর্ত্তব্য। আমাদিগের এই মধ্যবাঙ্গালায় উপনয়নের সময় নাপিতের দ্বারা উপনেতব্যের কর্ণবেধ করাইয়া পরে উপনয়ন সংস্কার নির্ব্বাহিত হইয়া থাকে; কিন্তু কর্ণবেধ করা নিবন্ধন যে ক্ষতাশৌচ হয়, সেটা কেহ গ্রাহ্যই করেন না। "সঙ্কল্প পূর্ব্বক কার্য্যারম্ভ হইলে কোন অশৌচবশতঃ আরব্ধ কর্ম্মের হানি হয় না" এই প্রমাণ দেখাইয়া তাঁহারা উক্ত কার্য্য নির্ব্বাহ করেন; কিন্তু এটী কদাচ যুক্তি-সঙ্গত নহে। ময়মনসিংহ প্রভৃতি পূর্ব্ববঙ্গে এবং ভার-তের দক্ষিণাঞ্চল ও পশ্চিমাঞ্চলে কর্ণবেধ উপনয়নের অঙ্গাভূত নহে।

ণায় দক্ষিণাং দদ্যাৎ। কৃষরযবধান্যতিলসর্ষপান্ নাপিতায় দদ্যাদিতি ॥

ইতি সামবেদীয়-চূড়াকরণং ॥

ভদ্রক তেহস্তু তব ভবতু। ত্র্যায়ুষমিতি অচ্চতুরাদিসূত্রেণাচ্ সমাসান্তঃ ॥ ৮ ॥

ইতি চূড়াকরণমন্ত্রব্যাখ্যা ॥

উদীচ্য কর্ম্ম সমাধা করিবে। পরে কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিতে হয়। নাপিতকে কৃষর, যব, ধান্য, তিল, সর্ষপ প্রভৃতি প্রদান করিবে।

ইতি সামবেদীয়-চূড়াকরণ সমাপ্ত।

দ্বাদশোঽধ্যায়ঃ।

উপনয়নম্। *

তত্র গর্ভাষ্টমেঽষ্টমে বাব্দে ব্রাহ্মণস্যোপনয়নং কর্ত্তব্যং। তদ-সম্ভবে ষোড়শবর্ষপর্য্যন্তমুপনয়নাধিকারঃ। অতঃপরং সাবিত্রী-পতিতো ব্রাহ্মণো নোপনেতব্য ইতি। তত্র প্রথমং প্রাতঃ কৃত-স্নানঃ কৃতবৃদ্ধিশ্রাদ্ধঃ পিতা কৃতবৃদ্ধিশ্রাদ্ধেন পিত্রা বৃতোঽস্য এবা-

অনুবাদ।—গর্ভাবস্থা হইতে গণনা করিয়া অষ্টম বর্ষে অথবা ভূমিষ্ঠ হইবার পর হইতে গণনা করিয়া অষ্টম বর্ষে ব্রাহ্মণের উপ-নয়নসংস্কার করণীয়। † কোন কারণে ঐ সময়ে না হইলে ষোড়শ-বর্ষ পর্য্যন্ত উপনয়নে অধিকার আছে। তৎপরে সাবিত্রীপতিত হয়, সুতরাং আর উপনয়ন হইতে পারে না। এই সংস্কারে পিতা

* প্রকৃত পক্ষে উপনয়নই কৈশোর সংস্কার বলিয়া অভিহিত। এই সংস্কার দ্বারা বিপ্রবালক জ্ঞানশিক্ষার অভিপ্রায়ে শিক্ষাচার্য্যের নিকটে নীত হইয়া থাকেন। শূদ্র ভিন্ন অপর বর্ণত্রয়ই এই সংস্কারে অধিকারী। সত্য জ্ঞান ও সদাচার প্রাপ্তি অর্থাৎ মানবজীবনের সারাৎসার পদার্থ লাভই এই সংস্কারের উদ্দেশ্য। আর্য্যশাস্ত্র সেই বিষয়ের যেরূপ পরিষ্কার পথ দেখা-ইয়া দিয়াছেন, এই সংস্কারের মন্ত্রগুলির তাৎপর্য্য মনোযোগিতার সহিত দেখিলেই সহজে তাহা উপলব্ধি হইবে সন্দেহ নাই।

† মতান্তরে পঞ্চম বর্ষেও উপনয়নের বিধি আছে। অর্থাৎ বিপ্রশিশু পঞ্চম বর্ষ হইতে ষোড়শবর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত, ক্ষত্রিয় ষষ্ঠ হইতে দ্বাদশ বর্ষ পর্য্যন্ত এবং বৈশ্য অষ্টম বর্ষ হইতে চতুর্ব্বিংশ বর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত এই সংস্কারে অধিকারী।

চার্য্যস্তদভাবে মাণবকবৃতো বা সমুদ্ভবনামানমগ্নিং সংস্থাপ্য মাণবকং প্রাতর্ভোজয়িত্বাঽগ্নেরুত্তরতো নীত্বা শিখয়া সহ মুণ্ডিতং স্নাপিতং কুণ্ডলাদ্যলঙ্কৃতং ক্ষৌমবসনাসম্ভবে শুক্লাহতকার্পাসৈকবস্ত্রাবৃতং মাণবকং দক্ষিণে নিধায় প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণাং ঘৃতাক্তাং সমিধং তূষ্ণীমগ্নৌ হুত্বা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমং কুর্য্যাৎ। যথা প্রজাপতিঋ্ষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতিঋ্ষিরুষ্ণিকৃচ্ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতিঋ্ষিরনুষ্টপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। প্রজাপতিঋ্ষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ততঃ আচার্য্যঃ পঞ্চভির্ম্মন্ত্রৈঃ পঞ্চাহুতী-

---

প্রথমতঃ প্রাতঃকালে কৃতস্নান ও কৃতবৃদ্ধিশ্রাদ্ধ হইয়া স্বয়ং অথবা কোন ব্যক্তিকে আচার্য্যপদে বরণ করিবেন। পিতার অবর্ত্তমানে মাণবকই বরণ করিবেন। সেই আচার্য্য সমুদ্ভবনামা অগ্নিকে স্থাপন করিয়া বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা সমাপন পূর্ব্বক মাণবককে অগ্নির উত্তরদিকে লইয়া শিখাসহ মুণ্ডিত, স্নাপিত, কুণ্ডলাদি দ্বারা অলঙ্কৃত, ক্ষৌমবস্ত্রধারী অথবা তদভাবে শুক্ল অচ্ছিন্ন কার্পাসবস্ত্রাবৃত করত দক্ষিণভাগে রাখিয়া প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ তূষ্ণীভাবে অগ্নিতে আহুতি দিবে। পরে মূলের লিখিত মন্ত্রে ব্যস্তসমস্তমহাব্যাহৃতি হোম করিতে হয়। তৎপরে আচার্য্য মূলের লিখিত পঞ্চ মন্ত্রে পাঁচটী আহুতি প্রদান করিবেন অর্থাৎ "হে অগ্নে!

জুহুয়াৎ। প্রজাপতিঋষিরগ্নির্দ্দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নে ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা॥ ১॥ প্রজাপতিঋষির্বায়ুর্দ্দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো ব্রতপতে ব্রতঞ্চ-

---

টীকা,—অথোপনয়নমন্ত্রব্যাখ্যা। ওঁ অগ্নে ব্রতপতে ব্রতং চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি। পঞ্চ যজূংষি উপনয়নহোমে বিনিযুক্তানি। প্রতিমন্ত্রোপত্ত্যগ্ন্যাদিদেবতাকানি উপনীয়মানো মাণবকোহগ্নিং প্রার্থয়তি। হে অগ্নে ব্রতপতে শাস্ত্রীয়স্য নিয়মস্য পালক যদিদং ব্রতমুপনয়নাখ্যং চরিষ্যামি অনুষ্ঠাস্যামি তদ্ব্রতং তে তুভ্যং প্রব্রবীমি কথয়ামি নিবেদয়ামীতি যাবৎ। যেন তদ্ব্রতমহং ত্বৎপ্রসাদাচ্চরিতুং সুখেন শকেয়ং শক্নোমি। ব্রতচরণস্য ফলমাহ তেনোপনয়নব্রতেন করণভূতেন অহং ঋদ্ধ্যা সমৃদ্ধিং অধ্যয়নলক্ষণাং প্রাপ্স্যামীতি শেষঃ। তথাহমনৃতাদলীকবচনাৎ পৃথক্ ভূত্বা ইদং ব্রতং সত্যং সত্যবচনস্বরূপং সমুপৈমি। অয়মর্থঃ যোহহং প্রাগুপনয়নাদ্যথেষ্টাচার আসং সোহহমধুনা পরিত্যক্তানৃতবাদঃ সত্যভূতমিদং ব্রতং চরিষ্যামি। শকেয়মিতি লিঙাশিষ্যঙ্‌ ঋদ্ধ্যেতি দ্বিতীয়ার্থে তৃতীয়া। সমুপৈমীতি ব্যবহিতোপসর্গসম্বন্ধঃ॥ ১॥ ওঁ বায়ো ব্রতপতে ব্রতং

হে ব্রতপতে! (শাস্ত্রীয় নিয়মপালক!) আমি উপনয়ন-ব্রতের অনুষ্ঠান করিব, উহা তোমাকে নিবেদন করিতেছি। আমি তোমার প্রসাদে সুখে ঐ ব্রত আচরণ করিতে সমর্থ হইব। এই উপনয়নব্রত দ্বারা আমি অধ্যয়নরূপ সমৃদ্ধি প্রাপ্ত হইব, আমি অলীকবচন হইতে পৃথক্ হইয়া সত্যস্বরূপতা লাভ করিব।

রিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্য-মুপৈমি স্বাহা ॥ ২ ॥ প্রজাপতির্ঋষিঃ সূর্য্যো দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ৩ ॥ প্রজাপতির্ঋষিশ্চন্দ্রো দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ৪ ॥ প্রজাপতির্ঋষিরিন্দ্রো

চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি ॥ ২ ॥ ওঁ সূর্য্য ব্রতপতে ব্রতং চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি ॥ ৩ ॥

হে বায়ো! হে ব্রতপতে! আমি উপনয়ন-ব্রতের আচরণ করিব, উহা তোমাকে নিবেদন করিতেছি। আমি তোমার প্রসাদে সুখে ঐ ব্রত আচরণ করিতে সমর্থ হইব। এই উপনয়ন-ব্রত দ্বারা আমি অধ্যয়নরূপ সমৃদ্ধি লাভ করিব, আমি অনৃতবাক্য হইতে পৃথক্ হইয়া সত্যস্বরূপতা প্রাপ্ত হইব। হে সূর্য্য! হে ব্রতপতে! আমি উপনয়নাখ্য ব্রতের অনুষ্ঠান করিব, তাহা তোমার নিকট জানাইতেছি। আমি ত্বৎপ্রসাদে অনায়াসে ঐ ব্রতানুষ্ঠান করিতে পারিব। এই ব্রত দ্বারা আমি অধ্যয়নরূপ সমৃদ্ধি প্রাপ্ত হইব, আমি মিথ্যাবচন হইতে পৃথক্ হইব এবং সত্যস্বরূপতা লাভ করিব। হে চন্দ্র! হে ব্রতপতে! আমি উপনয়ন-ব্রতের আচরণ করিব, উহা তোমাকে নিবেদন করিতেছি। আমি তোমার প্রসাদে উহা নির্বিঘ্নে সম্পাদন করিতে সমর্থ হইব। এই ব্রত দ্বারা আমি অধ্যয়নরূপ সমৃদ্ধি লাভ

দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্র ব্রতানাং ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ৫ ॥ এবমাজ্যাহুতীর্হুত্বা অগ্নেঃ পশ্চিমে আচার্য্য উদগগ্রেষু কৃতাঞ্জলিঃ প্রাঙ্মুখ ঊর্দ্ধস্তিষ্ঠেৎ। অগ্ন্যাচার্য্যয়োর্ম্মধ্যে মাণবকোঽপি কৃতাঞ্জলিরাচার্য্যাভিমুখ উদগগ্রেষু কুশেষু ঊর্দ্ধস্তিষ্ঠেৎ। মাণবকস্য দক্ষিণতঃ স্থিতো মন্ত্রবান্ ব্রাহ্মণো মাণবকস্যাচার্য্যস্য চাঞ্জলিমুদকেন পূরয়েৎ। ততো গৃহীতোদকাঞ্জলিং মাণবকং পশ্যন্ জপতি। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নিবায়ুসূর্য্যচন্দ্রেন্দ্রাদয়ো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবকং

ওঁ চন্দ্র ব্রতপতে ব্রতং চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যা সমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি। যজ্ঞানাং ব্রতস্য নিয়মস্য

করিব, আমি অলীকবচন হইতে পৃথক্ হইয়া সত্যস্বরূপতা প্রাপ্ত হইব। হে ইন্দ্র! তুমি যজ্ঞ ও ব্রতসমূহের পতি। আমি উপনয়ন-ব্রতের অনুষ্ঠান করিব, তাহা তোমার নিকট জানাইতেছি। আমি ত্বৎপ্রসাদে উহা সুখে সমাধা করিতে পারিব। এই ব্রত দ্বারা আমি অধ্যয়নরূপ সমৃদ্ধি প্রাপ্ত হইব, আমি মিথ্যা বাক্য হইতে পৃথক্ হইয়া সত্যস্বরূপতা লাভ করিব।” এই পাঁচটী মন্ত্রে পাঁচটী আহুতি দিতে হয়। ১—৫। আচার্য্য এই প্রকারে আজ্যাহুতি দিয়া অগ্নির পশ্চিম দিকে উদগগ্র কুশোপরি কৃতাঞ্জলি হইয়া পূর্ব্বমুখে অবস্থান করিবেন। মাণবকও অগ্নি ও আচার্য্য উভয়ের মধ্যভাগে করপুটে আচার্য্যাভিমুখ হইয়া উদগগ্র কুশোপরি অবস্থিত হইবে। কোন মন্ত্রবান্ ব্রাহ্মণ মাণবকের দক্ষিণ দিকে থাকিয়া মাণবকের ও আচার্য্যের

প্রেক্ষমাণস্য জপে বিনিয়োগঃ। ওঁ আগন্ত্রা সমগন্মহি প্র সুমর্ত্ত্যং যুযোতন অরিষ্টাঃ সঞ্চরেমহি স্বস্তি সঞ্চরতাদয়ং॥ ৬॥ তত উদকাঞ্জলিরাচার্য্যো গৃহীতোদকাঞ্জলিং মাণবকং পাঠয়তি। প্রজা-

---

পতিরিন্দ্রঃ॥ ৫॥ ওঁ আগন্ত্রা সমগন্মহি প্র সুমর্ত্ত্যং যুযোতন। অরিষ্টাঃ সঞ্চরেমহি স্বস্তি সঞ্চরতাদয়ং। অনুষ্টুবিয়ং মাণবকপ্রেক্ষমাণস্যাচার্য্যস্য জপে বিনিযুক্তা। অগ্ন্যাদয় এব দেবতাঃ। হে অগ্ন্যাদয়ো যূয়মেনমুপনীয়মানং সুমর্ত্ত্যং শোভনমনুষ্যং যুযোতন প্রাকর্ষেণ মিশ্রয়তঃ। অস্মাভিঃ সহেত্যেতৎ প্রার্থ্যতে। তথা প্রযুযোতন যথাহনেন ব্রহ্মচারিণা আগন্ত্রা আগমনশীলেন বয়ং সমগন্মহি সংগচ্ছেমহি। কিঞ্চ অরিষ্টা অবিঘ্নাঃ সঞ্চরেমহি। অনেন ব্রহ্মচারিণা সহ তথা অস্মাভিঃ সহ স্বস্তি কল্যাণেনায়ং ব্রহ্মচারী সঞ্চরতাং। সমগন্মহীতি মন্ত্রে ঘসকরেত্যাদিনা লুক্লোশ্চেতি মকারস্য নত্বং। প্রযুযোতনেতি ব্যবহিতোপসর্গসম্বন্ধঃ। যু মিশ্রেণ লোটশপ শ্লুঃ। তপ্তনপ্ত-

---

অঞ্জলি জল দ্বারা পূরিত করিবেন এবং মাণবক উদকাঞ্জলি গ্রহণ করিলে আচার্য্য তৎপ্রতি দৃষ্টিপাত করিয়া "হে অগ্নে! হে বায়ো! হে সূর্য্য! হে চন্দ্র! হে ইন্দ্রাদি দেবগণ! তোমরা এই সুন্দর মাণবককে আমার সহিত মিলাইয়া দেও। আমরা যেন উভয়ে পরস্পরের সহিত বিনাবিঘ্নে মিলিত হইতে সমর্থ হই। আমাদিগের সহিত এই ব্রহ্মচারী সুখে বিচরণ করুক্।" এই মন্ত্র জপ করিবেন। ৬। * পরে গৃহীতোদকাঞ্জলি আচার্য্য জলাঞ্জলি-

---

* এই মন্ত্রটীর তাৎপর্য্যে স্পষ্টই বোধগম্য হইতেছে যে, গুরু ও শিষ্য উভয়ের পরস্পর সম্যক্ মিলনই শিক্ষাকার্য্যের প্রধান ও প্রথম অনুষ্ঠান।

পতির্ঋষিরাচার্য্যো দেবতা উপনয়নে মাণবকপাঠনে বিনিয়োগঃ। ওঁ ব্রহ্মচর্য্যমাগামুপমানয়স্ব ॥৭॥ ততঃ আচার্য্যো মাণবকং নামধেয়ং পৃচ্ছতি। প্রজাপতির্ঋষির্ম্মাণবকো দেবতা উপনয়নে মাণবকনামপ্রশ্নে বিনিয়োগঃ। ওঁ কো নামাসি। ততো মাণবকো দেবতাশ্রয়ং গোত্রাশ্রয়ং নক্ষত্রাশ্রয়ং বা প্রাগাচার্য্যকল্পিতং নাম কথয়তি। প্রজাপতির্ঋষির্মাণবকো দেবতা উপনয়নে মাণবককথনে বিনিয়োগঃ। ওঁ অমুকদেবশর্ম্মনামাস্মীতি ॥ ৮ ॥ ততঃ আচার্য্যমাণবকৌ গৃহীতজলাঞ্জলী ত্যজেতাং। ততঃ আচার্য্যো দক্ষিণেন পাণিনা মাণবকস্য সাঙ্গুষ্ঠং দক্ষিণং পাণিমনেন মন্ত্রেণ গৃহ্লাতি। প্রজাপতির্ঋষিঃ

নথাশ্চেতি মধ্যমপুরুষবহুবচনস্য তনাদেশঃ ॥ ৬ ॥ ওঁ ব্রহ্মচর্য্যমাগামুপমানয়স্ব। যজুরিদমাচার্য্যো দেবতা মাণবকপাঠনে বিনিযুক্তং। হে গুরো ব্রহ্মচর্য্যং মৈথুননিবৃত্তিং অহমাগাং আগতবানস্মি যতঃ অতো মা মাং উপমানয়স্ব আত্মসমীপং প্রাপয়স্ব ॥৭॥ কো নামাসি। অসৌ নামাস্মি। আচার্য্যঃ পৃচ্ছতি কিন্নামা

হস্ত মাণবককে "আমি ব্রহ্মচারী (মৈথুনেচ্ছারহিত) হইয়া অবস্থান করিতেছি, সুতরাং আমাকে উপনীত করুন, আপনার নিকটে গ্রহণ করুন" এই মন্ত্র পাঠ করাইবেন। ৭। * তৎপরে আচার্য্য মাণবকের নাম অর্থাৎ "তোমার নাম কি" এই কথা জিজ্ঞাসা করিবেন। তখন মাণবক দেবতাশ্রয়, গোত্রাশ্রয়, নক্ষত্রাশ্রয় অথবা পূর্ব্বে আচার্য্য কর্ত্তৃক কল্পিত নাম বলিবে।

---

* শিক্ষাকালে যে মৈথুনরাহিত্য অতীব আবশ্যক, তাহাই স্পষ্ট অভিব্যক্ত হইল; সুতরাং উপনয়ন সংস্কারে কৈশোরাবস্থাতেই যে হৃদয়ে মহৎ পবিত্রভাবের অঙ্কুরোদয় হয়, তাহা বলা বাহুল্যমাত্র।

সবিত্রাশ্বিপূষাণো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবকহস্তগ্রহণে বিনিয়োগঃ। ওঁ দেবস্য তে সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং হস্তং গৃহ্ণাম্যসৌ॥ ৯॥ অত্রাসাবিতি সর্ব্বনামস্থানে মাণবকস্যামুদকদেবশর্ম্মন্নিতি সম্বোধনান্তং নাম প্রয়োক্তব্যং। ততো গৃহীত-মাণবকহস্ত আচার্য্যো জপতি। প্রজাপতিঋষিরগ্ন্যাদয়ো দেবতা উপনয়নে মাণবকহস্তাচার্য্যজপে বিনিয়োগঃ। ওঁ অগ্নিস্তে

ত্বমসি। যঃ পৃষ্টঃ স আহ অসৌ নামাস্মি বেদদত্তনামাহমিত্যর্থঃ॥ ৮॥ ওঁ দেবস্য তে সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং হস্তং গৃহ্ণাম্যসৌ। যজুরিদং। উপত্তা এব সবিত্রশ্বিপূষাণো দেবতাঃ মাণবকহস্তগ্রহণে বিনিযুক্তং। হে অসৌ হে দেবদত্ত তে তব হস্তং সবিতুর্দ্দেবস্য প্রসবেঽভ্যনুজ্ঞানে সতি অশ্বিনোর্দ্দেববৈদ্যয়োর্ব্বাহুভ্যাং পূষ্ণশ্চ দেবস্য হস্তাভ্যাং অহমাচার্য্যঃ পাণিনা গৃহ্ণামি॥ ৯॥ ওঁ অগ্নিস্তে হস্তমগ্রহীৎ সবিতা

অর্থাৎ "আমার নাম অমুক" এই কথা বলিবে। ৮। পরে মাণবক ও আচার্য্য গৃহীত জলাঞ্জলি পরিত্যাগ করিবেন। অনন্তর আচার্য্য স্বীয় দক্ষিণ হস্ত দ্বারা মাণবকের সাঙ্গুষ্ঠ দক্ষিণ হস্ত ধারণ করিবেন। "আমি জগৎপ্রসবিতা সূর্য্য, স্বাস্থ্যসাধক অশ্বিনীকুমারদ্বয় এবং পোষণকারী পূষণ দেবতা, ইহাঁদিগের হস্ত দ্বারা তোমাকে ধারণ করিতেছি" এই মন্ত্রে হস্ত গ্রহণ করিতে হয়। ৯। * মন্ত্রমধ্যে যে স্থানে

---

* এই মন্ত্র দ্বারা স্পষ্টই প্রতীত হইতেছে যে, এইরূপ করিলে শিষ্যের হৃদয়ে ঈদৃশ জ্ঞানের সঞ্চার হয় যে, আচার্য্যই তাঁহার পক্ষে জনয়িতা, স্বাস্থ্যসাধক ও পোষণকারীস্বরূপ।

হস্তমগ্রহীৎ সবিতা হস্তমগ্রহীৎ অর্য্যমা হস্তমগ্রহীৎ মিত্রস্ত্বমসি কর্ম্মণা অগ্নিরাচার্য্যস্তব ॥ ১০ ॥ ততো মাণবকং আচার্য্যোঽনেন মন্ত্রেণ প্রদক্ষিণেন ভ্রাময়িত্বা প্রাঙ্মুখং করোতি। প্রজাপতির্ঋষিঃ সূর্য্যো দেবতা উপনয়নে মাণবকস্যাবর্ত্তনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যস্যাবৃতমন্বাবর্ত্তস্বাসৌ ॥ ১১ ॥ অত্রাসাবিতি সর্ব্বনামস্থানে অমুকদেবশর্ম্মন্নিতি সম্বোধনান্তং মাণবকনাম প্রয়োক্তব্যং।

হস্তমগ্রহীদর্য্যমা হস্তমগ্রহীৎ। মিত্রস্ত্বমসি কর্ম্মণা অগ্নিরাচার্য্যস্তব। যজুরিদং গৃহীতমাণবকহস্তস্যাচার্য্যস্য জপে বিনিযুক্তং। অগ্ন্যাদয় এব দেবতাঃ। হে ব্রহ্মচারিন্ যোঽয়ং তব হস্তো ময়া গৃহীতস্তং পূর্ব্বং অগ্নিঃ সবিতা অর্য্যমা চাগ্রহীৎ।' অনেন কর্ম্মণা গুরু-শুশ্রূষণাদিনা মিত্রঃ প্রিয়ো হিতকারী মম ত্বমসি অগ্নিশ্চ ভগ-বাংস্তব গুরুঃ মিত্র ইতি লিঙ্গব্যত্যয়েন পুংস্ত্বং ॥ ১০ ॥ ওঁ সূর্য্য-স্যাবৃতমন্বাবর্ত্তস্বাসৌ। সূর্য্যদৈবতং যজুরাবর্ত্তনে বিনিযুক্তং। হে অসৌ দেবদত্ত সূর্য্যস্যাবৃতমাবর্ত্তনমন্বাবর্ত্তস্ব। অয়মর্থঃ যাবৎ

"অসৌ" পদ আছে, তথায় সম্বোধনান্ত মাণবকনাম প্রয়োগ করিবে। অনন্তর আচার্য্য মাণবকের হস্ত ধারণ পূর্ব্বক "হে ব্রহ্মচারিন্! আমি তোমার এই যে হস্ত ধারণ করিয়াছি, পূর্ব্বে এই হস্ত অগ্নি, সবিতা ও অর্য্যমা (পিতৃদেব) ধারণ করিয়া-ছিলেন; অগ্নিই তোমার আচার্য্য, তুমি গুরু-শুশ্রূষণাদি কর্ম্ম দ্বারা আমার প্রিয় ও হিতকারী মিত্র হও" এই মন্ত্র জপ করিবেন। ১০। পরে আচার্য্য মাণবককে প্রদক্ষিণক্রমে ভ্রামিত করিয়া প্রাঙ্মুখভাবে অবস্থিত করাইবেন; তৎকালে "যাবৎ সূর্য্য-দেবের আবর্ত্তন থাকে, তুমি তাবৎ আমাকে পরিবর্ত্তন পূর্ব্বক

ততো মাণবকস্য দক্ষিণস্কন্ধং স্পৃষ্ট্বাবতীর্ণেন দক্ষিণপাণিনা অব্যবহিতং নাভিদেশমনেন মন্ত্রেণাচার্য্যঃ স্পৃশতি। প্রজাপতির্ঋষির্নাভ্যন্তকৌ দেবতে উপনয়নে ব্রহ্মচারিনাভিদেশস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ প্রাণানাং গ্রন্থিরসি মা বিশ্রসোঽন্তক ইদন্তে পরিদদাম্যমুং ॥ ১২ ॥ অত্রামুমিতি সর্ব্বনামস্থানেঽমুকদেবশর্ম্মাণমিতি দ্বিতীয়ান্তং মাণবকনাম প্রয়োক্তব্যং। ততো নাভেরুপরিদেশমনেন মন্ত্রেণাচার্য্যঃ স্পৃশতি। প্রজাপতির্ঋষির্বায়ুর্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারিনাভ্যুপরিদেশস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ

ভানোরাবর্ত্তনং তাবৎ ত্বমাতিষ্ঠ ॥ ১১ ॥ ওঁ প্রাণানাং গ্রন্থিরসি মা বিশ্রসোঽন্তক ইদন্তে পরিদদাম্যমুং। নাভ্যন্তকে দেবতে নাভিস্পর্শনে বিনিযুক্তং। যজুরিদং হে নাভেঽস্য ব্রহ্মচারিণস্ত্বং মা বিশ্রসঃ ন বিশ্রংসিষ্যসি স্বস্থানান্ন বিচলিষ্যসি। অতস্ত্বং প্রাণানাং দেহধারণকারণানাং গ্রন্থিঃ প্রতিপ্রবন্ধোসি ভবসি। তথা হে অন্তক মম ইদমস্য ব্রহ্মচারিণং তে তব পরিদদামি অর্পয়ামি ত্বয়ি সমর্পিত এব জরামরণাদিকং নানুপ্রাপ্নুয়াদিতি।

অবস্থিত হও" এই মন্ত্র পাঠ করিতে হয়। ১১। এই মন্ত্রের মধ্যে "অসৌ" স্থলে সম্বোধনান্ত মাণবকনাম প্রয়োগ করিবে। তদনন্তর আচার্য্য মাণবকের দক্ষিণ স্কন্ধ স্পর্শ পূর্ব্বক অবতারিত দক্ষিণ হস্ত দ্বারা মাণবকের অব্যবহিত নাভিদেশ * স্পর্শ করিয়া "হে নাভে! তুমি স্বস্থান হইতে বিচলিত হইও না, স্থিরভাবে অবস্থান কর। তুমি দেহধারণ-কারণ-সমূহের গ্রন্থি। হে অন্তক! আমি তোমার হস্তে এই ব্রহ্মচারীকে প্রদান করিলাম"

---

* নাভিদেশ—জীবমর্ম্মস্থল।

রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্। ওঁ বিশ্বাত্মা বিশ্বকর্ত্তা চ বিশ্বেশো বিশ্বদক্ষিণঃ। নবপুষ্পোৎসবে চৈতদ্ গৃহাণার্ঘ্যং দিবাকর। নমস্তে পদ্মিনীকান্ত সুধাকান্ত নমোঽস্তু তে। নবপুষ্পোৎসবে চৈতদ্-গৃহাণার্ঘ্যং দিবাকর। এভির্ম্মন্ত্রৈঃ সূর্য্যার্ঘ্যং দদ্যাৎ। অথ ফল-বন্ধনং। যাঃ ফলিনীরিত্যস্য ত্রিতঋষির্ব্বনস্পতির্দ্দেবতানুষ্টুপ্ছন্দঃ ফলদানে বিনিয়োগঃ। ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিনীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা না মুঞ্চন্ত্বংহসঃ। অনেন পতিঃ পত্ন্যৈ দদ্যাদাশীর্ব্বাদঞ্চ সা চ প্রসারিতকরা পুত্রাণামিত্যাশংসন্তী গৃহ্ণীয়াৎ। ততঃ স্বিষ্টিকৃদাদি সমাপয়তি। অদ্যেত্যাদি মৎপত্ন্যা অমুকীদেব্যাঃ কৃতৈতদৃতুসংস্কারকর্ম্মাঙ্গভূতসব্রহ্মকহোমকর্ম্ম প্রতি-ষ্ঠার্থং দক্ষিণামিদমিত্যাদি। ততোঽচ্ছিদ্রাবধারণং॥

তদনন্তর "ওঁ বিশ্বাত্মা বিশ্বকর্ত্তা" ইত্যাদি মন্ত্রে সূর্য্যার্ঘ্য প্রদান করিতে হয়। পরে "ওঁ যাঃ ফলিনীঃ" ইত্যাদি মন্ত্রে ফল বন্ধন করত পত্নীকে দিয়া আশীর্ব্বাদ করিলে পত্নীও হস্ত প্রসারণ পূর্ব্বক গ্রহণ করিবেন। তৎপরে স্বিষ্টিকৃদাদি সমাপন পূর্ব্বক দক্ষিণা প্রদান ও আচ্ছিদ্রাবধারণ করিয়া কর্ম্ম শেষ করিতে হয়। *

ইতি ঋতুসংস্কার সমাপ্ত।

ইতি দশসংস্কারাধ্যায়ঃ।

---

* সামবেদীয় ও যজুর্ব্বেদীয় সংস্কারাধ্যায়ে ঋতুসংস্কারের বিষয় লিখিত হয় নাই বটে; কিন্তু এই সংস্কার ত্রিবেদীয়েরই কর্ত্তব্য।

চতুর্থোঽধ্যায়ঃ।

নিত্যকৃত্যম্।

সাধারণতঃ দিবারাত্রি আট ভাগে বিভক্ত। উহার এক এক ভাগের নাম প্রহর বা যাম। তাহার অর্দ্ধাংশকে যামার্দ্ধ বা প্রহরার্দ্ধ কহে। যামার্দ্ধ বা প্রহরার্দ্ধ ধরিয়াই স্মৃতিশাস্ত্রে নিত্যক্রিয়াগুলির নির্দ্ধারণ হয়। সুতরাং প্রতি যামার্দ্ধের পরিমাণ দেড় ঘটিকা। এই হেতু যামার্দ্ধের কর্ত্তব্য প্রতি দেড় ঘটিকার করণীয় বলিয়াই নিরূপিত। রাত্রির শেষ যামার্দ্ধ ৪॥ টা হইতে ৬টা পর্য্যন্ত। দিবার প্রথম যামার্দ্ধ ৬টা হইতে ৭॥ টা। এই প্রকার পর পর ভাগ করিলেই ষোড়শসংখ্য যামার্দ্ধে দিবারাত্রি শেষ হয় এবং ষোড়শ যামার্দ্ধই রাত্রি ৪॥টা হইতে ৬টা পর্য্যন্ত হইয়া থাকে। উল্লিখিত ষোড়শ যামার্দ্ধের প্রত্যেকটীতে সাধারণতঃ যাহা যাহা করণীয়, তাহারই স্থূল স্থূল বিষয় বিবৃত হইতেছে।—

নিত্যকৃত্য সাধারণতঃ ছয় ভাগে বিভক্ত ;—(১) প্রাতঃকৃত্য, (২) পূর্ব্বাহ্নকৃত্য, (৩) মধ্যাহ্নকৃত্য, (৪) অপরাহ্নকৃত্য, (৫) সায়াহ্নকৃত্য, (৬) রাত্রিকৃত্য।

তন্মধ্যে প্রাতঃস্মরণীয় বিষয় চিন্তন, দৈনিক ধর্ম্ম ও তদবিরোধী অর্থাদি চিন্তন, পৃথিবীকে নমস্কার, মলমূত্রত্যাগ, শৌচাচরণ, আচমন, দন্তধাবন, প্রাতঃস্নান, তিলকধারণ, তর্পণ, প্রাতঃ-

সন্ধ্যা এই কয়েকটী ক্রিয়া প্রাতঃকৃত্যের অন্তর্গত। অর্থাৎ রাত্রির শেষ যামার্দ্ধ (৪॥ টা হইতে ৬টা পর্য্যন্ত) প্রাতঃকৃত্যের সময়।

তৎপরে দিনকৃত্যের আরম্ভ। দেবগৃহমার্জ্জনাদি, গুরু ও মঙ্গলদ্রব্য দর্শন, কেশ-প্রসাধন, দর্পণে মুখ দর্শন, পুষ্পচয়ন এই গুলি প্রথমযামার্দ্ধে অর্থাৎ ৬টা হইতে ৭॥ টা পর্য্যন্ত সময়ের মধ্যে নিষ্পাদন করিবে।

দ্বিতীয় যামার্দ্ধে অর্থাৎ ৭॥ টা হইতে ৯টা পর্য্যন্ত বেদাভ্যাস ও শাস্ত্রালোচনা করিতে হয়।

তৃতীয় যামার্দ্ধে অর্থাৎ ৯টা হইতে ১০॥টা পর্য্যন্ত অর্থসাধন (পোষ্যবর্গের জন্য প্রয়োজনীয় অর্থ সাধনচেষ্টা) করিবে।

চতুর্থ যামার্দ্ধে (১০॥টা হইতে ১২টা পর্য্যন্ত) মধ্যাহ্নস্নান, তর্পণ ও মধ্যাহ্ন-সন্ধ্যাপূজাদি করিবে। এইগুলিই পূর্ব্বাহ্ন-কৃত্য।

তৎপরে মধ্যাহ্নকৃত্য অর্থাৎ পঞ্চম যামার্দ্ধে (১২টা হইতে ১॥টা পর্য্যন্ত) হোম, বৈশ্বদেব, বলি, অতিথি সৎকার, নিত্যশ্রাদ্ধ, গোগ্রাসদান ও ভোজন এই সমস্ত সম্পন্ন করিতে হয়।

তদনন্তর অপরাহ্নকৃত্য অর্থাৎ ষষ্ঠ যামার্দ্ধ, (১॥টা হইতে ৩টা) সপ্তম যামার্দ্ধ, (৩টা হইতে ৪॥টা) এবং অষ্টম যামার্দ্ধের অর্থাৎ ৪॥টা হইতে ৬টা পর্য্যন্তের কিয়দংশ পর্য্যন্ত, এই সময়ে নিরুদ্বেগ হইয়া চিত্তরঞ্জক ও ধর্ম্ম-জ্ঞানবিবর্দ্ধক কার্য্যে মনোনিবেশ করিবে অর্থাৎ নিদ্রা-ক্রীড়াদি ত্যাগ করিয়া ধর্ম্মশাস্ত্রাদির আলোচনা করিবে এবং দিবার শেষ অংশ ভ্রমণে ও সাধুজন সহ আলাপে অতিবাহিত করিবে।

তৎপরে সায়াহ্নকৃত্য অর্থাৎ সূর্য্যাস্তের একদণ্ড বিলম্ব থাকিতে সায়ংসন্ধ্যোপাসনা করিতে হয়।

তদনন্তর রাত্রিকৃত্য।—প্রথমযামে অর্থাৎ ৬টা হইতে ৯টার মধ্যে দিবাকৃত কর্ম্মের আলোচনা ও অননুষ্ঠিত ক্রিয়ার সম্পাদন করিবে।

তৎপরে দ্বিতীয় যামে বৈশ্বদেব, বলি, অতিথিসৎকার, স্বয়ং ভোজন প্রভৃতি নিষ্পাদন পূর্ব্বক তৎপরে শয়ন ও যথাবিধি দারোপগমনাদি দ্বারা রাত্রি অতিবাহিত করিতে হয়।

এক্ষণে প্রাতঃকৃত্যাদি বিষয় সবিস্তার বিবৃত হইতেছে।—

প্রাতঃকৃত্য।

প্রাতঃস্মরণীয় বিষয়।

প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গা দুর্গাক্ষরদ্বয়ং।
আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা॥

ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী
ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনী রাহুকেতূ
কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতং॥ *

নিদ্রাত্যাগান্তে প্রথমতঃ এই শ্লোক দুইটী পাঠ করিয়া তৎপরে গুরুদেবকে স্মরণ ও নমস্কার করিবে; যথা—

প্রাতঃ শিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুং।
প্রসন্নবদনং শান্তং স্মরেত্তন্নামপূর্ব্বকং॥

---

* এই শ্লোক দ্বারা সর্ব্বময় জগৎপাতার বিশ্বরূপটী ধ্যান করা হইল। নিদ্রাত্যাগান্তে যেন নূতনরূপে জগতে আসিয়া পুনর্জ্জাতবৎ ধর্ম্মতত্ত্বের আদি সোপানে অবস্থিত হওয়া গেল।

ওঁ নমোঽস্তু গুরবে তস্মৈ ইষ্টদেবস্বরূপিণে।
যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞকং ॥ *

তদনন্তর নিম্নলিখিত শ্লোক পাঠ করিতে হয়, যথা—

অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্।
সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তঃ স্বভাববান্ ॥

লোকেশ চৈতন্যময়াধিদেব
শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং
সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি-
র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥ †

---

* গুরুদেবকে দ্বিনেত্র ও দ্বিভুজ বলায় তাঁহাকে নররূপধারীই বুঝাইতেছে। ইহা দ্বারা স্পষ্টই বুঝা যাইতেছে যে, মানুষই মানুষের আদর্শ, মানুষের নিকটেই মানুষ শিক্ষা পায়, মানুষকেই সর্ব্বময়ের তুল্য জ্ঞান করিতে হয়। কেননা, জগতে এমন কেহই নাই, যিনি একজনকে আদর্শ না করিয়া কোন কিছু শিক্ষা করিয়াছেন। বস্তুতঃ ইহাই ধর্ম্মোন্নতির একমাত্র সোপান। গুরুস্বীকার না করিলে জগতে কোন ব্যক্তিই ধর্ম্মশীল বা সিদ্ধমনোরথ হইতে পারেন না। (গুরুতত্ত্ববিষয় অর্থাৎ গুরুলক্ষণ, গুরুপূজা, গুরুস্তব প্রভৃতি সমস্তই মৎপ্রকাশিত পঞ্চগীতা গ্রন্থে সবিস্তার দ্রষ্টব্য।)

† এই শ্লোকটীর তাৎপর্য্যে অনেকে বুঝিয়া থাকেন যে,"ঈশ্বর আমাদিগের হৃৎপ্রদেশে অধিষ্ঠিত আছেন, তিনিই আমাদিগের ধর্ম্মে ও অধর্ম্মে প্রবর্ত্তিত করিয়া থাকেন।" বস্তুতঃ ইহার তাৎপর্য্য উহা নহে। ইতিপূর্ব্বে "লোকেশ

কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনং॥
কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ।
যোঽস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ স্যাৎ নষ্টঞ্চ লভতে পুনঃ॥
পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ॥
অহল্যা দ্রৌপদী কুন্তী তারা মন্দোদরী তথা।
পঞ্চকন্যাঃ স্মরেন্নিত্যং মহাপাতকনাশনং॥

এইরূপ পাঠ করিয়া পরে দৈনিক ধর্ম্ম ও তদবিরোধী অর্থাদি চিন্তন করিবে,—

দৈনিক ধর্ম্ম ও তদবিরোধী অর্থাদিচিন্তন।

প্রবুদ্ধশ্চিন্তয়েদ্ধর্ম্মমর্থঞ্চাস্য বিরোধিনং।
অপীড়য়া তয়োঃ কাম্যমুভয়োরপি চিন্তয়েৎ॥

অর্থাৎ দিবাভাগে কি কার্য্য করিতে হইবে, ধর্ম্মের অবি-

চৈতন্যময়াধিদেব” ইত্যাদি শ্লোকে কথিত হইয়াছে যে, হে জগদীশ্বর! তোমার আদেশ পালনার্থ ও ত্বদীয় প্রীতিবিধানার্থ আমি সংসারযাত্রায় প্রবৃত্ত হইতেছি। এই কারণে পরবর্ত্তী (এই) শ্লোকে উক্ত হইতেছে যে, ত্বদীয় আদেশ ও প্রীতিবিধান কিরূপে হয়, তাহা হৃৎপ্রদেশস্থ যে তুমি, সেই তোমার আজ্ঞা হইতেই তাহা অবগত হই এবং ধর্ম্মে প্রবৃত্তি ও অধর্ম্মে যে নিবৃত্তি, তাহাও তোমা হইতেই হইয়া থাকে; তাহাতে মদীয় কর্ত্তৃত্ব নাই। ইহার তাৎপর্য্যে কেবলমাত্র নিরভিমানিতা ও অকিঞ্চনতাই প্রকাশ পাইতেছে।

রোধী কি কি অর্থসাধন করিবে, আর ধর্ম্মার্থের অবিরোধী কি কি কাম সাধন করিবে, তৎসমস্তের চিন্তা করিতে হয়। *

পৃথিবী-প্রণতি।

ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ।

অনন্তর উক্তমন্ত্রে পৃথিবীকে নমস্কার করিবে।

বিণ্মূত্রত্যাগবিধি।

কাশীখণ্ডে—

ততশ্চাবশ্যকং কর্ত্তুং নৈর্ঋতীং দিশমাশ্রয়েৎ।
গ্রামাদ্ধনুঃশতং গচ্ছেন্নগরাচ্চ চতুর্গুণং।
কর্ণোপবীত্যুদগ্বক্ত্রো দিবসে সন্ধ্যয়োরপি।
বিণ্মূত্রে বিসৃজেন্মৌনী নিশায়াং দক্ষিণামুখঃ।
নালোকয়েদ্দিশো ভাগান্ জ্যোতিশ্চক্রং নভোঽমলং।
ন মূত্রং গোব্রজে কুর্য্যান্ন বল্মীকে ন ভস্মনি।
ন গর্ত্তেষু সসত্ত্বেষু ন তিষ্ঠন্ন ব্রজন্নপি॥

তৎপরে মলমূত্র ত্যাগ করিবে। গ্রামে বাস হইলে তথা হইতে নৈঋত দিকে শতধনু দূরে এবং নগর হইলে তাহার চতুর্গুণ দূরে গমন করত কর্ণে উপবীত দিয়া মলমূত্র ত্যাগ করিবে। দিবাভাগে ও সন্ধ্যাদ্বয়ে উত্তরাস্য হইয়া এবং রাত্রিতে দক্ষিণমুখ হইয়া মৌনভাবে মূত্র ও পুরীষ ত্যাগ করিতে হয়। তৎকালে কোন দিকে, আকাশে অথবা জ্যোতিশ্চক্রদিকে দৃষ্টি করিবে না। গোব্রজে, বল্মীকে, ভস্মে, প্রাণীবিশিষ্ট গর্ত্তে এবং দণ্ডায়-

---

* প্রত্যহ উত্তরোত্তর এইরূপ উচ্চভাবনা দ্বারা যে দিন দিন সত্ত্বগুণের বৃদ্ধি হয়, তাহাতে সন্দেহ নাই।

মান হইয়া বা গমন করিতে করিতেও মূত্র-পুরীষ ত্যাগ করিতে নাই।

কৌর্ম্মে।—

ন চৈবাভিমুখঃ স্ত্রীণাং গুরু-ব্রাহ্মণয়োর্গবাং।
ন দেবদেবালয়য়োর্নাবামপি কদাচন।
নদীং জ্যোতীংষি বীক্ষিত্বা ন বায়্বভিমুখোপি বা।
প্রত্যাদিত্যং প্রত্যনিলং প্রতিসোমং তথৈব চ।
বাচং নিয়ম্য যত্নেন ষ্ঠীবনোচ্ছ্বাসবর্জ্জিতঃ॥

স্ত্রীজাতি, গুরু, ব্রাহ্মণ, গো, দেবতা, দেবালয়, নৌকা, সূর্য্য, বায়ু, চন্দ্র ইহাদিগের অভিমুখে মলমূত্র ত্যাগ করিবে না। তৎকালে নদী ও জ্যোতিষ্কমণ্ডল দেখিতে নাই, কথা কহিবে না, থু থু ফেলিবে না এবং উর্দ্ধশ্বাস ত্যাগ করিবে না।

শৌচবিধি।

বিষ্ণুপুরাণে—

বসাশুক্রমসৃঙ্মজ্জা-মূত্রবিট্-কর্ণবিণ্নখাঃ।
শ্লেষ্মাশ্রুদূষিকা স্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ॥
আদদীত মৃদোপশ্চ ষট্সু পূর্ব্বেষু শুদ্ধয়ে।
উত্তরেষু তু ষট্স্বদ্ভিঃ কেবলাভির্বিশুদ্ধ্যতি॥

মল-মূত্রত্যাগান্তে শৌচাচরণ করিবে। মানবদেহে মল দ্বাদশটী;—বসা, শুক্র, রক্ত, মজ্জা, মূত্র, বিষ্ঠা, কর্ণমল, নখ, শ্লেষ্মা, অশ্রু, দূষিক (পিঁচুটি) ও স্বেদ। এই দ্বাদশটী মলের মধ্যে প্রথম ছয়টীর শুদ্ধ্যর্থ মৃত্তিকা ও জল এবং শেষোক্ত ছয়টীর শুদ্ধ্যর্থ কেবলমাত্র জল আবশ্যক।

বল্মীকমূষিকোৎখাতাং মৃদং নান্তর্জ্জলাং তথা।
শৌচাবশিষ্টাং গেহাচ্চ নাদদ্যাল্লেপসম্ভবাং।
অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাঞ্চ পার্থিব।
পরিত্যজেন্মৃদশ্চৈতাঃ সকলাঃ শৌচসাধনে॥

উয়ের মাটি, মূষিকোদ্ধৃত মাটি, জলমধ্যস্থ মাটি, অন্যের শৌচাবশিষ্ট মাটি, গৃহের লেপযোগ্য মাটি, মধ্যে জীববিশিষ্ট মাটি এবং হলোৎখাত মাটি শৌচার্থ গ্রহণ করিবে না। তদ্ভিন্ন অন্য মৃত্তিকা দ্বারা শৌচ সম্পাদন করিবে। *

---

* বিষ্ণুপুরাণে লিখিত আছে যে, শৌচার্থ শিশ্নে একবার, গুহ্যে তিনবার, বামহস্তে দশবার ও পুনরায় দুই হস্তে সাতবার মৃত্তিকা দিবে। যমস্মৃতিতে লিখিত আছে যে, পদদ্বয়ে তিনবার মৃত্তিকা দিতে হয়। স্কন্দপুরাণে বর্ণিত আছে যে, গুহ্যে একবার, পায়ুতে পাঁচবার, বাম হাতে দশবার, দুই হাতে সাতবার, প্রতিপদে এক একবার এবং পরে দুই হাতে তিনবার মৃত্তিকা দিবে। তর্জ্জনী, মধ্যমা, অনামা এই তিনটী অঙ্গুলীর পর্ব্বত্রয় পূর্ণ হইতে পারে, এতৎপ্রমাণ মৃত্তিকা শৌচার্থ গ্রাহ্য। কেবলমাত্র মূত্রত্যাগান্তে শিশ্নে একবার, বামহাতে একবার এবং পরে দুই হাতে দুইবার মৃত্তিকা দিবে। ব্রহ্মপুরাণে লিখিত আছে যে,দুই পদে দুইবার মৃত্তিকা দিয়া হস্তপদধৌতান্তে আচমন পূর্ব্বক বিষ্ণুস্মরণ করিয়া শুদ্ধ হইবে। এই যে সকল বিধি কথিত হইল, ইহা গৃহীর পক্ষে জানিবে। ব্রহ্মচারী প্রভৃতি অবশিষ্ট আশ্রমীর পক্ষে উত্তোরত্তর ইহার দ্বিগুণ ব্যবস্থেয়। রাত্রিকালে দিবা-শৌচের অর্দ্ধেক করিবে। রোগ হইলে তদর্দ্ধ, পথিমধ্যে চৌরাদিপীড়িত হইলে তাহার অর্দ্ধ এবং স্ত্রীজাতির পক্ষে তদপেক্ষাও অর্দ্ধ ব্যবস্থা।

আচমন।

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্।

করচরণ প্রক্ষালন পূর্ব্বক পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া বামকর দ্বারা গোকর্ণাকার দক্ষিণহস্ততলের ব্রাহ্মতীর্থে একটী মাষকলায় নিমগ্ন হইতে পারে এতৎপ্রমাণ জল লইয়া তিনবার পান করিবে। পরে দক্ষিণাঙ্গুষ্ঠমূল দ্বারা মিলিত ওষ্ঠযুগল দক্ষিণ বাম পর্য্যায়ক্রমে বারদ্বয় মার্জ্জনা পূর্ব্বক দুই হাত ধৌতান্তে মস্তকদেশে ও চরণে জলের ছিটা দিবে। অনন্তর তর্জ্জন্যাদি অঙ্গুল্যগ্রত্রয় দ্বারা ওষ্ঠাধর, অঙ্গুষ্ঠতর্জ্জন্যগ্র দ্বারা দক্ষিণক্রমে নাসাপুটযুগল, অনামাঙ্গুষ্ঠাগ্রযোগে নেত্রদ্বয় ও কর্ণযুগল, আর অঙ্গুষ্ঠকনিষ্ঠাগ্র দ্বারা নাভি স্পর্শ পূর্ব্বক হস্ত ধৌতান্তে হস্ততল দ্বারা হৃদয় ও সর্ব্বাঙ্গুলীযোগে মস্তক এবং অঙ্গুল্যগ্র দ্বারা যথাক্রমে বাহুমূলদ্বয় স্পর্শ করত বামহস্তস্থ জল ভূতলে ত্যাগ করিবে। তৎপরে "ওঁ তদ্বিষ্ণোঃ" ইত্যাদি বলিয়া বিষ্ণু স্মরণ করিতে হয়। *

দন্তধাবন।

কাশীখণ্ডে—

অতো মুখবিশুদ্ধ্যর্থং গৃহ্ণীয়াদ্দন্তধাবনং।
আচান্তোপ্যশুচির্যস্মাদকৃত্বা দন্তধাবনং॥

---

* স্ত্রীজাতি ও শূদ্রেরা দৈবতীর্থ দ্বারা ওষ্ঠে একবার জল স্পর্শ করাইয়া পরে উপরোক্তবৎ মুখাদি স্পর্শ করিবে এবং "নমো বিষ্ণু" বলিয়া বিষ্ণু স্মরণ করিবে। আচমনবিধি কথিত হইল বটে, কিন্তু দন্তধাবনের পূর্ব্বে যে আচমন করিতে হয়, তাহা সামান্য কুল্লিমাত্র।

তৎপরে দন্তধাবন করিতে হয়। মুখবিশুদ্ধ্যর্থ দন্তধাবন না করিয়া আচান্ত হইলেও অশুচি বলিয়া পরিগণিত হয়।

খদিরশ্চ কদম্বশ্চ করঞ্জশ্চ তথা বটঃ।
তিন্তিড়ী বেণুপৃষ্ঠঞ্চ আম্রনিম্বৌ তথৈব চ।
অপামার্গশ্চ বিল্বশ্চ অর্কশ্চোডুম্বরস্তথা।
বর্জ্জয়িত্বা নিন্দিতানি গৃহীত্বৈকং যথোদিতং॥

নিন্দিত কাষ্ঠ পরিত্যাগ করিয়া খদির, কদম্ব, করঞ্জ, তিন্তিড়ী, বাখারি, আম্র, নিম্ব, অপামার্গ, বিল্ব, আকন্দ ও ডুম্বুর ইহাদের মধ্যে যে কোন কাষ্ঠিকা লইয়া দন্তধাবন করিবে। *

প্রাতঃস্নান।

প্রথমতঃ নাভিমগ্নজলে স্রোতের অভিমুখে দাঁড়াইয়া দুই হস্ত দ্বারা মুখ,নাসিকা, চক্ষু ও কর্ণ আচ্ছাদন পূর্ব্বক একবার ডুব দিবে। পরে আচমন সঙ্কল্প ও মন্ত্রপাঠাদি করত পুনর্ব্বার স্নান করিতে হয়। † সঙ্কল্পমন্ত্র যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রাতঃস্নানমহং করিষ্যে। ‡

---

* নিম্নলিখিত মন্ত্রে দন্তধাবন করিতে হয়, যথা—
"আয়ুর্ব্বলং যশো বর্চ্চ প্রজাঃ পশুরশুনিস্থ চ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বং নো ধেহি বনস্পতে॥"

† কৃত্রিম জলাশয়ে স্নান করিতে হইলে তাহা হইতে তিনটী মৃত্তিকাপিণ্ড তীরে নিক্ষেপ পূর্ব্বক স্নান করিতে হয়। যে জলাশয়ে স্রোত নাই, তাহাতে উদঙ্মুখ হইয়া স্নান করিবে।

‡ সৌর, মুখ্যচান্দ্র ও গৌণচান্দ্র এই ত্রিবিধ মাসই সঙ্কল্পে

তৎপরে "ওঁ নমো নারায়ণায়" উচ্চারণ পূর্ব্বক চারিদিকে এক হস্ত করিয়া জল মাপিবে এবং অঙ্কুশমুদ্রাযোগে * তীর্থ আবাহন করিতে হইবে। যথা—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥ †

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে স্নান করিবে; যথা—

ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।
পাহি নস্ত্বেনসস্তস্মাদাজন্মমরণান্তিকাৎ।

ব্যবহৃত হইয়া থাকে। সংক্রান্তি হইতে অন্য সংক্রান্তি পর্য্যন্ত সৌর, শুক্লা প্রতিপত্তিথি হইতে অমাবস্যা পর্য্যন্ত মুখ্যচান্দ্র এবং কৃষ্ণা প্রতিপত্তিথি হইতে পৌর্ণমাসী যাবৎ গৌণচান্দ্র। বিবাহাদি সংস্কারক্রিয়াসমূহে সৌর মাস ব্যবহৃত হয় এবং সে স্থলে রাশির উল্লেখ করিবে। তিথিকৃত্যে অর্থাৎ জন্মাষ্টম্যাদিক্রিয়ায় গৌণ-চান্দ্র ব্যবহৃত হয় এবং তদ্ব্যতীত সমস্তকর্ম্মে প্রায়ই মুখ্যচান্দ্র মাস উল্লেখ হইয়া থাকে। কেহ কেহ সংক্রান্তিনিমিত্তক কার্য্যে মুখ্যচান্দ্র ব্যবহার করেন।

* দক্ষিণ হাতের মুষ্টি হইতে মধ্যমাঙ্গুলী অধোমুখ ও সরল এবং তর্জ্জনী বক্রভাবে নির্গত রাখিলেই তাহার নাম অঙ্কুশমুদ্রা।

† স্ত্রীজাতি ও শূদ্রগণ ওঙ্কার উচ্চারণ করিবে না। এতদ্ব্যতীত শ্রীং, স্বাহা, স্বধা, বেদ এ সমস্তও উচ্চারণ করিতে নাই। উহার পরিবর্ত্তে "নমঃ" বলিবে এবং ব্রাহ্মণ ঐ সমস্ত পাঠ করিবেন। অধিকন্তু স্ত্রীজাতি ও শূদ্রেরা শ্রাদ্ধ, স্নান ও পঞ্চযজ্ঞ ব্যতীত পৌরা-ণিক মন্ত্র উচ্চারণ করিতে পারে। শ্রাদ্ধ ব্যতীত অন্যান্যস্থলে মন্ত্রাদি উচ্চারণে অনুপনীত বিপ্রবালকও শূদ্রের ন্যায় অনধিকারী।

তিস্রঃ কোট্যর্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ।
দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্তু জাহ্নবি।
নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ।
বৃন্দা পৃথ্বী চ সুভগা বিশ্বকায়া শিবামৃতা।
বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোকপ্রসাদিনী।
ক্ষেমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তিপ্রদায়িনী।
এতানি পুণ্যনামানি স্নানকালে প্রকীর্ত্তয়েৎ।
ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী॥ *

---

* গঙ্গায় স্নান করিতে হইলে নিম্নলিখিত বিশেষ মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসংভূতে গঙ্গে ত্রিপথগামিনি।
ধর্ম্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি।
শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দ্দেবি জাহ্নবি।
অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাং॥

এতদ্ব্যতীত মাঘমাসীয় স্নান, কার্ত্তিকমাসীয় স্নান, গ্রহণ-স্নান, ব্রহ্মপুত্র-স্নান, বারুণীস্নান, গঙ্গাসাগর-স্নান প্রভৃতিতে বিশেষ বিশেষ মন্ত্র ও সঙ্কল্প-বাক্যের বিভিন্নতা আছে। তাহা নিম্নে লিখিত হইল। যথা—

ব্রহ্মপুত্রস্নানে পূর্ব্ববৎ বিষ্ণুরোম্ ইত্যাদি বলিয়া "মোক্ষপ্রাপ্তি-কামো ব্রহ্মপুত্রনদে স্নানমহং করিষ্যে" বাক্যে সঙ্কল্প করতঃ "ওঁ ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন। অমোঘাগর্ভসম্ভূত পাপং লৌহিত্য মে হর॥" এই মন্ত্রে স্নান করিবে।

গ্রহণস্নানে পূর্ব্ববৎ বিষ্ণুরোম্ ইত্যাদির পর "রাহুগ্রস্তনিশা-

তদনন্তর সাতবার "ওঁ নমো নারায়ণায়" উচ্চারণ পূর্ব্বক যুক্তকরাগ্রযোগে বারত্রয় শিরঃপ্রদেশে জল দিবে।

করে অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশতচন্দ্রগ্রহণকালীন-গঙ্গাস্নানজন্য-ফলসম-ফলপ্রাপ্তিকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে" এই বাক্যে সঙ্কল্প করতঃ "ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি" ইত্যাদি মন্ত্রে স্নান করিবে। মুক্তিস্নানের পর "ওঁ উত্তিষ্ঠ গম্যতাং রাহো ত্যজ্যতাং চন্দ্রসঙ্গমঃ। কর্ম্মচাণ্ডালযোগাত্থং কুরু পাপ-ক্ষয়ং মম" এই মন্ত্র পাঠ করিবে। গ্রহণস্নান ও মুক্তিস্নান কূপ প্রভৃতিতেও হয়। গ্রহণ-অদর্শীর পক্ষেও মুক্তিস্নান কর্ত্তব্য। মেঘ প্রভৃতি বশতঃ অদর্শন হইলেও তৎসময় অতিক্রম পূর্ব্বক স্নান করিবে। রবিবারে সূর্য্যগ্রহণ ও সোমবারে চন্দ্রগ্রহণ হইলে চূড়ামণি যোগ বলে। তৎকালে অনন্তফল কামনা করিতে হয়।

মাঘমাসীয় প্রাতঃস্নানের সময় অরুণোদয় হইতে অর্দ্ধ ভাস্করোদয় যাবৎ চারিদণ্ড। তিনরূপ মাসেই মাঘস্নান হয়। সৌরমাসীয় মাসিক সংকল্পে বিষ্ণুরোম্ ইত্যাদি বলিয়া "অমুক-তিথিমারভ্য মকরস্থরবিং যাবৎ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ প্রত্যহং (গঙ্গায় হইলে গঙ্গায়াং) প্রাতঃস্নান-মহং করিষ্যে" ইত্যাদিরূপ বলিবে। চান্দ্রস্নানে "প্রতিপদি তিথি-বারভ্য মাঘমাসং যাবৎ" ইত্যাদি। মেষস্নান সৌরে; কার্ত্তিক স্নান সৌর ও মুখ্যচান্দ্রে আর দৈনিক সংকল্পে চান্দ্রমাস উল্লেখ হইবে। সঙ্কল্পান্তে পূর্ব্বকথিত স্নানমন্ত্র পাঠ করিয়া এই বিশেষ মন্ত্র পাঠ করিবে; যথা,—ওঁ মাঘমাসমিমং পুণ্যং স্নাম্যহং দেব মাধব। তীর্থস্যাস্য জলে নিত্যং প্রসীদ ভগবন্ হরে॥ দুঃখ-

নিম্নলিখিত মন্ত্রে গাত্রে মৃত্তিকা মাখিতে হয়; যথা—
ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতং।
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে।
আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়॥

ারিদ্র্যনাশায় শ্রীবিষ্ণোস্তোষণায় চ। প্রাতঃস্নানং করোম্যদ্য
াঘে পাপবিনাশনং॥ মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব।
ানেনানেন মে দেব যথোক্তফলদো ভব॥ ওঁ দিবাকর জগন্নাথ
প্রভাকর নমোস্তু তে। পরিপূর্ণং কুরুষ্বেদং মাঘস্নানং মহাব্রতং॥"
এই মন্ত্রচতুষ্টয়ের মধ্যস্থ "মকরস্থে রবৌ" মন্ত্রটি চান্দ্রস্নানে অন্যমাসে
পরিত্যাগ করিতে হয়। মাঘস্নানের শেষে বাসুদেব, হরি, কৃষ্ণ
ও শ্রীধর ইহাঁদিগকে স্মরণ করিবে।

মাকরী সপ্তমীস্নানে সঙ্কল্পে সর্ব্বত্র মাঘমাসের উল্লেখ, বিষ্ণুরোম্
অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশতসূর্য্যগ্রহণকালীন-গঙ্গাস্নান-
জন্যফলসমফলপ্রাপ্তিকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে" এইরূপ
সঙ্কল্পান্তে সাতটি কুলপত্র ও সাতটি আকন্দপত্র মস্তকে লইয়া "ওঁ
যদ্‌যজ্জন্মকৃতং পাপং ময়া সপ্তসু জন্মসু। তন্মে রোগঞ্চ শোকঞ্চ
মাকরী হন্তু সপ্তমী।" এই মন্ত্র পাঠান্তে স্নান করিবে।

কার্ত্তিক মাসীয় প্রাতঃস্নানমন্ত্র যথা—"ওঁ কার্ত্তিকেহং করি-
ষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন। প্রীত্যর্থং তব দেবেশ দামোদর
ময়া সহ॥"

গঙ্গাসাগরস্নানমন্ত্র যথা,—ত্বং দেব সরিতাং নাথ ত্বং দেবি
সরিতাং বরে। উভয়োঃ সঙ্গমে স্নাত্বা মুঞ্চামি দুরিতানি বৈ॥

এই প্রকারে স্নান * করিয়া গঙ্গাস্তোত্রাদি পাঠ পূর্ব্বক গঙ্গাকে প্রণাম করিবে; যথা।—

ওঁ সদ্যঃ পাতকসংহন্ত্রী সদ্যো দুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

তিলকধারণ।

যজ্ঞো দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃতর্পণং।
ব্যর্থং ভবতি তৎ সর্ব্বং ঊর্দ্ধপুণ্ড্রং বিনা কৃতং॥

---

* স্নান সপ্তবিধ;—মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, বারুণ ও মানস। মন্ত্রোচ্চারণ পূর্ব্বক স্নানকে মান্ত্র স্নান কহে এবং মৃত্তিকা লেপন দ্বারা ভৌম, হোমাগ্নিজ ভস্মলেপন দ্বারা আগ্নেয়, গোপদরজঃ-প্রবহমান বায়ু দ্বারা বায়ব্য, সাতপবৃষ্টিপাত দ্বারা দিব্য, সলিলে মজ্জন দ্বারা বারুণ ও বিষ্ণুচিন্তন দ্বারা মানস স্নান হইয়া থাকে যথা—

মান্ত্রং ভৌমং তথাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসঞ্চৈব সপ্তস্নানং প্রকীর্ত্তিতং॥

শয়নোত্থিত ব্যক্তি লালাস্বেদাদি-সমাকীর্ণ শরীরে অস্নাত থাকিয়া জপাদি ক্রিয়া করিবেন না। নবচ্ছিদ্রান্বিত দেহ অতীব অপবিত্র; অহোরাত্র উহা হইতে কিছু না কিছু ক্ষরিত হইতেছে। প্রাতঃস্নান দ্বারা ঐ শরীরের বিশোধন হয়। প্রমাণ যথা—

অস্নাত্বা নাচরেৎ কর্ম্ম জপহোমাদি কিঞ্চন।
লালাস্বেদসমাকীর্ণঃ শয়নাদুত্থিতঃ পুমান্।
অত্যন্তমলিনঃ কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ।
স্রবত্যেব দিবারাত্রৌ প্রাতঃস্নানং বিশোধয়েৎ॥

স্নানান্তে ললাটাদিতে ঊর্দ্ধপুণ্ড্রাদি তিলক ধারণ পূর্ব্বক তর্পণ করিবে। ঊর্দ্ধপুণ্ড্র ধারণ না করিলে যজ্ঞ, দান, তপস্যা, হোম, স্বাধ্যায়, পিতৃতর্পণ প্রভৃতি সকলই বিফল হয়। *

যস্যোর্দ্ধপুণ্ড্রং দৃশ্যেত ললাটে নো নরস্য হি।

তদ্দর্শনং ন কর্ত্তব্যং দৃষ্ট্বা সূর্য্যং নিরীক্ষয়েৎ ॥

যে ব্রাহ্মণের ললাটে ঊর্দ্ধপুণ্ড্র দৃষ্ট না হয়, তাহাকে দেখিবে না। হঠাৎ দর্শন করিলে সূর্য্যনিরীক্ষণ পূর্ব্বক শুদ্ধিলাভ করিবে।

সামবেদীয়-তর্পণ।

অত্র প্রথমং প্রাচীনাবীতী দক্ষিণামুখঃ কৃতাঞ্জলিঃ পঠেৎ। ওঁ

সর্ব্বাগ্রে প্রাচীনাবীতী † হইয়া করযোড়ে দক্ষিণাস্য হওত

---

* দশাঙ্গুলপ্রমাণ ঊর্দ্ধপুণ্ড্র উত্তমোত্তম, নবাঙ্গুল মধ্যম ও অষ্টাঙ্গুলপ্রমাণ অধম। নখদ্বারা ঊর্দ্ধপুণ্ড্র করিবে না। নিরন্তরাল ঊর্দ্ধপুণ্ড্র করিলে শ্রীভ্রষ্ট হয়। পর্ব্বতাগ্র, নদীতীর, বিল্বমূল, জলাশয় এবং যে স্থানে বিষ্ণুর স্নানজল থাকে এই সমস্ত স্থলের মৃত্তিকা দ্বারা তিলক ও ঊর্দ্ধপুণ্ড্রাদি রচনা করিতে হয়। অনামা অঙ্গুলী দ্বারা তিলক রচনা করিলে বাসনা পূর্ণ হয়, মধ্যমা দ্বারা দীর্ঘায়ু লাভ, অঙ্গুষ্ঠ দ্বারা পুষ্টি এবং তর্জ্জনী দ্বারা রচনা করিলে মোক্ষপ্রাপ্তি হয়। দ্বিজাদিরা তিলক রচনাকালে ললাটে কেশব, উদরে নারায়ণ, বক্ষে মাধব, কণ্ঠে গোবিন্দ, দক্ষিণ কুক্ষিতে বিষ্ণু, বাহুতে মধুসূদন, কন্ধরে ত্রিবিক্রম, বামপার্শ্বে বামন, বামবাহুতে শ্রীধর, পৃষ্ঠে পদ্মনাভ ও কটিদেশে দামোদরকে স্মরণ করিবে।

† তদনন্তর তর্পণ করিবে। এই স্থানেই যথাক্রমে ত্রিবে-

কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাসপুষ্করাণি চ। তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্তিহ॥ ১॥ উপবীতী পূর্ব্বাভিমুখঃ। ওঁ ব্রহ্মা তৃপ্যতাং ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং ওঁ রুদ্রস্তৃপ্যতাং ওঁ প্রজাপতি-

---

"ওঁ কুরুক্ষেত্রং" ইত্যাদি মন্ত্র উচ্চারণ করিবে। ১। পরে

দীয় তর্পণ লিখিত হইল। "জলমধ্যে থাকিয়া তর্পণ করিতে হইলে আর্দ্রবস্ত্র এবং স্থলে হইলে শুষ্কবস্ত্র পরিধান করিয়া তর্পণ করিবে। তীর্থে শুষ্ক বস্ত্র ধারণ করিয়া তর্পণ করিলে তৎকালে জলমধ্যে একটী পদ স্থাপন করিবে। নিত্য স্নান-কালে তর্পণ করিতে হয়। প্রেতপক্ষ ভীষ্মাষ্টমী প্রভৃতি বিশেষ বিশেষ দিবসে তিলতর্পণ করিবে। স্নান না করিলে মধ্যাহ্নসময়ে অর্থাৎ চতুর্থযামার্দ্ধে তর্পণ করিতে হয়। সন্ধ্যার কাল উপস্থিত হইলে সামবেদীয়েরা সূর্য্যোপস্থাপনান্তে "ওঁ নমো ব্রহ্মণে" ইত্যাদি মন্ত্রে জল দিয়া তৎপরে তর্পণ করিবেন। যজুর্ব্বেদীয়েরা সূর্য্যার্ঘ্যের পরে তর্পণ করিবেন। শুক্র ও শনি-বারে, দ্বাদশী, সপ্তমী, সংক্রান্তি, রাত্রি ও সন্ধ্যাকালে, আর অমা-বস্যানিমিত্তক শ্রাদ্ধ ব্যতীত শ্রাদ্ধাহে ও জন্মতিথ্যাদিতে তিলতর্পণ নিষিদ্ধ। পরন্তু অয়ন ও বিষুবসংক্রান্তিতে, গ্রহণে, যুগাদিতে, দাহাবসানে, প্রেতপক্ষে ও গঙ্গাদি তীর্থক্ষেত্রে নিষিদ্ধদিবসেও তিলতর্পণ করিবে। তিলের অভাবে স্বর্ণ, রৌপ্য বা কুশস্পৃষ্ট জল দ্বারা, তাহার অভাবে অথবা নিষিদ্ধ দিবসে কেবল মাত্র সলিল দ্বারা তর্পণ কর্ত্তব্য। তাম্রাদি পাত্রে তর্পণই প্রশস্ত। শূদ্র-গণ ও স্ত্রীজাতিরা ব্রাহ্মণ দ্বারা তর্পণমন্ত্র পাঠ করাইয়া স্বয়ং জল দিবে। জীবৎপিতৃক ও অনুপনীতের এবং স্ত্রীগণের প্রেততর্পণ

তৃপ্যতাং ইতি প্রত্যেকেন দৈবতীর্থেন জলাঞ্জলিমেকং দদ্যাৎ। ততো জলাঞ্জলিং গৃহীত্বা। ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ। ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জম্ভগাঃ খগাঃ। বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ। নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া।

উপবীতী হইয়া অর্থাৎ স্বভাবতঃ যে ভাবে গলদেশে যজ্ঞসূত্র থাকে, সেই ভাবে রাখিয়া পূর্ব্বাস্যে "ওঁ ব্রহ্মা তৃপ্যতাং" প্রভৃতি মূলের লিখিত মন্ত্র দ্বারা ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ও প্রজাপতি ইহাঁদিগের প্রত্যেককে দৈবতীর্থযোগে * এক এক অঞ্জলি সলিল দিতে হয়। তদনন্তর দৈবতীর্থযোগে একটী

ব্যতীত অন্য তর্পণে অধিকার নাই। তর্পণকালে জল আধার হইতে অর্দ্ধহস্ত উচ্চ করিয়া এরূপভাবে ফেলিবে যেন মৃত্তিকায় না পড়ে। বৃষ্টির সময় আবৃত স্থলে তর্পণ করা কর্ত্তব্য। কেহ কেহ মরাচ্যাদি ঋষিতর্পণ যাবৎ অন্বারব্ধ হইয়া (দক্ষিণহস্ততলপৃষ্ঠমূলে বামহস্ততল সংযোগ করতঃ) জল দেন। জলে বামকনুইয়ের নিকটবর্ত্তী অলোমস্থলে তিল স্থাপন করতঃ দক্ষিণ হস্তের মধ্যম অঙ্গুলী দ্বারা গ্রহণ করিতে হয়।" যজ্ঞসূত্র যে ভাবে গলদেশে থাকে, তাহার বিপরীতভাবে অর্থাৎ দক্ষিণ স্কন্ধের উপরি হইতে বাম পার্শ্ব দিয়া লম্বিত করিয়া দিলেই তাহার নাম প্রাচীনাবীত।

* অঙ্গুষ্ঠাগ্রকে দৈবতীর্থ, অঙ্গুষ্ঠমূলকে ব্রাহ্মতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগকে পিতৃতীর্থ এবং কনিষ্ঠা ও অনামিকামূলকে কায়তীর্থ কহে।

ইত্যনেন দৈবতীর্থেন জলাঞ্জলিমেকং দদ্যাৎ ॥ ২ ॥ ততো নিবীতী উত্তরাভিমুখঃ। ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢুঃ পঞ্চশিখস্তথা। সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা। ইত্যনেন কায়তীর্থেন জলাঞ্জলিদ্বয়ং দদ্যাৎ ॥৩॥ তত উপবীতী পূর্ব্বাভিমুখঃ। ওঁ মরীচিস্তৃপ্যতাং ওঁ অত্রিস্তৃপ্যতাং ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাং ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাং ওঁ পুলহস্তৃপ্যতাং ওঁ ক্রতুস্তৃপ্যতাং ওঁ প্রচেতাস্তৃপ্যতাং ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাং ওঁ ভৃগুস্তৃপ্যতাং ওঁ নারদস্তৃপ্যতাং ওঁ দেবাস্তৃপ্যন্তাং ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তাং ইত্যনেন প্রত্যেকেন দৈবতীর্থেন জলাঞ্জলিমেকং দদ্যাৎ ॥ ৪ ॥ ততঃ প্রাচীনাবীতী দক্ষিণাভিমুখঃ। ওঁ অগ্নিষ্বাত্মাঃ পিতরস্তৃপ্যন্তামেতদুদকং তেভ্যঃ স্বধা। এবং ওঁ সোম্যাঃ পিতরস্তৃপ্যন্তামিত্যাদি

সলিলাঞ্জলি দিবে। ইহার মন্ত্র "ওঁ দেবা যক্ষা" ইত্যাদি মূলে দ্রষ্টব্য। ২। তৎপরে নিবীতী হইয়া অর্থাৎ মালার ন্যায় যজ্ঞোপবীত ধারণ করিয়া উত্তরাস্তে "ওঁ সনকশ্চ সনন্দশ্চ" প্রভৃতি মূলের লিখিত মন্ত্র পাঠ করিয়া কায়তীর্থযোগে জলাঞ্জলিদ্বয় প্রদান করিতে হয়। ৩। * অনন্তর উপবীতী হইয়া পূর্ব্বাস্তে "ওঁ মরীচিস্তৃপ্যতাং" প্রভৃতি মূলের লিখিত মন্ত্র দ্বারা মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতা, বশিষ্ঠ ভৃগু, নারদ, দেবর্ষি ও ব্রহ্মর্ষিবর্গ ইহাঁদিগের প্রত্যেককে পূর্ব্ববৎ দৈবতীর্থযোগে এক এক অঞ্জলি সলিল প্রদান করিবে। ৪। তৎপরে প্রাচীনাবীতী হইয়া দক্ষিণাস্তে "ওঁ অগ্নিষ্বাত্মাঃ পিতরস্তৃপ্যন্তামেতদুদকং তেভ্যঃ স্বধা" প্রভৃতি মূলের লিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক

---

* যজুর্ব্বেদীয়গণ উদঙ্মুখ হইয়া এই তর্পণ করিবেন।

ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তামিত্যাদি ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তামিত্যাদি ওঁ শৌকালিনঃ পিতরস্তৃপ্যন্তামিত্যাদি ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তামিত্যাদি ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তামিত্যাদি। ইত্যনেন প্রত্যেকেন জলাঞ্জলিত্রয়ং পিতৃতীর্থেন দদ্যাৎ ॥৫॥ ততো যমতর্পণং যথা—ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ। ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ। ইত্যনেন অঞ্জলিত্রয়ং দদ্যাৎ ॥ ৬ ॥ ততঃ কৃতাঞ্জলির্ব্বদেৎ,—ওঁ আগচ্ছন্তু মে পিতরঃ ইমং গৃহ্লন্ত্বপোঽঞ্জলিং ॥ ৭ ॥ ততঃ সতিলজলাঞ্জলিং গৃহীত্বা বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা। ইত্যনেন জলাঞ্জলিত্রয়ং দদ্যাৎ ॥৮॥ ততঃ এবং-

---

পিতৃগণের প্রত্যেককে পিতৃতীর্থযোগে তিন অঞ্জলি করিয়া জল দিবে। ৫। * তদনন্তর 'ওঁ যমায় ধর্ম্মরাজায়' প্রভৃতি মন্ত্রোচ্চারণ পূর্ব্বক জলাঞ্জলিত্রয় প্রদান করিয়া করযোড়ে 'ওঁ আগচ্ছন্তু মে পিতরঃ' ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। ৬—৭। পরে তিলমিশ্রিত উদকাঞ্জলি লইয়া "বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা' প্রভৃতি মন্ত্রপাঠ

---

* অগ্নিষ্বাত্তাদি পিতৃগণের উদ্দেশে তর্পণ করিতে হইলে পিতৃতীর্থ দিয়া জলাঞ্জলি পরিত্যাগ করিবে। যেখানে সাধারণ সলিল দ্বারা তর্পণ করিবে, সে স্থানে "তৃপ্যন্তামেতদুদকং স্বধা" এই প্রকার বাক্য উচ্চারণ করিতে হয়, কিন্তু তিলতর্পণ-স্থলে "তৃপ্যন্তামেতৎ সতিলোদকং" এই প্রকার বাক্য উচ্চারণ করিবে আর গঙ্গাজল দ্বারা তর্পণ করিতে হইলে, "তৃপ্যন্তামেতৎ সতিলগঙ্গোদকং" ইত্যাদিরূপ বাক্য প্রয়োগ করাই বিধেয়।

ক্রমেণ পিতামহ-প্রপিতামহ-মাতামহপ্রমাতামহ-বৃদ্ধপ্রমাতামহেভ্য মাতৃপিতামহী-প্রপিতামহীভ্যঃ প্রত্যেকং অঞ্জলিত্রয়ং দত্ত্বা মাতামহীপ্রভৃতীনাং প্রত্যেকমেকৈকাঞ্জলিনা তর্পণং কার্য্যং। এবং-ক্রমেণ পিতৃব্য-মাতুল-পিতৃস্বসৃ-মাতৃস্বসৃ-ভ্রাতৃ-ভগিনীসপিণ্ডান্ একৈকাঞ্জলিনা তর্পয়েৎ।৯। ততঃ ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া। ইত্যনেন জলাঞ্জলিত্রয়ং নির্ব্বপেৎ। ১০। ততঃ ওঁ যে বান্ধবাবান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়-কাঙ্ক্ষিণঃ। ইত্যঞ্জলিত্রয়ং দদ্যাৎ। ১১। ওঁ আব্রহ্মভুবনা লোকা দেবর্ষিপিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ। অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং। ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং। ইতি অঞ্জলিত্রয়ং দত্ত্বা। ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং

পূর্ব্বক জলাঞ্জলিত্রয় প্রদান করিবে।৮। তৎপরে উল্লিখিত নিয়মে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধ প্রমাতামহ, মাতা, পিতামহী, ইহাঁদিগের প্রত্যেকের উদ্দেশে তিন তিন সলিলাঞ্জলি দিয়া মাতামহী প্রভৃতি প্রত্যেকের উদ্দেশে এক একটী উদকাঞ্জলি অর্পণ করিবে। এইরূপ নিয়মানুসারেই পিতৃব্য, মাতুল, পিতৃস্বসা, মাতৃস্বসা, ভ্রাতা, ভগিনী ও সপিণ্ড ইত্যাদির প্রত্যেকের উদ্দেশে এক এক জলাঞ্জলি দিবে। ৯। অনন্তর "ওঁ নরকেষু সমস্তেষু" প্রভৃতি মন্ত্রোচ্চারণ করত তিনটী উদকাঞ্জলি অর্পণ করিবে। ১০। তৎপরে "ওঁ যে বান্ধবাবান্ধবা" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া জলাঞ্জলি-ত্রয় প্রদান করিতে হয়। ১১। তদনন্তর "ওঁ আব্রহ্মভুবনা লোকা" ইত্যাদি মন্ত্রপাঠ পূর্ব্বক তিনটী জলাঞ্জলি এবং "ওঁ আব্রহ্মস্তম্ব-

জগত্তৃপ্যতু ইতি ত্র্যঞ্জলিনা তর্পয়েৎ। ১২। ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রাগোত্রিণো মৃতাঃ। তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকং। ইত্যনেন বস্ত্রং নিষ্পীড্য তজ্জলেন তর্পয়েৎ।১৩। ততঃ কৃতাঞ্জলিঃ। ওঁ পিতাঃ স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥ ইতি নমস্কৃত্য ওমদ্য কৃতৈতৎতর্পণকর্ম্মাচ্ছিদ্রমস্তু। ওমদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ তর্পণকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ওঁ শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ততঃ ওঁ বিষ্ণুরিতি দশধা জপ্ত্বা। ওঁ অজ্ঞানাদ্‌যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সংপূর্ণঃ স্যাদিতি শ্রুতিঃ। ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ। ময়া যদিদং কর্ম্ম কৃতং তৎ সর্ব্বং ভগবতি বিষ্ণৌ সমর্পিতমিতি॥ ১৪॥

পর্য্যন্তং" ইত্যাদি মন্ত্র পাঠ করত জলাঞ্জলিত্রয় প্রদান করিয়া "ওঁ যে চাস্মাকং কুলে জাতা" প্রভৃতি মন্ত্রে বস্ত্রনিষ্পীড়নোদক দ্বারা তর্পণ করিবে। ১২—১৩। পরে কৃতাঞ্জলি হইয়া "ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ" ইত্যাদি পাঠ করিবে। অবশেষে করযোড়ে "ওমদ্য কৃতৈতৎ" ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক বিষ্ণু স্মরণ করিয়া দশবার বিষ্ণুনাম জপ করত "ওঁ অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ" ইত্যাদি মন্ত্র পাঠ করিতে হয়। ১৪। *

ইতি সামবেদীয় তর্পণ সমাপ্ত।

---

*নিত্য তর্পণ করিতে অক্ষম হইলে "ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু" বলিয়া যথাকালে অঞ্জলিত্রয় জল দিলেই কার্য্য সম্পন্ন হয়। কেহ কেহ যমতর্পণ দৈবরীতিক্রমে করেন

যজুর্ব্বেদীয়গণের ও শূদ্রের তর্পণ।

যজুর্ব্বেদীয়গণের তর্পণ প্রায়ই সামবেদীয়ের ন্যায়; কেবল "ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি উশন্নুশত আবহ পিতৄন্ হবিষে অত্তবে। ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তেঽব্যন্ত্বস্মান্॥" এই মন্ত্রে পিতৃগণের আবাহন পূর্ব্বক "বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মংস্তৃপ্যস্বৈতত্তে সতিলোদকং স্বধা" বলিয়া জলাঞ্জলিত্রয় প্রদান করিবে। * আর "অমুকগোত্রে

এবং ভূতচতুর্দ্দশী প্রভৃতিতে যমের প্রতি নামে তিন অঞ্জলি জল দিয়া থাকেন। ভীষ্মাষ্টমীতে ভীষ্মতর্পণ করিতে হয়। পিতৃব্যাদির তর্পণের পর "ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ। অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥" এই মন্ত্রে ভীষ্মতর্পণ করত পিতৃরীতিক্রমে একাঞ্জলি জল দিবে। পরে "ওঁ ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ। আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াং॥" এই মন্ত্রে ভীষ্মদেবকে প্রণাম করিতে হয়। শূদ্রেরা পিতৃতর্পণের পূর্ব্বে ভীষ্মতর্পণ করিবে। অনেকে ভীষ্মাষ্টমী কেন, প্রত্যহই ভীষ্মতর্পণের ব্যবস্থা দেন ও তদনুষ্ঠান করিয়া থাকেন।

তর্পণের মধ্যে যে বস্ত্রনিষ্পীড়নোদক দ্বারা তর্পণ করার উল্লেখ হইল, উহা সংক্রান্তি পক্ষান্ত দ্বাদশী ও শ্রাদ্ধাহে (ষষ্ঠী ও শনিকুজ বারে) নিষিদ্ধ।

* গঙ্গাজলে "সতিলগঙ্গোদকং" উচ্চারণ পূর্ব্বক তর্পণ করিতে হয়।

মাতরমুকীদেবি তৃপ্যস্বৈতত্তে সতিলোদকং স্বধা” ইত্যাদি নিয়মে দিবে। শূদ্রগণের পক্ষেও তর্পণবিধি এইরূপ।

ঋগ্বেদীয় তর্পণ।

ঋগ্বেদীয়দিগের তর্পণও ঠিক সামবেদীয়বৎ, কেবল পিতৃগণকে “বিষ্ণুরোম্ অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং সতিলোদকেন স্বধা নমস্তর্পয়ামি” বলিয়া সতিলোদক দিবে, এইমাত্র প্রভেদ।

সামবেদীয়-সন্ধ্যাবিধিঃ। *

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। ইতি মন্ত্রেণ বিষ্ণুং স্মৃত্বা আচমনং কুর্য্যাৎ ॥ ১ ॥

“ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং” প্রভৃতি মন্ত্রপাঠ পূর্ব্বক সপ্রণব বিষ্ণুনাম বারত্রয় স্মরণ করত আচমন করিবে। ১। আচমনান্তে

---

* মহর্ষি কশ্যপের উক্তি যথা,—মন্দেহনামক মহাবলবান্ ত্রিংশৎকোটি রাক্ষসেরা সমবেত হইয়া একদা দিবাকর সূর্য্যের বিনাশার্থ আগত হইয়াছিল; পরন্তু দেবগণ ও ঋষিরা মিলিত হইয়া জলাঞ্জলি গ্রহণ পূর্ব্বক সন্ধ্যার উপাসনা করেন এবং সেই সন্ধ্যোপাসনাকৃত বজ্রীভূত জল প্রক্ষেপ দ্বারা সমস্ত দৈত্যগণের বিনাশ সাধন করেন। এই জন্যই বিপ্রগণ নিত্য সন্ধ্যোপাসনা করিয়া থাকেন। যথা—

ত্রিংশৎকোট্যো মহাবীর্য্যা মন্দেহা নাম রাক্ষসাঃ।
কৃষ্ণাতিদারুণা ঘোরাঃ সূর্য্যমিচ্ছন্তি খাদিতুং ॥
ততো দেবগণাঃ সর্ব্বে ঋষয়শ্চ তপোধনাঃ।
উপাসতেঽত্র যে সন্ধ্যাং প্রক্ষিপন্ত্যুদকাঞ্জলিং ॥

আচম্য কালাতিপাতে গায়ত্র্যাং দশধা জপ্ত্বা আপোমার্জ্জনং কুর্য্যাৎ॥ ২॥

আপোমার্জ্জন করিতে হয়। অর্থাৎ "শন্ন আপো" ইত্যাদি মন্ত্র পড়িয়া মাথায় জল দিবে।—সন্ধ্যাকাল অতীত হইলে দশবার গায়ত্রী জপ করিয়া সন্ধ্যার উপাসনা করিবে। ২।

দহ্যন্তে তেন তে দৈত্যা বজ্রীভূতেন বারিণা।
এতস্মাৎ কারণাদ্বিপ্রাঃ সন্ধ্যাং নিত্যমুপাসতে॥

সন্ধ্যা অবশ্য কর্ত্তব্য। সন্ধ্যার উপাসনা করিলে বিষ্ণুর উপাসনা করা হয়। যিনি গায়ত্রী, তিনিই সন্ধ্যা। একেই দ্বিধা হইয়া রহিয়াছেন। যিনি যাবজ্জীবন ত্রিসন্ধ্যা করেন, তিনি তেজে ও তপস্যায় সূর্য্যের তুল্য হইয়া থাকেন। তাঁহার পদধূলি দ্বারা বসুন্ধরা সদ্যঃপূতা হয়েন। সেই সন্ধ্যাপূত তেজস্বী বিপ্র জীবন্মুক্ত সন্দেহ নাই। যথা—

যা সন্ধ্যা সা তু গায়ত্রী দ্বিধাভূত্বা প্রতিষ্ঠিতা।
সন্ধ্যা উপাসিতা যেন বিষ্ণুস্তেন উপাসিতঃ॥
স চ সূর্য্যসমো বিপ্রস্তেজসা তপসা সদা।
তৎপাদপদ্মরজসা সদ্যঃ পূতা বসুন্ধরা।
জীবন্মুক্তঃ স তেজস্বী সন্ধ্যাপূতো হি যো দ্বিজঃ॥

পূর্ব্বাস্য হইয়া প্রাতঃসন্ধ্যা এবং বায়ুকোণাভিমুখ হইয়া সায়ংসন্ধ্যা করিতে হয়। জননমরণাশৌচ ভিন্ন সন্ধ্যার নিষেধ নাই। যথাকাল অতীত হইলে দশধা গায়ত্রী-জপরূপ প্রায়শ্চিত্ত করিয়া সন্ধ্যারম্ভ করিবে।

অথাপোমার্জ্জনং ।

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যা শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ ॥ ১। ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ ॥ ২ ॥ ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তান উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ ন উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমামবো যস্য ক্ষয়ায় জিন্বথ আপো জনয়থা চ নঃ ॥ ৩ ॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রোঽর্ণবঃ সমুদ্রাদর্ণবাদধিসম্বৎসরোঽজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ ॥ ৪ ॥

আপোমর্জ্জন যথা।—মরুদেশোৎপন্ন জল আমাদিগের মঙ্গল বিধান করুন। অনূপদেশোৎপন্ন জল আমাদিগের কল্যাণদায়ী হউন্, সমুদ্রজল আমাদিগের মঙ্গল বিধান করুন এবং কূপজল আমাদিগের কল্যাণদায়ী হউন। ১। পরিশ্রমার্ত্ত ব্যক্তি বৃক্ষমূলে অবস্থিতি করিয়া যে প্রকার স্বাস্থ্য লাভ করে, স্নাতব্যক্তি যেমন দেহের মল অপসারণ করে এবং মন্ত্রপাঠ দ্বারা যে প্রকার হবিঃ পবিত্র হয়, জল আমাকে সেইরূপ পবিত্র করুন্। ২। * মহাপ্রলয়সময়ে কেবলমাত্র ব্রহ্ম বর্ত্তমান ছিলেন। তৎকালে চতুর্দ্দিক্ তিমিরাবৃত ছিল, তৎপরে সৃষ্টির আরম্ভকালে অদৃষ্টবশে সৃষ্টির মূলস্বরূপ জলপূর্ণ সমুদ্র সঞ্জাত হইল। সেই সমুদ্রজল হইতে জগৎসৃষ্টিকারী বিধি সমুৎপন্ন হইলেন। সেই বিধিই

---

* আপো হি ষ্ঠেতি মন্ত্রের অর্থ অঘমর্ষণে দ্রষ্টব্য।

(সামগৈরস্মিন্নেব সময়ে কালাতিপাতদোষনিবারণায় দশধা গায়ত্রীজপঃ কার্য্যঃ। ইতি বৃদ্ধসম্মতং।)॥ ৪ ॥ (ইতি মার্জ্জনং)

(ততঃ প্রাতঃসন্ধ্যায়ামেব পঠেদ্‌যথা—)

ওঁ নত্বা তু পুণ্ডরীকাক্ষং উপাত্তাঘঃপ্রশান্তয়ে। ব্রহ্মবর্চ্চস কামার্থং প্রাতঃসন্ধ্যামুপাস্মহে ॥

অথ প্রাণায়ামঃ। তত্র বদ্ধাঞ্জলিঃ।

ওঁকারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। ওঁ সপ্তব্যাহৃতীনাং প্রজাপতিঋষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌-বৃহতী-পংক্তি-ত্রিষ্টুব্‌-জগত্যশ্ছন্দাংসি অগ্নি-বায়ু-সূর্য্য-

---

দীবাপ্রকাশক সূর্য্য ও রজনীপ্রকাশক শশধরের সৃষ্টি করিয়া বৎসরের কল্পনা করেন অর্থাৎ তৎকাল হইতেই দিবা, রাত্রি, ঋতু, অয়ন, বৎসর প্রভৃতি যথানিয়মে প্রবর্ত্তিত হইল। তৎপরে ব্রহ্মা ক্রমে ক্রমে মহদাদি ঊর্দ্ধতন লোকচতুষ্টয় এবং ভূঃ প্রভৃতি লোকত্রয় সমুৎপাদন করিলেন। (পূর্ব্বতন সুধীগণ বলিয়া থাকেন যে, এই সময়েই অর্থাৎ এইরূপে আপোমার্জ্জন করিয়া সামবেদীয় দ্বিজগণ কালাতিপাত-দোষ বিদূরণার্থ দশবার গায়ত্রী জপ করিবেন)। ৪। তৎপরে "ওঁ নত্বা তু পুণ্ডরীকাক্ষং" মন্ত্রটী পাঠ করিবে। *

অতঃপর প্রাণায়াম করিতে হয়। (সকল মন্ত্রই কোন ঋষি কর্ত্তৃক প্রণীত, তাহাদিগের কি প্রকার ছন্দঃ, সেই সেই মন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতা কে আর কোন্ কর্ম্ম সাধনার্থ সেই সমস্ত মন্ত্রের প্রয়োজন, এই সমস্ত অবগত থাকা কর্ত্তব্য। এই হেতু মন্ত্র

---

* এই মন্ত্রটী কেবলমাত্র প্রাতঃকালে পাঠ্য।

রুণ-বৃহস্পতীন্দ্রবিশ্বেদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ। ওঁ শিরসঃ প্রজাপতিঋষির্গায়ত্রীচ্ছন্দো ব্রহ্মবায়্বগ্নি-সূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৫ ॥

(ইত্যুক্ত্বা জলেন শিরো বেষ্টয়িত্বা, অঙ্গুষ্ঠেন দক্ষিণনাসাপুটং ধৃত্বা, বামনাসাপুটেন বায়ুং পূরয়ন্, নাভিদেশে ব্রহ্মাণং ধ্যায়েৎ।)

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য, ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপোজ্যোতী রসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোম্। ওঁ রক্তবর্ণং চতুর্ম্মুখং, দ্বিভুজং, অক্ষসূত্রকমণ্ডলুকরং, হংসাসনসমারূঢ়ং ব্রহ্মাণং ধ্যায়েৎ ॥ ৬ ॥

পাঠ করিবার পূর্ব্বে তাহাই কথিত হইতেছে) প্রণব অর্থাৎ ওঙ্কারের ঋষি ব্রহ্মা, গায়ত্রী উহার ছন্দ, অগ্নি উহার দেবতা এবং সমস্ত কর্ম্মের প্রারম্ভে উহার প্রয়োগ হয়। সপ্ত ব্যাহৃতির ঋষি প্রজাপতিঃ, উহার ছন্দঃ গায়ত্রী, উষ্ণিক, অনুষ্টুপ, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুভ ও জগতী, উহার দেবতা অগ্নি, বায়ু, সূর্য্য, বৃহস্পতি,বরুণ, ইন্দ্র, ও বিশ্বেদেব এবং প্রাণায়ামে উহার প্রয়োগ হয়। বিশ্বামিত্র গায়ত্রীয় ঋষি, উহার ছন্দ গায়ত্রী, উহার অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্য এবং প্রাণায়ামে উহার প্রয়োগ হয়। গায়ত্রী-শিরের ঋষি প্রজাপতি, উহার ছন্দ গায়ত্রী, উহার অধিষ্ঠাত্রী দেবতা ব্রহ্মা, বায়ু, অগ্নি ও সূর্য্য এবং প্রাণায়ামে প্রয়োগ হয়।৫। (তৎপরে জলদ্বারা মস্তক বেষ্টন করত দক্ষিণাঙ্গুষ্ঠ-যোগে দক্ষিণ নাসাপুট ধরিয়া বামনাসা দ্বারা বায়ু পূরণ পূর্ব্বক নাভিদেশে

(ততঃ অনামিকাকনিষ্ঠাভ্যাং বামনাসাপুটং ধৃত্বা, বায়ুং সংস্তম্ভয়ন্, হৃদি কেশবং ধ্যায়েৎ। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য, ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপোজ্যোতী রসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোম্॥ ওঁ নীলোৎপলদলপ্রভং, চতুর্ভুজং, শঙ্খচক্রগদাপদ্মহস্তং, গরুড়াসনসমারূঢ়ং কেশবং ধ্যায়েৎ॥ ৭॥

(ততোঽঙ্গুষ্ঠমুত্তোল্য, দক্ষিণনাসাপুটেন বায়ুং ত্যজন্, ললাটে শম্ভুং ধ্যায়েৎ।)

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য, ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচো-

---

ব্রহ্মাকে ধ্যান করিবে।) ব্রহ্মা রক্তবর্ণ, চতুর্ম্মুখ, অক্ষসূত্র ও কমণ্ডলুধারী দ্বিভুজ এবং হংসবাহন। (এইরূপে নাভিদেশে ব্রহ্মাকে ধ্যান করিয়া) সূর্য্যদেবের ভূঃ প্রভৃতি সপ্তলোকব্যাপী অত্যুত্তম জ্যোতিঃ চিন্তা করি। সেই জ্যোতিঃ আমাদিগের বুদ্ধিকে সত্যমার্গে প্রবর্ত্তিত করে। আপ, জ্যোতিঃ রস ও অমৃতরূপ ব্রহ্ম ভূরাদি তিন লোকে বিরাজমান আছেন। ৬। (এই প্রকারে থাকিয়া অনামা ও কনিষ্ঠাদ্বারা বামনাসিকাপুট চাপিয়া ধরিয়া বায়ুনিরোধরূপ কুম্ভক করত মন্ত্র পাঠ করিবে,) যথা—নীলোৎপলদলবৎ বর্ণবিশিষ্ট, শঙ্খচক্র-গদাপদ্মবান্, চতুর্হস্ত, গরুড়াসন বিষ্ণু আমার হৃদয়ে অধিষ্ঠিত আছেন। (এই প্রকার ভাবনান্তে) পূর্ব্ববৎ চিন্তা করিতে হয়। ৭। (তৎপরে বৃদ্ধাঙ্গুলী উত্তোলন পূর্ব্বক দক্ষিণনাসাপুট দ্বারা বায়ু পরিত্যাগান্তে মন্ত্র পাঠ করিবে,) যথা—শুভ্রবর্ণ, ত্রিশূলডমরুধারী, অর্দ্ধশশী-বিরাজিত,

দয়াৎ॥ ওঁ আপোজোতীরসোঽমৃতং ব্রহ্মভূর্ভুর্বঃস্বরোম্। ওঁ শ্বেতবর্ণং, দ্বিভুজং, ত্রিশূলডমরুকরমর্দ্ধচন্দ্রবিভূষিতং, ত্রিনেত্রং, বৃষভস্থং শম্ভুং ধ্যায়েৎ ॥ ৮ ॥

(ইতি প্রাণায়ামঃ।)

ততঃ আচমনং। তত্র প্রাতর্ম্মন্ত্রঃ।

ওঁ সূর্য্যশ্চমেতি মন্ত্রস্য ব্রহ্মঋষিঃ প্রকৃতিচ্ছন্দঃ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং, যদ্রাত্র্যা পাপমকার্ষং, মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না, অহস্তদবলুম্পতু যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি, ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যজ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা ॥ ৯ ॥

ত্রিলোচন, বৃষারূঢ় মহেশ্বর মদীয় ললাটদেশে অধিষ্ঠিত আছেন। (এই প্রকার ভাবনান্তে) পূর্ব্ববৎ চিন্তা করিবে। ৮। তৎপরে হস্ততলে জল লইয়া আচমনমন্ত্র পড়িবে, যথা—প্রাতঃকালীন আচমনমন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ প্রকৃতি, দেবতা অপ্, আচমনে ইহার বিনিয়োগ। ভাস্কর, যজ্ঞ ও ইন্দ্রাদি দেবগণ আমাকে অসম্পূর্ণ যজ্ঞনিবন্ধন পাতক হইতে পরিত্রাণ করুন, আমি রাত্রিযুক্ত হইয়া মন, বচন, চরণ, উদর ও শিশ্ন দ্বারা যে পাপানুষ্ঠান করিয়াছি, দিবস তাহা ধ্বংস করুন্। আমাতে অন্য যে কোন পাতক বিদ্যমান আছে, এই বারিরূপ সেই পাপ হৃৎকমলস্থ স্বপ্রকাশরূপ সূর্য্যজ্যোতিতে আমি আহুতি দিই, ইহা সুসম্পন্ন হউক্। ৯। (ঐ জল দ্বারা আচমন করিবে, তদনন্তর গায়ত্রীপাঠান্তে মস্তকে জল দিতে হয়।)

মধ্যাহ্নাচমনমন্ত্রঃ।

ওঁ আপঃ পুনন্ত্বিতিমন্ত্রস্য বিষ্ণুর্ঋষিরনুষ্টুপ্ছন্দঃ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং, পৃথ্বী পূতা পুনাতু মাং পুনন্তু ব্রহ্মণঃ পতিং, ব্রহ্ম পূতা পুনাতু মাং, যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম, সর্ব্বং পুনাতু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ ১০॥

(সায়াহ্নে আচমনমন্ত্রঃ।)

ওঁ অগ্নিশ্চমেতি মন্ত্রস্য রুদ্রঋষিঃ প্রকৃতিচ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং, যদহ্না পাপমকার্ষং, মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না, রাত্রিস্তদবলুম্পতু, যৎ কিঞ্চিদ্দুরিতং

মধ্যাহ্নাচমনমন্ত্রের ঋষি বিষ্ণু, অনুষ্টুপ্ ইহার ছন্দঃ, জল ইহার দেবতা এবং আচমনে বিনিয়োগ। জল আমার পার্থিব শরীর ও জ্ঞানাশ্রয় পরমাত্মাকে পূত করুন্; শরীর পূত হইয়া আত্মাকে পবিত্র করুন্; ব্রহ্ম পূত হইয়া এই প্রকার শরীরপাবন দ্বারা উচ্ছিষ্ট, অভোজ্য, অসৎ আচরণ ও অগ্রহণীয়-গ্রহণ জন্য মদীয় যাবতীয় পাতক দূর করুন্, এই আচমনরূপ হোম সুসিদ্ধ হউক্। ১০। (ঐ জলে আচমনান্তে গায়ত্রী পাঠ করিয়া মস্তকে জল দিবে।)

সায়াহ্নাচমনমন্ত্রের ঋষি রুদ্র, প্রকৃতি ইহার ছন্দঃ, জল ইহার দেবতা এবং আচমনে বিনিয়োগ। অগ্নি, যজ্ঞ ও ইন্দ্রপ্রমুখ দেবগণ আমাকে অসম্পূর্ণ যজ্ঞনিবন্ধন পাতক হইতে পরিত্রাণ করুন্। আমি দিবাযুক্ত হইয়া মন, বচন, কর, চরণ, উদর ও শিশ্ন দ্বারা যে পাতকাচরণ করিয়াছি, নিশা তাহা ধ্বংস করুন্। আমাতে

ময়ি, ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥ ১১॥

(ইতি মন্ত্রেণ জলগণ্ডূষত্রয়ং পীত্বা, যাথবিধি আচম্য, পুনর্ম্মার্জ্জনং কুর্য্যাৎ।)

পুনর্ম্মার্জ্জনং।

ওঁ আপো হি ষ্ঠেতি ঋক্‌ত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দঃ আপো দেবতা আপোমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন ঊর্জ্জে দধাতন মহে রণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ ন উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ আপো জনয়থা চ নঃ। ১২॥

(ততো জলগণ্ডূষং নাসিকায়ামারোপ্য, অঘমর্ষণং কুর্য্যাৎ।)

অন্য যে কোন পাতক বিদ্যমান আছে, এই বারিরূপ সেই পাতক, সত্য ও জ্যোতিঃস্বরূপ পরমাত্মাতে আহুতি দিই, উহা সুসিদ্ধ হউক্। ১১। (ঐ জলে পূর্ব্ববৎ আচমনান্তে গায়ত্রী পড়িয়া মস্তকে জল দিবে।)

অনন্তর পুনর্ম্মার্জ্জন।—পুনর্ম্মার্জ্জন মন্ত্রতিনটীর ঋষি সিন্ধুদ্বীপ, গায়ত্রী ছন্দঃ, জল দেবতা, মার্জ্জনে বিনিয়োগ। হে বারি! তোমরা অতি সুখপ্রদ, সুতরাং ইহলোকে আমাদিগের অন্নবিধান করিয়া দিও, আর পরলোকে পরমমনোহর পরব্রহ্ম সহ আমাদিগের সংযোজনা করিও। হে আপ! তোমরা হিতৈষিণী জননীর তুল্য ইহলোকে আমাদিগকে অতিমঙ্গলপ্রদ স্বীয় রসের অংশী করিও। হে জল! যে রস দ্বারা তোমরা জগতের তৃপ্তি বিধান করিতেছ, আমরা যেন সেই রস দ্বারা তৃপ্ত হই। ১২।

ওঁ ঋতঞ্চ সত্যঞ্চেতি মন্ত্রস্যাঘমর্ষণঋষিরনুষ্টুপ্ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ ।১৩॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত, ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রোর্ণবঃ, সমুদ্রাদর্ণবা দধিসম্বৎসরোঽজায়ত, অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী স্বর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ ॥ ১৪ ॥

(ইতি পঠিত্বা, বামনাসয়া বায়ুমাকৃষ্য, দক্ষিণনাসয়া কৃষ্ণবর্ণপাপপুরুষেণ সহ তদ্বায়ুং নিঃসার্য্য, কল্পিতশিলারূপে বামহস্ততলে নিক্ষিপেৎ। ইত্থমেব বারত্রয়ং কুর্য্যাৎ। ততো গায়ত্র্যা জলাঞ্জলিত্রয়ং স্বর্য্যায় দদ্যাৎ। ততঃ স্বর্য্যোপস্থানং কুর্য্যাৎ।)

অথ স্বর্য্যোপস্থানং।

ওঁ উদুত্যমিত্যস্য প্রস্কন্নঋষির্গায়ত্রীচ্ছন্দঃ স্বর্য্যো দেবতা স্বর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদুত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ

পরে জলগণ্ডূষ ঘ্রাণ করত শ্বাসরোধ করিয়া পাঠ করিবে।—ঋতঞ্চ ইত্যাদি মন্ত্রের ঋষি অঘমর্ষণ, অনুষ্টুপ্ ইহার ছন্দঃ, ভাববৃত্ত অর্থাৎ ব্রহ্মা ইহার দেবতা, অশ্বমেধস্নানে ইহার বিনিয়োগ। ১৩। * (একবার বা তিন বার এই মন্ত্র দ্বারা জল আঘ্রাণ করিয়া ভূতলে ফেলিবে। অনন্তর গায়ত্রী পাঠ পূর্ব্বক, মধ্যাহ্নে একবার, সায়ং ও প্রাতে তিনবার স্বর্য্যদেবকে জল দিতে হয়। পরে স্বর্য্যোপস্থান করিবে।)

স্বর্য্যোপস্থান।—সায়ং ও প্রভাতে সযজ্ঞোপবীত ও অধোমুখাঞ্জলি হইয়া এবং মধ্যাহ্নে আত্মাভিমুখে উর্দ্ধকরাঞ্জলি হইয়া মন্ত্র পাঠ করিবে, যথা—স্বর্য্যোপস্থানের প্রথম মন্ত্রের ঋষি

---

* ১৪নং মন্ত্রের অর্থ পূর্ব্বে লিখিত হইয়াছে।

দৃশে বিশ্বায় সূর্য্যং। ১৫। ওঁ চিত্রমিত্যস্য কৌৎসঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদ-গাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেরাপ্রাদ্যাবা পৃথিবীঙ্কান্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ১৬ ॥ (ইতি সূর্য্যোপস্থানং।)

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ, ওঁ আচার্য্যেভ্যো নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ মৃত্যবে নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ বৈশ্রবণায় নমঃ, ওঁ উপজায় নমঃ।

(ইতি প্রত্যেকং জলাঞ্জলিনা প্রত্যুপস্থানং কুর্য্যাৎ। এতদনন্তরং নিষ্পিতৃকস্থ পিত্রাদিতর্পণং ॥)

অথ গায়ত্র্যা আবাহনং। তত্র কৃতাঞ্জলিঃ।

আয়াহীত্যস্থ বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ ॥

প্রস্কন্ন, গায়ত্রী ইহার ছন্দঃ, সূর্য্য ইহার দেবতা এবং সূর্য্যোপস্থাপনে বিনিয়োগ। রশ্মিসমূহ বিশ্বপ্রকাশনার্থ তেজস্বী সূর্য্যদেবকে বহন করিতেছে। ১৫। কৌৎস দ্বিতীয় মন্ত্রের ঋষি, ত্রিষ্টুপ্ ইহার ছন্দঃ, সূর্য্য ইহার দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার বিনিয়োগ। মিত্র, বরুণ ও অগ্নি এই দেবত্রয়ের নেত্রস্বরূপ এবং স্থাবর-জঙ্গম-সমূহের আত্মাস্বরূপ সর্ব্বদেবাত্মক ভাস্কর অত্যদ্ভুতরূপে সমুদিত হইয়া স্বীয় রশ্মিসমূহ দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও গগন পূর্ণ করিয়াছেন। ১৬। তৎপরে "ওঁ ব্রহ্মণে নমঃ" ইত্যাদি প্রতি মন্ত্র দ্বারা এক একবার জল দিবে। এই সময়েই নিষ্পিতৃক ব্যক্তি যথানিয়মে পিত্রাদি-তর্পণ করিবে। অনন্তর করপুটে গায়ত্রীর আবাহন করিতে হয়। আয়াহি, মন্ত্রের ঋষি

ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি। গায়ত্রি ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে ॥ ১৭ ॥ (ইত্যাবাহয়েৎ ।)

ততো ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। শিরসি বিশ্বামিত্রঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি সবিত্রে দেবতায়ৈ নমঃ।

(ততঃ ষড়ঙ্গন্যাসং কুর্য্যাৎ।)

ওঁ হৃদয়ায় নমঃ, ওঁ ভূঃ শিরসে স্বাহা, ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্, ওঁ স্বঃ কবচায় হুঁ ; ওঁ ভূর্ভুবঃস্বঃ নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ ভূর্ভুবঃস্বঃ

বিশ্বামিত্র, গায়ত্রী ইহার ছন্দঃ, দেবতা সূর্য্য এবং জপে ও উপনয়নে ইহার বিনিয়োগ। হে পরমার্থদায়িনি বরপ্রদে বেদপ্রকাশিনি ছন্দোমাতঃ ত্র্যক্ষরস্বরূপিণি গায়ত্রি দেবি! সমাগত হউন্, আমি আপনাকে প্রণাম করি। ১৭। তৎপরে ঋষ্যাদিন্যাস এবং "ওঁ হৃদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে ষড়ঙ্গন্যাস করিতে হয়। ঐ সকল মন্ত্র পাঠও ব্যবহৃত আছে। শেষোক্ত মন্ত্র দ্বারা বামহস্ততলে দক্ষিণ হস্তাঘাত করিবে। এই প্রকার আর বারদ্বয় করিতে হয়। (এই প্রকারে গায়ত্রীকে আবাহন করত ঋষ্যাদিন্যাস, ষড়ঙ্গন্যাস, দিগ্বন্ধন প্রভৃতি কার্য্য সম্পাদন পূর্ব্বক কূর্ম্মমুদ্রাযোগে * ধ্যান করিতে হয়। উক্ত ন্যাসাদির মন্ত্র মূলে স্পষ্টই লিখিত আছে।

---

* সপুষ্প চিতভাবে অবস্থিত বামহস্ততলের অঙ্গুষ্ঠ তর্জ্জনী মধ্যস্থলে, অধোমুখ দক্ষিণহাতের মধ্যমা ও অনামা যোগ করিবে; দক্ষিণ তর্জ্জন্যগ্র দ্বারা বামাঙ্গুষ্ঠাগ্রযোগ আর দক্ষিণকনিষ্ঠাগ্রে বামতর্জ্জন্যগ্রযোগ করিবে। পরে বামমধ্যমা ও অনামা দক্ষিণ হাতের কনিষ্ঠামূলে যোগ করিয়া কূর্ম্মকার করিবে। ইহারই নাম কূর্ম্মমুদ্রা।

করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্,ইত্যঙ্গন্যাসং কৃত্বা, তালত্রয়ং দিগ্বন্ধনঞ্চ কুর্য্যাৎ। ততঃ কূর্ম্মমুদ্রাং বদ্ধা ধ্যায়েৎ। প্রাতর্ধ্যানং যথা।—ওঁ প্রাতর্গায়ত্রী রবিমণ্ডলমধ্যস্থা, রক্তবর্ণা, দ্বিভুজা, অক্ষসূত্রকমণ্ডলু-ধরা, হংসাসনমারূঢ়া, ব্রহ্মাণী, ব্রহ্মদৈবত্যা, কুমারী ঋগ্বেদোদাহৃতা ধ্যেয়া॥ ১৮॥ মধ্যাহ্নধ্যানং যথা।—ওঁ মধ্যাহ্নে সাবিত্রী রবি-মণ্ডলমধ্যস্থা, কৃষ্ণবর্ণা, চতুর্ভুজা, ত্রিনেত্রা, শঙ্খচক্রগদাপদ্মহস্তা, যুবতী, গরুড়ারূঢ়া, বৈষ্ণবী, বিষ্ণুদৈবত্যা, যজুর্ব্বেদোদাহৃতা ধ্যেয়া॥ ১৯॥ সায়াহ্নধ্যানং যথা।—ওঁ সায়াহ্নে সরস্বতী রবিমণ্ডল-মধ্যস্থা, শুক্লবর্ণা, দ্বিভুজা, ত্রিশূলডমরুকরা, বৃষভাসনমারূঢ়া, বৃদ্ধা, রুদ্রাণী, রুদ্রদৈবত্যা সামবেদোদাহৃতা ধ্যেয়া॥ ২০।

(এবং প্রাতরাদিকালভেদেন যথাক্রমং গায়ত্রীং সাবিত্রীং সরস্বতীং ধ্যায়ন্, ঊর্দ্ধস্তিষ্ঠন্, প্রাতরূর্দ্ধোত্তানকরৌ, মধ্যাহ্নে তথা

গায়ত্রীধ্যান।—প্রভাতে গায়ত্রীকে কুমারী, ঋগ্বেদস্বরূপিণী, ব্রহ্মরূপা, হংসবাহনা, কুশহস্তা ও সূর্য্যমণ্ডলমধ্যস্থা চিন্তা করত হৃদয়-সন্নিধানে চিতহস্ত হইয়া অষ্টাদশবার, সক্ষম হইলে একশত আটবার বা সহস্রবার পুংদেবতা নাম জপবৎ গায়ত্রী জপ করিবে। মধ্যাহ্নকালে গায়ত্রীকে যুবতী, যজুর্ব্বেদস্বরূপিণী, বিষ্ণুরূপা, গরুড়াসনা, পীতবসনা ও সূর্য্যমণ্ডলমধ্যগতা চিন্তা করত হৃদয়াভিমুখে বক্রহস্ত হইয়া পূর্ব্ববৎ জপ করিবে। ১৯। সায়াহ্নকালে গায়ত্রীকে রুদ্ররূপা, রুদ্রদৈবত্যা, সামবেদরূপিণী, শুক্লবর্ণা, দ্বিভুজা ত্রিশূলডমরুকরা বৃদ্ধা, বৃষারূঢ়া, ও সূর্য্য-মণ্ডলমধ্যগতা চিন্তা করত অধোহস্ত হইয়া পূর্ব্ববৎ জপ করিবে। ২০। (এই প্রকারে প্রাতে, মধ্যাহ্নে ও সায়াহ্নে

তিষ্ঠন্ তির্য্যক্করৌ, সায়মুপবিষ্টোঽধোমুখৌ করৌ কৃত্বা, অনামিকামধ্য-মূল-পর্ব্বদ্বয়-কনিষ্ঠামূলাদিপর্ব্বত্রয়ানামিকাগ্রপর্ব্ব-মধ্যমাগ্রপর্ব্বতর্জ্জন্যগ্রাদিপর্ব্বত্রয়রূপদশপর্ব্বসু অঙ্গুষ্ঠাগ্রপর্ব্বযোগেন।)

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য, ধীমহি, ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওম্।

(ইতি দশধা জপ্ত্বা, সমর্থশ্চেৎ শতধা সহস্রধা বাপি।)

ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সম্ভবা। ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া॥ ২১॥ (ইতি বিসৃজেৎ) অনেন জপেন ভগবন্তাবাদিত্যশুক্রৌ প্রীয়েতাং। ওঁ আদিত্যশুক্রাভ্যাং নমঃ (ইতি জলাঞ্জলিং দদ্যাৎ)। ২২।

যথাক্রমে গায়ত্রী, সাবিত্রী ও সরস্বতীকে চিন্তা করিবে। প্রভাতে ঊর্দ্ধভাবে থাকিয়া হস্তদ্বয় ঊর্দ্ধোত্তান, মধ্যাহ্নে তদনুরূপ অবস্থান করত হস্তদ্বয় তির্য্যক্‌গত এবং সায়াহ্নে উপবিষ্ট হইয়া হস্তদ্বয়কে অধোমুখ করত অনামা অঙ্গুলীর মধ্যপর্ব্ব, মূলপর্ব্ব, কনিষ্ঠাঙ্গুলীর মূলাদি তিনপর্ব্ব, অনামার অগ্রপর্ব্ব, মধ্যমার অগ্রপর্ব্ব, আর তর্জ্জনীর তিনপর্ব্ব এই দশপর্ব্বে অঙ্গুষ্ঠাগ্রপর্ব্বদ্বারা গায়ত্রী জপ করিতে হয়।) পরে বিসর্জ্জন করিবে, যথা—হে গায়ত্রিদেবি! আপনি মহেশ্বরের বদনকমল হইতে নিষ্ক্রান্ত হইয়া ব্রহ্মার আদেশে বিষ্ণুর হৃদয়ে অবস্থিতি করিতেছেন। অধুনা স্বেচ্ছানুসারে প্রস্থান করুন্। ২১। (এই মন্ত্র দ্বারা কিঞ্চিৎ জল দিয়া) "আমার এই জপ দ্বারা ভগবান্ আদিত্য ও শুক্রদেব প্রীতিলাভ করুন্" বলিয়া পুনরায় জল দিবে।) ২২।

অথ আত্মরক্ষাং কুর্য্যাৎ।

জাতবেদস ইত্যস্য কাশ্যপঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দেবতা আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নিদহাতি বেদঃ স নঃ পরিষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ॥ ২৩॥ (ইতি শিরসি রক্ষাং কুর্য্যাৎ।) ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্রঋষিরনুষ্টুপ্‌ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ। ওঁ ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলং ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমো নমঃ॥(কৃতাঞ্জলির্জ্জপেৎ)।২৪

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ শিবায় নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ প্রজাপতয়ে নমঃ, ওঁ রুদ্রায় নমঃ,ওঁ সর্ব্বেভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ॥ ২৫॥ (ইতি প্রত্যেকং জলাঞ্জলিং দত্ত্বা, সূর্য্যায় অর্ঘ্যং দদ্যাৎ।)

তৎপরে আত্মরক্ষার্থ মন্ত্র পাঠ করিবে। সযজ্ঞসূত্র বৃদ্ধাঙ্গুষ্ঠ দক্ষিণকর্ণপৃষ্ঠে সংযোজিত করত পড়িবে।—আত্মরক্ষার্থ মন্ত্রের ঋষি কশ্যপ, ত্রিষ্টুপ্ ইহার ছন্দঃ, অগ্নি ইহার দেবতা এবং আত্মরক্ষায় বিনিয়োগ। যে অগ্নি আমাদিগের অনিষ্টকারীগণকে ভস্মীভূত ও দেবতাকে বশ করেন, নৌকাযোগে নদীতরণবৎ যে অগ্নি দ্বারা দুর্গম বিশ্ব সমুত্তরণ করা যায়, আমরা সেই অগ্নির জন্য যজ্ঞ অনুসন্ধান করিব। ২৩। তৎপরে করপুটে প্রণাম করিবে, যথা—রুদ্রোপস্থানমন্ত্রের ঋষি কালাগ্নিরুদ্র, অনুষ্টুপ্ ইহার ছন্দঃ, দেবতা রুদ্র এবং রুদ্রোপস্থানে ইহার বিনিয়োগ। ঊর্দ্ধরেতা, ত্রিলোচন, বিশ্বময়, নীললোহিত পুরুষরূপ, নিত্য,সত্য পরব্রহ্মকে

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে॥ ইদমর্ঘ্যং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ॥ ২৬॥

(ইতি সূর্য্যায় অর্ঘ্যং দত্ত্বা।)

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥ ২৭॥ (ইতি প্রণমেৎ।)

(ততো বেদাদি-মন্ত্রচতুষ্টয়ং পঠেৎ।)

মধুচ্ছন্দঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁঅগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য বেদমৃত্বিজং হোতারং রত্নধাতমম্॥ যাজ্ঞবল্ক্যঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বায়ুর্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ ইষেত্বোর্জ্জেত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা প্রাপয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে। গোতমঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্য দাতয়ে নিহোতা সৎসি বর্হিষি॥ পিপ্পলাদঋষিরুষ্ণিক্‌ছন্দো বরুণো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ॥ (ইতি পঠেৎ) ॥২৮॥

ইতি সামবেদীয়সন্ধ্যা।

প্রণাম করি। ২৪। অনন্তর "ওঁ ব্রহ্মণে নমঃ" ইত্যাদি মন্ত্রে প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে এবং যথামন্ত্রে সূর্য্যদেবকে অর্ঘ্য দিয়া তাঁহাকে প্রণাম করিবে। তৎপরে মূলের লিখিত বেদাদি মন্ত্রচতুষ্টয় পড়িতে হয়। ২৫—২৮।

ইতি সামবেদীয়সন্ধ্যা।

অথ যজুর্ব্বেদীয়-সন্ধ্যাবিধিঃ।

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। ইতি মন্ত্রেণ বিষ্ণুং স্মৃত্বা আচমনং কুর্য্যাৎ।

কালাতিপাতে গায়ত্রীং দশধা জপ্ত্বা আপোমার্জ্জনং কুর্য্যাৎ ॥১॥

অথ আপোমার্জ্জনং।

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ ॥ ২ ॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ ॥ ৩ ॥ ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন ঊর্জ্জে দধাতন মহে রণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ উশতীরিব মাতরঃ। তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ আপো জনয়থা চ নঃ ॥ ৪ ॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত,ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রোঽর্ণবঃ, সমুদ্রাদর্ণবাদধিসম্বৎসরোঽজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ ॥ ৫ ॥ (ইতি মার্জ্জনং।)

প্রথমতঃ "ওঁ তদ্বিষ্ণোঃ" প্রভৃতি মন্ত্রে বিষ্ণু স্মরণ করিয়া আচমন করিবে। সন্ধ্যাকাল বিগত হইলে দশবার গায়ত্রী জপ করিয়া সন্ধ্যারম্ভ করিবে। এইরূপে আচমন করিয়া আপোমর্জ্জন করিতে হয়। ১। "ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ" ইত্যাদি মন্ত্রে আপোমার্জ্জন করিবে। ২-৫। *

---

"যশ্চ বিদ্যামাসাদ্য তয়া জীবেন্ন তস্য পরলোকে ফলপ্রদা ভবতি, যশ্চ বিদ্যয়া পরেষাং যশো হন্তি॥"

বিদ্যা শিক্ষা করত বিদ্যার্থীকে তাহা দান অবশ্য কর্ত্তব্য।

যাহা কিছু হইতে বেদার্থ পরিজ্ঞাত হওয়া যায়, তাহারই গৌরব করা কর্ত্তব্য। ফলতঃ বিদ্যাদ্বারা যেমন সুগতি লাভ হয়, কি দান, কি তপঃ, কি যজ্ঞ, কি উপবাস, কি ব্রত, কিছুতেই সেরূপ সুগতির প্রত্যাশা নাই, যথা—

"দানেন তপসা যজ্ঞৈরুপবাসৈর্ব্রতৈস্তথা।
ন তাং গতিমবাপ্নোতি বিদ্যয়া যামবাপ্নুয়াৎ॥"

তৃতীয়যামার্দ্ধকৃত্যং।

(অর্থসাধনং।)

তৎপরে তৃতীয়যামার্দ্ধে অর্থাৎ বেলা নয়টা হইতে সাড়েদশ

তাহা না দিলে সেই ব্যক্তি কার্য্যবিঘ্নকারী বলিয়া গণ্য হয় এবং আপনিই আপনার মঙ্গলের দ্বার রুদ্ধ করে। এ বিষয়ে শ্রুতি যথা,—

"যোঽহরহরধীত্য বিদ্যামর্থিভ্যো ন প্রযচ্ছেৎ, স কার্য্যহা স্যাৎ, শ্রেয়সো দ্বারমাবৃণুয়াৎ॥"

ইতিহাস-পুরাণাদি গ্রন্থ লিখিয়া দান করিলে বেদপ্রদানের দ্বিগুণ ফল হইয়া থাকে, যথা—

"ইতিহাসপুরাণাদি লিখিত্বা যঃ প্রযচ্ছতি।
ব্রহ্মদানসমং পুণ্যং প্রাপ্নোতি দ্বিগুণীকৃতং॥"

মূর্খতা নিবন্ধন গ্রন্থ লিখিয়া বা পড়িয়া যদি পুনরায় ভুলিয়া যায়, তাহা হইলে তাহাকে ঘোর নরকে পড়িতে হয়, যথা—

"বিস্মরেচ্চ তথা মৌঢ্যাৎ যোঽপি শাস্ত্রমনুত্তমং।
স যাতি নরকং ঘোরং অক্ষয়ং ভীমদর্শনং॥"

ঘটিকা পর্যান্ত পোষ্যবর্গের জন্য অর্থোপায়ের চেষ্টা করিবে। *

---

* "মাতা পিতা গুরুর্ভার্য্যা প্রজা দীনাঃ সমাশ্রিতাঃ।
অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গ উদাহৃতঃ॥"

মাতা, পিতা, গুরু, দারা, অপত্য, দরিদ্র, আশ্রিত ব্যক্তি, অভ্যাগত ব্যক্তি, অতিথি ও অগ্নি ইহাদিগকেই পোষ্যবর্গ বলা যায়। পরন্তু অগ্নি কেবল সাগ্নিক ব্যক্তির পক্ষে জানিবে। পোষ্যবর্গ সম্বন্ধে মনু একটী বিশেষ কথা বলিয়া গিয়াছেন, যথা—

"বৃদ্ধৌ চ মাতাপিতরৌ সাধ্বী ভার্য্যা সুতঃ শিশুঃ।
অপ্যকার্য্যশতং কৃত্বা ভর্ত্তব্যা মনুরব্রবীৎ॥"

অর্থাৎ শত অকার্য্য করিয়াও বৃদ্ধ পিতা মাতা, সাধ্বী ভার্য্যা ও শিশু সন্তানকে পালন করিবে। অনেকের এইরূপ ধারণা আছে যে, শত শত অকার্য্য অর্থাৎ দস্যুবৃত্তি, চৌর্য্যবৃত্তি প্রভৃতি করিয়াও বৃদ্ধ মাতাপিতাদির প্রতিপালন করিতে হয়, কিন্তু তাহা নহে। এখানে "অকার্য্য" শব্দে চৌর্য্যাদি কুক্রিয়া নহে। পোষ্য-বর্গের পরিপালনার্থ ব্রাহ্মণের পক্ষে যেরূপ বৃত্তি অবলম্বনের ব্যবস্থা শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, তদ্দ্বারা জীবিকা নির্ব্বাহ না হইলে নিম্নশ্রেণীর অর্থাৎ ক্ষত্রিয়-বৈশ্যাদির বৃত্তি অবলম্বন করিয়াও জীবিকা নির্ব্বাহ করিতে পারে। সাধারণের বিদিতার্থ ব্রাহ্মণের বৃত্তির স্থূল স্থূল মর্ম্ম এই স্থলে লিখিত হইল, যথা—

অধ্যাপনঞ্চাধ্যয়নং যজনং যাজনং তথা।
দানং প্রতিগ্রহশ্চৈব ষট্‌কর্ম্মাণ্যগ্রজন্মনঃ॥

পোষ্যবর্গের ভরণপোষণার্থ যত্ন করা যে কর্ত্তব্য, তাহা শাস্ত্রোক্ত বচনেই প্রমাণীকৃত হইতেছে, যথা—

ষণ্ণাং তু কর্ম্মণাং মধ্যে ত্রীণি কর্ম্মাণি জীবিকা।
যাজনাধ্যাপনে চৈব বিশুদ্ধাচ্চ প্রতিগ্রহঃ॥"

অর্থাৎ ব্রাহ্মণের কর্ম্ম ছয়টী;—অধ্যাপন, অধ্যয়ন, যজন, যাজন, দান ও প্রতিগ্রহ। তন্মধ্যে যাজন, অধ্যাপন ও সৎপ্রতিগ্রহ এই তিনটাই তাঁহাদিগের জীবিকা।

"কুষীদকৃষিবাণিজ্যং প্রকুর্ব্বীতাস্বয়ংকৃতং।
আপৎকালে স্বয়ং কুর্ব্বন্নৈনসা যুজ্যতে দ্বিজঃ॥"

বিপ্রেরা অপরের দ্বারা কৃষি, বাণিজ্য ও কুষীদগ্রহণ কর্ম্ম চালাইয়াও জীবিকা নির্ব্বাহ করিতে পারেন। বিশেষতঃ আপৎকাল সমুপস্থিত হইলে নিজেও ঐ সমস্ত ক্রিয়া করিতে পারেন। কৃষিকর্ম্মের কথা যাহা উল্লেখ করা গেল, তদ্বিষয়ে শাস্ত্রে এইরূপ লিখিত আছে যথা—

"অষ্টাগবং ধর্ম্মহলং ষড়্গবং জীবিতার্থিনাং।
চতুর্গবং নৃশংসানাং দ্বিগবং ব্রহ্মঘাতিনাং॥"

অর্থাৎ আটটা হেলিয়া গরুর দ্বারা সমস্ত দিন হল চালনা করিলে তাহাকেই ধর্ম্মহল বলা যায়; জীবিকার্থীরা ছয়টী দ্বারা হল চালনা করিবে অর্থাৎ ছয়টা দ্বারা চালাইলে তাহাকে জীবিকার্থীর হল বলে। চারিটার দ্বারা চালনা করিলে নৃশংসের হল কহে আর দুইটামাত্র দ্বারা চালাইলে তাহাকে ব্রহ্মহত্যাকারীর হল কহে।

"বহবো বর্ত্তনোপায়া ঋষিভিঃ পরিকীর্ত্তিতাঃ।
সর্ব্বেষামপি বৈ তেষাং কুষীদমধিকং বিদুঃ॥"

"স জীবতি বরশ্চৈকো বহুভির্যোপজীবতি।
জীবন্তো মৃতকাশ্চান্যে পুরুষাঃ স্বোদরম্ভরাঃ॥"

অর্থাৎ যে মহান্ পুরুষ বহুজনের উপজীব্য হয়েন, তাঁহাকেই প্রকৃত জীবিত বলা যায় আর যাহারা কেবল আত্মোদর-পূরণায় ব্যস্ত, তাহারা জীবিত থাকিলেও মৃতস্বরূপ।

আর্য্য-ঋষিগণ আপৎকালে জীবিকার বহুবিধ উপায় কীর্ত্তন করিয়া গিয়াছেন; তন্মধ্যে কুষীদগ্রহণই শ্রেষ্ঠ।

ব্রাহ্মণেরা বাণিজ্যও করিতে পারেন, কিন্তু লৌহ, লাক্ষা লবণ ও দুগ্ধ এই সমস্ত বস্তুর ব্যবসায় অর্থাৎ ক্রয়-বিক্রয় করিলে দিবসত্রয়মধ্যে শূদ্রত্ব প্রাপ্ত হইতে হয়, যথা—

"সদ্যঃ পততি লৌহেন লাক্ষয়া লবণেন চ।
ত্র্যহেণ শূদ্রীভবতি ব্রাহ্মণঃ ক্ষীরবিক্রয়াৎ॥"

এই প্রকারে ক্ষত্রিয়াদি অন্যান্য জাতিরাও স্ব স্ব নির্দ্দিষ্ট ক্রিয়া দ্বারা জীবিকানির্ব্বাহ করিবে। ক্ষত্রিয়াদির কর্ম্ম প্রকীর্ণ অংশে দ্রষ্টব্য। পরন্তু শূদ্রজাতি সকল প্রকার দ্রব্যের ব্যবসায় করিতে পারে; কিন্তু মধু, চর্ম্ম, সুরা, লাক্ষা, মাংস এই কয় দ্রব্যের ব্যবসায় করিবে না, যথা।—

"বিক্রয়ং সর্ব্ববস্তূনাং কুর্ব্বন্ শূদ্রো ন দোষভাক্।
মধু চর্ম্ম সুরাং লাক্ষাং ত্যক্ত্বা মাংসঞ্চ পঞ্চমং॥"

এই বিধির তাৎপর্য্যে বোধ হয় যে, ঐ সমস্ত বস্তুর ক্রয়, বিক্রয়াদি দ্বেষবহুলাদি-দোষপূর্ণ বলিয়া শবর, কিরাত, ব্যাধ প্রভৃতি বন্য জাতিকে ছাড়িয়া দেওয়ার জন্যই আর্য্য ঋষিরা বিধি নিবদ্ধ করিয়া গিয়াছেন।

"পাদেন তস্য পারক্যং কুর্য্যাৎ সঞ্চয়মাত্মবান্।
অৰ্দ্ধেন চাত্মভরণং নিত্যং নৈমিত্তিকং তথা।
পাদস্যার্দ্ধার্দ্ধমত্তিস্য মূলভূতং বিবর্দ্ধয়েৎ।
এবমারভতঃ পুংসশ্চার্থং সাফল্যমৃচ্ছতি॥"

সুবুদ্ধি ব্যক্তি যথাবিধানে অর্থ উপার্জ্জন করিয়া তাহার এক-চতুর্থাংশ পারলৌকিক হিত সাধনার্থ নিযোজিত করিবে, অর্দ্ধাংশ দ্বারা নিত্য-নৈমিত্তিক ক্রিয়া সম্পাদন ও আত্মভরণ করিবে এবং অবশিষ্ট এক-চতুর্থাংশের অর্দ্ধার্দ্ধ মূলধনরূপে বর্দ্ধিত করিবে। এই প্রকার করিলেই সেই অর্থ সফল বলিয়া গণনীয় হয়। এইরূপে তৃতীয়যামার্দ্ধকৃত্য * শেষ করিয়া তৎপরে চতুর্থযামার্দ্ধের ক্রিয়া অর্থাৎ বলা সাড়ে দশ ঘটিকা হইতে বারোটা পর্য্যন্ত যাহা যাহা কর্ত্তব্য, তাহা সম্পাদন করিবে।

---

* প্রাচীন আর্য্যঋষিগণ দেড় ঘটিকাকালমাত্র অর্থোপায়ের সময় নিরূপণ করিয়াছিলেন; বস্তুতঃ পূর্ব্বে ঐ সময়েই তত্তৎ-কার্য্য সম্যক্‌রূপে সুসম্পন্ন হইত। এখন অহোরাত্র যত্ন করি-লেও কুলায় না। ইহার কারণ এই যে, ইদানীন্তন কালের ন্যায় তখন তত ধনলোভ ছিল না। এখন দিন দিন ধনলোভ ও ভোগবিলাসেচ্ছা প্রজ্বলিত হইয়া উঠিতেছে। তখন আর্য্য ঋষিগণ এই প্রকার উপদেশ ও শিক্ষা দিতেন যে, আপনার জন্য কোন কাজই করিতে নাই; কিন্তু এখনকার শিক্ষা এইরূপ হইয়াছে যে, "নিজের জন্য ভিন্ন পরের জন্য কোন কার্য্যই করিবে না।"

চতুর্থযামার্দ্ধকৃত্যম্।

চতুর্থ যামার্দ্ধে অর্থাৎ বেলা সাড়ে দশ ঘটিকা হইতে দ্বাদশ ঘটিকা পর্য্যন্ত মধ্যাহ্ণ স্নান, তর্পণ ও মধ্যাহ্ন সন্ধ্যা আদি করিবে। তন্মধ্যে স্নান, তর্পণ ও সন্ধ্যার প্রণালী পূর্ব্বেই লিখিত হইয়াছে; কেবল স্নানের কিঞ্চিৎ প্রভেদ আছে, তাহাই কথিত হইতেছে।

মধ্যাহ্নস্নান।

যে নিয়মে প্রাতঃস্নান করিতে হয়, সেই নিয়মেই মধ্যাহ্নস্নান সম্পন্ন করিবে, তবে প্রভেদ এই যে, প্রাতঃকালে তৈলাভ্যঙ্গের কথা নাই, কিন্তু মধ্যাহ্নস্নানে তৈলাভ্যঙ্গের বিধি আছে।

"প্রাতঃস্নানে ব্রতে শ্রাদ্ধে দ্বাদশ্যাং গ্রহণে তথা।
মদ্যলেপসমং তৈলং তস্মাত্তৈলং বিবর্জ্জয়েৎ॥"

প্রাতঃস্নানের সময় গাত্রে তৈল মাখিবে না। প্রাতঃস্নানে, ব্রতদিনে, শ্রাদ্ধাহে, দ্বাদশীতে ও গ্রহণদিবসে তৈল মাখিলে উহা মদ্য-লেপনের সদৃশ হয়; সুতরাং তৈল বর্জ্জন করিবে

"শিরোভ্যঙ্গাবশিষ্টেন তৈলেনাঙ্গং ন লেপয়েৎ॥"

যখন তৈল মাখিতে হয়, তখন দেহের নিম্নদিক্ হইতে উপরের দিকে মাখিবে অর্থাৎ প্রথমতঃ মস্তকে দিয়া সেই তৈলের অবশিষ্ট অংশ দ্বারা অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ লেপন করিবে না। *

* রবিবারে ও মঙ্গলবারে তৈল ব্যবহার নিষিদ্ধ। চতুর্দ্দশী অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও রবিসংক্রান্তিদিনেও তৈলাভ্য[ঙ্গ] করিতে নাই। এতদ্ভিন্ন ষষ্ঠী ও নবমীতে মস্তকে ও পর্ব্বসন্ধিতে তৈল মাখিবে না। তৈলাভ্যঙ্গ করিলে শ্রম, শতদোষ, জ্বর

তৈলাভ্যঙ্গের নিষেধ কেবল তিল-তৈলেরই প্রতি সন্দেহ নাই। ঘৃত, সর্ষপতৈল, পুষ্পবাসিত তৈল আর পক্ক তৈল এই সমস্ত প্রত্যহ ব্যবহার করা দোষাবহ নহে। তবে দেহে শ্লেষ্মদোষ উৎপন্ন হইলে অথবা স্নানাদি দ্বারা বিশুদ্ধি লাভান্তে কিম্বা অজীর্ণদোষ জন্মিলে তৈলাভ্যঙ্গ করিতে নাই; যথা—

"তৈলাভ্যঙ্গনিষেধে তু তিলতৈলং নিষিধ্যতে।
ঘৃতঞ্চ সার্ষপং তৈলং যত্তৈলং পুষ্পবাসিতং।

প্রভৃতি বিনাশ পায়। মস্তকে, কর্ণে ও পদে বিশেষরূপে তৈল দিতে হয়। আয়ুর্ব্বেদে ইহার প্রমাণ আছে, যথা—

"অভ্যঙ্গমাচরেন্নিত্যং স জরাশ্রমবাতহা।
শিরঃশ্রবণপাদেষু তং বিশেষেণ শীলয়েৎ॥"

আমাদিগের দেশের অধুনাতন লোকেরা ইংরাজীশিক্ষায় শিক্ষিত হইয়া তৈল-ব্যবহার এক প্রকার ছাড়িয়া দিয়াছেন বলিলেই হয়; কিন্তু তাহাতে স্বাস্থ্যের হানি ব্যতীত অন্য কোন উপকারের প্রত্যাশা নাই। ইউরোপখণ্ডের উত্তরাংশ অত্যন্ত শীতপ্রধান দেশ। তত্রত্য বাসীরা গাত্রবস্ত্র খুলিয়া থাকিতে পারে না। সুতরাং তথায় কোনরূপ তৈলের ব্যবহার প্রচলিত নাই। পরন্তু ইউরোপখণ্ডের প্রায় সর্ব্বস্থানেই সাবান ব্যবহার প্রচলিত। সাবানে তৈল কিম্বা বসা ইত্যাদি তৈলবৎ পদার্থ এবং ক্ষারমৃত্তিকা উভয়ই আছে; সুতরাং উহার ব্যবহারে এক প্রকার তৈলব্যবহার করাই হয়; কাজে কাজেই তাহাদিগের স্বাস্থ্যের হানি হয় না। পূর্ব্বকালে য়িহুদি, গ্রীক ও রোমীয়গণও তৈল এবং বেসন গাত্রে ব্যবহার করিত।

অদুষ্টং পক্কতৈলঞ্চ স্নানাভ্যঙ্গে চ নিত্যশঃ ॥
বর্জ্জ্যোঽভ্যঙ্গঃ কফগ্রস্তৈঃ কৃতসংশুদ্ধ্যজীর্ণিভিঃ ॥”

তৈলাভ্যঙ্গের পর অবগাহন স্নান, জলাদি দ্বারা তিলক তৎপরে তর্পণ, আর্দ্রবস্ত্র ত্যাগ প্রভৃতি সম্পাদন করিয়া মধ্যাহ্ন সন্ধ্যা করিবে। বৈধকর্ম্মের সময় পরিহিত বস্ত্র সর্ব্বথা পবিত্র হওয়া উচিত। যথা—

“স্বয়ং ধৌতেন কর্ত্তব্যাঃ ক্রিয়াধর্ম্ম্যা বিপশ্চিতা।
ন চ রাজকধৌতেন ন চাধৌতেন কর্হিচিৎ।
পুত্রমিত্রকলত্রেণ স্বজ্ঞাতিবান্ধবেন চ।
দাসবর্গেণ যদ্ধৌতং তৎ পবিত্রমিতি স্মৃতং ॥”

অর্থাৎ পণ্ডিতগণ ধর্ম্মকর্ম্মসাধনার্থ বস্ত্রাদি আপনারাই ধৌ করিয়া লইয়া থাকেন। রজকধৌত বা অধৌত বস্ত্র ব্যবহা করেন না; পরন্তু পুত্র, কলত্র, মিত্র, জ্ঞাতি, বান্ধব বা ভৃত দ্বারা ধৌত বস্ত্র পবিত্র বলিয়া গ্রহণীয়। তদনন্তর যথানিয়মে মধ্যাহ্নসন্ধ্যা করিবে।

মধ্যাহ্ন-সন্ধ্যার শেষে “ব্রহ্মযজ্ঞ” নামে একটি অনুষ্ঠা আছে। অনেকের ধারণা আছে যে, ইহাও সন্ধ্যার একা অঙ্গস্বরূপ; বস্তুতঃ তাহা নহে। উহার উপাদান স্বাধ্যায় পাঠ (অনুকল্পে গায়ত্রী পাঠ) এবং বেদচতুষ্টয়ের চারিটি মন্ত্রের জপ ঐ চারিটি মন্ত্র সন্ধ্যার শেষভাগে পূর্ব্বেই লিখিত হইয়াছে। মন্ত্র চারিটির মধ্যে ঋগ্বেদীয় প্রথমটিতে বহ্নির, যজুর্ব্বেদীয় দ্বিতী টিতে বায়ুর, সামবেদীয় তৃতীয়টিতে অগ্নির এবং অথর্ব্ববেদী চতুর্থটিতে জলের আবাহন ও স্তুতি করা হয়।

দেবপূজা।

ব্রহ্মযজ্ঞের পর দেবতাদিগের পূজা করিবে। দেবার্চ্চনার মধ্যে পার্থিব শিবলিঙ্গে অথবা বাণলিঙ্গে মহাদেবের; শালগ্রামশিলায় বিষ্ণুর এবং (গৃহীতদীক্ষের পক্ষে) কুলদেবতার অথবা ইষ্টদেবতার পূজাই প্রধান। পঞ্চদেবতার পূজাই মুখ্য পূজা। পঞ্চদেবতার পূজার ক্রমও শাস্ত্রে উক্ত আছে, যথা—

"আদিত্যং গণনাথঞ্চ দেবীং রুদ্রং যথাক্রমং।
নারায়ণং বিশুদ্ধাখ্যমন্তে চ কুলদেবতাং।"

সূর্য্য, গণেশ, দেবী, রুদ্র, বিশুদ্ধাখ্য নারায়ণ এবং অবশেষে কুলদেবতার অর্চ্চনা করিতে হয়।

"সামিৎপুষ্পকুশাদীনি ব্রাহ্মণঃ স্বয়মাহরেৎ।
শূদ্রানীতৈঃ ক্রয়ক্রীতৈঃ কর্ম্ম কুর্ব্বন্ পতত্যধঃ॥"

দেবপূজার্থ হোমকাষ্ঠ, পুষ্প, কুশাদি সমস্তই ব্রাহ্মণ নিজে আহরণ করিয়া আনিবেন। শূদ্র দ্বারা আনীত কিম্বা মূল্য দিয়া ক্রীত দ্রব্যাদি দ্বারা কার্য্য করিলে পূজককে অধোগামী হইতে হয়। *

---

* প্রাচীন ঋষিগণ বিশেষ বিবেচনা করিয়া নিজ হস্তে এই সকল আহরণের বিধি নির্দ্দিষ্ট করিয়াছেন। কেন না, লোককে পবিত্র করা যেরূপ শাস্ত্রের উদ্দেশ্য, সেইরূপ লোককে আলস্যশূন্য, কর্ম্মঠ ও সর্ব্বদা ঈশ্বরের কার্য্যে ভক্তিসহ অবহিত করিয়া রাখাও একটি প্রধান উদ্দেশ্য। পূজাকালে দেবগৃহটী ও পূজোপকরণ সকল সাধ্যমত পরিষ্কার রাখিবে এবং সুন্দররূপে ব্যবস্থিত করিয়া পরিচ্ছন্নভাবে স্থাপন করিবে। পূজাকালে কাম, দ্বন্দ্ব,

(পূজার প্রকৃত অধিকারী)।

কোন্ ব্যক্তি দেবপূজায় প্রকৃত অধিকারী, তাহাও শাস্ত্রে বর্ণিত আছে. যথা—

ভয়, রাগ, মাৎসর্য্য প্রভৃতিকে হৃদয়ে স্থান দিবে না; মৌনভাবে ধ্যানপরায়ণ হইয়া পূজা করিবে। এইরূপ করিলেই ভক্তির উন্মেষ হইবে।

চতুর্থযামার্দ্ধের কৃত্য যাহা কথিত হইল, অনেকের বিবেচনায় দেড় ঘণ্টার মধ্যে এতগুলি কার্য্য নির্ব্বাহিত হওয়া কঠিন; কিন্তু তাহা নহে। অভ্যস্ত হইলে দেড় ঘণ্টা কেন, এক ঘণ্টার মধ্যেও সুসমাহিত হইতে পারে। তবে এ স্থলে আরও একটী কথা আছে যে, এক্ষণে সহরাদিতে চাকুরিয়া লোকের ভাগই অধিক। বেলা সাড়ে দশ ঘটিকার মধ্যেই তাঁহাদিগকে আহারাদি করিয়া কর্ম্মস্থলে যাইতে হয়। সুতরাং তাঁহারা তৃতীয় যামার্দ্ধ হইতেই আরম্ভ করিয়া মধ্যাহ্ন সন্ধ্যা ও দেবপূজাদি সম্পন্ন করিয়া থাকেন। ফলতঃ এক যামার্দ্ধকৃত্য অন্য যামার্দ্ধে নির্ব্বাহিত হইলে ততদূর দোষাবহ হয় না। স্মার্ত্ত-শিরোমণি রঘুনন্দনও বলিয়া গিয়াছেন যে, "অত্রাপ্রত্যাখ্যেয়কর্ম্মানুরোধেন প্রধানকালাদন্যত্রাপি কালান্তরে কর্ম্মানুষ্ঠানমিতি।" অর্থাৎ যে কার্য্যের প্রত্যাখ্যান করা যায় না, তদনুরোধে মুখ্য কাল বর্জ্জন পূর্ব্বক গৌণকালেও বৈধকার্য্য সম্পন্ন করিতে পারে। বস্তুতঃ সন্ধ্যা-পূজাদির জন্য কখনই লোকের কার্য্যের হানি হয় না। তবে যাহারা অলস ও নাস্তিক, তাহাদিগের কথা স্বতন্ত্র।

"ক্ষমা শৌচং দমঃ সত্যং দানমিন্দ্রিয়নিগ্রহঃ।
অহিংসা গুরুশুশ্রূষা তীর্থানুসরণং দয়া।
আর্জবং লোভশূন্যত্বং দেববাহ্মণপূজনং।
অনভ্যসূয়া চ তথা ধর্ম্মঃ সামান্য উচ্যতে॥"

ক্ষমা, শৌচ, দম, সত্যনিষ্ঠা, দান, ইন্দ্রিয়নিগ্রহ, অহিংসা, গুরুসেবা, তীর্থগমন, দয়া, সরলতা, অলোভ, দেবতা ও বিপ্র-পূজা, অনসূয়া এই সকলই পরম ধর্ম্ম। যে ব্যক্তি এই সকল গুণে বিভূষিত, তিনি দেবতা-পূজায় প্রকৃত অধিকারী। অর্থব্যয় ব্যতিরেক্যকে কেবলমাত্র জল দ্বারাও দেবপূজা হইতে পারে; কিন্তু গৃহীর পক্ষে সে বিধি নহে।

"অন্নেন সুমনোভিশ্চ গন্ধৈর্ধূপৈঃ প্রদীপকৈঃ।
গৃহস্থঃ পূজয়েন্নিত্যং স্বগৃহে গৃহদেবতাং॥"

গৃহী ব্যক্তি স্বীয় গৃহে অন্ন, পুষ্প, গন্ধ, ধূপ, দীপ প্রভৃতি দ্বারা গৃহদেবতার অর্চ্চনা করিবেন।

বিষ্ণুপূজাবিধিঃ। *

"প্রথমং আচম্য শুদ্ধাসনে উপবিশ্য শালগ্রামং স্নাপয়েৎ॥" যথা—

"ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বত-স্পৃষ্ট্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং॥ ১॥ ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারং রত্নধাতমম্॥ ২॥ ওঁ ইষেত্বোর্জ্জেত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা প্রাপয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥ ৩॥ ওঁ অগ্ন

---

* এই বিষ্ণুপূজা-বিধির মধ্যেই সাধারণতঃ সূর্য্যপূজা গণেশপূজা প্রভৃতি লিখিত হইল।

আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহেতা সৎষি বর্হিষি ॥ ৪ ॥ ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ ॥ ৫ ॥ গায়ত্র্যা চ। কেচিৎ পুরুষসূক্তমন্ত্রেণাপি।”

প্রথমে আচমন পূর্ব্বক শুদ্ধাসনে উপবেশন করিয়া “ওঁ সহস্রশীর্ষা’ ইত্যাদি উপরোক্ত মন্ত্রে এবং গায়ত্রী পাঠ করত নারায়ণকে স্নান করাইবেন। কেহ কেহ পুরুষসূক্ত মন্ত্রও পাঠ করিয়া থাকেন। স্নপনান্তে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা শ্বেত-চন্দনম্রক্ষিত তুলসী লইয়া উহা চিত করত নারায়ণকে দিতে হয়, মন্ত্র যথা—

“ইদং সচন্দনতুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা।”

“ততঃ সূর্য্যায়ার্ঘ্যং দত্ত্বা, স্বস্তিবাচনপূর্ব্বকং “ওঁ সূর্য্যঃ সোম” ইতি পঠেৎ।”

তৎপরে “নমো বিবস্বতে ব্রহ্মন্” ইত্যাদি মন্ত্রে সজল দূর্ব্বাক্ষত গন্ধ পুষ্প দ্বারা সূর্য্যার্ঘ্য দিয়া স্বস্তিবাচন করত নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে, যথা—

“ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিং ॥”

“ততঃ এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্ননাশায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ, ওঁ এতে গন্ধপুষ্পে ওঁ নমো নারায়ণায় নমঃ। ইতি পূজয়িত্বা “ওঁ ত্রৈলোক্যপূজিত শ্রীমন্ সদা বিজয়বর্দ্ধন। শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোঽস্তু তে ॥ ইতি প্রণমেৎ।”

পরে "এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্ননাশায় নমঃ" ইত্যাদিরূপে এক একটি গন্ধ পুষ্প দ্বারা পূজা করিয়া "ওঁ ত্রৈলোক্যপূজিত শ্রীমন্" ইত্যাদি মন্ত্র পাঠ পূর্ব্বক প্রণাম করিবে।

"ততঃ সামান্যার্ঘ্যং কুর্য্যাৎ। যথা স্ববামে ত্রিকোণমণ্ডলং কৃত্বা, তত্র ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ইতি গন্ধাক্ষতৈঃ পূজয়িত্বা, 'ফট্' ইতি মন্ত্রেণ অর্ঘ্যপাত্রং সংস্থাপ্য, 'নম' ইতি মন্ত্রেণ জলেনাপূর্য্য, তত্র দূর্ব্বাক্ষতগন্ধপুষ্পাদিকং নিক্ষিপ্য, অঙ্কুশমুদ্রয়া 'গঙ্গে চ যমুনে চৈব' ইত্যাদিনা জলং সংশোধ্য, 'বং' ইতি ধেনুমুদ্রাং প্রদর্শ্য, প্রণবং জপ্ত্বা, তজ্জলেন আত্মানং পূজোপকরণঞ্চ প্রোক্ষয়েৎ।"

তৎপরে সামান্যার্ঘ্য স্থাপন করিবে, যথা—বামদিকে ভূমিতে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করিয়া তাহার উপরে "ওঁ আধার-শক্তয়ে নমঃ" ইত্যাদি মন্ত্রে পূজা করিবে। পরে "ফট্" মন্ত্রে কোশাকুশি ধুইয়া তদুপরি স্থাপন করত "নমঃ" মন্ত্রে উহা জল-পূর্ণ করিবে। তৎপরে উহাতে দূর্ব্বা, অক্ষত, গন্ধ, পুষ্প ইত্যাদি প্রদান পূর্ব্বক অঙ্কুশমুদ্রাযোগে "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" মন্ত্রে জলশুদ্ধি করিবে। তদনন্তর "বং" মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক দশধা প্রণব জপ করিয়া ঐ জল দ্বারা আপনার মস্তক ও পূজোপকরণাদি প্রোক্ষিত করিবে।

"ততঃ আসনশুদ্ধিঃ। এতে গন্ধপুষ্পে আধারশক্তিকম-লাসনায় নমঃ। ইতি আসনং সংপূজ্য আসনং ধৃত্বা পঠেদ্ যথা— ওঁ আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনপরিগ্রহে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনং॥"

"অতো ওঁ বামে গুরুভ্যো নমঃ, দক্ষিণে ওঁ গণেশায় নমঃ, উর্দ্ধে ওঁ ব্রহ্মণে নমঃ, অধো ওঁ অনন্তায় নমঃ, মধ্যে ওঁ নারায়ণায় নমঃ। ইতি যথাস্থানং স্পৃষ্ট্বা প্রণমেৎ।"

তৎপরে আসনশুদ্ধি করিবে অর্থাৎ ভূমিতে আসনের নিম্নে ত্রিকোণ মণ্ডল আঁকিয়া একটী গন্ধ পুষ্প লইয়া "হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ" মন্ত্রে আসনের পূজা করিবে। পরে আসন ধরিয়া "ওঁ আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ" ইত্যাদি মন্ত্র পড়িতে হয়। তৎপরে "বামে ওঁ গুরুভ্যো নমঃ" ইত্যাদি মন্ত্রে যথাযথ স্থান স্পর্শ পূর্ব্বক প্রণাম করিবে। *

"ততঃ পুষ্পশুদ্ধিঃ। পুষ্পাণি ধৃত্বা পঠেৎ—ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্প সম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা। ততঃ পুষ্পৈকং গৃহীত্বা ঐং রং অস্ত্রায় ফট্ ইত্যনেন করদ্বয়েন সংপিষ্য বামতো নিক্ষিপেৎ। জলেন পুষ্পাণি চ প্রোক্ষয়েৎ।"

অর্থাৎ তৎপরে পুষ্পশুদ্ধি করিবে। পুষ্প ধরিয়া "ওঁ পুষ্পে পুষ্পে" ইত্যাদি মন্ত্র পাঠ পূর্ব্বক একটী পুষ্প লইয়া ঐং রং অস্ত্রায় ফট্ এই মন্ত্রে তুই হস্তে পেষণ করত বামদিকে নিক্ষেপ করিবে। পুষ্পে কিঞ্চিৎ জলের ছিটাও দিতে হয়।

"ততো ভূতানপসার্য্য দশদিগ্বন্ধনং কৃত্বা ভূতশুদ্ধি-প্রাণায়ামৌ কুর্য্যাৎ।"

তদনন্তর ভূতাপসরণ, দশদিক বন্ধন, ভূতশুদ্ধি ও প্রাণায়াম

---

* এই সময়ে অনেকে সূর্য্যার্ঘ্য প্রদান ও সূর্য্যপ্রণাম করিয়া থাকেন।

করিবে, যথা—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতা। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু মমাজ্ঞয়া।" এই মন্ত্রে অক্ষত বিকীরণ করিবে। পরে ভূমিতে বামপদের তিনটী আঘাত করিয়া মস্তকোপরি তিনবার ফট্ মন্ত্রে করতালি প্রদান করত তুড়ি দ্বারা দশদিগ্বন্ধন করিবে। তৎপরে সংক্ষেপে ভূতশুদ্ধি করিবে অর্থাৎ "ওঁ ভূতশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নপথেন জীব শিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা। ১। ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা॥ ২॥ ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা। ৩; ওঁ পরমাশিব-সুষুম্ন-পথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্জ্বল প্রজ্জ্বল সোহং হংসঃ স্বাহা। ৪।" এই মন্ত্রচতুষ্টয় পাঠ করিলেই ভূতশুদ্ধি হয়। পরে প্রাণায়াম করিবে অর্থাৎ সুখাসনে উপবেশন করিয়া মূলাধার হইতে মেরুদণ্ড ঠিক সমানভাবে রাখিতে হয়। পরে অতি মৃদুভাবে পূরক, (শ্বাসবায়ুর আকর্ষণ), কুম্ভক, (রোধ) ও রেচক (ত্যাগ) করিতে করিতে হৃদয়ে দেবমূর্ত্তির ধ্যান করিবে। তৎপরে দক্ষিণাঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণনাসিকাপুট রোধ করত বামকরে চারি বার দেবতার বীজমন্ত্র জপ করিতে করিতে বামনাসিকাপুট দ্বারা বায়ু পূরণ করিবে; এবং অঙ্গুষ্ঠ ও অনামা দ্বারা নাসিকাপুটদ্বয় ধরিয়া পূর্ব্ববৎ উক্ত বীজমন্ত্র ষোড়শবার জপ করিতে করিতে কুম্ভক করিবে। পরে অনামা ও কনিষ্ঠা দ্বারা বামনাসিকাপুট ধরিয়া অষ্টবার উক্ত মন্ত্র জপ করিতে করিতে শ্বাসবায়ু বিসর্জ্জন করিতে হয়। এই প্রকারে থাকিয়া পুনর্ব্বার বিপরীতক্রমে শ্বাস বিসর্জ্জনের পর দক্ষিণনাসিকাপুট দ্বারা পূর্ব্বের ন্যায় চারিবার জপ করিতে করিতে বায়ু পূরণ ও নাসাপুটদ্বয় ধরিয়া কুম্ভক, অবশেষে রেচন

করিবে। তৎপরে পুনরায় প্রথমবারবৎ দক্ষিণনাসিকাপুট ধারাণাদিক্রমে পূরক, কুম্ভক ও রেচক করিতে হয়। ইহারই নাম প্রাণায়াম। ইহা অভ্যস্ত হইলে চারিগুণ অর্থাৎ, ষোড়শ, চতুঃষষ্টি ও দ্বাত্রিংশৎবারাদিক্রমে অভ্যাস করা যায়।

"ততঃ করাঙ্গন্যাসৌ কৃত্বা গণেশং পূজয়েৎ, যথা—গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, গীং তর্জ্জনীভ্যাং স্বাহা, গূংমধ্যমাভ্যাং বষট্, গৈং অনামিকাভ্যাং হুং, গৌং কানিষ্ঠাভ্যাং বৌষট্, গঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। গাং হৃদয়ায় নমঃ, গীং শিরসে স্বাহা, গূং শিখায়ৈ বষট্, গৈং কবচায় হুং, গৌং নেত্রাভ্যাং বৌষট্, গঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।" *

উক্ত প্রকারে করাঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে ; যথা—

গণেশধ্যানং।—কূর্ম্মমুদ্রয়া পুষ্পং গৃহীত্বা, ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং, প্রস্যন্দন্মদগন্ধলুব্ধ মধুপব্যালোলগণ্ডস্থলং। দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূর-

---

* এই প্রকারে দেবতার নামের আদি অক্ষরে দীর্ঘস্বরাদি যোগ করিয়া ন্যাস করিবে অথবা যে দেবতার যে বীজমন্ত্র, সেই মন্ত্রে দীর্ঘস্বরাদি যোগ করিলেও হইতে পারে। অধিকন্তু সাধারণতঃ পুংদেবতার ওঙ্কার এবং স্ত্রী-দেবতার হ্রীং এই বীজ দ্বারাও ন্যাস হইয়া থাকে। ন্যাসের মধ্যে যেস্থানে "নেত্রাভ্যাং বৌষট্" আছে, ত্রিনেত্রা দেবতা হইলে সেই স্থলে "নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া ন্যাস করিতে হয়। কেহ কেহ সর্ব্বাগ্রে গণেশের পূজা না করিয়া প্রথমে সূর্য্য ও তৎপরে গণেশের পূজা করিয়া থাকেন।

শাভাকরং, বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু।”
'তি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্ত্বা মানসৈঃ সংপূজ্য পুনর্ধ্যাত্বা শাল-
ামে পুষ্পং দদ্যাৎ। প্রতিমাদৌ তু ওঁ গণেশ ইহাগচ্ছাগচ্ছ ইহ
তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ, ইত্যাবাহ্য পূজ-
য়েৎ। এতৎ পাদ্যং ওঁ গণেশায় নমঃ, এবং ইদমর্ঘ্যং ইদমাচম-
নীয়ং, এষ গন্ধঃ, এতৎ পুষ্পং, এষ ধূপঃ, এষ দীপঃ,এতন্নৈবেদ্যং,
ানার্থজলং, ইদং পুনরাচমনীয়ং, এতত্তাম্বূলং। সর্ব্বত্র ওঁ গণে-
াায় নমঃ ইতি নিবেদ্য যথাশক্তি জপিত্বা জপং সমর্প্য প্রার্থ-
য়েৎ প্রণমেচ্চ। তত্র প্রার্থনা যথা—ওঁ দেবেন্দ্র মৌলিমন্দার-
'করন্দকণারুণাঃ। বিঘ্নং হরন্তু হেরম্ব-চরণাম্বুজরেণবঃ॥
প্রণামমন্ত্র যথা—ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননং।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহং॥”

সর্ব্বত্র পূজাতেই কূর্ম্মমুদ্রাযোগে প্রথম ধ্যানান্তে পুষ্পাদি
নিজমস্তকে দিয়া প্রার্থনামুদ্রা করত * দেবতা ও আত্মাকে
অভেদজ্ঞানে হৃদয়কমলে ধ্যানকথিত তেজোময় মূর্ত্তি চিন্তা
করিতে করিতে তৎপদে মনে মনে পাদ্যাদি দ্বারা মানসার্চ্চনা
করিবে এবং সুষুম্নাপথযোগে তত্তেজ ব্রহ্মরন্ধ্রে আনাইয়া পুন-
ায় ধ্যানান্তে বামনাসিকারন্ধ্র হইতে প্রশ্বাসবায়ু সহ হস্ততলস্থ
পুষ্পে আরোপণ করাইয়া পূজাধারে সংস্থাপন পূর্ব্বক বাহ্য পূজা
করিতে হয়। প্রতিমাদিতে পূজা করিতে হইলে “ওঁ গণেশ

---

* প্রার্থনামুদ্রা যথা—বাম হস্তের তলোপরি দক্ষিণহাত
উচিতভাবে রাখিয়া বিপরীতভাবে বক্ষ-সমীপে স্থাপন করিলেই
তাহার নাম প্রার্থনা মুদ্রা।

ইহাগচ্ছাগচ্ছ” ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া পূজা করিবে। (অন্যান্য দেবতার আবাহনে তত্তদ্দেবতার নাম গ্রহণ পূর্ব্বক আবাহন করিবে।) “এতৎপাদ্যং ওঁ গণেশায় নমঃ” ইত্যাদি ক্রমে দশোপচারে অথবা গন্ধ পুষ্প দ্বারা যথাশক্তি পূজা করিবে। * এই প্রকারে যথানিয়মে পূজা, জপ ও জপসমর্পণ পূর্ব্বক উপরোক্ত প্রার্থনামন্ত্রে প্রার্থনা ও প্রণামমন্ত্রে প্রণাম করিবে। তৎপরে সূর্য্যের পূজা করিতে হয়।—

* পূজাকালে সুবসন ধারণ পূর্ব্বক শুচি, মৌনী, তন্মনা ও চিত্তবিশোধনার্থ নিষ্কামী হইবে। তৎকালে আসন ত্যাগ করিতে নাই। ত্যাগ করিলে পুনরায় প্রাণায়াম করিতে হয়। দণ্ডায়মান হইলে আচমন ও অঙ্গন্যাস করিবে; অন্য কথা উচ্চারণ করিলে পুনরায় আচমন করিবে; ক্ষুৎ (হাঁচি) বা কাস হইলে অথবা অধোবায়ু নির্গত হইলে দক্ষিণ কর্ণ স্পর্শ করিতে হয় এবং শ্রীবিষ্ণু স্মরণ করিবে। কোন উপচারদ্রব্য দানে অসমর্থ হইলে গন্ধ পুষ্প দ্বারাও পূজা হইতে পারে অর্থাৎ যে উপচারদ্রব্যের অভাব হইবে, জল দ্বারা তাহা পূরণ করিতে হয়। মনে কর, দীপের অভাব হইয়াছে, সে স্থলে “দীপার্থোদকং অমুকদেবায় নমঃ” বলিয়া জল দিবে। গঙ্গাজল হইলে “দীপার্থগঙ্গোদকং” ইত্যাদি রূপ বলিবে। কেবলমাত্র জল দ্বারাও অর্চ্চনা হয় আর্থৎ পুষ্পের ন্যায় হাতে জল লইয়া ধ্যানাদি করত “ওঁ ইদং অর্ঘ্যার্থোদকং অমুকদেবায় নমঃ” ইত্যাদি রীতিক্রমে দিতে হয়। পুষ্পের অভাব হইলে পুষ্পবৃক্ষের পাতা অথবা আতপতণ্ডুলও তৎপ্রতিনিধিস্বরূপ ব্যবহৃত হইয়া থাকে সমস্ত দ্রব্যের অর্থাৎ জল পর্য্যন্তেরও অভাব হইলে মানস পূজা

সূর্য্যধ্যানং।—"ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং, ভানুং ।মস্তজগতামধিপং ভজামি। পদ্মদ্বয়াভয়বরং দধতং করাব্জৈ- াণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রং ॥"

এই প্রকার ধ্যানে যথানিয়মে পাদ্যার্ঘ্য * দ্বারা সূর্য্যের পূজা ়রিয়া প্রণাম করিবে। তৎপরে নিম্নলিখিতরূপে গন্ধপুষ্প দ্বারা ূজা করিতে হয়, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ। এতে ন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ঁ ইন্দ্রাদিদশদিক্পালেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দবেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ। াতে গন্ধপুষ্পে ওঁ গুরবে নমঃ ॥" †

তৎপরে "নাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, নীং তর্জ্জনীভ্যাং স্বাহা"

়রিবে। পূজার সাধারণতঃ যে প্রণালী লিখিত হইল, এই নয়মেই সকল দেবতার পূজা করিবে; কেবল নাম, ধ্যান, ্রণামমন্ত্র ইত্যাদি বিভিন্ন মাত্র।

* সূর্য্যদেবকে রক্তচন্দন ও সচন্দন বিল্বপত্র দিবে। গণ- াতিকেও বিল্বপত্র দিতে পারে, কিন্তু স্থানবিশেষে সূর্য্যদেবকে ও গণপতিকে বিল্বপত্রদানে নিষেধ আছে।

† শিব, ভাস্কর, অগ্নি, কেশব, কৌশিকী এই পাঁচকেই পঞ্চ- দেবতা কহে। সক্ষম হইলে পৃথক্ পৃথক্‌রূপে উহাঁদের পূজা করিতে পারে। সমস্ত কার্য্যের প্রারম্ভেই গণেশাদি গুরু যাবৎ দেবতাগণের পূজা যথাশক্তি করিবে।

ইত্যাদি নিয়মে অঙ্গন্যাস করন্যাস করিয়া * বামে "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ।" দক্ষিণে "ওঁ গণেশায় নমঃ" মধ্যে "ওঁ নারায়ণায় নমঃ" ইত্যাদি নিয়মে গুরুপংক্তির পূজা করিয়া কূর্ম্মমুদ্রাযোগে পুষ্প গ্রহণ করত নারায়ণের ধ্যান করিবে।

নারায়ণধ্যান।—"ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী, নারায়ণঃ সরসিজাসনঃ সন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী, হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥"

এই প্রকারে ধ্যানপূর্ব্বক স্বীয় মস্তকে পুষ্প দিয়া মানসোপচারে অর্চ্চনা করত বিশেষার্ঘ্য স্থাপন করিবে, যথা।—

বিশেষার্ঘ্যস্থাপনং।—স্ববামে হুংগর্ভং ত্রিকোণবৃত্তচতুরস্রমণ্ডলং কৃত্বা, তত্র ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ইতি গন্ধাক্ষতৈঃ সংপূজ্য ত্রিপদিকামারোপ্য, নমঃ ইতি মন্ত্রেণ শঙ্খং প্রক্ষাল্য আধারে স্থাপয়েৎ। ততো বিলোম মাতৃকয়া ত্রিভাগং জলেনাপূর্য্য ওঁ বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ ইতি ত্রিপদিকায়াং, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ ইতি শঙ্খে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ ইতি জলে পূজয়িত্বা, দূর্ব্বাক্ষতগন্ধপুষ্পাদিকং দত্ত্বা, জলে গন্ধপুষ্পে নিক্ষিপ্য ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য, ওঁ ইত্যষ্টধা জপ্ত্বা, ওঁ গঙ্গে চ যমুনে চৈব ইত্যাদি মন্ত্রেণ সূর্য্যমণ্ডলাত্তীর্থমাবাহ্য, তজ্জলেনাত্মানং পূজোপকরণঞ্চাভ্যুক্ষ্য, পুনর্ধ্যাত্বা, শালগ্রামে পুষ্পং দত্ত্বা, পূর্ব্ববদ্বিধানেন পাদ্যাদিনা যথাশক্তি পূজয়েৎ।"

---

* নারায়ণপূজার করাঙ্গন্যাস "আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা" ইত্যাদিরূপে দীর্ঘস্বর দ্বারাও হয়।

এই প্রকারে বিশেষার্ঘ্য স্থাপন * করত পুনরায় ধ্যান করিয়া শালগ্রামে পুষ্প প্রদান পূর্ব্বক পূর্ব্ববদ্বিধানে নারায়ণের পূজা করিবে। সমস্ত উপচার প্রদানান্তে করাঙ্গন্যাস করিয়া "ওঁ নমো নারায়ণায়" এই অষ্টাক্ষর মন্ত্র যথাশক্তি জপ করত "গুহ্যাতি" মন্ত্রে গোযোনিমুদ্রাযোগে জপ সমর্পণ করিবে। তৎপরে নিম্নলিখিত প্রণামমন্ত্রগুলি পাঠ করিতে হয়, যথা।—

"ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং,
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যং।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং,
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্‌॥ ১॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং,
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যং।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবৎ।
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ২ ॥
নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥ ৩॥

---

* নারায়ণের অর্ঘ্য স্থাপনের ন্যায় অন্যান্য দেবতারও তত্ত-মূলমন্ত্র দ্বারা অর্ঘ্য সংস্থাপন করিতে হয়। ষোড়শোপচার, বাহুল্যরূপ দশোপচার এবং তান্ত্রিকী পূজায় এই অর্ঘ্য ব্যবহৃত হয়। সক্ষম হইলে প্রথম অর্ঘ্যস্থাপনান্তে আত্মসমর্পণার্থ দ্বিতীয়ার্ঘ্য স্থাপন করিবে। পাদ্য দিবার পর দেবতাকে এই অর্ঘ্যই দিতে হয়। পূজাকালে নারায়ণকে যে মন্ত্র উচ্চারণ পূর্ব্বক তুলসী প্রদান করিতে হয়, তাহা পূর্ব্বেই লিখিত হইয়াছে।

ওঁ পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো ভব ॥ ৪ ॥
প্রপন্নং পাহি মামীশ ভীতং মৃত্যুগ্রহার্ণবাৎ।
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে দেব ময়া সুকৃতদুষ্কৃতং।
তৎ সর্ব্বং ত্বয়ি সংন্যস্তং ত্বৎপ্রযুক্তঃ করোম্যহং ॥ ৫ ॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে ॥ ৬ ॥
ইতি প্রণম্য স্তবাদিকং পঠেৎ ॥"

এই প্রকারে প্রণাম করিয়া স্তবাদি পাঠ করিতে হয়। * তৎপরে লক্ষ্মী-সরস্বত্যাদির পূজা করিবে। (পূজার প্রণালী একরূপ, কেবল ধ্যান ও প্রণামাদি বিভিন্ন। যথা—

লক্ষ্মীধ্যানং।—"ওঁ পাশাক্ষমালিকাম্ভোজ শৃণিভির্যাম্যসৌময়োঃ, পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরং। গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাং, রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু ॥"

পুষ্পাঞ্জলিপ্রদান মন্ত্র।—"ওঁ নমস্তে সর্ব্বভূতানাং বরদাসি হরিপ্রিয়ে। যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ॥"

প্রণামমন্ত্র।—"ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে। সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে ॥"

সরস্বতীধ্যানং।—"ওঁ তরুণশকলমিন্দোর্বিভ্রতী শুভ্রকান্তিঃ,

---

* দেব-দেবীর স্তবকবচ মৎপ্রকাশিত "স্তবকবচমালায়" দ্রষ্টব্য।

কুচভরনমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে। নিজকরকমলোদ্যল্লেখনী-পুস্তক-শ্রীঃ, সকলবিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্‌দেবতা নঃ ॥”

পুষ্পাঞ্জলিমন্ত্র।—“ওঁ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ। বেদবেদাঙ্গবেদান্তবিদ্যাস্থানেভ্য এব চ স্বাহা ॥”

প্রণাম।—“ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে। বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে ॥”

মনসাধ্যানং।—“দেবীমম্বামহীনাং শশধরবদনাং চারু-কান্তিং বদান্যাং, হংসারূঢ়ামুদারাং সুললিতনয়নাং সেবিতাং সিদ্ধিকামৈঃ। স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কনকমণিগণৈর্নাগরত্নৈ-রনেকৈর্বন্দেঽহং সাষ্টনাগামুরুকুচযুগলাং ভোগিনীং কামরূপাং ॥”

মনসার প্রণাম।—“ওঁ আস্তীকস্য মুনের্মাতা,ভগিনী বাসুকে-স্তথা। জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবি নমোঽস্তু তে॥”

ইতি গণেশ-সূর্য্য-নারায়ণ-লক্ষ্মী-সরস্বতী-মনসা-পূজা।

শিবপূজাপদ্ধতিঃ।

(তত্র পার্থিবলিঙ্গপূজনং।)

তত্র প্রথমং শুদ্ধাসনে উপবিশ্য আচমনং কৃত্বা ওঁ নমো বিব-স্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে, জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্ম-দায়িনে, ইদমর্ঘ্যং ওঁ নমো ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ। ইত্যনেন সূর্য্যায় অর্ঘ্যং দদ্যাৎ। ততঃ পূর্ব্ববৎ সামান্যার্ঘ্যং কুর্য্যাৎ। ত ঃ

প্রথমে শুদ্ধাসনে উপবেশন পূর্ব্বক আচমন করিয়া সূর্য্যার্ঘ্য প্রদান করত পূর্ব্ববৎ সামান্যার্ঘ্য স্থাপন করিবে। তৎপরে “ওঁ হরায় নমঃ” মন্ত্রে মৃত্তিকাহরণ ও “ওঁ মহেশ্বরায় নমঃ” মন্ত্রে লিঙ্গ মার্জ্জন করিয়া অখণ্ড বিল্বপত্রোপরি উত্তরাভিমুখে স্থাপন

ওঁ হরায় নমঃ ইতি মন্ত্রেণ মৃদাহরণং কৃত্বা,ওঁ মহেশ্বরায় নমঃ ইত্যনেন লিঙ্গং সম্মার্জ্জ্য, অথওবিল্বপত্রোপরি উত্তরাভিমুখং স্থাপয়েৎ। ততঃ ইদং স্নানীয়ং ওঁ পশুপতয়ে নমঃ ইতি স্নাপয়িত্বা,ওঁ শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব, ইতি প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাৎ। ১।

ততঃ ওঁ হৃদয়ায় নমঃ, নং শিরসে স্বাহা, মং শিখায়ৈ বষট্, শিং কবচায় হুং, বাং নেত্রত্রয়ায় বৌষট্, য়ঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এবং ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ইত্যাদিনা অথবা শাং হৃদয়ায় নমঃ, শীং শিরসে স্বাহা ইত্যাদিক্রমেণ কৃত্বা বামে ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠি-

---

করিবে। * পরে "ইদং স্নানীয়ং ওঁ পশুপতয়ে নমঃ" মন্ত্রে স্নান করাইয়া "ওঁ শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতা ভব" মন্ত্রে লিঙ্গোপরি আতপতণ্ডুল দিয়া প্রতিষ্ঠা করিবে। ১।

তৎপরে মূলের লিখিত নিয়মে ষড়ঙ্গন্যাস করিয়া গুরু-

---

* অঙ্গুষ্ঠের অন্যূনপ্রমাণ সবজ্র শিবলিঙ্গ উত্তরদিকে পিণাক করাইয়া ও বিল্বপত্র দ্বারা তদ্গাত্র মার্জ্জন করত মধ্যদলের সোজা পৃষ্ঠের উপর বসাইতে হয়। স্বয়ং উদঙ্মুখ হইয়া উপবেশন করিবে। পার্থিবেতর শিবলিঙ্গ বিল্বপত্রোপরি বসাইতে নাই। স্বর্ণ, রজত, তাম্র বা কাংস্যপাত্রে পূজা করাই প্রশস্ত। ভস্ম দ্বারা অথবা মৃত্তিকা দ্বারা কপালে অর্দ্ধচন্দ্রাকার ত্রিপুণ্ড্রক করিয়া এবং রুদ্রাক্ষমালা ধারণ করত শিবপূজা করাই কর্ত্তব্য। আচাণ্ডাল সকলেই শিবপূজায় অধিকারী। রুদ্রাক্ষমালা ধারণ করিবার সময় প্রত্যেক রুদ্রাক্ষে "ওঁ হুং নমঃ" মন্ত্র অষ্টোত্তরশত জপ করিয়া শিবচরণামৃত দ্বারা প্রক্ষালন করত ধারণ করাই বিধি।

গুরুভ্যো নমঃ, দক্ষিণে ওঁ গণেশায় নমঃ, মধ্যে ওঁ নমঃ শিবায় নমঃ, ইতি গুরুপংক্তিনমস্কারপূর্ব্বকং ধ্যায়েৎ। ২।

অথ ধ্যানং।—ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং, রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নং। পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং, বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং॥ এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য পূর্ব্ববৎ বিশেষার্ঘ্যস্থাপনং কৃত্বা আবাহয়েৎ। ৩।

ওঁ পিণাকধৃক্ ইহাগচ্ছাগচ্ছ, ইহ তিষ্ঠ, তিষ্ঠ, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ, ইত্যাবাহ্য কৃতাঞ্জলিঃ পঠেৎ।—স্থাং স্থীং স্থিরীভব, যাবৎ পূজাং করোম্যহং। ততঃ পাদ্যাদিনা পূজয়েৎ। এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ, এবংক্রমেণ ইদমর্ঘ্যং, ইদ-মাচমনীয়ং, ইদং স্নানীয়ং, ইদং পুনরাচমনীয়ং, এষ গন্ধঃ, এতৎ পুষ্পং, এতদ্বিল্বপত্রং, এষ ধূপঃ, এষ দীপঃ, এতন্নৈবেদ্যং, ইদং পুনরাচমনীয়ং, এতৎ তাম্বূলং, সর্ব্বত্র ওঁ নমঃ শিবায় নমঃ ইতি মন্ত্রেণ নিবেদয়েৎ। ৪।

পংক্তিকে নমস্কার পূর্ব্বক ধ্যান করিবে। ২। ধ্যানান্তে মানসপূজা করিয়া পূর্ব্ববৎ বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক আবাহন করিবে। ৩। ওঁ পিণাকধৃক্ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া করযোড়ে "স্থাং স্থীং স্থিরীভব" ইত্যাদি পাঠ করত পাদ্যাদি দ্বারা যথানিয়মে পূজা করিবে। "এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ" ইত্যাদি নিয়মে সমস্ত উপাচারে অর্চ্চনা করিতে হয়। ৪। *

---

* সাধারণতঃ সকলে দশোপচারেই পূজা করিয়া থাকে।

ততঃ শিবস্য অষ্টমূর্ত্তীঃ পূজয়েৎ।—পূর্ব্বস্যাং এতে গন্ধপুষ্পে ওঁ শর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ, এবং ঈশানে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ, উত্তরস্যাং ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ, বায়ুকোণে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ, পশ্চিমস্যাং ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ,

---

তদনন্তর উপরোক্তনিয়মে শিবের অষ্টমূর্ত্তির পূজা করিবে। পুনরায় অঙ্গন্যাসাদি করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ পূর্ব্বক

তন্মধ্যে দেবতার পাদমূলে পাদ্য, মস্তকে অর্ঘ্য ও মুখে আচমনীয় প্রদান করিতে হয়। পুষ্প, চন্দন, অক্ষত, দূর্ব্বা, বিল্বপত্র এই সমস্ত দ্বারা অর্ঘ্য দিবে। শিব ও সূর্য্য এই দুই দেব ব্যতীত অন্যান্য দেবতার উদ্দেশে শঙ্খে করিয়া অর্ঘ্যদানই প্রশস্ত। বিষ্ণুপূজায় বিল্বপত্রের পরিবর্ত্তে তুলসী দিয়া অর্ঘ্য সজ্জিত করিবে। অর্ঘ্যে ত্রিপত্রা দূর্ব্বাই প্রশস্ত। স্নানীয়ের পরিবর্ত্তে মধুপর্কও প্রদান করা যায়। ঘৃত, দধি, চিনি ও মধু একত্রিত করিয়া মধুপর্ক প্রস্তুত করিবে; উহা কাংস্যপাত্রে রাখিয়া অপর একখানি কাংস্যপাত্র দ্বারা আচ্ছাদিত করিতে হয়। পুংদেবতাকে প্রায়শঃ রক্তচন্দন প্রদান করিবে না। অঙ্গুষ্ঠ যোগ রাখিয়া পুংদেবতাকে কনিষ্ঠাঙ্গুল্যগ্র দ্বারা আর স্ত্রীদেবতাকে অনামিকা ও মধ্যমাঙ্গুল্যগ্র দ্বারা চন্দন প্রদান করিতে হয়। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা পুষ্প বিল্বপত্র প্রভৃতি দিবে। বিল্বপত্রের বৃন্তমূলে যে বজ্র আছে, তাহা ফেলিয়া দিয়া শিবপূজায় ব্যবহার করিবে। ধূপ ও দীপ প্রদানকালে আধারে স্থাপন পূর্ব্বক পূজা করত নিবেদন করিয়া আরত্রিকের ন্যায় তিন তিনবার ঘুরাইবে। সমস্ত উপচারই

নৈঋ'তে ওঁ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ, দক্ষিণস্যাং ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ, অগ্নিকোণে ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ, মধ্যে ওঁ নন্দিনে নমঃ, ওঁ ভৃঙ্গিণে নমঃ, ওঁ ক্ষেত্রপালায় নমঃ, ওঁ বামদেবায় নমঃ। ইতি পূজয়িত্বা ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং। সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদান্মহেশ্বর। ইতি মন্ত্রেণ জপং সমর্পয়েৎ। ৫।

ততঃ প্রণমেৎ।—নমস্তভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে। নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ। নমস্তে শূলহস্তায় দণ্ড-

---

গুহ্যাতি মন্ত্রে জপ সমর্পণ করিতে হয়। গোযোনি মুদ্রা দ্বারা অর্ঘ্য লইয়া দেবতার দক্ষিণ হস্তে জপ সমর্পণ করিবে; অর্ঘ্যের অভাবে জল লইয়া দিবে। ৫।

তৎপরে "ওঁ নমস্তভ্যং বিরূপাক্ষ" ইত্যাদি মন্ত্র কয়টী পাঠ

লিঙ্গোপরি পূর্ব্বভাগ অশ্রয় করত প্রদান করিবে। শিবনৈবেদ্যাদি গ্রহণ নিষিদ্ধ; কিন্তু কোন কোন মতে এইরূপ নিয়ম আছে, যে, শালগ্রামে পূজিত শিবনৈবেদ্যাদি গ্রহণ করিতে পারে আর কেহ কেহ বলেন যে, শিবের ঈশাননামক প্রধানমুখে যে নৈবেদ্যাদি দেওয়া যায়, কেবল তাহাই অগ্রাহ্য। কেহ কেহ এইরূপ মত দিয়া থাকেন যে, শিবপূজা সর্ব্বাগ্রে করিয়া তৎপরে অন্যান্য দেবতার পূজা করিবে। আবার কোন কোন ব্যক্তি এইরূপ ব্যবস্থা দেন যে, সমস্ত দেবতার পূজান্তে শিবপূজা করিবে; কেননা, অধিকাংশ পুরাণাদি শাস্ত্রে এইরূপ প্রমাণ পাওয়া যায় যে, শিবের পূজা করিলে সমস্ত দেবতারই পূজা করা হয়, এই জন্য সর্ব্বশেষে শিবপূজাই ব্যবস্থেয়।

পাশাসিপাণয়ে। নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ॥” ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ। ওঁ বাণেশ্বরায় নরকার্ণবতারকায়, জ্ঞান-প্রদায় করুণাময়সাগরায়। কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায় দারিদ্র্য-দুঃখদহনায় নমঃ শিবায়॥ ইতি নমস্কৃত্য স্তবাদিকং পঠেৎ। ৬॥

ততঃ মুখবাদ্যং কৃত্বা ঐশান্যাং ত্রিকোণমণ্ডলং কৃত্বা সংহারমুদ্রয়া স্বহৃদয়াত্তেজোরূপদেবতয়া সহ নির্ম্মাল্যমাদায় মণ্ডলে স্থাপয়িত্বা তত্র ওঁ চণ্ডেশ্বরায় নমঃ ইতি সংপূজ্য নৈবেদ্যাদিকং কিঞ্চিৎ

পূর্ব্বক প্রণাম করিবে।* পরে স্তবাদি পাঠ করিতে হয়। ৬।

পরে মুখবাদ্য করিবে অর্থাৎ দক্ষিণ হাতের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা দক্ষিণ গণ্ডস্থলে আঘাত করত “বম্ বম্ বম্” শব্দে মুখ-বাদ্য করিয়া ক্ষমা প্রার্থনা করিবে। তৎপরে ঈশানকোণে ত্রিকোণমণ্ডল করিয়া সংহারমুদ্রাযোগে স্বহৃদয় হইতে তেজো-রূপদেবতা সহ নির্ম্মাল্য লইয়া আঘ্রাণ করতঃ মণ্ডলে স্থাপন পূর্ব্বক “ওঁ চণ্ডেশ্বরায় নমঃ” মন্ত্রে পূজন ও কিঞ্চিৎ নৈবেদ্যাদি

---

* পুং-দেবতাকে বামাঙ্গ দেখাইয়া প্রণাম করাই বিধেয়; কিন্তু শিবকে দক্ষিণাঙ্গ দেখাইয়া প্রণাম করিবে। স্ত্রীদেব-তাকেও দক্ষিণাঙ্গ দেখাইয়া প্রণাম করিতে হয়। প্রণাম ত্রিবিধ;—উত্তম, মধ্যম ও অধম। দণ্ডবৎ ভূমিষ্ঠ হইয়া জানু, বক্ষ ও শিরোদেশ দ্বারা ভূতল লুণ্ঠন করত অষ্টাঙ্গে প্রণতি করি-লেই তাহাকে উত্তম প্রণাম কহে; জানুযুগল ও মস্তক দ্বারা ভূতল স্পর্শ করিলে মধ্যম প্রণাম এবং কেবলমাত্র করপটে প্রণাম করিলেই অধম প্রণাম বলা যায়।

দদ্যাৎ। ততঃ আবাহনং ন জানামি নৈব জানামি পূজনং। বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর ॥” ইতি পঠিত্বা ওঁ মহাদেব ক্ষমস্ব ইতি দেবং বিসৃজ্য নির্ম্মাল্যং পাদোদকঞ্চ গৃহীত্বা বিহরেদিতি ॥ ৭ ॥

প্রদান করিবে। তদনন্তর “আবাহনং ন জ্ঞানামি” ইত্যাদি পাঠ করত “ওঁ মহাদেব ক্ষমস্ব” বলিয়া বিসর্জ্জন পূর্ব্বক শিবের মস্তকে জল দিয়া শিবটীকে শয়ানভাবে অর্থাৎ “কাত” করিয়া রাখিতে হয়। ৭।

ইতি পার্থিবশিবপূজাপদ্ধতিঃ।

কতিপয় দেবতার ধ্যান।*

বাণলিঙ্গধ্যান।—প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভং। কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমং। শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরং ॥†

মঙ্গলচণ্ডীধ্যান।—যৈষা ললিতকান্তাখ্যা দেবী মঙ্গলচণ্ডিকা। বরদাভয়হস্তা চ দ্বিভুজা গৌরদেহিকা। রক্তপদ্মাসনস্থা চ মুকুটোজ্জ্বলমণ্ডিতা। রক্তকৌষেয়বসনা স্মিতবক্ত্রা শুভাননা। নববৌবনসম্পন্না চার্ব্বঙ্গী ললিতপ্রভা ॥

---

* পূজার পদ্ধতি সাধারণতঃ সকল দেবতারাই প্রায় একরূপ, এই জন্য পৃথক্ পৃথক্ রূপে বৃথা লিখিয়া গ্রন্থবিস্তার করা অনাবশ্যক বোধে, কেবলমাত্র সাধারণতঃ কতিপয় প্রধান প্রধান দেবতার ধ্যান ও প্রণামমন্ত্র এই স্থলে লিখিত হইল।

† পার্থিব শিবলিঙ্গ ব্যতীত বাণলিঙ্গেও শিবের পূজা হইয়া

মঙ্গলচণ্ডীর প্রণাম।—সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোস্তু তে॥ *

চণ্ডীর ধ্যান।—বন্ধূককুসুমাভাসাং পঞ্চমুণ্ডাধিবাসিনীং। স্ফুরচ্চন্দ্রকলারত্নমুকুটাং মুণ্ডমালিনীং। ত্রিনেত্রাং রক্তবসনাং পীনোন্নতঘটস্তনীং। পুস্তকঞ্চাক্ষমালাঞ্চ বরঞ্চাভয়কং ক্রমাৎ। দধতীং সংস্মরেন্নিত্যমুত্তরাম্নায়মানিতাং॥

জগদ্ধাত্রীধ্যান।—ওঁ সিংহস্কন্ধাধিরূঢ়াং নানালঙ্কারভূষিতাং। চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীং। রক্তবস্ত্র-পরীধানাং বালার্কসদৃশীতনুং। নারদাদ্যৈর্ম্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীং। ত্রিবলীবলয়োপেতাং নাভিনালমৃণালিনীং। রত্ন-দ্বীপে মহাদ্বীপে সিংহাসনসমন্বিতে। প্রফুল্লকমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীং॥

দুর্গাধ্যান।—কালাভ্রাভাং কটাক্ষৈ রবিকুলভয়দাং মৌলি-বদ্ধেন্দুখণ্ডাং, শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাং। সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং, ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

থাকে; কিন্তু ইহাঁর প্রতিষ্ঠাদি নাই, কেবলমাত্র ধ্যান, স্নান ও পূজা আছে। অনেকে বেদীবিহীন শিবলিঙ্গ-পূজা-স্থলে অষ্ট-মূর্ত্তির পূজা পরিত্যাগ করিয়া থাকেন।

* মঙ্গলচণ্ডীর ধ্যান ও প্রণাম দ্বারাই শুভচণ্ডী, কুলুইচণ্ডী, সঙ্কটাচণ্ডী, প্রভৃতির পূজা করিতে হয়। শুক্লাষ্টমীতে ও মঙ্গলবারে মঙ্গলচণ্ডীপূজাই প্রশস্ত।

ভগবতীধ্যান।—বর্ত্তনস্থাং জগদ্ধাত্রীং কৃষ্ণবর্ণাং ত্রিলোচনাং। দ্বিভুজাং বেষ্টিতাং গোভির্বসনাং চৌতচন্দনাং॥ *

তারার ধ্যান।—প্রত্যালীঢ়পদার্পিতাঙ্ঘ্রিশবহৃৎঘোরাট্ট-হাসা পরা, খড়্গেন্দীবরকর্ত্তৃখর্পরভুজা হুঙ্কারবীজোদ্ভবা। খর্ব্বা নীলবিশালপৈঙ্গলজটাজূটোগ্রনাগৈর্বৃতা, জাড্যং ন্যস্য কপালকে ত্রিজগতাং হন্ত্যুগ্রতারা স্বয়ং॥

দক্ষিণকালিকাধ্যান।—ওঁ মেঘাঙ্গীং বিগতাম্বরাং শবশিবা-রূঢ়াং ত্রিনেত্রাং পরাং, কর্ণালম্বিতবালযুগ্মভয়দাং মুক্তস্রজাং মালিনীং। বামাধোর্দ্ধকরাম্বুজে নরশিরঃ খড়্গঞ্চ সব্যেতরে, দানা-ভীতিবিমুক্তকেশনিচয়াং বন্দে সদা কালিকাং॥

অন্নপূর্ণাধ্যান।—রক্তাং বিচিত্রবসনাং নবচন্দ্রচূড়াং, অন্ন-প্রদাননিরতাং স্তনভারনম্রাং। নৃত্যন্তমিন্দুশকলাভরণং বিলোক্য, হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীং॥

বগলামুখীধ্যান।—ওঁ মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপরত্নবেদিসিংহা-সনোপরিগতাং পরিপীতবর্ণাং, পীতাম্বরাভরণরত্নবিভূষিতাঙ্গীং দেবীং নমামি ধৃতমুদ্গরবৈরিজিহ্বাং। জিহ্বাগ্রমাদায় করেণ দেবীং বামেন শত্রূন্ পরিপীড়য়ন্তীং, গদাভিঘাতেন চ দক্ষিণেন পীতাম্বরাঢ্যাং দ্বিভুজাং ভজামি॥

---

* সৌর বৈশাখের প্রথমদিবসে গোষ্ঠে গিয়া তথায় সাম্রপল্লব দুগ্ধভাণ্ডে সিন্দুরাঙ্কিত করত পূজা করিতে হয়। হ্রীঁ ওঁ ভগবত্যৈ নমঃ এই বীজমন্ত্রে পূজা করিবে। "ওঁ গবে নমঃ" মন্ত্রে গো-পূজাও করিয়া "নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ। নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥" এই মন্ত্রে প্রণাম করিবে।

ভুবনেশ্বরীধ্যান।—শ্যামাঙ্গীং শশিশেখরাং নিজকরৈর্দানঞ্চ রক্তোৎপলং, রত্নাঢ্যং চসকং বরং ভয়হরং সংবিভ্রতীং শাশ্বতীং। মুক্তাহারলসৎপয়োধরনতাং নেত্রত্রয়োল্লাসিনীং, বন্দেঽহং সুরপূজিতাং হরবধূং রক্তারবিন্দস্থিতাং॥

ব্রহ্মার ধ্যান।—ওঁ পদ্মাসনস্থো জটিলো ব্রহ্মা ধ্যেয়শ্চতুর্ভুজঃ। অক্ষমালাং স্রুবং বিভ্রং পুস্তকঞ্চ কমণ্ডলুং। বাসঃ কৃষ্ণাজিনং তস্য পার্শ্বে হংসস্তথৈব চ॥

ব্রহ্মার প্রণাম।—বেদাধারায় বেদ্যায় জ্ঞানগম্যায় সূরয়ে। কমণ্ডল্বক্ষমালা স্রুক্-স্রুবহস্তায় তে নমঃ॥

বাস্তুধ্যান।—অরুণিতমণিবর্ণং কুণ্ডলশ্রেষ্ঠকর্ণং, সুসিতসুভগসাম্যং দণ্ডপাণিং সুবেশং। নিখিলজননিবাসং বিশ্ববীজস্বরূপং, নতজনভয়নাশং বাস্তুদেবং ভজামি॥

বকালাখ্যরুদ্রধ্যান।—উদ্যন্মার্ত্তণ্ড-কোটি প্রতিম-তনু-রুচিং সোমসূর্য্যাগ্নিনেত্র-বিদ্যুজ্জ্বালাকলাপোজ্জ্বলবিপুলজটাজূটবদ্ধেন্দুখণ্ডং। ঘণ্টাটঙ্কাভয়াষ্টান্যপি নিজকভুজৈর্বিভ্রতং ভীষণাঙ্গং, শ্রীমৎকালাখ্যরুদ্রং প্রণতভয়হরং সাট্টহাসং ভজামঃ॥

সীতার ধ্যান।—নীলাম্ভোজদলাভিরামনয়নাং নীলাম্বরালঙ্কৃতাং, গৌরাঙ্গীং শরদিন্দুসুন্দরমুখীং বিস্মেরবিম্বাধরাং। কারুণ্যামৃতবর্ষিণীং হরিহরব্রহ্মাদিভির্বন্দিতাং, ধ্যায়েৎ সর্ব্বজনেপ্সিতার্থফলদাং রামপ্রিয়াং জানকীং॥

ষষ্ঠীর ধ্যান।—ওঁ দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাং। বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাং। পট্টবস্ত্রপরীধানাং পীনোন্নতপয়োধরাং। অঙ্কার্পিতসুতাং ষষ্ঠীমম্বুজস্থাং বিচিন্তয়েৎ॥

ষষ্ঠীর প্রণাম।—জয় জয় জগন্মাতর্জ্জগদানন্দকারিণি। প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবিকে॥

কার্ত্তিকের ধ্যান।—ওঁ কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরি সংস্থিতং। তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তিহস্তং বরপ্রদং। দ্বিভুজং শত্রুহন্তারং নানালঙ্কারভূষিতং॥

মার্কণ্ডেয়ধ্যান।—দ্বিভুজং জটিলং সৌম্যং সুবৃদ্ধং চিরজীবিনং। মার্কণ্ডেয়ং নরো ভক্ত্যা পূজয়েৎ প্রযতস্তথা॥

মার্কণ্ডেয়প্রার্থনা।—চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে। রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়া যুক্তশ্চ সর্ব্বদা॥

মার্কণ্ডেয়ের প্রণাম।—মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন। আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থমস্মাকং বরদো ভব॥

রাধিকার ধ্যান।—অমলকমলকান্তিং নীলবস্ত্রাং সুকেশীং, শশধরসমবক্ত্রাং খঞ্জনাক্ষীং মনোজ্ঞাং। স্তনযুগগতমুক্তাদামদীপ্তাং কিশোরীং, ব্রজপতিসুতকান্তাং রাধিকামাশ্রয়েহং॥

রাধিকার প্রণাম।—রাধাং রাসেশ্বরীং রম্যাং কনককুণ্ডলান্বিতাং, বৃকভানুসুতাং দেবীং তাং নমামি হরিপ্রিয়াং॥

গঙ্গার ধ্যান।—ওঁ সুরূপাং চারুনেত্রাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাং। চামরৈর্বীজ্যমানাঞ্চ শ্বেতচ্ছত্রোপশোভিতাং। সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাং। সুধাপ্লাবিতভূপৃষ্ঠামার্দ্রগন্ধানুলেপনাং। ত্রৈলোক্যনমিতাং গঙ্গাং দেবাদিভিরভিষ্টুতাং॥

শীতলাধ্যান।—ওঁ সূর্পালঙ্কারমস্তকাং সুরগণৈঃ সংস্তূয়মানাং মুদা, বামে কুম্ভধরাং পয়োদবদনাং বন্দে খরস্থাং সদা। দিগ্বাসামুরুহাসসুন্দরমুখীং সংমার্জ্জনীং দক্ষিণে, পাণৌ তাং দধতীং ভবার্ত্তিশমনীং সংসারবিদ্রাবণীং॥

শীতলার প্রণাম ।—ওঁ নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীং। মার্জ্জনীকলসোপেতাং সূর্পালঙ্কৃতমস্তকাং।

কুবেরের ধ্যান।—ওঁ কুবেরং ধনদং থর্ব্বং দ্বিভুজং পীতবাসসং। প্রসন্নবদনং দেবং যক্ষগুহ্যকসেবিতং॥

কুবেরের পুষ্পাঞ্জলিমন্ত্র।—ধনদায় নমস্তুভ্যং নিধিপদ্মাধিপায় চ। ভবন্তু ত্বৎপ্রসাদান্মে ধনধান্যাদিসম্পদঃ॥

বিষ্ণুধ্যান।—বিষ্ণুং শারদচন্দ্রকোটিসদৃশং শঙ্খং রথাঙ্গং গদামম্ভোজং দধতং সিতাব্জনিলয়ং কান্ত্যা জগন্মোহনং। আবদ্ধাঙ্গদহার-কুণ্ডল-মহামৌলিং স্ফুরৎকঙ্কণং, শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং বন্দে মুনীন্দ্রৈস্তুতং॥

রামের ধ্যান।—কোমলাঙ্গং বিশালাক্ষমিন্দ্রনীলসমপ্রভং। দক্ষিণাংশে দশরথং পুত্রাবেক্ষণতৎপরং। পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং কনকপ্রভং। পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ। অগ্রে ব্যগ্রং হনুমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণং॥

রামের প্রণাম।—ওঁ রামায় রামচন্দ্রায় রামভদ্রায় বেধসে। রঘুনাথায় নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ॥

কৃষ্ণের ধ্যান।—ওঁ ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং, শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরং। গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসংঘাবৃতং, গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে।

গোপালধ্যান।—ওঁ শ্রীমৎকল্পদ্রুমূলোদ্গতকমললসৎকর্ণিকাসংস্থিতো যস্তচ্ছাথালম্বিপদ্মোদরবিসরদসংখ্যাত-রত্নাভিষিক্তঃ। হেমাভঃ স্বপ্রভাভিস্ত্রিভুবনমখিলং ভাসয়ন্ বাসুদেবঃ, পায়াদ্বঃ পায়সাদোহনবরতনবনীতামৃতাশী বশী সঃ॥

তান্ত্রিকী পূজা ।

এই প্রকারে সন্ধ্যা-পূজা সমাপনান্তে তান্ত্রিকী পূজা করিবে অর্থাৎ যাঁহারা দীক্ষিত, তাঁহাদিগকে এই সময়েই তান্ত্রিকী পূজা করিতে হয়। বিপ্রগণ সামান্যার্ঘ্য হইতে লক্ষ্মীপূজা পর্য্যন্ত আর শূদ্র বা স্ত্রীজাতিরা শিবপূজা পর্য্যন্ত করিয়া তান্ত্রিক পূজায় প্রবৃত্ত হইবেন। সংক্ষেপার্থ কেহ কেহ নিত্যপূজায় সামান্যার্ঘ্য হইতে ভূতশুদ্ধি পর্য্যন্ত কার্য্য করিয়া পৌরাণিক পূজা সমাধা করেন। তদনন্তর তান্ত্রিকী পূজায় যথাস্থলে ঋষ্যাদি ন্যাস ও করাঙ্গন্যাসাদি করিয়া থাকেন। ন্যাস প্রভৃতি দ্বারা আপনাকে দেবসদৃশ জ্ঞান করত পূজা আরম্ভ করিতে হয়। *

---

* তান্ত্রিকী পূজার ন্যায় তান্ত্রিক স্নানেরও বিধি আছে। ভ্রমবশতঃ যথাস্থানে তাহার উল্লেখ না হওয়াতে এই স্থানে লিখিত হইল, যথা—

নিত্যস্নানান্তে দীক্ষাস্নান অর্থাৎ তান্ত্রিক স্নান করিতে হয়। প্রথমতঃ আচমন পূর্ব্বক "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকতিথৌ অমুকদেবতাপ্রীতয়ে স্নানমহং করিষ্যে" বাক্যে সংকল্প করিয়া প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করত সম্মুখস্থ জলে "ওঁ গঙ্গে চ যমুনে" ইত্যাদি মন্ত্র দ্বারা অঙ্কুশমুদ্রা-যোগে তীর্থ আবাহন করিবে। তৎপরে ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক কবচমুদ্রা দ্বারা ঐ জল বেষ্টন করত অস্ত্রমুদ্রা দ্বারা উহার রক্ষা করিবে। তৎপরে উহার উপর একাদশবার মূলমন্ত্র জপ করিয়া তজ্জল হইতে সূর্য্যাভিমুখে দ্বাদশবার জল নিক্ষেপ করিবে। পরে ঐ জলকে নিজ ইষ্টদেবতার পাদপদ্মনিঃসৃত জ্ঞান করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করিতে হয়। পরে ডুব দিয়া জলের উপর

তান্ত্রিকী পূজায় প্রথমতঃ মন্ত্রাচমন পূর্ব্বক "এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ" বলিয়া পূজা করিবে। পরে ঋষ্যাদিন্যাস করতে হয়। সক্ষম হইলে পীঠন্যাসও করিতে পারে। ঋষ্যাদিন্যাস যথা—

"অমুকমন্ত্রস্য অমুক-ঋষিঃ অমুকচ্ছন্দঃ অমুকদেবতা অমুকবীজং অমুকশক্তিঃ অমুককীলকং মম ইষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। (শিরসি) অমুকঋষয়ে নমঃ, (মুখে) অমুকচ্ছন্দসে নমঃ, (হৃদি) অমুকদেবতায়ৈ নমঃ, (গুহ্যে) অমুকবীজায় নমঃ, (পাদয়োঃ) অমুকশক্তয়ে নমঃ, (সর্ব্বাঙ্গে) অমুককীলকায় নমঃ।"

এই সমস্ত মন্ত্র দ্বারা যথাযথ স্থান স্পর্শ করিতে হয়। তদনন্তর মূলমন্ত্রে করন্যাস, অঙ্গন্যাস ও প্রাণায়াম করিবে। পরে ব্যাপক ন্যাস করিবে, যথা—মূলমন্ত্র প্রত্যেকে উচ্চারণ করত সাতবার বাহুযুগল দ্বারা হৃদয়াভিমুখে শিরঃপ্রদেশ হইতে পাদাবধি বায়ু বিতাড়িত করিয়া আকর্ষণ করিবে। দেবতাভেদে যথাবিহিত মুদ্রা প্রদর্শন পূর্ব্বক দেবতার প্রথমধ্যানান্তে বিশেষার্ঘ্য স্থাপন করিতে হয়, যথা—

প্রথমধ্যানের পর মস্তকোপরি পুষ্প প্রদান করত মনে মনে পাদ্যাদি দ্বারা মানসোপচারে দেবমূর্ত্তির অর্চ্চনা করিবে। তদনন্তর অর্ঘ্য স্থাপন পূর্ব্বক পুনরায় ধ্যান করিয়া পাদ্যপ্রদানান্তে

তিনবার মূলমন্ত্র জপ করিয়া স্বীয় শিরোদেশে তিনবার ছিটাইয়া দিবে। শূদ্রজাতি ও স্ত্রীগণ সঙ্কল্পকালে বিষ্ণুর্নমঃ তৎসৎ ইত্যাদি পাঠ করিবে। অদাক্ষিতের তান্ত্রিক স্নান নাই।

এই অর্ঘ্য দিতে হয়। পূজকের বামপার্শ্বে ভূতলে দেবতার বীজ-মন্ত্র লিখিয়া তাহার উপর ত্রিকোণমণ্ডল অঙ্কিত করিবে। পরে তদুপরি একটী গোল বৃত্ত ও চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করত "ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ" মন্ত্রে অক্ষত প্রদান করিবে। তাহার উপর ত্রিপদিকা স্থাপন পূর্ব্বক "ফট্‌" মন্ত্রে অর্ঘ্যপাত্র প্রক্ষালন করত প্রণবমন্ত্রে তিনবারে শঙ্খের তিনভাগ জলপূর্ণ করিবে। পরে প্রণবমন্ত্রে শঙ্খের অগ্রে অর্ঘ্য সাজাইয়া "মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ" মন্ত্রে ত্রিপদিকায়, "অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ" মন্ত্রে শঙ্খে এবং "উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" মন্ত্রে শঙ্খস্থজলে অক্ষত প্রদান করিবে এবং মূলমন্ত্রে একটী পুষ্প দিতে হইবে। পরে "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে জলশুদ্ধি করত "ওঁ অমুকদেব ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আত্মহৃদয় হইতে তেজোময় দেবতাকে শঙ্খস্থ জলে আবাহন করিয়া "হুং" মন্ত্রে অর্ঘ্যোপরি অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন করিবে। পরে "বষট্‌" বলিয়া গালিনী মুদ্রা * সঞ্চালন করত "বৌষট্‌"

---

* অবগুণ্ঠনমুদ্রা যথা—বাম করের মুষ্টি হইতে অধোমুখ সরল তর্জ্জনীকে "হুং" মন্ত্রে একবার দক্ষিণাবর্ত্তে ঘূরাইলেই তাহার নাম অবগুণ্ঠন মুদ্রা। গালিনী মুদ্রা।—সরল বামহস্ত-তলে দক্ষিণ হস্তাঙ্গুলী আর দক্ষিণ হস্ততলে বামকরাঙ্গুলিসমূহ স্থাপন করত বামাঙ্গুষ্ঠ সহ দক্ষিণ কনিষ্ঠাগ্র এবং দক্ষিণ অঙ্গুষ্ঠাগ্র সহ বাম কনিষ্ঠাগ্র সংযোগ করিলেই গালিনী মুদ্রা হয়।

মন্ত্রে অর্ঘ্য দর্শন করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ আং হৃদয়ায় নম, এতে গন্ধপুষ্পে ওঁ ঔঁ নেত্রাভ্যাং বৌষট্, এতে গন্ধপুষ্পে ওঁ অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া গন্ধপুষ্প দ্বারা তদুপরি পূজা করিতে হয়। * তদনন্তর মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করত তাহার উপর দশধা "ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" জপ করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন করিবে। কাল্যাদি বিষয়ে যোনিমুদ্রা ও ভূতনী মুদ্রা প্রভৃতি দেখাইতে হয়। † তৎপরে কোশায় কিঞ্চিৎ জল ঢালিয়া কোশাস্থ জলের কিঞ্চিৎ লইয়া পূজাদ্রব্যে প্রক্ষেপ করিবে। তদনন্তর গুরুর ধ্যান করিতে হয়, যথা—

---

* সক্ষম হইলে ষড়ঙ্গেরই অর্চ্চনা করিতে পারে।

মৎস্যমুদ্রা যথা। অধোমুখ দক্ষিণহস্তপৃষ্ঠোপরি বামহস্ততল স্থাপন পূর্ব্বক অঙ্গুষ্ঠদ্বয় মৎস্যের ডানার ন্যায় নির্গত রাখিলেই তাহার নাম মৎস্যমুদ্রা।

† কৃতাঞ্জলি হইয়া বামহস্তাঙ্গুলীর রন্ধ্র-(ফাঁকে) চতুষ্টয়ে দক্ষিণহস্তের তর্জ্জন্যাদি চারিটি অঙ্গুলী প্রবেশ করাইয়া দিবে। তদনন্তর তর্জ্জনীদ্বয় খুলিয়া লইয়া চিতভাবে বক্র করত বাম-অনামিকা-পৃষ্ঠে দক্ষিণ তর্জ্জনী আর দক্ষিণ-অনামিকাপৃষ্ঠে বাম-তর্জ্জনী সংযোজিত করিবে। এইরূপ করিলেই অবশিষ্ট দক্ষিণ হস্তাঙ্গুলীসমূহের পৃষ্ঠে স্ব-স্ব-জাতীয় বামহস্তাঙ্গুলী সংলগ্ন হইবে। তৎপরে সর্ব্বোপরি উভয় অঙ্গুষ্ঠ অধোমুখে রাখিবে। ইহার নাম ভূতনী মুদ্রা।

যোনি মুদ্রা—ভূতনী মুদ্রা করত নিম্ন হইতে উভয় কনিষ্ঠাঙ্গুলী সর্ব্বোপরি উভয় অঙ্গুষ্ঠের নিম্নে পূর্ব্বের ন্যায় স্থাপন করিলেই যোনিমুদ্রা হয়।

গুরুধ্যানং।— শুদ্ধস্ফটিকসঙ্কাশং শুদ্ধক্ষৌমবিরাজিতং। গন্ধানুলেপনং শান্তং বরাভয়করাম্বুজং। মন্দস্মিতং নিজগুরুং কারুণ্যেনাবলোকিতং। বামোরুশক্তিসংযুক্তং শুক্লাভরণভূষিতং। স্বশক্ত্যা দক্ষহস্তেন ধৃতচারুকলেবরং। বামে ধৃতোৎপলায়াশ্চ সুরক্তায়া সুশোভনং। পরানন্দরসোল্লাস-লোচনদ্বয়-পঙ্কজং।

স্ত্রীগুরুধ্যানং।—সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণশোভিতে। প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাং। প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুং। পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রসুশোভনাং। রক্তকঙ্কণপাণিঞ্চ রক্তনূপুরশোভিতাং। শরদিন্দুপ্রতীকাশাং রক্তোদ্ভাসিতকুণ্ডলাং। স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাং॥

পরে "এতৎপাদ্যং ঐং শ্রীগুরবে নমঃ" তদনন্তর "এতে গন্ধপুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ" এই প্রকার নিয়মে পরমগুরু, পরাপরগুরু ও পরমেষ্ঠিগুরুর অর্চ্চনা করিবে। অনন্তর "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদিপীঠদেবতাভ্যো নমঃ" বলিয়া পূজা করিতে হয়। সক্ষম হইলে পৃথক্ পৃথক্‌রূপে পীঠদেবতাগণের পূজা করিবে। তৎপরে মূলমন্ত্রে পূজাধারে যন্ত্র অথবা পুষ্প প্রভৃতি স্থাপন করত পুনরায় দেবতার ধ্যানান্তে শক্ত্যনুসারে উপচার দ্বারা অর্চ্চনা করিবে।* অবশেষে মূলমন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া আবরণদেবতাদির অর্চ্চনা, প্রাণায়াম,ঋষ্যাদিন্যাস, করাঙ্গন্যাস,যথাশক্তি মূলমন্ত্র জপ,

* কালী প্রভৃতি শক্তিবিষয়ে অর্ঘ্যে স্বাহা, ধূপ দীপ মধুপর্ক ও আচমনীয়ে স্বধা, বস্ত্র ও আভরণে নিবেদয়ামি এবং পুষ্পদানে বৌষট্-অন্ত মন্ত্র উচ্চারণ করিবে; আর অন্যত্র নমঃশব্দান্ত করিয়া মন্ত্র পাঠ করিতে হয়।

গুহ্যাতিমন্ত্রে জপ সমর্পণ ও পুনর্ব্বার প্রাণায়াম এই সমস্ত সমাপন করত দেবতাকে ও গুরুদেবকে প্রণাম করিবে। তৎপরে কৃতাঞ্জলি হইয়া আত্মসমর্পণ করিতে হয়, যথা—

"ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাদিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্য-বস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎ সর্ব্বং ব্রহ্মার্পণমস্তু। মাং মদীয়ং সকলং সম্যক্ অমুকদেবতায়ৈ সমর্পয়ে। ওঁ তৎসৎ।"

দেবতার শরীরে আবরণদেবতার লয় চিন্তা করিতে হয়। তৎপরে বিসর্জ্জন করিবে, যথা—ঈশানকোণে ত্রিকোণ মণ্ডল অঙ্কন করত পূজাধার হইতে সংহারমুদ্রা-যোগে একটী নির্ম্মাল্য গ্রহণপূর্ব্বক আঘ্রাণান্তে পূর্ব্বকৃত মণ্ডলে রাখিবে। তৎকালে তেজোময় দেবতাকে শ্বাসপথদ্বারা হৃদয়কমলে পূর্ব্বের ন্যায় পুনঃসংস্থাপিত চিন্তা করিতে হয়। পরে কালিকাদিবিষয়ে "উচ্ছিষ্টচাণ্ডালিন্যৈ নমঃ." শক্তিবিষয়ে "শোষিকায়ৈ নমঃ," শিববিষয়ে "চণ্ডেশ্বরায় নমঃ" এবং বিষ্ণুবিষয়ে "বিশ্বক্সেনায় নমঃ" এই প্রকারে নির্ম্মাল্য দ্বারা অর্চ্চনা করিতে হয়।

ইতি তান্ত্রিকীপূজা।

মধ্যাহ্নকৃত্যম্।

(পঞ্চমযামার্দ্ধকৃত্যম্।)

দেবপূজার অন্তে পঞ্চমযামার্দ্ধে অর্থাৎ বেলা ১২ টা হইতে দেড় ঘটিকা পর্য্যন্ত সময়ের মধ্যে হোম, বৈশ্বদেব, বলি, অতিথি-সেবন, নিত্যশ্রাদ্ধ, গোগ্রাসদান ও ভোজন এই সমস্ত কার্য্য সম্পন্ন করিতে হয়। যথাক্রমে ঐ অনুষ্ঠানগুলির সংক্ষেপ বর্ণন হইতেছে।

(হোম।)

ইদানীন্তন কালে আমাদিগের দেশে সাগ্নিক ব্রাহ্মণ এক প্রকার নাই বলিলেই হয়। নিত্যহোমাও অতি বিরল। বিশেষতঃ নিত্যহোমের অনুষ্ঠানও তাদৃশ বৃহৎ বা কঠিন নহে। আহুতির সংখ্যাও অল্প এবং আহবনীয় বস্তুও মহার্ঘ্য বা দুষ্প্রাপ্য নহে। শাস্ত্রেও কথিত আছে যথা—

"গৃহমেধিনা যদশনীয়ং তস্য
হোমাবলয়শ্চ স্বস্বপুষ্টিসংযুক্তাঃ।"

অর্থাৎ গৃহীর খাদ্য যাহা, তাহার হবনীয় পোষণকারী বস্তুও তাহাই হইবে। বিশেষতঃ জলেও আহুতি-প্রদান হোমকার্য্যের স্থানীয় হইতে পারে; কেননা, শাস্ত্রেও আছে যে, "জুহুয়াদম্বুনাপি চ।" সুতরাং এরূপ অনায়াসসাধ্য অনুষ্ঠানটী যে লোপ হইয়া যায়, ইহার প্রতি যে প্রায় কেহই সেরূপ আস্থা প্রদর্শন করেন না, ইহা যাহার পর নাই দুঃখের বিষয়। যাহা হউক, নিত্য হোম যে প্রকারে করিতে হয়, তাহা নিম্নে লিখিত হইল * যথা—

"দ্বিজাতিভবনাদ্বাপি বহ্নিমানীয় সাধকঃ। বৌষড়ন্তেন মূলেন মন্ত্রিতং তং বিলোকয়েৎ॥"

প্রথমতঃ দ্বিজাতিগৃহ হইতে অগ্নি আনয়ন পূর্ব্বক বৌষড়ন্ত মূলমন্ত্র উচ্চারণ করত উহা অভিমন্ত্রিত করিবে ও নিরীক্ষণ করিবে।

* নিত্য হোমের প্রণালী অনেক প্রকার আছে, আমাদিগের বিবেচনায় যেটী অল্পায়াসসাধ্য ও ক্ষুদ্র বোধ হইল, তাহাই প্রকাশিত করিলাম।

"অগ্নিমাবাহয়েদস্ত্রমন্ত্রেণ তদনন্তরং।
হূঁ ফড়ন্তেন মূলেন ক্রব্যাদাংশং পরিত্যজেৎ॥"

তৎপরে "ফট্" এই মন্ত্রে অগ্নির আবাহন করিয়া হূঁ ফড়্ মূলমন্ত্র দ্বারা ক্রব্যাদাংশ ত্যাগ করিবে অর্থাৎ মূলমন্ত্র বলিয়া হূ ফট্ ক্রব্যাদেভ্যো নমঃ বলিয়া ক্রব্যাদাংশ ত্যাগ করিতে হয়।

"ততঃ ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ। চতুর্দ্দিক্ষু ওঁ বামায়ৈ নমঃ। এবং জ্যেষ্ঠায়ৈ, রৌদ্র্যৈ, অম্বিকায়ৈ।"

তৎপরে "ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ" বলিয়া পূজা করত চতুর্দ্দিকে উপরোক্ত মন্ত্রে বামা-জ্যেষ্ঠাদির পূজা করিবে।

"ততো মূলমুচ্চার্য্য অমুকদেবতাকুণ্ডায় নমঃ। ইতি কুণ্ডং সংপূজ্য তদধো বাগীশ্বরীং তত্তদ্দেবতারূপাং ঋতুমতীং ধ্যাত্বা যথোক্তবহ্নিমানীয় বীক্ষণাদিভিঃ সংস্কৃত্য রমিতি তস্মাৎ বহ্নি-মুদ্ধৃত্য মূলমুচ্চার্য্য হূং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা ইত্যনেন ক্রব্যা-দাংশং পরিত্যজ্য বহ্নিবীজেন সংরক্ষ্য হূং ইত্যবগুণ্ঠ্য ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য বাহুভ্যাং সমুদ্ধৃত্য কুণ্ডোপরি ত্রিঃ পরিভ্রাময়েৎ।"

পরে মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক "অমুকদেবতাকুণ্ডায় নমঃ" বলিয়া কুণ্ডের পূজা করত তদধোদেশে বাগীশ্বরীকে তত্তদ্দেব-তারূপা ঋতুমতী ধ্যান করিয়া যথোক্ত বহ্নি আনয়ন করিবে এবং বীক্ষণাদি দ্বারা সংস্করণ, "রং" বীজে তাহা হইতে বহ্নি উদ্ধরণ, মূলমন্ত্র উচ্চারণ করত হূং ফট্ ইত্যাদি মন্ত্রে ক্রব্যাদাংশ পরিত্যাগ, বহ্নিবীজ দ্বারা সংরক্ষণ, হূং মন্ত্রে অবগুণ্ঠন, ধেনু-মুদ্রা দ্বারা অমৃতীকরণ, এবং অবশেষে বাহুদ্বয় দ্বারা উত্তোলন পূর্ব্বক কুণ্ডোপরি তিনবার ভ্রামিত করিবে।

"ততো হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ ইত্যভ্যর্চ্চ্য, রং বহ্নিচৈতন্যায়

নমঃ ইতি চৈতন্যং সংযোজ্য, ওঁ চিৎপিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বং জ্ঞাপয় জ্ঞাপয় স্বাহা ইতি জ্বালয়েৎ।”

অনন্তর হ্রীঃ বহ্নিমূর্ত্তয়ে নমঃ” মন্ত্রে পূজন, “রং” ইত্যাদি মন্ত্রে চৈতন্য সংযোজন এবং “ওঁ চিং পিঙ্গল” ইত্যাদি মন্ত্রে প্রজ্জ্বলিত করিবে।

“ততঃ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনং। সুবর্ণ-বর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখং। ইত্যুপতিষ্ঠেৎ।”

পরে “অগ্নিং প্রজ্বলিতং” ইত্যাদি মন্ত্রে অগ্ন্যুপস্থান করিতে হইবে।

“ততো অগ্নে ত্বমমুকনামাসীতি নাম কৃত্বা ওঁ বৈশ্বানর জাত-বেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সধায় স্বাহা। অনেনা-র্ঘ্যাদিভিঃ সংপূজ্য ওঁ অগ্নের্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ। ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ ইত্যাদি অগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ। ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ। তদ্বাহ্যে ব্রাহ্ম্যাষ্ট-শক্তিভ্যো নমঃ। তদ্বহিঃ ওঁ পদ্মাদ্যষ্টশক্তিভ্যো নমঃ। তদ্বহিঃ ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ। তদ্বাহ্যে ওঁ বজ্রদ্যস্ত্রেভ্যো নমঃ। ইত্যনেন পূজয়েৎ।”

তদনন্তর “অগ্নে ত্বং অমকনামাসি” বলিয়া অগ্নির নামকরণ এবং “ওঁ বৈশ্বানর” ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যাদি দ্বারা পূজা করিয়া “ওঁ অগ্নেহিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ” ইত্যাদি মন্ত্র সমূহ দ্বারা যথাক্রমে উপরি উক্ত নিয়মে পূজা করিবে।

তৎপরে প্রাদেশপ্রমাণ দুইটী কুশপত্র ঘৃতমধ্যে নিক্ষেপ পূর্ব্বক সব্য, অপসব্য ও মধ্যভাগে ইড়া, পিঙ্গলা ও সুষুম্নাকে ধ্যান করত হোম করিতে প্রবৃত্ত হইবে। স্রুব দ্বারা দক্ষিণ-

ভাগ হইতে ঘৃত লইয়া "ওঁ অগ্নয়ে স্বাহা" মন্ত্রে অগ্নির দক্ষিণ নেত্রে এবং বামভাগ হইতে ঘৃত লইয়া "ওঁ সোমায় স্বাহা" মন্ত্রে বামনেত্রে হোম করিবে। তদনন্তর মধ্যভাগ হইতে ঘৃত লইয়া "ওঁ অগ্নীসোমাভ্যাং স্বাহা" মন্ত্রে অগ্নির ললাটস্থ নেত্রে হোম করিতে হয়; পুনরায় "নমঃ" মন্ত্রে দক্ষিণভাগ হইতে ঘৃত লইয়া "ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" মন্ত্রে অগ্নির মুখদেশে আহুতি দিবে। তৎপরে "ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা" এই মন্ত্রে তিনবার আহুতি দিতে হয়। পরে মূল-মন্ত্র দ্বারা অগ্নিতে পীঠদেবতার পূজা করিয়া অগ্নিমুখে মূল-মন্ত্র দ্বারা পঞ্চবিংশতি ঘৃতাহুতি প্রদান করিবে। অনন্তর বহ্নি ও দেবতার সহ আত্মার ঐক্য চিন্তা করিয়া মূলমন্ত্র দ্বারা একা-দশ আহুতি দিতে হয়। তৎপরে "মূলমন্ত্রস্য অঙ্গদেবতাভ্যঃ স্বাহা" বলিয়া একটী আহুতি দিবে। পরে সঙ্কল্প করিয়া তত্তৎ-কল্পোক্ত দ্রব্য দ্বারা হোম করত মূলমন্ত্র দ্বারা পূর্ণাহুতি দিবে। তৎপরে সংহার মুদ্রা দ্বারা স্বেষ্ট দেবতাকে হৃদয়ে আন-য়ন পূর্ব্বক "ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন, পরে দক্ষিণা ও তৎপরে অচ্ছিদ্রাবধারণ করিবে।

ইতি নিত্যহোমবিধিঃ।

(বৈশ্বদেব।)

তৎপরে বৈশ্বদেব-পূজা করিবে। "ও বিশ্বদেবায় নমঃ" এই মন্ত্রে যথাবিধি পূজা করিলেই বৈশ্বদেবক্রিয়া সমাহিত হয়। *

(বলিকর্ম্ম।)

তদনন্তর বলিকর্ম্ম করিবে অর্থাৎ এই ক্রিয়ায় বিশ্বব্যাপক যাবতীয় প্রাণীদিগকে অন্ন প্রদান করিতে হয়। মন্ত্র যথা,—

"দেবা মানুষ্যাঃ পশবো বয়াংসি
সিদ্ধাঃ সযক্ষোরগদৈত্যসংঘাঃ।
প্রেতাঃ পিশাচাস্তবরঃ সমস্তা
যে চান্নমিচ্ছন্তি ময়া প্রদত্তং॥
পিপীলিকাকীটপতঙ্গকাদ্যা
বুভুক্ষিতাঃ কর্ম্মনিবদ্ধবদ্ধাঃ।
প্রায়স্তু তে তৃপ্তিমিদং ময়ান্নং
তেভ্যো বিসৃষ্টং মুদিতা ভবন্তু॥

---

* সন্ধ্যাকালে ও প্রাতে বৈশ্বদেবের পূজা ও বলিকর্ম্ম না করিয়া আহার করিলে পাপী হইতে হয়, যথা—

"সায়ং প্রাতর্বৈশ্বদেবঃ কর্ত্তব্যো বলিকর্ম্ম চ।
অনশ্নতাপি কর্ত্তব্যমন্যথা কিল্বিষী ভবেৎ॥"

এই বৈশ্বদেব কর্ম্ম আর কিছুই নহে, ইহাও প্রকারান্তরে এক প্রকার বিষ্ণুর আরাধনা। যাহা সমষ্টিভাবে বিষ্ণু বলিয়া কথিত, তাহাই ব্যষ্টিভাবে বিশ্বদেব শব্দে অভিহিত।

যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-
নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ
প্রয়ান্তু তৃপ্তিং মুদিতা ভবন্তু॥
যে চান্যে পতিতাঃ কেচিদ-
পাত্রাঃ পাপযোনয়ঃ॥

বলিপ্রদানকালে মনে মনে এইরূপ চিন্তা করিতে হয় ও পাঠ করিতে হয়, * যথা—

"ভূতানি সর্ব্বাণি তথান্নমেত-
দহঞ্চ বিষ্ণুর্ন যতোঽন্যদস্তি।
তস্মাদহং ভূতনিকায়ভূত-
মন্নং প্রযচ্ছামি ভবায় তেষাং॥

---

* গৃহীই সকল জীবের আশ্রয়স্বরূপ, সুতরাং সকলকে আহার না দিয়া কদাচ স্বয়ং ভোজন করিতে পারে না। এই জন্যই বলিকর্ম্মের ব্যবস্থা হইয়াছে যথা—

"ভুবি ভূতোপকারায় গৃহী সর্ব্বাশ্রয়ো যতঃ।
শ্ব-চণ্ডালবিহঙ্গানামন্নং দদ্যাত্ততো নরঃ॥"

পুরুষানুক্রমিক এই প্রকার সদানুষ্ঠানের ফলেই ভারত-বাসী আর্য্যজাতিরা অন্যান্য জাতির অপেক্ষা দয়ার্দ্র, পরার্থজীবী ও হিংসাবর্জ্জিত হইয়াছেন সন্দেহ নাই। এইরূপ শাস্ত্রশিক্ষিত অনুষ্ঠানের দ্বারা সর্ব্বভূতে দয়ার ও পরোপকারিতার অভ্যাস যে প্রকার সাধিত হয়, অন্য জাতির পক্ষে তাহা কল্পনাশক্তিরও অগোচর।

(অতিথিসৎকার।)

বলিসমাধানান্তে অতিথি সৎকার করাই আর্য্যজাতির প্রধান তম নিত্যকর্ম্ম। অভ্যাগত ব্যক্তিকে ব্রহ্মার স্বরূপ জ্ঞান করাই গৃহীর কর্ত্তব্য। যথা—

"হিরণ্যগর্ভবুদ্ধ্যা তং মন্যেতাভ্যাগতং গৃহী।"

অতিথি প্রিয় হউক, দ্বেষ্য হউক, মূর্খ হউক, বিদ্বান্ হউক্, যেরূপই হউক্ না কেন, বৈশ্বদেবক্রিয়ার অন্তে যে অতিথি লাভ করা যায়, তাঁহা হইতে স্বর্গলাভ হইয়া থাকে, যথা—

"প্রিয়ো বা যদি বা দ্বেষ্যো মূর্খঃ পণ্ডিত এব বা।
সংপ্রাপ্তো বৈশ্বদেবান্তে সোঽতিথিঃ স্বর্গসংক্রমঃ॥"

অতিথি সমাগত হইলে তাঁহার নিবাস, নাম, কুল, বিদ্যা প্রভৃতি জিজ্ঞাসা করিতে নাই। ঐ সমস্ত বিষয় জিজ্ঞাসা করিয়া অন্ন প্রদান করিলে অন্নদান নিষ্ফল হয় এবং দাতার স্বর্গলাভের আশা থাকে না, যথা—

"দেশং নাম কুলং বিদ্যাং পৃষ্ট্বা যোন্নং প্রযচ্ছতি।
ন স তৎফলমাপ্নোতি দত্ত্বা স্বর্গং ন গচ্ছতি॥"

(নিত্যশ্রাদ্ধ।)*

প্রাচীন শাস্ত্রকারেরা আমাদিগকে ধর্ম্মশীল করিবার জন্য যে সমস্ত উপায় উদ্ভাবন করিয়া গিয়াছেন, তন্মধ্যে পূর্ব্বপুরুষগণের

---

* শাস্ত্রোক্ত বিধানে পিতৃকর্ম্মকেই শ্রাদ্ধ বলা যায় অর্থাৎ পিতৃগণের উদ্দেশে শ্রদ্ধা সহকারে যে অন্নাদি দান, তাহাকেই শ্রাদ্ধ কহে। সুসংস্কৃত ব্যঞ্জন, দধি, দুগ্ধ, ঘৃত এই সমস্ত দ্রব্য

স্মৃতি জাগরুক করাও একটী প্রধানতম উপায় সন্দেহ নাই। এই কারণেই পূর্ব্বপুরুষগণের স্মারক শ্রাদ্ধক্রিয়া বৎসরে বৎসরে সাধনের যেরূপ একটা প্রথা প্রচলিত রহিয়াছে, তদ্রূপ মাসে মাসে, বিশেষ পর্ব্বদিবসে এবং প্রতি দিনেও করিবার নিয়ম আছে। তবে নিত্যশ্রাদ্ধে বিশেষ বাহুল্যানুষ্ঠানের আবশ্যক করে না। এই শ্রাদ্ধে পিণ্ডদান, ভোজ্য উৎসর্গ, বিশ্বদেবাবাহন,

---

শ্রদ্ধা সহকারে পিতৃগণকে প্রদান করা যায়, এই হেতুই ঐ কর্ম্মকে শ্রাদ্ধ কহে, যথা—

"সংস্কৃতব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধিঘৃতান্বিতং।
শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে॥"

শ্রাদ্ধ দ্বাদশবিধ;—(১) নিত্য, (২) নৈমিত্তিক, (৩) কাম্য, (৪) বৃদ্ধি (৫) সপিণ্ডন, (৬) পার্ব্বণ, (৭) গোষ্ঠীশ্রাদ্ধ, (৮) শুদ্ধ্যর্থক, (৯) কর্ম্মাঙ্গ, (১০) দৈবিক, (১১) যাত্রার্থ এবং (১২) পুষ্ট্যর্থ। প্রতিদিন যে-শ্রাদ্ধ করা যায়, তাহার নাম নিত্য। একোদ্দিষ্ট শ্রাদ্ধকে নৈমিত্তিক কহে; কামনা করিয়া অভিপ্রেতার্থ সিদ্ধির জন্য যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম কাম্য; বিবাহাদি কর্ম্মকালে কৃত শ্রাদ্ধকে বৃদ্ধিশ্রাদ্ধ কহে; পূর্ণসম্বৎসর-ক্রিয়মাণ-পার্ব্বণৈ-কোদ্দিষ্টেতিকর্ত্তব্যতাকশ্রাদ্ধের নাম সপিণ্ডন অর্থাৎ মৃত্যুর পর একবর্ষ পূর্ণ হইলে পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রীকরণরূপ শ্রাদ্ধকেই সপিণ্ডনশ্রাদ্ধ বলা যায়; অমাবস্যা অথবা পর্ব্বদিনকৃত শ্রাদ্ধের নাম পার্ব্বণ; বহুবিদ্বন্মণ্ডলীর সম্পৎ-সুখকামনায় পিতৃগণের তৃপ্ত্যর্থ গোষ্ঠীতে যে শ্রাদ্ধ করা যায়, তাহাকে গোষ্ঠীশ্রাদ্ধ কহে; শুদ্ধ্যর্থ শ্রাদ্ধ ও ব্রাহ্মণ ভোজনের

বলিক্রিয়া কিছুই করিতে হয় না। কেবলমাত্র ষট্‌পিতৃগণকে অর্থাৎ পিতৃপক্ষীয় তিন ও মাতামহপক্ষীয় তিন পুরুষকে স্মরণ করত কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন দিলেই যথেষ্ট হয়। কিঞ্চিৎ জল দিলেও কার্য্য সমাহিত হইতে পারে, যথা—

"অহন্যহনি যৎ শ্রাদ্ধং তন্নিত্যমভিধীয়তে।
বৈশ্বদেববিহীনং তদশক্তাবুদকেন তু॥"

(গোগ্রাসদান।)

"সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্লন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥"

অর্থাৎ "সকলের হিতকারিণী, পুণ্যতমা, পুণ্যরাশিস্বরূপিণী, ত্রৈলোক্যজননীরূপা সুরভিনন্দিনীগণ মদ্দত্ত এই গ্রাস গ্রহণ করুন্" এই মন্ত্রে গোগ্রাস প্রদান করিতে হয়! *

নাম শুদ্ধ্যর্থ শ্রাদ্ধ; নিষেককালে, সীমন্তোন্নয়নে ও পুংসনবনসময়ে কৃত শ্রাদ্ধকে কর্ম্মাঙ্গ শ্রাদ্ধ কহে, দেবতার উদ্দেশে শ্রাদ্ধের নাম দৈবিক; দেশান্তরে গমনকালে ঘৃতদ্বারা কৃত শ্রাদ্ধকে যাত্রার্থ শ্রাদ্ধ কহে এবং আর্থোপচয় ও শরীরোপচয়ের জন্য যে শ্রাদ্ধ করা যায় তাহার নাম পুষ্ট্যর্থ শ্রাদ্ধ। বৃহস্পতির মতে শ্রাদ্ধ পঞ্চবিধ;—নিত্য, নৈমিত্তিক, কাম্য, বৃদ্ধি, পার্ব্বণ। কূর্ম্মপুরাণে লিখিত আছে যে, নিত্য, নৈমিত্তিক, কাম্য, বৃদ্ধি ও পার্ব্বণ, শ্রাদ্ধ এই পঞ্চবিধ। মৎস্যপুরাণে নিত্য, নৈমিত্তিক ও কাম্য এই ত্রিবিধ শ্রাদ্ধের উল্লেখ আছে।

* সুরভিকন্যা গাভীর প্রতি ভারতবাসী আর্য্যজাতির যে ঐকান্তিকী ভক্তি, ইহাদ্বারা তাহাই প্রকাশ পাইতেছে। গোজা-

(ভোজন।)

পঞ্চমযামার্দ্ধে যতগুলি ক্রিয়ার অনুষ্ঠান করিতে হয়,তন্মধ্যে ভোজনই সর্ব্বাপেক্ষা বৃহৎ ব্যাপার বলিতে হইবে। এই যামার্দ্ধে হোম, বৈশ্বদেব, বলি, অতিথিসেবা, নিত্য শ্রাদ্ধ, গোগ্রাসদান এই সকল কার্য্য শেষ করিয়া তৎপরে অনুষ্ঠেয় ভোজন ব্যাপার নির্ব্বাহ করিতে হইবে। পরন্তু যজ্ঞাশী হওয়াই শাস্ত্রের বিধি অর্থাৎ যজ্ঞের অবশিষ্টাংশ ভোজন করিবে। আবার বিধি হইল যে, "পঞ্চযজ্ঞান্নং হাপয়েৎ" দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, পিতৃ-যজ্ঞ, ও নরযজ্ঞ * নির্ব্বাহিত না করিলে গৃহীর ভোজন শাস্ত্রমতে হইতে পারে না। কিন্তু ভোজন করিতে হইবে বলিয়া যে যাহা তাহা আহার করিবে অথবা যেমন তেমন করিয়া খাইবে, তাহা শাস্ত্রে নিষিদ্ধ। যাহাতে আহারকালেও পাশব ভাব বিদ্যমান না থাকে, আর্য্য ঋষিগণ সেইরূপেই উপদেশ দিয়া গিয়াছেন। যথা—

"ইন্দ্রিয়প্রীতিজননং বৃথাপাকং বিবর্জ্জয়েৎ।"

অর্থাৎ যাহা কেবলমাত্র ইন্দ্রিয়গ্রামের প্রীতিজনক, তাদৃশ বৃথা পাক পরিত্যাগ করিবে।

তির সম্বন্ধে একটু বিশেষ করিবার জন্যই ভৌতবলি প্রদানের পর এই গোগ্রাসদানের বিধি নিবদ্ধ হইয়াছে।

* অধ্যাপনাকে ব্রহ্মযজ্ঞ, তর্পণকে পিতৃযজ্ঞ, হোমকে দেব-যজ্ঞ, বলিকে ভূতযজ্ঞ এবং অতিথিসৎকারকেই নৃযজ্ঞ কহে, যথা—

"অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণং।
হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনং॥"

"প্রাঙ্মুখোন্নানি ভুঞ্জীত শুচিঃ পীঠমধিষ্ঠিতঃ ।
বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্মুখঃ ॥"

পূর্ব্বাস্য হইয়া অন্নসেবন করিবে ; তৎকালে পবিত্র আসনে বসিবে, মুখ পরিষ্কার রাখিবে, প্রীতিপূর্ণচিত্তে ভোজন করিবে এবং বিদিঙ্মুখে বসিবে না অর্থাৎ কোণাকুণিভাবে বসিতে নাই।

অপিচ—"পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ প্রাঙ্মুখো মৌনমাস্থিতঃ"।
হস্তৌ পাদৌ তথৈবাস্যমেষা পঞ্চার্দ্রতা মতা ॥"

আবার এইরূপ বিধিও নির্দ্দিষ্ট আছে যে, প্রথমতঃ দেহের পাঁচটী অংশ আর্দ্র করিয়া তৎপরে পূর্ব্বাস্য হইয়া উপবেশন পূর্ব্বক আহার করিবে। হস্তদ্বয়, পদদ্বয় ও মুখ, ইহাকেই পঞ্চ অংশ থাকে। এই কয়টী অঙ্গ ধৌত করিয়া ভোজনে প্রবৃত্ত হইবেন। *

---

* আর্য্যশাস্ত্রে লিখিত আছে যে, আহারের সময়ে মৌনভাবে থাকিবে, কিন্তু ইউরোপ খণ্ডে ইহার বিপরীতাচরণ দৃষ্ট হয়। তাঁহারা এইরূপ মত প্রকাশ করেন যে, আহারের সময় কথোপকথন করিলে পরিপাকাদি ক্রিয়া সুন্দররূপে সমাহিত হইয়া থাকে। আমাদিগের যুক্তিতে ও বিবেচনায় স্পষ্টই উপলব্ধি হয় যে, কথোপকথন করিলে মুখের লালা-নিস্রাব কম হইয়া জিহ্বা শুষ্ক হইয়া উঠে। এই কারণেই বোধ হয়, ইউরোপবাসীরা আহারকালে ঘন ঘন সুরা বা জল পান করিয়া থাকেন। মুখের লালা শুষ্ক হওয়া আর মধ্যে মধ্যে জল পান করা কখনই পরিপাকক্রিয়ার অনুকূল নহে। তবে কথা এই যে, মাংস পরিপাক করিবার জন্য তত লালার আবশ্যক করে

"প্রাগ্দ্রবং পুরুষোশ্নন্ বৈ মধ্যে চ কঠিনানি চ।
পুনরন্তে দ্রবাশী তু বলারোগ্যে ন মুঞ্চতি॥"

আহারকালে প্রথমতঃ দ্রব পদার্থ ভোজন করিবে, মধ্যে কঠিন দ্রব্য এবং সর্ব্বশেষে পুনরায় দ্রব পদার্থ ভোজন করিতে হয়। এই প্রকার করিলে বলের বা স্বাস্থ্যের হানি হয় না। এতদ্ব্যতীত কোন্ রস কোন্ সময়ে সেবন করিতে হয়, তাহারও বিধি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, যথা—

"অশ্নীয়াত্তন্মনা ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসং।
লবণাম্লৌ তথা মধ্যে কটুতিক্তাদিকং তথা॥"

অর্থাৎ তন্মনা হইয়া প্রথমে মধুররস সেবন করিবে, তৎপরে লবণ, তদনন্তর অম্ল এবং অবশেষে কটু ও তিক্তরস সেবন করিবে। *

"পূজয়েদশনং নিত্যং দদ্যাচ্চৈতদকুৎসয়ন্।
দৃষ্ট্বা হৃষ্যেৎ প্রসীদেচ্চ প্রতিনন্দেচ্চ সর্ব্বশঃ॥"

না। ইহার আরও একটি স্পষ্ট দৃষ্টান্ত দেখা গিয়া থাকে যে, মাংসাশী জন্তুরা আহারকালে গর গর করিয়া শব্দ করে, কিন্তু উদ্ভিজ্জভোজীরা সেরূপ শব্দ করে না, বরং নিঃশব্দে আহার করিয়া থাকে।

* আমাদিগের দেশে আহারের নিয়ম ঠিক ইহার বিপরীত অর্থাৎ অস্মদ্দেশে প্রথমতঃ তিক্ত, তৎপরে কটু, তদনন্তর লবণ ও অম্ল এবং অবশেষে মধুর রস সেবন করা হয়; কিন্তু পঞ্জাব-প্রদেশের ব্রাহ্মণেরা অদ্যাপি উপরোক্ত শাস্ত্রবিধির অনুবর্ত্তী হইয়া ভোজন-ক্রিয়া সমাহিত করেন।

আহরীয় দ্রব্য সম্মুখভাগে উপস্থিত হইলে মনের ভাব যেরূপ হওয়া উচিত, এই শ্লোকে তাহাও স্পষ্ট উপলব্ধি হইতেছে। অর্থাৎ প্রত্যহ আহারীয় দ্রব্যের আদর করিবে, ভক্ষ্য দ্রব্যের নিন্দা করিতে নাই, আহারীয় দর্শনমাত্র পুলকিত হইবে এবং সর্ব্বথা হর্ষযুক্ত হইয়া থাকিবে। ভোজনের পাত্র যে প্রকারে রাখিতে হয়, তাহাও শাস্ত্রে উক্ত আছে, যথা—

"উপলিপ্তে সমে স্থানে শুচৌ লঘ্বাসনান্বিতঃ।
চতুরস্রং ত্রিকোণঞ্চ মণ্ডলঞ্চার্দ্ধচন্দ্রকং।
কর্ত্তব্যমানুপূর্ব্বেণ ব্রাহ্মণাদিষু মণ্ডলং ॥"

অর্থাৎ গোময় দ্বারা উপলিপ্ত, সম ও পবিত্র স্থলে লঘু আসনোপরি সমাসীন হইবে এবং চতুরস্র অথবা ত্রিকোণ কিম্বা বৃত্ত বা অর্দ্ধচন্দ্রাকৃতি মণ্ডল আঁকিয়া আনুপূর্ব্বিক ক্রমে বিপ্র, ক্ষত্র, বৈশ্য ও শূদ্র ভোজন করিবে।

"অপ্যেকপংক্ত্যা নাশ্নীয়াৎ সংবৃতঃ স্বজনৈরপি।
ভস্মস্তম্বজলদ্বারমার্গৈঃ পঙ্‌ক্তিঞ্চ ভেদয়েৎ ॥"

আত্মীয়জনের সহিতও একপঙ্‌ক্তি হইয়া আহার করিতে নাই। ভস্ম, তৃণ কিম্বা জলের অঙ্ক দিয়া পংক্তিভেদ করিয়া লইবে। *

আহারের সময় প্রথমতঃ পঞ্চ বাহ্য বায়ুর উদ্দেশে ভূতলে

* এখানে ভস্ম শব্দে হোমজাত ভস্ম বুঝিবে। অন্য কোনরূপ ভস্ম হইলে চলিবে না। মহারাষ্ট্রীয় ব্রাহ্মণেরা জলের অঙ্ক দিয়া তদুপরি পঞ্চগুঁড়ি বিন্যাস করত পংক্তিভেদের চিহ্নগুলি পরম সুন্দর করিয়া থাকেন।

কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন দিয়া গণ্ডূষ গ্রহণ করত অন্তর্বায়ু-পঞ্চকের আহুতি দিয়া উৎসর্গীকৃত অন্ন ধীরে ধীরে অঙ্গুলীর পর্ব্বমাত্র-যোগে আহার করিবে এবং তৎকালে বাগ্‌যত হইয়া থাকিবে।

"লশুনং গৃঞ্জনঞ্চৈব পলাণ্ডুং করকাণি চ।
অভক্ষ্যাণি দ্বিজাতীনাং অমেধ্যপ্রভবাণি চ॥"

লশুন, গাজোর, পলাণ্ডু, (পেঁয়াজ), ছত্রাক এবং অমেধ্য দ্রব্য ভক্ষণ করা বিপ্রগণের অকর্ত্তব্য। *

---

* ভোজনের দোষ-গুণে মানুষের স্বভাবেরও পরিবর্ত্তন হইয়া থাকে। বস্তুতঃ দেহযন্ত্রে পাকক্রিয়ার দ্বারা মথিত হই য়াই অন্তঃকরণাদি সংঘটিত হইয়া থাকে; সুতরাং ভক্ষ্যদ্রব্যে গুণ-দোষ যে অন্তঃকরণবৃত্তিতে সংক্রামিত হইবে, তাহাতে সন্দেহ নাই। আহারের দোষ-গুণ এক পুরুষ হইতে তৎপরবর্ত্তী পুরুষান্তরেও সংক্রামিত হইবার সম্ভব। এই জন্যই আর্য্যশাস্ত্র সত্ত্বগুণবিরোধী কতকগুলি দ্রব্যের আহার দ্বিজাতিগণের পক্ষে নিষেধ করিয়া রাখিয়াছেন। প্রসবের পর দশদিনের মধ্যে ছাগীর, মেষীর, গোরুর, সন্ধিনীর, (বৃষের জন্য ইচ্ছাবর্ত্তী গোরুর,), উষ্ট্রীর, মৃতবৎসা বা দূরস্থবৎসা ধেনুর, মহিষীর রাসভাদি একশফের দুগ্ধ সেবন করিতে নাই। কেন না ঐ সকল দুগ্ধ রোগোৎপত্তিকর, মনের অপকর্ষজনক এবং তাদৃশ দুগ্ধগ্রহণ স্বল্পবয়স্ক বৎসের প্রতি নৃশংসতাপ্রকাশক। ব্যভি চারিণী, বার্দ্ধুষিক, পতিত, গণিকা, মত্ত, ক্রুদ্ধ, ক্রূর, আতুর পিশুন, শত্রু, স্ত্রীজিত, ব্যাধ, সূত্রধর, চোর, গায়ক, মিথ্যাবাদী উচ্ছিষ্টভোজী, ইহাদিগের অন্ন ভোজন করিবে না। অবশ্য

"বৃথা-কৃষর-সংযাবপায়সাপূপমেব চ।
অনুপাকৃত-মাংসানি দেবান্নানি হবীংষি চ॥"

বৃথা কৃষর, অর্থাৎ কেবলমাত্র আত্মপ্রীতিসাধনার্থ প্রস্তুত কৃষর, (তিলতণ্ডুলপক্ক বস্তু), কিম্বা সংযাব, (গুড়, ঘৃত, ক্ষীর ও গোধূমাদিচূর্ণ-পক্ক বস্তু) অথবা পায়স, বা পিষ্টক আহার করিতে নাই। অসংস্কৃত মাংস অর্থাৎ যাহা দেবতাকে নিবেদন করা হয় নাই তাদৃশ মাংস, দেবতার নৈবেদ্য ও হবিও ভোজন করিবে না। *

দত্ত, ভাবদুষ্ট, বাগ্দুষ্ট, ভ্রূণঘ্নী কর্ত্তৃক দৃষ্ট, রজস্বলাস্পৃষ্ট, ভুক্তোচ্ছিষ্ট, পদ দ্বারা মর্দ্দিত, এই সমস্ত অন্ন ভোজনও নিষিদ্ধ। মরণাশৌচান্ন, জননাশৌচান্ন, যাহার উপর হাঁচিয়াছে এরূপ অন্ন, সূতিকান্ন, বারোয়ারির অন্ন এবং উচ্চৈঃস্বরে ডাকিয়া দেওয়া অন্নও গ্রহণ করিবে না। অর্থাৎ দাতার ক্লেশকর, অথবা সন্দেহজনক, ঘৃণাকর, উদ্বেগকর ও অপবিত্রতাজনক দ্রব্য ভোজন করিতে নাই, উহাতে মনোমালিন্য জন্মিবার অবশ্যই সম্ভব। কালবশে বিকৃতিপ্রাপ্ত দ্রব্যও ভক্ষণ করিবে না। উহা দ্বারা সত্ত্বগুণের বিনাশ এবং তমোগুণের বৃদ্ধি হইয়া থাকে। এই কারণে দধি ও দধিজাত দ্রব্যাদি ব্যতীত সকল প্রকার শুক্তই পরিত্যজ্য। মধুর রস কালবশে অম্লরস হইলেই তাহার নাম শুক্ত। যেমন কাঁজি, বিনিগার ইত্যাদি। ফল, মূল, কন্দ ও পুষ্পাদি হইতে প্রস্তুত শুক্ত মত্ততাসাধক না হইলেই ভক্ষ্য।

* এই সমস্ত দ্রব্য অত্যন্ত ইন্দ্রিয়প্রীতিজনক ও অতি-

"দিবা পুনর্ন ভুঞ্জীতান্যত্র ফলমূলয়োঃ ॥"

দিবাভাগে দুইবার আহার করিতে নাই। একাধিকবার আহারের অভিলাষ হইলে ফল-মূলাদি ভক্ষণ করিবে।

রুচিকর। ঐ সমস্ত বস্তু অতিথি বা দেবতার জন্য প্রস্তুত হইলে উহারা লালসার উদ্রেক করিয়া প্রকৃতির ক্ষুদ্রতা সম্পাদন করিতে পারে না, এই কারণেই আর্য্যশাস্ত্র অতিথি ও দেবতার উদ্দেশে ঐ সমস্ত প্রস্তুতের বিধান করিয়াছেন।

তিথি, বার ও মাসাদিভেদেও কতকগুলি দ্রব্য ভোজনের নিষেধ আছে, সাধারণের বিদিতার্থ এস্থলে তাহা উদ্ধৃত হইল, যথা—প্রতিপদাদি পঞ্চদশী যাবৎ তিথিসমূহে ক্রমান্বয়ে কুষ্মাণ্ড, বৃহতী, পটোল, মূলা, বেল, নিম্ব, তাল, মাংস ও নারিকেল, লাউ, কলম্বী, শিম, পুঁই, বেগুণ, মাষকলায় ও মাংস এবং মাংস ভক্ষণ নিষিদ্ধ। মঙ্গলবারে মাংস নিষিদ্ধ। রবিবারে মাষকলায়, আমিষ, মসূর, রাঙ্গাশাক, নিম্ব, আদা, এই সমস্ত ভোজন করিতে নাই। কার্ত্তিক মাসে মৎস্য ও মাংস সেবন নিষিদ্ধ। কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয়া একাদশী তিথি হইতে পূর্ণিমা যাবৎ কয় দিনকে বকপঞ্চক কহে। ঐ কয়দিন মৎস্য বা মাংস আহার করিতে নাই। মাঘ মাসে মূলা ভক্ষণ নিষিদ্ধ। শয়নে অর্থাৎ আষাঢ় মাসের শুক্লপক্ষীয়া একাদশী হইতে কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশী যাবৎ পটোল, বেগুণ, কলম্বী, শ্বেতশিম্বী বরবটী ও কদম্ব ভক্ষণ নিষিদ্ধ। ভাদ্রমাসে অলাবু ভক্ষণ করিবে না। শ্বেতবর্ণ তাল, গোলাকার অলাবু, কুন্দপুষ্পবৎ শুভ্রবর্ণ বেগুণ, শ্বেত কলমী এবং শ্বেতবর্ণ কুষ্মাণ্ড

ভোজনের সময় স্বীয় অভীষ্ট-দেবকে অন্ন নিবেদন করিয়া দিবে। স্বয়ং যাহা ভোজন করিবে, স্বীয় দেবতাকেও তাহা নিবেদন করিবে। শাস্ত্রেও আছে, যথা—

"যদন্নঃ পুরুষো রাজন্ তদন্নস্তস্য দেবতাঃ।"
"লবণং ব্যঞ্জনঞ্চৈব ঘৃতং তৈলং তথৈব চ।
লেহ্যং পেয়ঞ্চ বিবিধং হস্তদত্তং ন ভক্ষয়েৎ॥"

লবণ, ব্যঞ্জন, ঘৃত, তৈল, লেহ্য বা পেয় ইহার কিছু হস্তে লইয়া পরিবেশন করিলে তাহার দত্ত দ্রব্য ভোজন করিবে না।

"যো ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যশ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ।
সোপানাৎকশ্চ যো ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরং॥"

বেষ্টিতশিরা হইয়া অর্থাৎ মস্তকে বস্ত্র বান্ধিয়া কিম্বা বিদিঙ্মুখ হইয়া অথবা উপানহ (জুতা) পায়ে দিয়া ভোজন করিলে তাহাকে আসুর ভোজন কহে। সুতরাং ঐরূপে ভোজন করিবে না। *

"অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যঞ্চাতিভোজনং।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ॥"

অতিভোজন করিলে রোগ জন্মে, আয়ুর হ্রাস হয়, স্বর্গ-

শাক ভক্ষণ করিতে নাই। স্ত্রীলোকের পক্ষে মাংস ভক্ষণ একেবারে নিষিদ্ধ।

* মাথায় কাপড় বান্ধিয়া কিম্বা কোণাকুণি বসিয়া অথবা জুতা পায়ে দিয়া ভোজন করিলে রজোগুণের বৃদ্ধি হয় ও সাত্ত্বিকগুণের লোপ পায়, এই জন্যই উহা নিষিদ্ধ।

লাভের ব্যাঘাত জন্মে, এবং উহা অপবিত্র, সর্ব্বজনবিদ্বেষকর; সুতরাং অতিভোজন পরিত্যজ্য। *

"ভুক্তাচামেদ্ যথোক্তেন বিধানেন সমাহিতঃ।
শোধয়েন্মুখহস্তৌ চ মৃদদ্ভির্ঘর্ষণৈরপি॥"

আহার শেষ হইলে যথাবিধানে আচমন করিতে হয়। মুখে ও হস্তে মৃত্তিকা এবং জল দিয়া ঘর্ষণ করত শোধন করিবে। †

"আচান্তোঽপ্যশুচিস্তাবৎ যাবৎ পাত্রমনুদ্ধৃতং।
উদ্ধৃত্যাপ্যশুচিস্তাবৎ যাবন্নোচ্ছিষ্টমার্জ্জনং॥"

আচমন করিলেও যাবৎ উচ্ছিষ্টপাত্র উত্তোলন করিয়া মার্জ্জন করা না যায় এবং উচ্ছিষ্ট স্থান লেপিত না হয়, তাবৎ ভোজনকর্ত্তার শুচিতা জন্মে না। এই জন্য আহার সমাপ্তিমাত্র উচ্ছিষ্টপাত্র মার্জ্জন ও তৎস্থান লেপন করিবে। আমাদিগের দেশের অনেকে রাত্রিযোগে আহারের উচ্ছিষ্টপাত্র তৎপরদিন মার্জ্জন করিয়া থাকেন; কিন্তু তাহা হিন্দু-আচারের সম্পূর্ণবিরুদ্ধ।

"পর্ণমূলে ভবেদ্ব্যাধির্পর্ণাগ্রে পাপসম্ভবঃ।
জীর্ণং পর্ণং হরেদায়ুঃ শিরা বুদ্ধিপ্রণাশিনী॥"

আচমনের পর তাম্বূল সেবন করিবে। কিন্তু পানের মূলে ব্যাধি জন্মে, উহার অগ্রে অর্থাৎ ডগা সেবন করিলে পাপ হয়,

---

* অধিক আহার করা ঘোর তমোগুণের আশ্রয়ীভূত এবং উহা অতীব ঘৃণিত ও অপবিত্র আচরণ; এই জন্য শাস্ত্রে উহার নিষেধ উল্লেখ হইয়াছে।

† সাক্ষাৎ সম্বন্ধে মুখের ও হাতের আর পরম্পরাসম্বন্ধে মনের বিশুদ্ধতা রক্ষার্থই এই বিধান বিধিবদ্ধ হইয়াছে।

জীর্ণ অর্থাৎ পচা পান ভক্ষণ করিলে পরমায়ু হ্রাস পায় আর পানের শিরা বুদ্ধি বিনাশ করে। এই জন্যই পানের মূল, অগ্র-ভাগ ও শিরা ফেলিয়া দিয়া পান প্রস্তুত করিবার প্রথা আমা-দিগের দেশে প্রচলিত আছে। *

"অনায়াসপ্রদায়ীনি কুর্য্যাৎ কর্ম্মাণ্যতন্দ্রিতঃ।"

তাম্বূল ভক্ষণের পর অতন্দ্রিত হইয়া অনায়াসপ্রদায়ী কর্ম্ম করিবে অর্থাৎ যে সমস্ত কার্য্য বিনা ক্লেশে সম্পাদিত করা যায়, তাহাতেই মনোনিবেশ করিবে।

(বিরুদ্ধ ভোজ্য।)

আহার সম্বন্ধে খাদ্যাখাদ্যের প্রতি বিশেষ দৃষ্টি রাখা সর্ব্বথা কর্ত্তব্য। কোন্‌টী উপযুক্ত ভোজ্য, কোন্‌টী বিরুদ্ধ ভোজ্য, কোন্ দ্রব্যের কি গুণ, এ সমস্ত পরিজ্ঞাত না হইয়া ভোজন-ব্যাপার সম্পাদন করিলে পদে পদে রোগ, শোক প্রভৃতি নানা-বিধ বিঘ্নজালে আবদ্ধ হইতে হয়। এই জন্য সংক্ষেপে ঐ সম্বন্ধের স্থূল স্থূল বিষয় লিখিত হইতেছে।

নারিকেল, তেঁতুল, জাম, কুল, কাঁঠাল, কয়েতবেল, আক-রোট, চালিতা, আমলকী, দাড়িম্ব, কামরাঙ্গা, আমড়া, মাদার ফল, মোচা, গোঁড়ালেবু, করমচা এবং অন্যান্য যাবতীয় দ্রব বা অদ্রব অম্লদ্রব্য দুগ্ধের সহিত মিশ্রিত করতঃ সেবন করিলে উহাকে বিরুদ্ধ ভোজ্য বলা যায়; সুতরাং তদ্রূপ আহার ত্যাগ করিবে। কাংস্যপাত্রে দশদিন ঘৃত রাখিলেই উহা বিরুদ্ধভোজ্য

---

* অনেকে পানের সমস্ত শিরা বাদ দিয়া ভক্ষণ করেন। মহারাষ্ট্রীয় ব্রাহ্মণেরাও সেইরূপ বিধি পালন করিয়া থাকেন।

হয়। শীতল অন্ন পুনরুষ্ণাকৃত হইলেই বিরুদ্ধ। মাষকলায়, সজিনাশাক, মূলা, মৎস্য, গ্রাম্য পশুর মাংস, অধিক জলযুক্ত দেশোৎপন্ন মাংস, গুড় এই সমস্ত দ্রব্য পরস্পর একটীর সহিত অপরটী মিশ্রিত করিলে অথবা যে কোনটীর সহিত দুগ্ধ মিশাইলেই বিরুদ্ধ হয়। কদলীর সহিত দধি ঘোল, দুগ্ধ বা তালফল মিশাইলেই বিরুদ্ধ ভোজ্য হইয়া থাকে। মূলা, ঘৃত, মধু বা মাংসের সহিত পাক করিলেই বিরুদ্ধ হয়। মধু উষ্ণ হইলেই বিরুদ্ধ। দুগ্ধের সহিত পরিপক্ক মাদারফল মিশ্রিত করিলেই বিরুদ্ধ আহার হয়। মৎস্যের সহিত মধু বা ইক্ষুরস মিশ্রিত হইলেই বিরুদ্ধ হইয়া থাকে।

(দুগ্ধাদির গুণ।)

গোদুগ্ধ।—রসায়ন, আয়ুর্ব্বৃদ্ধিকর, জীবন, বাতপিত্তহারক, বল্য, বায়ুনাশক ও পুষ্টিবর্দ্ধক।

অজাদুগ্ধ।—ক্ষয়কাসহারক, গ্রাহী, বাতপিত্তনাশক, শীতল ও মধুর।

মহিষীদুগ্ধ।—অগ্নিমান্দ্যকর, অতিশীতল, নিদ্রাজনক, গুরু ও মধুর। উহা শৃত ও শীতল হইলে পিত্তহারক এবং শৃতোষ্ণ হইলে কফবাত-নাশক হইয়া থাকে।

বিগত-বৎসার দুগ্ধ, বালবৎসার দুগ্ধ, ছেঁড়া দুগ্ধ এবং লবণযুক্ত দুগ্ধ সেবন নিষিদ্ধ।

(দধ্যাদির গুণ।)

গব্যদধি।—বলকর, স্নিগ্ধ, বাতনাশক এবং পাকে দীপক।

মহিষীদধি।—রক্তপিত্তপ্রসাদক, অতিশয় স্নিগ্ধ এবং পাকে

কফবৰ্দ্ধক, গুরু, বৃষ্য ও মধুর। ইহা অধিক অম্ল হইলে কফদোষ, পিত্তদোষ ও রক্তদোষ উৎপাদন করে।

গব্যঘৃত।—বলকর ও চক্ষুর তেজোবৰ্দ্ধক এবং পাকে বাত-পিত্তঘ্ন, শীতল ও মধুর।

মাহিষ ঘৃত।—কফকর, গুরু, রক্তপিত্তহর, স্বাদু, শীতল, বাতপিত্তনাশক ও মধুর।

তক্র।—এক চতুর্থাংশ জলমিশ্রিত করিলে দীপন, লঘু, অম্ল ও কষায়। ত্রিকটু ও ক্ষারের সহিত সেবন করিলে কফ বিনাশ পায়, সৈন্ধবের সহিত সেবন করিলে বাত ধ্বংস হয় এবং চিনির সহিত সেবন করিলে পিত্ত বিনাশ পায়।

ঘোল।—নির্জ্জল হইলে কফবৃদ্ধিকর এবং বাতপিত্তনাশক।

(ফলাদির গুণ।)

"সিন্ধূত্থ-শর্করা-শুণ্ঠী-কণা-মধু-গুড়ৈঃ ক্রমাৎ।
বর্ষাদিষ্বভয়া সেব্যা রসায়নগুণৈষিণা॥"

হরীতকী।—ঋতুবিশেষে সৈন্ধব, শর্করা, শুণ্ঠী, পিপ্পলী, মধু ও গুড় ইত্যাদির সহিত বর্ষাকাল হইতে পর পর ঋতুতে ব্যবহার করিলে সর্ব্ব দোষ বিনষ্ট হয়। অর্থাৎ বর্ষা ঋতুতে সৈন্ধবের সহিত, শরতে চিনির সহিত, হেমন্তে শুণ্ঠীর সহিত, শীতে পিপ্পলীর সহিত, বসন্তে মধুর সহিত এবং গ্রীষ্মকালে গুড়ের সহিত সেবন করিবে।

আমলকী।—"হরীতকী সমং ধাত্রীফলং কিন্তু বিশেষতঃ।
রক্তপিত্তপ্রমেহঘ্নং পরং বৃষ্যং রসায়নং।
হন্তি বাতং তদম্লত্বাৎ পিত্তং মাধুর্য্যশৈত্যতঃ।
কফং রুক্ষকষায়ত্বাৎ ফলং ধাত্র্যাস্ত্রিদোষজিৎ॥

হরীতকীতে যে গুণ আছে, আমলকীতেও সেই গুণ বর্ত্তমান। বিশেষ এই যে, আমলকী রক্তপিত্ত ও প্রমেহদোষের উপশম করে এবং উহা বীর্য্যকরী, আয়ুর্ব্বৃদ্ধিকরী, অম্লত্ব নিবন্ধন বাতাপহরী; মাধুর্য্য এবং শৈত্য নিবন্ধন পিত্তনাশিনী আর কষায়ত্ব ও রুক্ষত্ব বশতঃ কফনাশিনী। সুতরাং স্পষ্টই প্রতীত হইল যে, আমলকী ত্রিদোষ বিনাশ করিতে পটীয়সী।

দাড়িম্ব।—বৃষ্য, হৃদ্য, কফপিত্তবিরোধী, উষ্ণ, মধুর, বাতনাশক, কষায়, দীপন, অম্ল ও গ্রাহী।

পিয়ারা।—সারক, অম্ল ও মধুর।

কাঁঠাল।—শীতল, শুক্র ও কফ-বর্দ্ধক, মধুর, গুরুপাক, স্নিগ্ধ ও কষায়।

ইক্ষু।—শ্লেষ্মবৃদ্ধিকর, বলজনক, রক্তপিত্তহারক ও বৃষ্য। পাকে মূত্রল, স্নিগ্ধ, মধুর ও গুরু।

তেঁতুল।—পাকা হইলে বাতহর, অগ্নিবৃদ্ধিকর, ঈষৎ উষ্ণ, কফনাশক, রুক্ষ। কাঁচা হইলে কফপিত্তনাশক ও বাতঘ্ন।

কদলী।—গুরু, রুচ্য, মধুর, রক্তপিত্তনাশক, অম্ল, হৃদ্য, শীতল, কষায় ও বৃষ্য।

আম্র।—পাকা হইলে অগ্নিবৃদ্ধিকর, বলকর, মাংসশুক্রবর্দ্ধক, বাতহর, গুরু, রুচ্য ও হৃদ্য। অত্যন্ত কচি হইলে রক্তপিত্তজনক। মধ্যবিধ হইলে পিত্তবর্দ্ধক। আমশী হইলে শ্লেষ্মবাতহর, কষায়, ভেদক ও উষ্ণ।

নারিকেল।—কোমল অর্থাৎ নেয়াপাতি হইলে পিত্ত এবং পিত্তজ্বরনাশক আর দাহ-তৃষ্ণাহারক। ঝুনানারিকেল হইলে বলকর, শীতল, পিত্তনাশক ও স্বাদু।

কেশুর।—শীতল, বাতপিত্তনাশক ও শুক্রবর্দ্ধক।

পাতি ও কাগজিলেবু।—শ্বাসনিবারক, পিত্তকর, অম্ল, কফ-বায়ু-তৃষ্ণা-শূলছর্দ্দিনাশক, মধুর, অগ্নিকর, গুরু ও সুগন্ধি।

পানিফল।—পিত্তজনক, ধারক, গুরু ও শীতল।

আমড়া।—মলবদ্ধকর, শুক্রবৃদ্ধিকর, শ্লেষ্মল, মধুর, স্নিগ্ধ, শীতল ও গুরু।

নারাঙ্গালেবু।—পিপাসানাশক, কোষ্ঠশোধক, অরুচিনাশক, অগ্নিবৃদ্ধিকর ও হৃদ্য।

বিল্ব।—পাকা হইলে গ্রাহী, দুষ্পচ, সুগন্ধি ও মধুর। কচি হইলে কফবিনাশক, মলসংগ্রাহী, কষায়, কটু, পাচক, বাতনাশক, অগ্নিবৃদ্ধিকর, উষ্ণ ও তিক্ত।

(শাকাদির গুণ।)

"শাকেষু সর্ব্বে নিবসন্তি রোগা
রোগো হি দেহস্য বিনাশহেতুঃ।
তস্মাদ্বুধৈঃ শাকবিবর্জ্জনঞ্চ
কার্য্যং তথাম্লেষু ত এব দোষাঃ॥"

শাকে সমস্ত রোগই বিদ্যমান আছে, এবং রোগ হইতেই দেহ ধ্বংস প্রাপ্ত হয়। এই কারণেই বুদ্ধিমান্ ব্যক্তিরা শাক ত্যাগ করিবেন আর অম্লেও ঐ সমস্ত দোষ বিদ্যমান, সুতরাং অম্ল বর্জ্জন করাও সর্ব্বথা কর্ত্তব্য।

"স্নিগ্ধং নিষ্পীড়িতরসং স্নেহাক্তঞ্চ প্রশস্যতে।
সর্ব্বশাকমচক্ষুষ্যমজাজ্যেয়মমৈথুনং।
ঋতে পটোলবাস্তূককাকমাচীপুনর্নবাঃ॥"

যদি শাকের জল গালিয়া স্নেহের সহিত উত্তমরূপে পক্ব

করিয়া লওয়া যায়, তাহা হইলে শাকের দোষ নষ্ট হইয়া থাকে। পল্‌তা, বেতুয়া, কাকমাচী ও পুনর্নবা এই কয়টী শাক ব্যতীত সমস্ত শাকেই চক্ষুর তেজোনাশক এবং শুক্রতেজহর।

ব্রাহ্মীশাক।—স্বরশক্তিবর্দ্ধক, জরাদোষনাশক, আয়ুর্ব্বর্দ্ধক, স্মৃতিশক্তিবর্দ্ধক, মেধাকর ও কফপিত্তনাশক।

শুষ্‌নিশাক।—গাত্রদাহনাশক, ত্রিদোষহারক ও ধারক।

নিম্ব।—হৃল্লাসনিবারক এবং ইহা ব্রণ, কুষ্ঠ, কফ, পিত্ত ছর্দ্দি প্রভৃতি নাশ করে।

পালঙ্কশাক।—রুক্ষ, কফনাশক, বায়ুবর্দ্ধক ও পিত্তহর।

পল্‌তা।—পিত্তনাশক। পটোলফল ত্রিদোষ নষ্ট করে। ইহার ডাঁটা দ্বারা কফদোষ ধ্বংস হয়। ইহার মূল বিরেচক।

নটিয়াশাক।—গুরু, শীতল, মধুর, পিত্তহর ও অজীর্ণকর।

বাস্তুক অর্থাৎ বেতুয়া শাক।—পাকে অগ্নি ও বলবৃদ্ধিকর, এবং লঘু। যবক্ষার যোগে সেবন করিলে শুক্রবৃদ্ধি হয় এবং ক্রমি নাশ পায়।

মূলাশাক। ত্রিদোষকর, গুরু ও কোষ্ঠবদ্ধকর। সিদ্ধ হইলে পিত্তজনক এবং কফবায়ুনাশক।

(ধান্যাদির গুণ।)

হৈমন্তিক ধান্য।—সাধারণতঃ স্বল্পশুক্রবৃদ্ধিকর, কিঞ্চিৎ বায়ু ও কফবৃদ্ধিকর, মধুর রস ও স্থায়ী।

হৈমন্তিক নূতন ধান্য।—গুরু, স্নিগ্ধ, শ্লেষকর, স্বাদু ও শুক্র-বৃদ্ধিকর।

হৈমন্তিক পুরাতন ধান্য।—অগ্ন্যুদ্দীপক ও রুক্ষ

শারদীয় ধান্য ও গ্রীষ্মকালীন ধান্য ।—গুরু, পিত্তজনক ও রুক্ষ ।

শ্যামাধান্য ।—কফপিত্তহারী, শোষক, বাতবৃদ্ধিকর ও রুক্ষ ।

বোরোধান্য ।—গুরুপাক,মধুর ও অম্লরস এবং পিত্তবৃদ্ধিকর ।

খই ।—অগ্নিবৃদ্ধিকর, লঘুপাক । ইহা দ্বারা বমনরোগে তৃষ্ণা, কফ, পিত্ত, কাস, মেহ, অতিসার প্রভৃতি নষ্ট হয় ।

গোধূম ।—মলশোধক, বাতপিত্তহর, শ্লেষ্মাবৃদ্ধিকর, মধুর, শুক্রজনক, বল্য, গুরু ও স্থির ।

যব ।—পাকে পিত্তকফনাশক এবং কটু । অপক্কে স্নিগ্ধ, মধুর ও কষায় ।

তিল ।—"স্নিগ্ধো বল্যোঽল্পমূত্রোষ্ণো ব্রণলেপহিতশ্চ সঃ ।
সমাধুর্য্যাত্তথোষ্ণাচ্চ স্নেহাচ্চানিলনাশনঃ ।
কষায়ভাবান্মাধুর্য্যাত্তিক্তত্বাচ্চত্বাপি পিত্তহা ।
ঔষ্ণ্যাৎ কষায়ভাবাচ্চ তিক্তত্বাচ্চ কফে হিতঃ ॥"

তিল স্নিগ্ধ, বল্য, মূত্রলাঘবকর, উষ্ণ, ব্রণলেপে হিতকর, মধুর, উষ্ণ ও স্নেহগুণবশতঃ বায়ুহারক, কষায়ত্ব ও তিক্তত্ব বশতঃ পিত্তঘ্ন এবং উষ্ণত্ব কষায়ত্ব ও তিক্তত্ব হেতু শ্লেষ্মদোষনাশক ।

মসূর ।—পীতবর্ণ হইলে কৃমিজনক । রক্তবর্ণ হইলে বলকর ও সংগ্রাহী ।

সর্ষপ ।—উষ্ণ, কটু ও বাতঘ্ন ।

মাষকলায় ।—মাংসবর্দ্ধক, কফবৃদ্ধিকর, বায়ুবর্দ্ধক, স্নিগ্ধ এবং মেহকর ।

ছোলা ।—পুরুষত্বনাশক, মধুর, শীতল, বাতবর্দ্ধক, রক্তপিত্ত ও কফনাশক ।

মুগ।—ঈষৎ বায়ুবর্দ্ধক, চক্ষুর তেজোবৃদ্ধিকর, মধুর, কষায়, শীতল এবং পিত্তশ্লেষ্মনাশক।

অড়হর।—কফপিত্তহারক।

ডাইল।—সাধারণতঃ সমস্ত ডাইলই পাকে পিত্তহর, বলকর ও মধুর।

সৈন্ধব।—রেচক, ধাতুপোষক, দীপক, ত্রিদোষহারক, স্নিগ্ধ ও চক্ষুর তেজঃসম্পাদক।

মরিচ।—শুষ্ক হইলে শুক্রক্ষয়কর, রুক্ষ, লঘু ও আগ্নেয়।

তৈল।—পিত্তকর, বল্য, উষ্ণ, দীপক, কষায়, অম্ল ও রুক্ষ।

হিঙ্গু।—লঘু, শূলহারক, উষ্ণ, পাচক, কফবায়ুনাশক, তীক্ষ্ণ, অজীর্ণহারক।

আর্দ্রক।—ধাতুপোষক, অগ্নিবৃদ্ধিকর এবং মলবদ্ধ-আম-বাত-কফনাশক।

ধনিয়া।—শুষ্ক হইলে ইহা দ্বারা দাহ পিপাসা বায়ু কফ বমন প্রভৃতি নাশ পায়।

হরিদ্রা।—ইহা দ্বারা রক্ত পরিষ্কার হয় এবং বাত, ব্রণ, শোথ, কফ ও গাত্রকণ্ডু ধ্বংস হয়।

লবঙ্গ।—লঘু, উষ্ণ, দীপক এবং শূল ও আধ্মাননাশক।

কুমদ উৎপল ও পদ্ম।—ইহাদিগের নাল দ্বারা পিত্ত ও বায়ু বিনষ্ট হয়। ইহা পাকে মধুর।

ছোট এলাইচ।—অর্শ, কাস, শ্বাস, কফ ও মূত্রকৃচ্ছ্রে হিতকর।

বড় এলাইচ।—ইহা দ্বারা বায়ু, শুক্ররোগ, পিপাসা, কাস ও তৃষ্ণা বিনষ্ট হয়।

(তরকারি প্রভৃতির গুণ।)

বার্ত্তাকু।—"বার্ত্তাকুরেষা গুণসপ্তযুক্তা

বহ্নিপ্রদা মারুতনাশিনী চ।

শুক্রপ্রদা শোণিতবর্দ্ধিনী চ

হৃল্লাসকাসারুচিনাশিনী চ॥

সা বালা কফপিত্তঘ্না পক্কা রুক্ষা চ পিত্তলা।

সদাফলা ত্রিদোষঘ্না রক্তপিত্তপ্রণাশিনী॥"

বলিতে গেলে যাবতীয় তরকারির মধ্যে বার্ত্তাকুই শ্রেষ্ঠ। ইহার গুণ সপ্ত প্রকার যথা—(১) অগ্নিবর্দ্ধক, (২) বায়ুদোষনাশক,(৩) শুক্রপ্রদ, (৪) রক্তবর্দ্ধক,(৫) হৃল্লাসনাশক, (৬) অরুচিহারক এবং (৭) কাসনাশক। বেগুণ কচি হইলে কাসপিত্ত ধ্বংস করে এবং পক্ক হইলে পিত্তকর ও রুক্ষ হয়।

শিম্বী।—শুক্লবর্ণের শিমই উত্তম। অন্যান্য বর্ণের হইলে রুক্ষ।

মানকচু।—কটু, স্বাদু, শোথনাশক, শীতল ও গুরু।

কুষ্মাণ্ড।—দেশী কুমড়া পাকা হইলে সর্ব্বদোষনাশক, পথ্য, হৃদ্য, উষ্ণ, বস্তিশোধক, লঘু ও দীপন। মধ্যবিধ হইলে শ্লেষ্মনাশক। কচি হইলে পিত্তনাশক। উহার ডাঁটা কাস ও বাত নষ্ট করে এবং গুরু।

ঝিঙা।—বাতবৃদ্ধিকর, গুরু, কফপিত্তনাশক ও মলবৃদ্ধিকর।

কচু।—পিত্তবর্দ্ধক, আমবাতজনক ও গুরু।

অলাবু।—বাতশ্লেষ্মকর, পিত্তকর, কফনাশক, শীতল, মধুর ও গুরু।

ওল।—লঘু, অর্শরোগে হিতকর, দীপন, কোষ্ঠপরিষ্কারক, শ্লেষ্মঘ্ন।

কদলীমূল।—থোড় বা এঁটে অত্যন্ত বলকর, কফপিত্ত-নাশক এবং গুরু।

করোলা ও উচ্চে।—পিত্ত ও কাস নাশ করে।

মোচা।—দীপক, কৃমিনাশক, শ্লেষ্মহারক এবং কুষ্ঠ ও প্লীহাজ্বরনাশক।

মৎস্যাদির গুণ।

মৎস্য।—সাধারণতঃ কফপিত্তবৃদ্ধিকর, গুরুপাক, মধুর, স্নিগ্ধ ও শুক্রবৃদ্ধিকর।

ক্ষুদ্র মৎস্য।—গ্রহণী রোগে হিতকর, গ্রাহী ও লঘু।

মাংস।—সাধারণতঃ মাংসবৃদ্ধিকর, গুরু, বল্য, বাতনাশক ও বৃষ্য।

ইতি মধ্যাহ্নকৃত্য।

অপরাহ্ন-সায়াহ্ন-রাত্রিকৃত্যানি।

(ষষ্ঠ-সপ্তমাদি-যামার্দ্ধকৃত্যম্)

মধ্যাহ্নে আহারান্তে প্রশান্তভাব অবলম্বন পূর্ব্বক আসনে সমাসীন হইয়া ষষ্ঠ সপ্তমাদি যামার্দ্ধকৃত্যে প্রবৃত্ত হইতে হয়। যে সকল ক্রিয়া দ্বারা ধর্ম্ম ও জ্ঞানের পরিবৃদ্ধি হয় এবং যে সমস্ত ক্রিয়া চিত্তের প্রসাদজনক, এই যামার্দ্ধগুলিতে তত্তৎ-ক্রিয়ারই অনুষ্ঠান করিবে। আজি কালি আমাদের দেশে অনেক ব্যক্তি মধ্যাহ্ন ভোজন শেষ করিয়া শয়ন করিয়া থাকেন কিন্তু তাহা শাস্ত্রে সম্পূর্ণ নিষিদ্ধ, যথা—

"দিবা স্বপ্নং ন কুর্ব্বীত স্ত্রিয়শ্চৈব পরিত্যজেৎ।
আয়ুক্ষীণা দিবানিদ্রা দিবাস্ত্রী পুণ্যনাশিনী॥"

অর্থাৎ দিবাভাগে নিদ্রা যাইবে না এবং স্ত্রীসংসর্গও পরি-

ত্যাগ করিবে; কেন না, দিবানিদ্রা আয়ুক্ষয়করী এবং দিবাতে নারীসহবাস পুণ্যরাশির ক্ষয় করে। *

"ইতিহাসপুরাণানি সর্ব্বশাস্ত্রাণি চাভ্যসেৎ।
বৃথাবিবাদবাক্যানি পরীবাদঞ্চ বর্জ্জয়েৎ॥"

আহারের পর ইতিহাস, পুরাণ ও অন্যান্য ধর্ম্মশাস্ত্র প্রভৃতির আলোচনা করিবে। বৃথা বিবাদ অথবা পরনিন্দা এ সমস্তের আলোচনা করা সর্ব্বথা অকর্ত্তব্য।

"অহঃশেষং সমাসীত শিষ্টৈরিষ্টৈশ্চ বন্ধুভিঃ।"

এই প্রকারে থাকিয়া তৎপরে দিবার শেষভাগে কিঞ্চিৎ ভ্রমণ করিবে এবং শিষ্টজন ও আত্মীয় বন্ধুগণের সহিত সদালাপ

---

* অস্মদ্দেশে অনেকে দিবানিদ্রা শাস্ত্র নিষিদ্ধ বলিয়া তাহা পরিত্যাগ করেন সত্য, কিন্তু সেই সময়টী তাস-ক্রীড়াদি ব্যসনে বৃথা নষ্ট করিয়া থাকেন। ব্রাহ্মণের পক্ষে সেটীও সর্ব্বথা নিষিদ্ধ, যথা—

"দ্যূতমেতৎ পুরাকল্পে দৃষ্টং বৈরকরং মহৎ।
তস্মাদ্দ্যূতং ন সেবেত হাস্যার্থমপি বুদ্ধিমান্॥"

অর্থাৎ পুরাকালে এরূপ অনেক দৃষ্টান্ত দেখা গিয়াছে যে, দ্যূত দ্বারা বহুবিধ শত্রুতার উৎপত্তি হয়; সুতরাং হাস্যার্থও অর্থাৎ আমোদ করিয়াও দ্যূতক্রীড়া করা বুদ্ধিমানের কর্ত্তব্য নহে। আর্য্যশাস্ত্র সর্ব্বত্রই সত্ত্বগুণের পক্ষপাতী। দ্যূতক্রীড়াদি দ্বারা কেবলমাত্র তমোগুণের পোষণ হয় সন্দেহ নাই। এই জন্যই ভোজনের পর নিদ্রাদি বা দ্যূতক্রীড়াদি ত্যাগ করত করণীয় বিষয়ের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে।

করিবে। এই প্রকারে ষষ্ঠযামার্দ্ধ, সপ্তমযামার্দ্ধ ও অষ্টম যামার্দ্ধের কিয়দংশ অতীত হইলে সূর্য্যাস্তের এক দণ্ড বিলম্ব থাকিতে সায়ংসন্ধ্যায় প্রবৃত্ত হইতে হয় ও সায়ংসন্ধ্যা পশ্চিমাভিমুখ বা বায়ুকোণাভিমুখ হইয়া করিবে এবং সম্মুখ আকাশে তারকাদর্শন যাবৎ গায়ত্রী জপ করিবে। *

(রাত্রৌ প্রথমযামার্দ্ধকৃত্যম্।)

রাত্রির প্রথম যামার্দ্ধে অর্থাৎ ছয়টা হইতে নয়টা পর্য্যন্ত সময়ের মধ্যে দিবাকৃত সকল কর্ম্মের আলোচনা করিবে, অর্থাৎ দিবাভাগে কি কি কার্য্য করা হইয়াছে, তাহাই মনে মনে চিন্তা করিবে এবং প্রমাদবশে যে সকল কার্য্য দিবাভাগে অনুষ্ঠিত হয় নাই, সেই সকল বৈধকর্ম্মগুলির সম্পাদন করিবে ; † যথা—

---

* সন্ধ্যোপাসনা যে নিত্যক্রিয়া এবং অবশ্য কর্ত্তব্য, তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে এবং ইহা দ্বারা যে পরম ফলের উৎপত্তি হয়, তাহাতেও সন্দেহ নাই, যথা—

"সন্ধ্যামুপাসতে যে তু সততং সংযতব্রতাঃ।
বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ং॥"

অর্থাৎ সংযতব্রত হইয়া সন্ধ্যোপাসনা করিলে বিগতপাপ হইয়া অনায়াসে ব্রহ্মলোকে গমন করে।

† ফল কথা, নিত্যাচারের যাবতীয় অনুষ্ঠানগুলি যাহাতে যথাকালে অনুষ্ঠিত হয়, তাহাতে যত্নবান্ থাকা অবশ্য কর্ত্তব্য। অনুষ্ঠানের দ্বারা শিক্ষণীয় বিষয়ের সংস্কার দৃঢ়ীভূত হইয়া থাকে। বিশেষতঃ এই সকল বৈধকর্ম্মের অনুষ্ঠানের পরিণামফল যে কতদূর সুখাবহ ও অনির্ব্বচনীয়, তাহা বলা বাহুল্য

"দিবোদিতানি কর্ম্মাণি প্রমাদাদকৃতানি চ।
শর্ব্বর্য্যাঃ প্রথমে যামে তানি কুর্য্যাদতন্দ্রিতঃ॥"

অর্থাৎ প্রমাদতঃ দিবাবিহিত যে কার্য্য অকৃত রহিয়াছে, শর্ব্বরীর প্রথম যামে অতন্দ্রিত হইয়া সেই গুলি সম্পাদন করিবে।

এই প্রকারে রাত্রির প্রথম যামার্দ্ধে উপরোক্ত কার্য্যগুলি সম্পাদন পূর্ব্বক রাত্রিভোজনের পূর্ব্বকৃত্যস্বরূপ বৈশ্বদেব, বলি ও ও অতিথিসৎকার করিয়া স্বয়ং আহার করিবে। শাস্ত্রে কথিত আছে যে, দিবার অতিথি অপেক্ষা রাত্রির অতিথিকে অধিকতর সম্মাননা করিলে অধিকতর পুণ্যলাভ হইয়া থাকে।

মাত্র। বহুকাল যাবৎ অনুষ্ঠানের অনুসরণ দ্বারা অভ্যাস দৃঢ়ীভূত হইলে উচ্চ অধিকারীকে বাহ্য অনুষ্ঠান বিসর্জ্জনপূর্ব্বক শুদ্ধমানসকার্য্যে প্রবৃত্তি দিবার জন্য শাস্ত্রে মানসক্রিয়ার ভূরি ভূরি প্রশংসা দৃষ্ট হইয়া থাকে। মানসস্নান, মানসার্চ্চনা ও মানস জপ এই তিনটীই বাহ্যস্নান, বাহ্যপূজা ও বাহ্যজপ হইতে শ্রেষ্ঠ। ইহার কয়েকটী শাস্ত্রোক্ত উদাহরণ এই স্থলে প্রদত্ত হইল, ইহা দ্বারাই শাস্ত্রের গভীরতম তাৎপর্য্য উপলব্ধি হইবে। যথা—

"বায়ব্যাৎ মানসঞ্চেহ সর্ব্বস্নানাৎ পরং বরং।
মর্ত্ত্যশ্চেৎ মানসস্নাতঃ সর্ব্বত্র বিজয়ী ভবেৎ॥"

অর্থাৎ স্নান সম্বন্ধে বায়ব্য স্নানই সমস্ত স্নানাপেক্ষা প্রধান বলিয়া কথিত; কিন্তু সেই বায়ব্য স্নান হইতেও আবার মানস স্নান শ্রেষ্ঠ। মানব মানসস্নাত হইলেই সর্ব্বত্র বিজয়ী হইয়া থাকে। পূজা সম্বন্ধেও শাস্ত্রে কথিত আছে, যথা।—

(রাত্রিভোজন।)

আর্য্যশাস্ত্রে এইরূপ নিয়ম নির্দ্দিষ্ট আছে যে, রাত্রিকালে আহারবিষয়ে অতিতৃপ্তি পরিত্যাগ করিবে, অর্থাৎ রাত্রিযোগে উদর পূর্ণ করিয়া আহার করিতে নাই। অনেকের এইরূপ

"বাহ্যপূজা প্রকর্ত্তব্যা গুরুবাক্যানুসারতঃ।
অন্তর্যাগাত্মিকা পূজা সর্ব্বপূজোত্তমোত্তমা॥
বহিঃপূজা বিধাতব্যা যাবজ্ জ্ঞানং ন জায়তে।
জাতে জ্ঞানে চ দেবেশি দেবতামূর্ত্তিভাবনা॥"

অর্থাৎ গুরুর আদেশে বাহ্যপূজা করিবে। যাবতীয় পূজা অপেক্ষাই অন্তর্যাগ অর্থাৎ মানসিকী পূজা প্রধান। যতদিন জ্ঞানোদয় না হয়, ততদিনই বাহ্যপূজার অনুষ্ঠান করিবে। জ্ঞানোদয় হইলে কেবলমাত্র দেবমূর্ত্তি চিন্তা করিতে হয়। যজ্ঞ-সম্বন্ধেও শাস্ত্রের উক্তি যথা—

"যাবন্তঃ কর্ম্মযজ্ঞাঃ স্যুঃ প্রদিষ্টানি তপাংসি চ।
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীং।
মাহাত্ম্যং বাচিকস্যৈতৎ জপযজ্ঞস্য কীর্ত্তিতং।
তস্মাচ্ছতগুণোপাংশুঃ সহস্রো মানসঃ স্মৃতঃ॥"

অর্থাৎ যতরূপ কর্ম্মযজ্ঞ ও তপোবিধি আছে, তৎসমস্ত জপযজ্ঞের কলামাত্রও নহে। বাচিক জপের মাহাত্ম্যও তদ্রূপ। উপাংশুজপে অর্থাৎ ওষ্ঠমাত্র নড়িবে, শব্দ শ্রুত হইবে না এরূপ জপে পূর্ব্বোক্ত অপেক্ষা শতগুণ ফল এবং মানসজপে তদপেক্ষাও সহস্রগুণ ফল হইয়া থাকে। শৌচসম্বন্ধেও কথিত আছে, যথা—

সংস্কার ও ধারণা আছে যে, রাত্রিযোগে আহারের্র পরিপাক উত্তম হয়, সুতরাং দিবা অপেক্ষা রাত্রিকালে অধিক আহার করাই উচিত; কিন্তু সেটী তাঁহাদের সম্পূর্ণ ভ্রম। শাস্ত্রের বিধি মানিয়া রাত্রির আহারটা অতিতৃপ্তিকর না করাই উচিত।

"গঙ্গাতোয়েন কৃৎস্নেন মৃদ্ভারৈশ্চ নাগোপমৈঃ।
আমৃত্যোঃ স্নাতকশ্চৈব ভাবদুষ্টো ন শুধ্যতি॥"

অর্থাৎ সমস্ত গঙ্গোদক, গিরিপ্রমাণ মৃত্তিকা এবং আমরণ-কাল পর্য্যন্ত স্নান, এই সমস্ত দ্বারাও ভাবদুষ্ট ব্যক্তি পবিত্র হইতে পারে না। সুতরাং বাহ্য অনুষ্ঠান অপেক্ষা যে মানসক্রিয়া শ্রেষ্ঠ, তাহাতে সন্দেহমাত্র নাই। ফল কথা, নিত্যকৃত্যসম্বন্ধে যে সকল অনুষ্ঠান নির্দ্দিষ্ট আছে, তৎসমস্তই মানসকার্য্যের দ্বারা অনুকল্পিত হইতে পারে। এ বিষয়ে গৌতম ঋষিও বলিয়া গিয়াছেন, যথা—

"যদাঽসমর্থস্তদা মনসা সমগ্রমাচারমনুপালয়েৎ॥"

অর্থাৎ যাঁহারা কার্য্যতঃ সম্পাদনে অসমর্থ, তাঁহারা সমস্ত আচার মনে মনেই নির্ব্বাহিত করিতে পারেন। সুতরাং এটী একপ্রকার সংক্ষিপ্ত নিত্যকর্ম্মের মধ্যেই পরিগণিত বলিতে হইবে। কেননা, যাঁহারা চাকরী করিয়া জীবিকা নির্ব্বাহ করেন অথবা যাঁহারা অন্যান্য বিশেষ কারণে যথাকালে যথা-নিয়মে ক্রিয়াগুলির অনুষ্ঠানে অক্ষম, তাঁহারা রাত্রির প্রথম যামার্দ্ধে করিতে পারেন, অথবা মনে মনে সমস্তগুলি স্মরণ করিলেও কার্য্য নির্ব্বাহিত হইতে পারে।

শাস্ত্রে আরও উক্ত আছে যে, রাত্রিযোগে আহারের পরক্ষণেই শয়ন করিবে না, কিঞ্চিৎ বিলম্বে শয়ন করিতে হয়। ভৃত্য-গণকে তাহাদিগের রাত্রিতে করণীয় সম্বন্ধে আজ্ঞা প্রদান করিয়া পরে যথানিয়মে শয়ন করিবে।

(শয়ন।)

"শুচৌ দেশে বিবিক্তেষু গোময়েনোপলিপ্তকে।
প্রাগুদক্প্লবনে চৈব সম্বিশেত্তু সদা বুধঃ।
মাঙ্গল্যং পূর্ণকুম্ভঞ্চ শিরঃস্থানে নিধাপয়েৎ।
বৈদিকৈর্গারুড়ৈর্ম্মন্ত্রৈরক্ষাং কৃত্বা স্বপেত্ততঃ॥"

অসংলগ্নভাবে অর্থাৎ প্রাচীরাদিতে শয্যা স্পর্শ না হয়, এরূপে গোময়লিপ্ত, পবিত্র, নির্জ্জন স্থানে শিয়রে জলপূর্ণ কলস স্থাপন করত বৈদিক মন্ত্র ও গারুড় মন্ত্র উচ্চারণ করিয়া শয়ন করাই ধীমান্ ব্যক্তির কর্ত্তব্য।

"নাবিশালাং ন বৈ ভগ্নাং নাসমাং মলিনাং ন চ।
ন চ জন্তুময়ীং শয্যামধিগচ্ছেদনাস্তৃতাং॥
ন শুক্রেনাপবিত্রে চ ন তৃণে ন চ ভূতলে।
তুলিকায়াং তথা বস্ত্রে শয্যাভাবে স্বপেদ্গৃহী।
স্বপেন্ন পট্টবস্ত্রে চ কলঙ্কি-কম্বলেষু চ॥"

ক্ষুদ্র, ভগ্ন, উচ্চাবচ, মলিন, জন্তুময় অর্থাৎ যে বিছানায় ছারপোকা ইত্যাদি থাকে, আস্তরণহীন ও অপবিত্র শয্যায় শয়ন করিবে না। তৃণের উপর, কেবলমাত্র মাটীতে, পট্টবস্ত্রে অথবা দাগযুক্ত কম্বলে শয়ন নিষিদ্ধ। শয্যার অভাব হইলে ভূতলে কার্পাস বস্ত্র আস্তৃত করত শয়ন করাই গৃহীর কর্ত্তব্য।

"ত্রিদোষশমনী খট্টা তুলী বাতকফাপহা।
ভূশয্যা বাতলাতীব রুক্ষা পিত্তাস্রনাশিনী।
সুশয্যা শয়নং হৃদ্যং পুষ্টিনিদ্রাধৃতিপ্রদং।
শ্রমানিলহরং বৃষ্যং বিপরীতমতোঽন্যথা॥"

খট্টা অর্থাৎ খাট বা তক্তপোষের উপর শয্যা প্রস্তুত করিয়া শয়ন করিলে ত্রিদোষ বিনাশ প্রাপ্ত হয়। তুলানির্ম্মিত শয্যা বাতহরী ও কফবিনাশিনী। ভূতলে শয়ন করিলে বাতবৃদ্ধি হয় এবং উহা রুক্ষ, কিন্তু পিত্তহর আর চক্ষুজলনাশক। উত্তম শয্যায় শয়ন করিলে তৃপ্তি, পুষ্টি, নিদ্রা ও ধৈর্য্য সঞ্চার হয়, শ্রম ও বায়ু নাশ পায় এবং বলবৃদ্ধি হইয়া থাকে। কুশয্যা ইহার বিপরীত জানিবে।

"ধান্যগোবিপ্রদেবানাং গুরূণাঞ্চ তথোপরি।
ন চাপি ভগ্নশয়নে নাশুচৌ নাশুচিঃ স্বয়ং।
আর্দ্রবাসা ন নগ্নশ্চ নোত্তরাপরমস্তকঃ॥"

ধান্য, গো, বিপ্র ও দেবতা ইহাঁদিগের উপরিতলে শয়ন করিবে না অর্থাৎ যে গৃহে ঐ সমস্তের কোন একটীও থাকে, তাহার উপরিতলে শয়ন নিষিদ্ধ। ভগ্ন বা অপবিত্র শয্যায় শয়ন করিবে না, স্বয়ং অশুচি থাকিলেও তদবস্থায় শয্যায় শয়ন করিতে নাই। উলঙ্গ হইয়া, আর্দ্র বস্ত্র পরিধান করিয়া অথবা উত্তরশিরা বা পশ্চিমশিরা হইয়া শয়ন করিবে না।

(দারোপগমন।)

রাত্রিকৃত্যমধ্যে দারোপগমনও একটী অনুষ্ঠেয় বলিয়া নির্দ্দিষ্ট। তদ্বিষয়ে শাস্ত্রে যেরূপ নিয়ম নিরূপিত আছে, তাহারই স্থূল স্থূল মর্ম্মগুলি এই স্থানে উদ্ধৃত হইল, যথা—

"পরদাবরতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা।
মৃতো নরকমভ্যেতি হীয়তেঽত্রাপি চায়ুষঃ।
ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎসু বুধো ব্রজেৎ॥"

অর্থাৎ পরদাররতি কি ইহ কি পর উভয় লোকেই ভীতি-প্রদা, উহা দ্বারা পরমায়ুঃ হ্রাস প্রাপ্ত হয় এবং মরণান্তে নরকগামী হইতে হইয়া থাকে; এই জন্যই এ বিষয় বিশেষ বিদিত হইয়া ঋতুকালে আপন স্ত্রীতে সঙ্গত হওয়াই বুধব্যক্তির কর্ত্তব্য।

"ষোড়শর্ত্তু নিশা স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ॥"

প্রতিমাসে রজোদর্শন হইলে রজোদর্শন হইতে ষোড়শ রাত্রি পর্য্যন্তই নারীগণের ঋতুকাল অর্থাৎ গর্ভধারণের উপযুক্ত কাল। তন্মধ্যে যুগ্মরাত্রিতেই সহবাস কর্ত্তব্য।

"ষষ্ঠ্যষ্টমীমবাবাস্যামুভে পক্ষে চতুর্দ্দশী।
মৈথুনং নোপসেবেত দ্বাদশীঞ্চ মম প্রিয়াং॥"

ষষ্ঠী, অষ্টমী, অমাবাস্যা, পূর্ণিমা, কৃষ্ণ বা শুক্লপক্ষীয়া চতুর্দ্দশী, দ্বাদশী এই সকল তিথিতে মৈথুন সেবন নিষিদ্ধ। এতদ্ব্যতীত রবিসংক্রান্তিতেও স্ত্রীসঙ্গ করিতে নাই।

"চতুর্থী প্রভৃত্যুত্তরোত্তরা প্রজা নিশ্রেয়সার্থং।"

রজোদর্শনের চতুর্থ দিন হইতে যত পর দিনে গর্ভাধান হয়, সন্তান ততই মঙ্গলের কারণ হইয়া থাকে। *

---

* য়িহুদীদিগের শাস্ত্রেও এই নিয়ম আছে। উহারা নবম দিনের পর নারীসঙ্গ করিয়া থাকে। এই জন্যই উহাদিগের সন্তান-সন্ততি-সকল হৃষ্টপুষ্ট ও দীর্ঘজীবী হইয়া থাকে।

"রজস্যুপরতে সাধ্বী স্নানেন স্ত্রী রজস্বলা।"

রজঃস্রাব নিবৃত্তি প্রাপ্ত হইলে সেই রজস্বলা নারী স্নানান্তে সাধ্বী হয় অর্থাৎ গর্ভধারণের উপযুক্তা হইয়া থাকে। তৎপরেই পতিসহবাস করা উপযুক্ত। রজোনিবৃত্তি না হইলে এবং স্নাতা না হইলে তাহার সহিত সংসর্গ করিবে না।

"ঋতুকালাভিগামী স্যাৎ যাবৎ পুত্রো ন জায়তে॥"

যাবৎ পুত্রোৎপত্তি না হয়, ততদিনই ঋতুসময়ে নারীসহবাসের কর্ত্তব্যতা জানিবে।* পরন্তু রমণীর মনস্তুষ্টি বিধানার্থ

---

* পুত্রকামনাতেই নারীসহবাস করিবে, ইহাই আমাদিগের শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য। পরন্তু প্রধানতঃ একটী মাত্র পুত্রই প্রার্থনীয়। জ্যেষ্ঠ পুত্রই পুত্রমধ্যে গণ্য, অপরেরা তাহা নহে; যথা—

"যস্মিন্নৃণং সন্নয়তি যেন চানন্ত্যমশ্নুতে।
স এব ধর্ম্মজঃ পুত্রঃ কামজানিতরান্ বিদুঃ॥"

অর্থাৎ যাহার জন্ম হইলে জন্মদাতা পিতৃঋণ হইতে মুক্ত হন এবং আনন্ত্য প্রাপ্তি অর্থাৎ বংশরক্ষা হয়, সেই জ্যেষ্ঠ পুত্রকেই ধর্ম্মজ পুত্র কহে, অন্য সকলকে কামজ পুত্র বলা যায়। শাস্ত্রকারগণের মত মূলতঃ এইরূপ বটে, কিন্তু পরে তাঁহারা দেখিলেন যে, মানুষ যতগুলি সন্তান লাভ করে, তাহাদিগের মধ্যে প্রায় অর্দ্ধাংশই শৈশবে কালগ্রাসে নিপতিত হয়। এই হেতুই মহাভারতের সময়ে একাধিক পুত্রোৎপাদনের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে, যথা—

"একপুত্রো হ্যপুত্রো মে মতঃ কৌরবনন্দন॥"

অন্য সময়েও তৎসহবাস করিতে পারা যায় বটে, কিন্তু ইচ্ছা-পূর্ব্বক নারীগমন বিপ্রের পক্ষে অকর্ত্তব্য। যাহা হউক, শাস্ত্রোক্ত যথাযোগ্য ঋতুর লক্ষণ বুঝিয়া গর্ভাধানের ব্যবস্থা যদি সম্যক্ রক্ষিত হয় এবং প্রাজাপত্যাদি বৈদিক ব্রত সম্যক্ আচরিত হয়, তাহা হইলে পিতৃ-মাতৃ-দেহের ও তাহাদিগের চিত্তের ভাব এ প্রকার পরিশুদ্ধ হয় যে, সহজাত দোষ বশতঃ সন্তান কদাচ অকালে মৃত্যুগ্রাসে নিপতিত হয় না; সুতরাং বংশ-রক্ষার্থ বহু সন্তানোৎপাদনেরও আবশ্যক করে না।

ইতি নিত্যকৃত্য সমাপ্ত।

অন্যান্য পুরাণাদিতেও বহু পুত্রোৎপাদনসম্বন্ধীয় ব্যবস্থা দৃষ্ট হয় বটে, কিন্তু তাহা বহুপুত্রজননের প্রশংসার জন্য নহে, অপরাপর বিষয়ের অর্থবাদ মাত্র। যেমন—

"ইষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ॥"

অর্থাৎ মানুষেরা বহু পুত্রের কামনা করিবে, কেন না, তাহা-দিগের মধ্যে একজনও গয়ায় গিয়া পিণ্ড দান করিতে পারে। এখানে স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীগয়াক্ষেত্রের মাহাত্ম্য প্রচারই এই প্রমাণের মুখ্য উদ্দেশ্য।

পঞ্চম অধ্যায়।

মাসিক ও বার্ষিক কৃত্য।

দৈনন্দিন ভিন্ন যে সমস্ত শাস্ত্রবিহিত কর্ম্ম সময়বিশেষে অনুষ্ঠেয়, তাহাই সাধারণতঃ প্রায় মাসিক ও বার্ষিক কৃত্যের অন্তর্ভূত। ঐ গুলিকেই নৈমিত্তিক কর্ম্ম বলা যায় অর্থাৎ কোন নিমিত্ত (হেতু) অবলম্বনে অথবা উপলক্ষে যে সমস্ত অনুষ্ঠান করণীয়, তাহাই নৈমিত্তিক শব্দে অভিহিত হইয়া থাকে। ঐ সমস্ত অনুষ্ঠানের মধ্যে কতকগুলিকে সংস্কার, কতকগুলিকে পূজা, কতকগুলিকে ব্রত, কতকগুলিকে শ্রাদ্ধ এবং কতকগুলিকে সাধন কহে। তন্মধ্যে সংস্কারগুলি প্রথম অধ্যায়েই লিখিত হইয়াছে; সেইগুলি স্মৃতিশাস্ত্রের দ্বারা আদিষ্ট এবং তাহাতে বৈদিক মন্ত্রাদির প্রয়োগই দৃষ্ট হইয়া থাকে। পূজাগুলির অধিকাংশই স্মৃতিশাস্ত্রের আদিষ্ট এবং পৌরাণিক মন্ত্রের দ্বারা সম্পাদিত। ব্রতগুলিরও অধিকংশই স্মৃতি ও পুরাণমূলক। শ্রাদ্ধ বৈদিক ও পৌরাণিক মন্ত্রদ্বারা নিষ্পাদিত এবং সাধনগুলি প্রায় সমস্তই তন্ত্রশাস্ত্রোক্ত। এতদ্ভিন্ন কোন কোন পূজাও অস্মদ্দেশে তন্ত্রবিধির অনুসারে নিষ্পাদিত হয়। প্রথমতঃ বৈশাখাদি মাসানুসারে অস্মদ্দেশপ্রচলিত পূজা ও ব্রতগুলির তালিকা নিম্নে প্রকাশিত হইল, যথা—

প্রচলিত-পূজা।

বৈশাখকৃত্য।

গোষ্ঠবিহার।—১লা বৈশাখ, এই উপলক্ষ্যে গৃহে ধ্বজারোপণ ও বিষ্ণুপূজাদি করিতে হয়।

চন্দনযাত্রা।—ইহাকেই চলিত কথায় "ফুলদোল" বলে। ইহার উপলক্ষ্য দেবতা বিষ্ণু অর্থাৎ বিষ্ণুপূজাই ইহার মুখ্য উদ্দেশ্য। *

জ্যৈষ্ঠকৃত্য।

দশহরা।—জ্যৈষ্ঠের শুক্লাদশমী তিথিতে করণীয়। ইহার উপলক্ষ্য দেবতা গঙ্গা। †

স্নানযাত্রা।—জ্যৈষ্ঠের পূর্ণিমাতে কর্ত্তব্য। ইহার উপলক্ষ্য দেবতা বিষ্ণু অর্থাৎ জগন্নাথরূপী বিষ্ণুকে বিধানে স্নান ও পূজা করাইতে হয়। ‡

ফলাহারী পূজা।—অমাবাস্যায় কর্ত্তব্য।

আষাঢ়কৃত্য।

গুরুপূর্ণিমা।—পূর্ণিমাতে করণীয়। গুরুপূজাইইহার উদ্দেশ্য। পশ্চিম দেশে সাদরে ইহা প্রতিপালিত হয়।

---

* মহারাষ্ট্র ও গুজরাটদেশে ইহাকে কূর্ম্মজয়ন্তী কহে। ঐ দিনে সেই স্থানে বিষ্ণুর অর্চ্চনা হয়। ত্রৈলিঙ্গ ও দ্রাবিড় দেশে এই তিথি ব্যাসপূর্ণিমা বলিয়া অভিহিত। ঐ দুই স্থানে ব্যাসদেবের অর্চ্চনা ও দধ্যন্ন দান হয়।

† বঙ্গদেশে ও উড়িষ্যাপ্রদেশে এই দিনে গঙ্গাপূজার সঙ্গে সঙ্গে মনসাপূজাও হইয়া থাকে। ঐ দিন গঙ্গা মর্ত্ত্যে অবতীর্ণা হইয়াছিলেন। এই দিনে গঙ্গাস্নান করিলে দশবিধ পাপের ক্ষয় হয়।

‡ দ্রাবিড় প্রভৃতি অন্যান্যদেশে এই তিথি মন্বাদি বলিয়া

রথযাত্রা।—আষাঢ় মাসের শুক্লাদ্বিতীয়াতে কর্ত্তব্য। বিষ্ণু-পূজাই ইহার মুখ্য উদ্দেশ্য। এই দিনে জগন্নাথদেবের রথারোহণ হয়। *

শ্রাবণকৃত্য।

ঝুলনযাত্রা।—শ্রাবণের শুক্লা একাদশীতে করণীয়। মুখ্য উদ্দেশ্য রাধাকৃষ্ণের অর্চ্চনা।

রাখীপূর্ণিমা।—শ্রাবণীপূর্ণিমায় করণীয়। কাশ্মীরে অমরনাথ দেবের নিকট মহা সমারোহ হয়।

ভাদ্রকৃত্য।

স্বর্ণগৌরী।—ভাদ্র শুক্লাদ্বিতীয়ায় গৌরীর উদ্দেশে পূজা করিতে হয়।

গণেশচতুর্থী।—ভাদ্রশুক্লাচতুর্থীতে গণেশপূজা কর্ত্তব্য।

সম্পৎষষ্ঠী।—ভাদ্রশুক্লাষষ্ঠীতে সম্পৎকামনায় ষষ্ঠী দেবীর পূজা করণীয়।

মনোমহেশযাত্রী।—ভাদ্রপূর্ণিমায় মহেশের উদ্দেশে করণীয়। চম্পানগরে ইহা প্রচলিত আছে।

বিশ্বকর্ম্মাপূজা।—ভদ্রমাসের সংক্রান্তি দিনে করণীয়। দেবশিল্পী বিশ্বকর্ম্মার পূজাই মুখ্য উদ্দেশ্য।

প্রথিত। এই দিনে শ্রীক্ষেত্রতীর্থে মহামহোৎসব হয়; বঙ্গদেশে পুরুষোত্তম উদ্দেশে সমারোহ হইয়া থাকে।

* এই উৎসব মহারাষ্ট্র, উড়িষ্যা, বাঙ্গলা ও জম্বুতে প্রচলিত। এই উৎসব যে দিবাকরের উত্তরায়ণের সীমাপ্রাপ্ত্যন্তে দক্ষিণায়নে সঞ্চরণসূচক, তাহার সন্দেহ নাই।

আশ্বিনকৃত্য।

শ্রীশ্রীদুর্গাপূজা।—আশ্বিনের শুক্লা সপ্তমী হইতে নবমী যাবৎ তিনদিন করণীয়। ভগবতী দুর্গার পূজাই ইহার মুখ্য উদ্দেশ্য। *

---

* এই দুর্গাপূজা উপলক্ষে আশ্বিনের শুক্লা প্রতিপদ হইতে নবমী পর্য্যন্ত নয়দিন নবরাত্র নামে অভিহিত। এই কয় দিন ঘট স্থাপন, দেবীপূজা ও চণ্ডীপাঠ প্রভৃতি হইয়া থাকে। এই নবরাত্রি উপলক্ষে মিথিলাপ্রদেশে প্রতিপদদিনে কুম্ভস্থাপন, দ্বিতীয়াতে রেমন্তের অর্চ্চন, ষষ্ঠীতে গজপূজা ও বিল্বাভিমন্ত্রণ, সপ্তমীতে পত্রিকাপ্রবেশ, অষ্টমীতে মহাষ্টমীব্রত এবং মহানবমীতে ত্রিশূলিনীর পূজা হইয়া থাকে। দশমীদিনে মিথিলাতে অপরাজিতার পূজা হয়। দ্রাবিড়দেশে দশমীতে দ্বিদল নামক প্রসিদ্ধ ব্রত আরম্ভ হয়। গুজরাটে ও মহারাষ্ট্রে বিজয়া দশমী বৈজয়ন্তী নামে প্রসিদ্ধ। নবরাত্রি উপলক্ষে দ্রাবিড় দেশে বেঙ্কটেশ্বরের অর্চ্চনা, সপ্তমীতে পুস্তক ও সরস্বতীর পূজা, অষ্টমীতে দুর্গার পূজা ও মহানবমীতে অশ্ব আয়ুধ প্রভৃতির অর্চ্চনা হয়। জম্বুতে এই নব-রাত্রির মধ্যে সরস্বতীশয়ন নামে একটী পর্ব্ব হয়, আর অষ্টমীর দিনে দুর্গাপূজা হইয়া থকে। নেপালে সপ্তমীতে পত্রিকা প্রবেশ এবং অষ্টমী ও নবমীতে দুর্গাপূজা হইয়া থাকে। কর্ণাট দেশে বেদপাঠ, এবং সরস্বতী, দুর্গা, অশ্ব ও অস্ত্রাদির পূজা হয়। পঞ্জাবে ও কাশ্মীরে সরস্বতী এবং দুর্গার পূজা হইয়া থাকে। মহারাষ্ট্রদেশে দুর্গাপূজা ও সরস্বতী-পূজা হয় এবং সরস্বতীর নিকটে বলিদান দিয়া সরস্বতীকে বিসর্জ্জন করা হইয়া থাকে। বিশেষতঃ ঐ দিনে তথায় মাতামহের উদ্দেশে শ্রাদ্ধ সম্পাদিত

কোজাগরী লক্ষ্মী পূজা।—আশ্বিনমাসের পূর্ণিমাতে করণীয়। লক্ষ্মীদেবীর অর্চ্চনাই ইহার মুখ্য উদ্দেশ্য। *

শ্যামাপূজা।—আশ্বিন মাসের আমাবস্যাতে করণীয়। লক্ষ্মীদেবীর আরাধনাই ইহার মুখ্য উদ্দেশ্য। এই দিন অস্মদ্দেশে দীপন্বিতাকৃত্য হইয়া থাকে।

দীপান্বিতা লক্ষ্মীপূজা।—শ্যামাপূজার দিনে সন্ধ্যাকালে লক্ষ্মীদেবীর পূজা প্রচলিত আছে। দ্রাবিড় প্রদেশে ইহাকে ধনলক্ষ্মীপূজা কহে।

কার্ত্তিককৃত্য।

জগদ্ধাত্রীপূজা।—কার্ত্তিকের শুক্লা নবমী তিথিতে করণীয়। জগদ্ধাত্রী দুর্গাই ইহার উপলক্ষ্য দেবী অর্থাৎ তাঁহার পূজা করাই মুখ্য উদ্দেশ্য। †

হয়। উৎকলপ্রদেশে দুর্গার্চ্চনা ও মহাষ্টমীদিনে মহানিশাতে বলিদানের প্রথা প্রচলিত আছে।

* এই দিনে রাত্রিকালে লক্ষ্মীদেবীর পূজা, নারিকেলোদক ও চিপিটক ভক্ষণ এবং রাত্রিজাগরণ করিতে হয়। এই দিনে রাত্রে অক্ষক্রীড়ায় লক্ষ্মীবৃদ্ধি হইয়া থাকে।

† মিথিলা দেশে এই নবমীকে ধাত্রীনবমী অথবা অমলক নবমী কহে। দাক্ষিণাত্যে এই দিনে বিষ্ণুপূজা ও কুষ্মাণ্ড দান হয়। কর্ণাট, ত্রৈলিঙ্গ, গুজরাট ও মহারাষ্ট্র দেশে এই দিনকে কৃতযুগাদি বলে। নেপালে এই তিথির নাম কুষ্মাণ্ড নবমী। উৎকল প্রদেশে এই দিনে রাসযাত্রা আরম্ভ হইয়া থাকে। এই দিনে কাশ্মীর, পঞ্জাব ও জম্বুতে একটী পর্ব্ব হয়, তাহার নাম "পরিক্রমণ"।

রাসযাত্রা।—কার্ত্তিকী পূর্ণিমাতে প্রচলিত। বিষ্ণুই ইঁহার উপলক্ষ্য দেবতা। *

কার্ত্তিক পূজা।—কার্ত্তিক মাসের সংক্রান্তিতে করণীয়। উপলক্ষ্য দেবতা কার্ত্তিকেয়। অপুত্রক ব্যক্তি পুত্রলাভার্থ এই পূজা করিয়া থাকেন।

অগ্রহায়ণকৃত্য।

কাত্যায়নী পূজা।—অগ্রহায়ণ মাসের শুক্লা সপ্তমী তিথিতে করণীয়। কাত্যায়নীর পূজাই মুখ্য উদ্দেশ্য। †

পৌষকৃত্য।

রটন্তী পূজা।—কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশীতে করণীয়। কালিকার উদ্দেশে পূজাই ইহার মুখ্য উদ্দেশ্য। অস্মদ্দেশ ও উৎকল প্রদেশ ভিন্ন অন্য কুত্রাপি ইহা প্রচলিত নাই।

---

* দাক্ষিণাত্য প্রদেশে এই দিনে ত্রিপুরোৎসব হয়; তদুপলক্ষে শিবের অর্চ্চনা হইয়া থাকে এবং প্রদোষে দীপমালা দান হয়। উৎকলপ্রদেশে এই দিনেই রাসযাত্রার শেষ হয়। মিথিলাবাসীরা এই দিনকে "সর্ব্বদেবের উত্থানদিন" বলিয়া কীর্ত্তন করেন। ত্রৈলিঙ্গ ও দ্রাবিড় দেশে এই তিথির নাম ব্যাস পূর্ণিমা। তথায় ব্যাসদেবের অর্চ্চনা হয়। এতদ্ভিন্ন মিথিলা, কর্ণাট, ত্রৈলিঙ্গ ও মহারাষ্ট্রবাসীরা এই দিনকে মন্বাদি বলিয়া থাকেন।

† অগ্রহায়ণের শুক্লাষষ্ঠীতে অধিবাসাদি করিয়া তৎপরে সপ্তম্যাদি তিন দিন যথাবিধানে কাত্যায়নী দেবীর পূজা করিতে হয়।

এতদ্ভিন্ন পৌষমাসে নীলদুর্গাপূজাও প্রায় অনেক দেশে প্রচলিত আছে।

মাঘকৃত্য।

সরস্বতীপূজা।—মাঘমাসের শুক্লা পঞ্চমী তিথিতে করণীয়। বিদ্যালাভার্থ সরস্বতীর উদ্দেশে পূজা করিতে হয়। *

ফাল্গুনকৃত্য।

দোলযাত্রা।—ফাল্গুনের পূর্ণিমাতে কর্ত্তব্য। শ্রীকৃষ্ণ ইহার মুখ্য দেবতা। †

চৈত্রকৃত্য।

বাসন্তী পূজা।—চৈত্রমাসের শুক্লা সপ্তমী হইতে নবমী যাবৎ তিনদিন করণীয়। দুর্গা দেবী ইহার মুখ্য দেবতা। ‡

অন্নপূর্ণা পূজা।—চৈত্রমাসের শুক্লাষ্টমীতে করণীয়। অন্নপূর্ণা দেবীর উদ্দেশে পূজা করিতে হয়। ¶

---

* দ্রাবিড় দেশে ও ত্রৈলিঙ্গ দেশে এই দিনের নাম লক্ষ্মী-পঞ্চমী। অনেক স্থানে ইহাকে বসন্তপঞ্চমী কহে এবং বিষ্ণুর অর্চ্চনা করে।

† উৎকল, মহারাষ্ট্র, মৈথিল, গুজরাট ও কর্ণাট দেশে এই দিনের নাম মন্বাদি; মিথিলাতে কলিযুগান্তও বলে। অনেক স্থলে এই দিন হোলিকোৎসব বলিয়া প্রথিত।

‡ জম্বু. পঞ্জাব ও কাশ্মীর প্রদেশে এই দিনের নাম গঙ্গাসপ্তমী। ত্রৈলিঙ্গ, কর্ণাট ও দ্রাবিড়দেশে ইহাকে সন্তান সপ্তমী বলে।

¶ কাশ্মীর ও জম্বু প্রদেশে ইহাকে দুর্গাষ্টমী বলে। আমা-

চড়কপূজা।—চৈত্রমাসের সংক্রান্তিদিনে কর্ত্তব্য। উপলক্ষ্য দেবতা মহাদেব।

সাধারণদেবদেবীপূজাপদ্ধতি। *

তত্র প্রথমং পুণ্যাহং বাচয়েৎ, তদ্যথা—কর্ত্তা ব্রাহ্মণান্ প্রতি। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুককর্ম্মণি পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্ত ইতি বদেৎ। ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ইতি ব্রাহ্মণৈরুক্তে। কর্ত্তা ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুককর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তোঽধিব্রুবন্ত। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ইতি ব্রাহ্মণাঃ। কর্ত্তা ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুককর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধিব্রুবন্ত ইতি। ওঁ ঋদ্ধতাং ওঁ ঋদ্ধতাং ওঁ ঋদ্ধতাম্। ইতি ব্রাহ্মণাঃ। ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। যজুর্ব্বেদী তু। স্বস্তিঋদ্ধিক্রমেণ। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদা স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। ঋগ্বেদী তু। ওঁ স্বস্তি নোমিমীতামশ্বিনাভগঃ স্বস্তি দেব্যদিতিরথর্ব্বণঃ। স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবা পৃথিবী সুচেতনা। স্বস্তি নো বায়ু

দিগের দেশে এবং উৎকল, মিথিলা, দ্রাবিড়, কর্ণাট ও ত্রৈলিঙ্গ দেশে উহার নাম অশোকাষ্টমী। এই দিবসে শোকবিনাশার্থ অশোককলিকা পান ও ব্রহ্মপুত্রনদে স্নান করিতে হয়।

* সকলের বিদিতার্থ এই স্থানে সাধারণ পূজাপদ্ধতি লিখিত হইল। সমস্ত দেবদেবীর পূজাপদ্ধতি সবিস্তার মৎ প্রকাশিত "দেবদেবীপূজা" নামক গ্রন্থে দ্রষ্টব্য।

নারীনরৈর্যুক্তাং মণিরত্নবিভূষিতাম্॥ সুবর্ণরচিতাং সর্ব্বাং বেষ্টিতাং তক্ষকাদিভিঃ। তত্রাপশ্যৎ স কৌণ্ডীন্যো দেবদেবমনন্তকম্॥ বিশ্বরূপং জগন্নাথং চতুর্ব্বাহুং কিরীটিনম্। শঙ্খচক্রগদাপদ্মধারিণং গরুড়ধ্বজম্॥ দক্ষিণে বিলসল্লক্ষ্মীং বামে ক্রীড়াসরস্বতীম্। সপ্তফণাসমাযুক্তং দিব্যসিংহাসনে স্থিতম্॥ এবংরূপং জগন্নাথং দৃষ্ট্বা ভক্ত্যা স্তুতিঃ কৃতা॥ জগাম ভূমৌ শিরসা চানন্তস্য সমীপতঃ॥ নমোঽস্ত্বনন্তায় সহস্রমূর্ত্তয়ে সহস্রপাদাক্ষিশিরোরুবাহবে। সহস্রনাম্নে পুরুষায় শাশ্বতে সহস্রকোটীযুগধারিণে নমঃ॥ অজ্ঞানেন ময়া দেব যৎ কৃতং পাপকর্ম্মণা। তৎ সর্ব্বং কৃপয়ানন্ত ক্ষমস্ব মধুসূদন॥ অথ কৌণ্ডীন্যবিপ্রস্য স্তুতিঃ শ্রুত্বা জনার্দ্দনঃ। প্রসন্নো ভগবান্দেবশ্চানন্তোঽনন্তরূপধৃক্॥ অনন্ত উবাচ। তুষ্টোঽহং ব্রাহ্মণশ্রেষ্ঠ ভক্ত্যা তব বিশেষতঃ। বরং গৃহাণ বিপ্রেন্দ্র তুষ্টোঽস্মি ত্যজ বিস্ময়ম্॥ কৌণ্ডীন্য উবাচ। স্বকর্ম্মফলভোগেন যাং যাং যোনিং ব্রজাম্যহম্। তস্যাং তস্যাং হৃষীকেশ হরিভক্তির্দৃঢ়াস্তু মে॥ অতিপ্রমাদান্মোহাদ্বা যন্ময়া দুষ্কৃতং কৃতম্। তদাগঃ ক্ষম্যতাং নাথ প্রণমামি পুনঃ পুনঃ॥ শ্রুত্বানন্তস্তু তদ্বাক্যং দদৌ তস্মৈ বরত্রয়ম্। দারিদ্র্যনাশনং ধর্ম্মং বিষ্ণুলোকং তথাক্ষয়ম্॥ কৌণ্ডীন্য উবাচ। পূর্ণো মনোরথো দেব মম চাদ্য বিশেষতঃ। কিঞ্চিৎ পৃচ্ছামি দেবেশ তন্মে ব্রূহি জগৎপতে॥ কশ্চূতঃ কো বৃষঃ কা গৌঃ কিন্তৎ পুষ্করিণীদ্বয়ম্। কঃ খরঃ কুঞ্জরঃ কো বা কো বা বৃদ্ধদ্বিজোত্তমঃ॥ কৃপয়া কথয়স্বাদ্য পথি দৃষ্টৌ ময়া বিভো॥ শ্রীঅনন্ত উবাচ। যশ্চাম্রবৃক্ষো দৃষ্টোসি বিপ্রো বিদ্যাসু গর্ব্বিতঃ। উপস্থিতায় শিষ্যায় বিদ্যাং যস্মান্ন দত্তবান্॥ তেন কর্ম্মবিপাকেন

বৃক্ষত্বং প্রাপ্য তিষ্ঠতি। বৃষভো যস্ত্বয়া দৃষ্টৌ লোভকর্ম্মকৃতঃ পুরা॥ দত্তং পর্য্যুষিতং দ্রব্যং স্বাদু ভুক্তং স্বয়ং যতঃ। বৃষভত্বং সমাসাদ্য ততস্তিষ্ঠতি নির্জ্জনে। বিপ্রায় বসুধাং দত্ত্বা নিষ্ফলাং শস্যবর্জ্জিতাম্। তেনাসৌ গোত্বমাসাদ্য তৃণমধ্যে প্রধাবতি॥ ধর্ম্মাধর্ম্মৌ বিজানীয়াৎ যত্তৎ পুষ্করিণীদ্বয়ম্। গর্দ্দভোঽজ্ঞানসম্পন্নঃ কুঞ্জরো মদগর্ব্বিতঃ॥ ব্রাহ্মণোঽসাবনন্তোঽহং যস্ত্বয়া দর্শিতো মুনে। এতত্তে কথিতং সর্ব্বং গচ্ছ বিপ্র নিজাশ্রমম্॥ পুনঃ সমৃদ্ধিস্তে বিপ্র ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ভুক্ত্বা ভোগাংশ্চ বিপুলান্ সম্প্রাপ্স্যসি মহৎপদম্॥ ইতি দত্ত্বা বরং তস্মৈ তত্রৈবান্তরধীয়ত। কৌণ্ডীন্যোপি গৃহং গত্বা করোতি ব্রতমুত্তমম্॥ অনন্তাখ্যং মহাপুণ্যং বর্ষাণাঞ্চ চতুর্দ্দশম্। শীলয়া সহ ধর্ম্মাত্মা সুখং ভুক্ত্বা মনোরথান্॥ বিষ্ণুলোকং সমাসাদ্য ররাজ শীলয়া সহ। অনন্তাখ্যব্রতেনেহ সমাপ্তেনৈব পার্থিব॥ সর্ব্বপাপবিনির্ম্মুক্তা যাস্যন্তি পরমাং গতিম্। এবমেবং হি নিয়মাৎ স্ত্রিয়োঽনন্তব্রতান্নৃপ॥ পুত্রপৌত্রধনৈর্যুক্তা ভুক্ত্বা ভোগান্ মনোরথান্। বিষ্ণুলোকমাপ্নুবন্তি যাবচ্চন্দ্রদিবাকরৌ॥

ইতি ভবিষ্যপুরাণোক্তং অনন্তব্রতং সমাপ্তং॥

ষষ্ঠ অধ্যায়।

অশৌচ।

যথানিয়মে গার্হস্থ্য ধর্ম্মচর্য্যার পর বাণপ্রস্থ ও তৎপরে ভিক্ষু-কাশ্রম গ্রহণ করাই শাস্ত্রোক্ত বিধি। পরন্তু যিনি গার্হস্থ্য ধর্ম্মান্তে অন্য আশ্রম গ্রহণ না করিয়া আমরণ গৃহেই অবস্থিতি করেন, তাঁহার পক্ষে বিষয়বাসনা ও বিলাসভোগেচ্ছা বিসর্জ্জন পূর্ব্বক নির্লিপ্তভাবে ঈশ্বরে তন্মনা হইয়া জীবনের অবশিষ্ট কাল অতিবাহিত করাই কর্ত্তব্য। অর্থাৎ গৃহস্থধর্ম্মে থাকিয়া পুত্রোৎপাদন ও যথাবিধানে পোষ্যবর্গকে লালন-পালনাদি করতঃ পঞ্চাশৎ বর্ষ বয়ঃক্রমের পর সংসারে থাকিয়াও নির্লিপ্ত ভাবে ঈশ্বরপরায়ণ হইয়া অবস্থিতি করিবে। তদনন্তর দেহাবসান-সময়ে যে সকল ক্রিয়া অনুষ্ঠেয় এবং জীবনান্তে পুত্রাদিরা মৃতের উদ্দেশে যে যেরূপ ক্রিয়া সম্পাদন ও অশৌচাদি গ্রহণ করিবে, অধুনা সংক্ষেপে তাহাই কথিত হইতেছে। পরন্তু অশৌচ দ্বিবিধ;—মৃতাশৌচ ও জননাশৌচ। মৃতাশৌচব্যবস্থা লিখিতে হইলে প্রথমতঃ দাহাধিকার, মুমুর্ষুকৃত্য, অন্ত্যেষ্টিক্রিয়াপদ্ধতি ও সপিণ্ডবিচার জ্ঞাত হওয়া আবশ্যক। এই জন্য অগ্রে দাহাধিকার কথিত হইতেছে।—

দাহাধিকার।

মৃত্যুর পর দাহ হইতে সপিণ্ডীকরণ যাবৎ যত ক্রিয়া আছে, জ্যেষ্ঠপুত্রই সমস্ত ক্রিয়ার অধিকারী হয়। জ্যেষ্ঠ পুত্র না থাকিলে

কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র, অপুত্রা ভার্য্যা অথবা সপুত্রা ভার্য্যা ক্রিয়া সম্পাদন করিবে। তাহার অভাবে অদত্তা কন্যা, অদত্তা কন্যার অভাবে দত্তা কন্যা, দৌহিত্র, জ্যেষ্ঠ ভ্রাতা, কনিষ্ঠ ভ্রাতা, বৈমাত্রেয় ভ্রাতা, তাহার অভাবে সহোদর ভ্রাতার পুত্র, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতার পুত্র, তাহার অভাবে পিতা, মাতা, পুত্রবধূ, তদভাবে অদত্তা পৌত্রী, তদভাবে দত্তা পৌত্রী, তাহার অভাবে অদত্তা প্রপৌত্রী, দত্তা প্রপৌত্রী, তদভাবে পিতৃব্য, পিতামহ, তদভাবে সপিণ্ড জ্ঞাতি, সমানোদক, তদভাবে সগোত্র, মাতামহ, মাতামহী, মাতুল, ভাগিনেয়, মাতামহসপিণ্ড ও তৎসমানোদক, তদভাবে বাগ্দত্তা পত্নী, শ্বশুর, তদভাবে জামাতা, তদভাবে পিতামহীভ্রাতা, তদভাবে গুরু, শিষ্য, পুরোহিত, আচার্য্য, মিত্র, সখা, তদভাবে একগ্রামস্থ স্বজাতি ও বেতনভুক্ত স্বজাতি ক্রিয়াধিকারী হইয়া থাকে। পুরুষের দাহাদি কার্য্যের অধিকারী ব্যবস্থাশাস্ত্রে এইরূপই নির্দ্দিষ্ট আছে।

স্ত্রীজাতির দাহাদি কার্য্যের অধিকারী যথা—জ্যেষ্ঠ পুত্রই স্ত্রীলোকের দাহাদি যাবতীয় কার্য্যে অধিকারী। তদভাবে যথাক্রমে কনিষ্ঠ পুত্র, পৌত্র, প্রপৌত্র, অদত্তা কন্যা, বাগদত্তা কন্যা, দত্তা কন্যা, দৌহিত্র, সপত্নীর পুত্র, স্বামী, পুত্রবধূ, সপিণ্ড ও সমানোদক স্বগোত্র, পিতা, ভ্রাতা, সহোদরা, ভ্রাতৃভগিনীপুত্র, স্বামীর ভ্রাতা, তৎপুত্র, পতির ভাগিনেয়, জামাতা, স্বামীর মাতুল, স্বামীর শিষ্য প্রভৃতি পিতৃ-মাতৃ-বংশীয়গণ যথাক্রমে দাহাদিক্রিয়ার অধিকারী হয়।

কি অসগোত্র, কি সগোত্র, কি স্ত্রী, কি পুরুষ, যে কেহই হউক না কেন, যে ব্যক্তি অগ্নিদাতা, সেই ব্যক্তিই প্রেতের

পিণ্ড দান করিবে। দানকর্ত্তা অসমর্থ হইলে মৃতের পুত্রাদিরা পূরক পিণ্ড দিবে। অশৌচমধ্যেই পূরকাদি দান করা কর্ত্তব্য। কোন কারণে তাহা না হইলে আদ্য শ্রাদ্ধের পূর্ব্ব দিন দিবে।

মুমূর্ষুকৃত্য।

দেহত্যাগের অব্যবহিত পূর্ব্বক্ষণে নরক হইতে পরিত্রাণের জন্য বৈতরণী করা কর্ত্তব্য। অপবিত্র থাকিলেও বৈতরণী করিবে। নিজে অসমর্থ হইলে অন্য কোন পবিত্র ব্যক্তি দ্বারা কার্য্য সম্পন্ন করিতে হয়। বৈতরণীকার্য্যে যথাবিহিত সবৎসা ধেনু দানই কর্ত্তব্য। তাহাতে অসমর্থ হইলে একটীমাত্র ধেনু দিবে। সবৎসা ধেনু দানকালে স্বর্ণশৃঙ্গ, রজতক্ষুর, কাংস্যক্রোড়, তাম্রপৃষ্ঠ প্রভৃতি দ্বারা অলঙ্কৃত করিয়া সবস্ত্র করত দান করা উচিত। ধেনুর পরিবর্ত্তে তন্মূল্যস্বরূপ এক কাহন কপর্দ্দক দিলেও কার্য্য সম্পূর্ণ হয়।

অন্ত্যেষ্টিক্রিয়া।

দাহাধিকারী ব্যক্তি স্নান পূর্ব্বক মৃত ব্যক্তিকে স্নান করাইয়া তদীয় সর্ব্বাঙ্গ বস্ত্রাবৃত করিবে এবং তাহাকে দক্ষিণশিরা করিয়া কুশোপরি শয়ন করাইবে। পরে তদীয় সর্ব্বাঙ্গে ঘৃত মাখাইয়া "ওঁ গয়াদীনি চ" ইত্যাদি মন্ত্র পাঠ করত পুনরায় স্নান করাইবে। পরে নূতন বস্ত্র পরিধান করাইয়া চন্দনাদি লেপন করত চক্ষু, কর্ণ, নাসা ও মুখ, এই সপ্তরন্ধ্রে সপ্তখণ্ড সুবর্ণ অথবা অক্ষম হইলে সপ্তখণ্ড কাংস্য দিবে। তৎপরে শব বহন পূর্ব্বক শ্মশানে লইয়া যাইবে এবং গমনকালে কাঁচা মৃত্তিকাপত্রে তণ্ডুল লইয়া তাহা ছড়াইতে

ছড়াইতে গমন করিবে। যখন অর্দ্ধাংশ বাকী থাকিবে, তখন তাহা আর না ছড়াইয়া পিণ্ড পাকার্থ রাখিয়া দিবে। সেই তণ্ডুল দ্বারা শ্মশানে অন্ন পাক করিবে। পিণ্ডদানার্থ শ্মশান-ভূমি গোময় দ্বারা লেপন পূর্ব্বক বিপরীতোপবীতী হইয়া বাম-জানু পাতিয়া উপবেশন করিবে এবং "অপহতাসুরারক্ষাংসি বেদী সদঃ" এই মন্ত্রে একটী চতুষ্কোণ রেখা করিয়া তদুপরি কুশাচ্ছাদন করিবে। পরে "এহি প্রেত সৌম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বেণেভিঃ দেহ্যস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ব-শরীরং নিযচ্ছ" এই মন্ত্রে প্রেতের আবাহন পূর্ব্বক আস্তীর্ণ কুশোপরি তিল প্রদান করতঃ বামহস্তে কুশমূল ও দক্ষিণ হস্তে তিলসহিত জলগণ্ডূষ লইয়া কুশোপরি নিক্ষেপ করিবে অর্থাৎ "অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব" মন্ত্রে ঐ অবনে-জল দিয়া দক্ষিণ হস্তে পিণ্ড গ্রহণ পূর্ব্বক বাম হস্তে আম-পাত্রে তিলসহিত জল লইয়া পিণ্ড দিবে। "অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তেহন্নমুপতিষ্ঠতাং" মন্ত্রে আস্তীর্ণ কুশোপরি পিণ্ড দিয়া পিণ্ডপাত্রপ্রক্ষালনজল পিণ্ডের উপর দিবে। সামবেদী ভিন্ন অন্যান্য বেদীয়েরা সমস্ত কার্য্যই করিবে, কিন্তু আবাহন করিবে না। অনন্তর ক্রিয়াধিকারীরা স্নান পূর্ব্বক কাষ্ঠরাশি দ্বারা চিতা রচনা করিবে এবং চিতাকাষ্ঠের উপর দুইখানি বস্ত্রসহ শবকে শয়ন করাইবে। সামবেদীয়েরা দক্ষিণ-শিরা ও উপুড় করিয়া পুরুষকে এবং দক্ষিণশিরা ও চিৎ করিয়া স্ত্রীলোককে শয়ন করাইবে। অন্যান্যবেদীয়ের পক্ষে উত্তর-শিরা করিয়া শয়নই ব্যবস্থেয়। তৎপরে "দেবাশ্চাগ্নিমুখা এনং দহন্তু" মন্ত্রে অগ্নি লইয়া চিতা প্রদক্ষিণ করিতে করিতে "কৃত্বা

ভু দুষ্করং কর্ম্ম জানতা বাপ্যজানতা। মৃত্যুকালবশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতং। ধর্ম্মাধর্ম্মসমাযুক্তং লোভমোহসমাবৃতং। দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু।" এই মন্ত্র পাঠ পূর্ব্বক দক্ষিণাভিমুখ হওত শবের শিরঃস্থলে অগ্নিসংযোগ করিবে। * পরে দাহশেষে দ্বাদশাঙ্গুলীপ্রমাণ সপ্ত কাষ্ঠিকা লইয়া প্রদক্ষিণ করত সাতটী কাষ্ঠিকা চিতাগ্নিতে ফেলিয়া দিবে। এই সপ্ত কাষ্ঠিকা বিনা মন্ত্রেই অগ্নিতে দিবে। পরে "ক্রব্যাদায় নমস্তুভ্যং" মন্ত্রে কুঠার দ্বারা চিতাস্থিত জ্বলন্ত কাষ্ঠের উপর প্রহার করত অগ্নিকে বামে রাখিয়া বিমুখভাবে নদী প্রভৃতিতে স্নানার্থ যাইবে। আর চিতার দিকে দৃষ্টিপাত করিবে না। কোন কোন দেশে এইরূপ ব্যবহার আছে যে, দাহকর্ত্তা চিতায় সাত কলসী জল সেচন করে এবং অপরাপর ব্যক্তিরা এক এক কলসী সেচন করিয়া থাকে আর চিতার উপর পূর্ণ কুম্ভ স্থাপন পূর্ব্বক কুঠার দ্বারা আঘাত করত দাহকর্ত্তা স্নানার্থ প্রস্থান করিবে। শবকে নগ্নবেশে দাহ করিতে নাই, শবসম্বন্ধীয় বস্ত্র বা অন্যান্য যে কোন দ্রব্য থাকে, তাহা শ্মশানবাসী চণ্ডালকে সমর্পণ করিবে। সূতিকা স্ত্রী বা ঋতুমতী নারী মরিলে তিল সহ পঞ্চগব্যজলে কলসী পূর্ণ করিয়া "আপোহিষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাত নঃ মহেরণায় চক্ষুষে" এই মন্ত্র এবং "বামদেব্য ঋষিঃ" ইত্যাদি শান্তিমন্ত্র উচ্চারণ করতঃ দাহ করিতে হয়। গর্ভবতী স্ত্রী মরিলে গর্ভস্থ শিশুকে বহির্গত করিয়া ভূগর্ভে

---

* মন্ত্রের মধ্যে যে স্থানে "নরং পঞ্চত্বমাগতং" আছে, স্ত্রীলোক মরিলে তথায় "নারীং পঞ্চত্বমাগতাং" পাঠ করিতে হয়।

পুতিবে এবং প্রস্থতিকে দাহ করিবে। তৎপরে নদী প্রভৃতি জলাশয়ে গমন করিয়া দাহকারীর শ্যালক প্রভৃতিকে অনুজ্ঞা লইতে হয়। "উদকং করিষ্যামঃ" এই বলিয়া অনুজ্ঞা প্রার্থনা করিলে "কুরুধ্বং" বাক্যে অনুজ্ঞা দিবে। পরে স্নানান্তে বস্ত্রাদি ধারণ করিয়া দক্ষিণাভিমুখে বাম হস্তে জল লইয়া বাম হাতের অনামা দ্বারা ঘর্ষণ করত "আপ নঃ শুশোচদঘং" এই বাক্য বলিবে। পরে একবস্ত্রে স্নান করত আচমন পূর্ব্বক একাঞ্জলি বা অঞ্জলিত্রয় জলে তর্পণ করিবে। সামবেদীয়েরা, "অমুক-গোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি" এবং যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয়েরা "অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্ এতাত্তিলো-দকং তৃপ্যস্ব" বলিয়া তর্পণ করিবে। তৎপরে গৃহে গমন পূর্ব্বক * গৃহদ্বারস্থ অগ্নি, ঘি, তণ্ডুল, ডাইল ও নিম্বপত্র দন্তে কাটিয়া দাহকারী সকলেই মৃত ব্যক্তির বাটীতে প্রবেশ পূর্ব্বক কিঞ্চিৎ মিষ্টান্ন সেবন করিবে। তৎপরে বাটীস্থিত ব্যক্তিগণ ব্যতীত অপরাপর ব্যক্তিরা নিজ নিজ গৃহে যাইবে।

কুশপুত্তলিদাহ।

যাহার দাহ হয় নাই এবং অস্থিও পাওয়া যায় নাই, সে স্থলে কুশপুত্তলি দাহন করিতে হয়। শরপত্র দ্বারা একটী

* দেশবিশেষে এইরূপ প্রথা আছে যে, রাত্রিতে দাহ হইলে দিবাভাগে গৃহে যাইবে এবং দিবাভাগে দাহ হইলে রাত্রিতে গৃহে যাইবে। কোন কোন স্থানে এইরূপ প্রথাও দেখা যায় যে, রাত্রিতে দাহ হইলে পুনর্ব্বার রাত্রি না হইলে গৃহে গমন করিবে না এবং দিবাভাগে দাহ হইলে পুনরায় পরদিন আগত না হইলে গৃহে যাইবে না।

পুত্তলি প্রস্তুত করিয়া তাহার মস্তকে ৪০ টী, গলদেশে ১০ টী, বক্ষে ৩০ টী, উদরে ২০ টী, বাহুতে ১০০ টী, অঙ্গুলীতে ১০ টী, অণ্ডকোষে ৬ টী, উপস্থে ৪টী, উরুদেশে ১০০ টী, জানুজঙ্ঘায় ৩০টী এবং পদাঙ্গুলীতে ১০টী এই সর্ব্বসমেত ৩৬০ টি পলাশপত্র দিয়া মেষরোমের সূত্র দ্বারা বেষ্টন পূর্ব্বক যবপিষ্ট দ্বারা লেপন করিবে এবং পুত্তলির মস্তকে একটি তরুণ নারিকেল দিয়া দাহন করিবে।

অগ্নিযোগব্যবস্থা।

কি বালক, কি বালিকা, যাহার বয়ঃক্রম দুই বৎসর পূর্ণ হয় নাই, তাহার মৃত্যু হইলে দাহ না করিয়া চন্দনাদি দ্বারা ভূষিত করত গ্রামের বহির্ভাগে বিশুদ্ধ স্থানে প্রোথিত করিবে।

সপিণ্ডাদিবিচার।

আপনা হইতে তিন পুরুষ পিণ্ডভাগী ও তিন পুরুষ লেপভাগী, এই সপ্তম পুরুষ পর্য্যন্তকেই সপিণ্ড বলা যায়। অর্থাৎ পিতা, পিতামহ, প্রপিতামহ, এই তিন পুরুষ পিণ্ডভাগী আর বৃদ্ধ প্রপিতামহ, অতিবৃদ্ধ প্রপিতামহ ও অত্যতিবৃদ্ধ প্রপিতামহ এই পুরুষত্রয় লেপভাগী এবং স্বয়ং পিণ্ডদ। পিণ্ডপ্রদানান্তে যাহা হস্তে লগ্ন থাকে, তাহারই নাম লেপ। সপিণ্ডের অনন্তর যে তিন পুরুষ, তাহাদিগকে এবং "এই বংশে অমুক জন্ম গ্রহণ করিয়াছিল" এইরূপ নামস্মৃতি তাবৎকে সমানোদক বলা যায়। কোন কোন ব্যক্তি চতুর্দ্দশ পুরুষ যাবৎকে সমানোদক বলিয়া নির্ণয় করেন এবং তৎপরে গোত্রজ সম্বন্ধ মাত্র নির্দ্দেশ করিয়া থাকেন। বিবাহবিষয়ে অবিবাহিতা কন্যার সপিণ্ডতা সাত পুরুষ যাবৎ নির্দ্দিষ্ট আছে। কিন্তু বিবাহান্তে

পতিকুলে সপিণ্ডতা হইয়া থাকে। ভর্ত্তৃসপিণ্ডই স্ত্রীজাতির সপিণ্ড। অবিবাহিতা কন্যার পিতৃকুলে তিন পুরুষ যাবৎ সপিণ্ডত্ব থাকে, কিন্তু তাহা অশৌচবিষয়ে জানিবে।

সপিণ্ডাদ্যশৌচ।

কি জননে, কি মরণে সপিণ্ড ব্যক্তির সম্পূর্ণ অশৌচ হয় অর্থাৎ দশ দিন অশৌচ থাকে আর সকুল্যের তিন রাত্রি এবং গোত্রজ ব্যক্তি স্নানমাত্রে শুদ্ধ হয়। সমানোদকের নিবৃত্তি-ভাব অর্থাৎ নামস্মরণ পর্য্যন্তকেই সকুল্য কহে। *

চাতুর্ব্বর্ণ্যাশৌচ।

বিপ্রের পক্ষে দশদিন, ক্ষত্রিয়ের দ্বাদশাহ, বৈশ্যের এক পক্ষ এবং শূদ্রের পক্ষে একমাস পূর্ণাশৌচ নিরূপিত আছে। † বিদেশে মৃত্যু বা জন্ম হইলে যে দিন সংবাদ পাওয়া যায়, জ্ঞাতি-গণ সেই দিন হইতে আরম্ভ করিয়া অশৌচের অবশিষ্ট কয় দিন অশৌচ গ্রহণ করিবে। জননাশৌচ অতীত হইবার পর সংবাদ পাইলে আর অশৌচ গ্রহণের আবশ্যক নাই। কিন্তু স্বীয় পুত্র-জন্ম-সংবাদ অশৌচান্তে পাইলে ধৃতবস্ত্র সহ অবগা-হন স্নান করিয়া শুদ্ধ হইবে। সপিণ্ড ব্যক্তির মৃত্যুসংবাদ অশৌ-

---

* এখানে ব্রাহ্মণের পক্ষের ব্যবস্থাই লিখিত হইল। ক্ষত্রিয় প্রভৃতির স্ব স্ব জাত্যুক্ত শৌচের বিভাগমতে ব্যবস্থা হইবে।

† সূর্য্যোদয়ের পূর্ব্বে অশৌচ হইলে পূর্ব্বদিন হইতে গণনা করিতে হয়; কারণ অশৌচের দিন নির্ণয় না হইলে অশৌচ গ্রহণ অকর্ত্তব্য।

চান্তে শুনিলে তিন রাত্রি অশৌচ গ্রহণ করিবে অর্থাৎ অশৌ-চান্তে এক বৎসরের মধ্যে সপিণ্ডের মৃত্যুসংবাদ পাইলে তিন রাত্রি অশৌচ গ্রহণ করিবে আর এক বৎসর পরে শুনিলে সদ্যঃশৌচ গ্রহণ ব্যবস্থেয়। কিন্তু মহাগুরু অর্থাৎ পিতা, মাতা অথবা পতির মৃত্যুসংবাদ এক বৎসরের পর শুনিলেও তিন রাত্রি অশৌচ গ্রহণ কর্ত্তব্য।

নারীবিষয়কাদ্যশৌচ।

দুই বর্ষের ন্যূনবয়স্কা বালিকার মৃত্যু হইলে সদ্যঃশৌচ ব্যবস্থেয়। বাগ্‌দত্তা কন্যার মৃত্যু হইলে একরাত্রি অশৌচ হয়। বাগ্‌দান সুসিদ্ধ হইবার পর বিবাহ যাবৎ সময়ে মৃত্যু ঘটিলে পিতৃকুল পতিকুল উভয়কুলেই ত্রিরাত্র অশৌচ গ্রহণ ব্যবস্থেয়। * বিবাহান্তে মৃত্যু হইলে পতিকুলে পূর্ণাশৌচ গ্রহণীয়। বিবাহিতা কন্যা পিতৃগৃহে থাকিয়া মরিলে বা প্রসূতা হইলে পিতা মাতার ত্রিরাত্রি এবং ভ্রাতৃগণের একরাত্রি অশৌচ হয়। অজাতদন্তী কন্যা মরিলে তাহার ভ্রাতার সদ্যঃশৌচ হয়। জাতদন্তা কন্যা মরিলে তৎসহোদর একরাত্রি অশৌচ গ্রহণ করিবে। † বিবাহের পর মরিলে আর ভ্রাতার অশৌচ হয় না, তখন কেবল পতিকুলেরই পূর্ণাশৌচ হইয়া থাকে।

পুত্র বা কন্যা জন্মিলে বিপ্রাণী, ক্ষত্রিয়া, বৈশ্যা ইহাদিগের পক্ষে দশাহযাবৎ আর শূদ্রাণীর ত্রয়োদশদিন অস্পৃশ্যত্ব থাকে।

---

* বিবাহের পূর্ব্বক্ষণ পর্য্যন্তকেই বাগ্‌দান কালে কহে।

† ইহার তাৎপর্য্য এই যে, চূড়াকরণ যাবৎ একরাত্রি অশৌচ।

পুত্র জন্মিলে দশদিন যাবৎ মাতার অস্পৃশ্যত্ব থাকে এবং পিতার পক্ষে ঐ অস্পৃশ্যত্ব স্নানের পূর্ব্বক্ষণ পর্য্যন্ত জানিবে।

ব্রাহ্মণী, ক্ষত্রিয়া বা বৈশ্যা পুত্রপ্রসবান্তে বিংশতি দিনের পর এবং কন্যাপ্রসবান্তে এক মাসের পর স্নান করিয়া সর্ব্বকর্ম্মে অধিকারিণী হইবে। * শূদ্রাণীর পক্ষে পুত্র-কন্যার জাতাশৌচ একমাস এবং অস্পৃশ্যত্ব ত্রয়োদশ দিন।

বালকাদিমরণাশৌচ।

নবম বা দশম মাসে বালক জন্মিয়া সেই জননাশৌচের মধ্যেই মরিলে পিতামাতার অস্পৃশ্যত্বজাতাশৌচ এবং সপিণ্ড-বর্গের সদ্যঃশৌচ হয়। জননাশৌচান্তে মরিলে সহোদর ভ্রাতার একাহ অশৌচ হইয়া থাকে।

গর্ভমধ্যে মৃত হইয়া পুত্র বা কন্যা ভূমিষ্ঠ হইলে সকলেরই পূর্ণাশৌচ।

জননাশৌচের পর যাবৎ দন্ত না জন্মে, তৎকালের মধ্যে মরিলে পিতামাতার এক রাত্রি অশৌচ আর দন্তোদ্গমের পর মৃত্যু হইলে তিন রাত্রি অশৌচ হইয়া থাকে। জাতদন্ত বালক মরিলে সপিণ্ডব্যক্তির একদিন অশৌচ এবং চূড়াকরণান্তে মরিলে তিন রাত্রি অশৌচ ব্যবস্থেয়।

মতান্তরে এরূপও নির্দ্দিষ্ট আছে যে, দন্তজনন যাবৎ অর্থাৎ

---

* ইতিপূর্ব্বে ব্রাহ্মণীর পক্ষে দশ দিন অশৌচের বিধি বলিয়া আবার বিংশতিদিনের উল্লেখ করাতে এই বুঝাইল যে, পূর্ব্বে যাহা বলা হইয়াছে, উহা অস্পৃশ্যত্ববিষয়ক আর এই বিংশতি দিন অশৌচবিষয়ক।

জননশৌচান্তে ছয় মাস মধ্যে বালক মরিলে সপিণ্ড ব্যক্তি সদ্যঃ আশৌচ গ্রহণ করিবে। ছয় মাস পরে দুই বৎসরের মধ্যে মরিলে একাহ এবং দুই বৎসরের পর ছয় বর্ষ তিন মাস মধ্যে মরিলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয়।

অনুপনীত ব্রাহ্মণবালক মরিলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয় ; কিন্তু পঞ্চ বর্ষ বয়সে উপনয়ন হইয়া মৃত্যু ঘটিলে পূর্ণাশৌচ ব্যবস্থেয়।

মতান্তরে এই প্রকার নির্দ্দিষ্ট আছে যে, অপূর্ণ দ্বিবর্ষবয়-সের মধ্যে যে ব্রাহ্মণশিশুর চূড়াকরণ হইয়াছে, তাহার মৃত্যুতে সকলেই ত্রিরাত্রাশৌচ গ্রহণ করিবে।

জাবালি এই প্রকার মত প্রকাশ করেন যে, ছয় মাস মধ্যে যাহার দন্তোদ্গম হইয়াছে, একবর্ষ বয়সের সময় চূড়াকরণ হইয়াছে এবং পাঁচ বৎসর বয়সের সময় উপনয়ন হইয়াছে, সে মরিলে জ্ঞাতিবর্গ তদনুরূপ দশাহ, ত্র্যহ ও একাহ অশৌচ গ্রহণ করিবে। *

অপূর্ণ ষণ্মাস মধ্যে শূদ্রশিশু মরিলে তাহার পিতা মাতা ও সপিণ্ডবর্গ ত্রিরাত্রি অশৌচ গ্রহণ করিবে।

অঙ্গিরার মতে দুই বৎসরের ন্যূনবয়স্ক শূদ্রবালকের মৃত্যু হইলে পঞ্চাহ, তদূর্দ্ধবয়স্ক হইয়া ছয় বৎসরের মধ্যে মৃত্যু হইলে দ্বাদশাহ এবং ছয় বর্ষ অতীত হইয়া তৎপর মরিলে পূর্ণাশৌচ

---

* এ নিয়মটী ব্রাহ্মণের পক্ষে। শূদ্রের তাদৃশ নহে, কারণ তাহাদের পূর্ণাশৌচ একমাস। তাহারা সেই সংখ্যা অনুসারে অশৌচ গ্রহণ করিবে।

গ্রহণীয়। পরন্তু বিপ্রের উপনয়নবৎ শূদ্রজাতির পক্ষে বিবাহই প্রধান সংস্কার। এই হেতু ছয় বর্ষ বয়ঃক্রমের মধ্যে শূদ্রজাতির বিবাহ হইয়া মরিলে সে স্থলে এক মাস অশৌচ গ্রহণ ব্যবস্থেয়। বর্ণসঙ্করেরা শূদ্রবৎ অশৌচ গ্রহণ করিবে।

সদ্যঃশৌচ।

দুর্ভিক্ষে, রাজবিপ্লবে, রাজশূন্য যুদ্ধে, বিদ্যুতাগ্নিতে ও শাপাদি দ্বারা মৃত্যু ঘটিলে সপিণ্ড ব্যক্তিরা সদ্যঃশৌচ গ্রহণ করিবে।

রাজার রাজকার্য্যে, ব্রতীর ব্রতে, যাজ্ঞিকের যজ্ঞে, শিল্পীর শিল্পকর্ম্মে, রাজাজ্ঞাকারীর রাজার ইচ্ছাতে, দেবপ্রতিষ্ঠা ও বিবাহকালে, পূর্ব্বসঙ্কল্পিত কোন ব্রতকালে, চিকিৎসকের চিকিৎসাতে, দাস-দাসীর দাস্যকরণকালে সপিণ্ডের মৃত্যু হইলে অশৌচ হয় না। কোন কোন মতে সদ্যঃশৌচের বিধি আছে।

উপসর্গবশতঃ মরিলে সদ্যঃশৌচ হয়। আপদে মৃত্যু ঘটিলে কিম্বা বহু যন্ত্রণাতে মরিলে সদ্যঃশৌচ গ্রহণীয়।

গর্ভস্রাবাশৌচ।

গর্ভস্রাবের কাল অষ্টম মাস পর্য্যন্ত নির্দ্দিষ্ট আছে। ছয় মাস মধ্যে গর্ভস্রাব হইলে যত মাস গর্ভ হইয়াছে, ততদিন সেই নারীর অশৌচ হয়। ছয় মাসান্তে আট মাস মধ্যে গর্ভস্রাব হইলে সেই স্ত্রী নিজ নিজ জাত্যুক্ত পূর্ণাশৌচ গ্রহণ করিবে এবং সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ, নির্গুণের একদিন এবং যথেচ্ছাচারীর ত্রিরাত্রি অশৌচ ব্যবস্থেয়।

দ্বিতীয় মাসে, তৃতীয় মাসে, চতুর্থ মাসে, পঞ্চম মাসে কিম্বা

ষষ্ঠ মাসে গর্ভাস্রাব হইলে যে কয় মাস গর্ভ হইয়াছে, তৎসম-সংখ্য দিন অশৌচ গ্রহণের পরেও ব্রাহ্মণীর একদিন, ক্ষত্রিয়ার দুই দিন, বৈশ্যার তিন দিন এবং শূদ্রাণীর ছয় দিন অতিরিক্ত থাকে অর্থাৎ তত্তদিনের পর সে দৈব ও পৈত্র ক্রিয়ায় অধিকারিণী হয়, কিন্তু লৌকিক কার্য্যে কোন বাধা নাই।

সপ্তম বা অষ্টম মাসে গর্ভে মৃত হইয়া ভূমিষ্ঠ হইলে, সকলকেই পূর্ণাশৌচ গ্রহণ করিতে হয়। নবম দশম মাসেও ঐ বিধি নিরূপিত আছে।

অঙ্গাস্পৃশ্যত্বাদ্যশৌচ।

পূর্ণাশৌচ স্থলে ব্রাহ্মণের পক্ষে অঙ্গাস্পৃশ্যত্ব তিন দিন, ক্ষত্রিয়ের ছয় দিন, বৈশ্যের অষ্টাহ এবং শূদ্রের দশ দিন থাকে।

খণ্ডাশৌচ স্থলে অশৌচদিনকে তিন ভাগ করিয়া এক ভাগে যত সময় হয়, ততকাল অঙ্গাস্পৃশ্যত্ব গ্রহণীয়। অশৌচকাল অতীত হইলে স্নানান্তেই শুদ্ধ হওয়া যায়।

বালক বা বালিকা জন্মিলে যদি তৎপিতা বা বিমাতা সূতিকা স্পর্শ করে, তাহা হইলে মাতার তুল্য অঙ্গাস্পৃশ্যত্ব হয়; কিন্তু অপরের হয় না।

আদিপুরাণের মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, পুত্র বা কন্যা জন্মিলে বিপ্রাণী, ক্ষত্রিয়া ও বৈশ্যার দশাহ এবং শূদ্রার ত্রয়োদশাহ অঙ্গাস্পৃশ্যত্ব হয়। অশৌচান্তে শ্রবণ করিলে সবস্ত্র স্নান দ্বারাই উক্ত দোষের শান্তি হইয়া থাকে।

পুত্রকন্যা জন্মিলে কেবল পিতা-মাতারই অঙ্গাস্পৃশ্যত্ব হয়, সপিণ্ডগণের হয় না।

মৃতের চিতাধুম অঙ্গে লাগিলে সর্ব্ববর্ণই স্নানান্তে শুদ্ধি লাভ করিবে।

শূদ্রের মৃত্যু হইলে যত দিন অঙ্গাস্পৃশ্যত্ব থাকে, তৎকাল-মধ্যে কোন ব্রাহ্মণ সেই শূদ্রের বাটীতে গিয়া অশ্রুপাত করিলে তাঁহাকেও ত্রিরাত্রি অশৌচ গ্রহণ করিতে হয়।

অঙ্গাস্পৃশ্যত্ব শান্তির পর এক মাস মধ্যে শূদ্রালয়ে গমন পূর্ব্বক অশ্রুপাত করিলে সেই ব্রাহ্মণকে একদিন অশৌচ গ্রহণ করত সচেল স্নান করিতে হয়।

অস্থিসঞ্চয়নের পূর্ব্বে স্ব স্ব জাতির গৃহে গিয়া অশ্রুত্যাগ করিলে দুই দিন অশৌচ গ্রহণ কর্ত্তব্য। ব্রাহ্মণ হইয়া ক্ষত্রিয়া-লয়ে বা বৈশ্যালয়ে অশ্রুপাত করিলে দুই দিনান্তে শুদ্ধ হইয়া থাকে আর শূদ্রের স্থলে সকলেরই উপবাস ব্যবস্থা। মৃত ব্যক্তির বান্ধবের সহিত অশ্রুপাত করিলেও একাহ অশৌচ গ্রহণীয়। সর্ব্বত্রই এক দিন দান ও অধ্যয়নাদি নিষিদ্ধ।

খণ্ডাশৌচ।

যদি মাতুল, শিষ্য, পুরোহিত ও আত্মবান্ধব * ইহাদিগের দাহাদি না হয়, তবে পক্ষিণী অশৌচ হইবে; কিন্তু দাহাদি করিলে ত্রিরাত্রি ব্যবস্থেয়।

পিতৃবন্ধু † মরিলে পক্ষিণী অশৌচ, কিন্তু দাহাদি হইলে

---

* আত্মবান্ধব।—মাসীর পুত্র ও কন্যা এবং মাতুলপুত্রকেই আত্মবান্ধব কহে।

† পিতামহের ভগ্নীর পুত্র, পিতামহীর ভগ্নীর পুত্র এবং পিতার মাতুলপুত্র, ইহারাই পিতৃবন্ধু নামে অভিহিত।

ত্রিরাত্রি ব্যবস্থেয়। গুরু ও সহাধ্যায়ী মরিলে একরাত্রি অশৌচ হয়।

যাহার সহিত কোন সম্বন্ধ নাই, তাহার দাহাদি করিলে সদ্যঃশৌচ বিধি। যাহার সহিত কোন সম্বন্ধ আছে, তাহাকে দাহন করিলে ত্রিরাত্রাশৌচ হয়। পরিণীতা কন্যার পক্ষে সর্ব্বত্রই ত্রিরাত্রি অশৌচ ব্যবস্থেয়।

মাসী, মাতুল, শ্বশুর, শাশুড়ী, গুরু, পুরোহিত ও শিষ্য নিজ গৃহে বা নিকটে মরিলে ত্রিরাত্র অশৌচ গ্রহণীয়।

শ্বশুর, শাশুড়ী, ভগিনী, মাতুলানী, মাতুল, পিসী ও মাসী ইহারা দূরে মরিলে পক্ষিণী অশৌচ হয়। *

গুরুপুত্র, গুরুদারা, উপাধ্যায়, মাতুল, শ্বশুর, শাশুড়ী, শ্যালক, সহাধ্যায়ী ও শিষ্য ইহারা অন্যত্র মরিলে একদিন অশৌচ হয়; কিন্তু স্বগৃহে মরিলে ত্র্যহ এবং একগ্রামে মরিলে পক্ষিণী অশৌচ হইয়া থাকে।

দৌহিত্র ও ভাগিনেয় মরিলে পক্ষিণী অশৌচ ব্যবস্থেয়, কিন্তু দাহাদি করিলে তিন রাত্রি হইবে।

পিতা মাতার মরণান্তে বিবাহিতা কন্যা দাহাদি না করিলেও ত্রিরাত্রি অশৌচ গ্রহণ করিবে।

সমানোদকের মৃত্যু হইলে তিন রাত্রি আর গোত্রজের মৃত্যু হইলে এক দিন অশৌচ হয়। মাতৃবন্ধু, † গুরু, মিত্র ও নৃপতির মৃত্যু হইলে ঐ প্রকার একদিন অশৌচ হয়।

---

* আগামী-বর্ত্তমানদিন বিশিষ্ট রাত্রির নাম পক্ষিণী।

† মাতৃবন্ধু।—মাতামহীর ভগ্নীর পুত্র, মাতামহের ভগ্নীর পুত্র এবং মাতার মাতুলপুত্র, ইহাঁদিগকেই মাতৃবন্ধু কহে।

যে বক্তি অশাস্ত্রীয়রূপে আত্মহত্যা করে, তাহার মৃত্যুতে অশৌচ নাই। শাস্ত্রীয়রূপে আত্মঘাতী কিম্বা প্রমাদবশতঃ অনাহারে মৃত, বজ্রপাতে মৃত, অগ্নিতে পতিত হইয়া মৃত, জলমগ্ন হইয়া মৃত, উন্নতস্থল হইতে পড়িয়া মৃত, শৃঙ্গী দ্বারা হত, দংষ্ট্রী দ্বারা হত, সর্পদষ্ট হইয়া মৃত, বিষপ্রয়োগে মৃত, চণ্ডাল দ্বারা মৃত এবং চোর প্রভৃতি দ্বারা হত হইয়া মরিলে তিন রাত্রি অশৌচ হয়। যে সকল ব্যক্তি দুষ্কর্ম্মা, মহাপাপী ও পতিত, তাহাদিগের দাহ বা অশৌচ নাই। পক্ষী, মৎস্য, শৃঙ্গী, দংষ্ট্রী, নখী ইত্যাদি দ্বারা হত, উচ্চস্থান হইতে পতন, উপবাস, প্রায়োপবেশন, বজ্র, বহ্নি, বিষপ্রয়োগ, বন্ধন ও জলমজ্জনরূপ পারিভাবিক শস্ত্রাঘাত এবং ক্ষত ব্যতীত শস্ত্রাঘাতে যদি তিন দিবসের মধ্যে মৃত্যু হয়, তাহা হইলে তিন রাত্রি অশৌচ হইবে; কিন্তু তিন দিন পরে অথবা সপ্তাহ পরে মরিলে পূর্ণাশৌচ গ্রহণীয়।

সহমরণাশৌচ।

স্ত্রীজাতির সহমরণে কিম্বা অনুমরণে তাহার জ্ঞাতি পুত্র প্রভৃতির তিন রাত্রি অশৌচ হইয়া থাকে। পরন্তু ব্রাহ্মণীর সহমরণ ব্যতীত অনুমরণ হয় না।

সহমরণাশৌচ অপেক্ষা পতিমরণাশৌচ শ্রেষ্ঠ; সুতরাং গুরু অশৌচে লঘু অশৌচের নিরাস হয়। যদি যুদ্ধাদিতে হত পতির লঘু অশৌচ হইলেও সহগমন করিলে সহমরণাশৌচ হইবে না। কিন্তু পৃথক্ চিতায় আরোহণ করিলে তিন রাত্রি অশৌচ হইবে।

মৃত্যুবিশেষাশৌচ।

অনাহারে, বজ্রপাতে, অগ্নিতে, জলপ্রবেশে, উচ্চস্থান

হইতে পতনে, যুদ্ধে, দেশান্তরে মরিলে তিন রাত্রি অশৌচ হইয়া থাকে।

যদি প্রমাদ বশতঃ হঠাৎ শৃঙ্গী, দন্তী, নখী, সর্প, বিষ, বিদ্যুতাগ্নি, জল, চণ্ডাল, চোর ইত্যাদি দ্বারা হত হয়, তাহা হইলে তাদৃশ মৃত ব্যক্তির দাহাদি করণীয়। ইচ্ছাপূর্ব্বক ঐ সমস্তের মুখে পড়িয়া প্রাণত্যাগ করিলে দাহাদি, শ্রাদ্ধাদি বা অশৌচ কিছুই নাই।

ক্রোধান্ধ হইয়া অনাহার অথবা জল বা অগ্নিতে প্রবেশ করত মরিলে তাহার অগ্নিদানাদি কার্য্য, শ্রাদ্ধতর্পণাদি ও অশৌচ কিছুই নাই।

পরদারাগমনকালে যদি তৎপতিকর্ত্তৃক বা অন্য কর্ত্তৃক নিহত হয়, অসমান সঙ্করজাতি বা চণ্ডাল প্রভৃতির সঙ্গে ক্রীড়া করিতে করিতে কলহ উপস্থিত হইয়া যদি তাহাদিগের দ্বারা নিহত হয়,যে ব্যক্তি বিষদান করে, যে বিষ সেবন করাইয়া বধ করে,যে ব্যক্তি অগ্নিতে দগ্ধ করিয়া মারে, যে বিধিনিয়মাতিরিক্ত মুণ্ডনাদি করে, যাহারা পরের অনিষ্টসাধনে ইচ্ছুক, যাহারা রোষান্ধ হইয়া বিষপান অনাহার অগ্নিপ্রবেশ জলমজ্জন অস্ত্রশস্ত্রাঘাত উচ্চস্থান হইতে পতন বা রজ্জুবন্ধন প্রভৃতি দ্বারা দেহত্যাগ করে, যে ব্যক্তি সজ্জাতীয় হইয়া ম্লেচ্ছবৎ চর্ম্মাস্থিনির্ম্মিত পাত্র ব্যবহার করে, যে ব্যক্তি লোভপরায়ণ হইয়া পরের বিনাশার্থ উপায় ও স্থানাদি স্থির করে, যাহার মুখে যোনিচিহ্ন বিদ্যমান, যে ব্যক্তি ব্রাহ্মণদত্ত অভিশাপে বিনষ্ট, যে ব্রাহ্মণ কর্ত্তৃক অভিচারাদি দ্বারা নিহত, যে ব্যক্তি ক্লীব এবং যাহারা মহাপাতকী, তাহারা পতিত বলিয়া পরিগণিত। ইহাদিগের দাহ, অন্ত্যেষ্টিক্রিয়া, অস্থিসঞ্চয়,

অশ্রুপাত, পিণ্ড ও শ্রাদ্ধাদি কিছুই নাই। যদি ঐ সকল ব্যক্তিকে দাহ করা যায়, তাহা হইলে দাহকর্ত্তা তপ্তকৃচ্ছ্রব্রতদ্বয় করিয়া শুদ্ধ হইবে। উক্ত ব্রতে অসমর্থ হইলে সার্দ্ধদ্বাবিংশতি কার্ষাপণী দানরূপ প্রায়শ্চিত্ত করণীয়।

কুষ্ঠরোগী মরিলে যদি স্নেহনিবন্ধন তাহার দাহাদি করা যায়, তাহা হইলে দাহাদিকারীকে যতিচান্দ্রায়ণ ব্রত বা ধেনুচতুষ্টয় দান করিয়া শুদ্ধ হইতে হয়।* রোগী স্বয়ং প্রায়শ্চিত্ত করিয়া মরিলে আর দাহাদিকারীর প্রায়শ্চিত্ত করিবার আবশ্যক নাই। যতিচান্দ্রায়ণব্রতে অক্ষম হইলে সপাদ একাদশকর্ষাপণীদানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

যে ব্যক্তি অস্ত্রাঘাত প্রাপ্ত হইয়া তিন দিবস পরে মরে, সে যে কোন বর্ণই হউক না কেন, পূর্ণাশৌচ হইবে। তিনদিনের মধ্যে মরিলে ত্রিরাত্রি অশৌচ হয়। অনেকে এইরূপ ব্যবস্থা দিয়া থাকেন।

শাস্ত্রান্তরে এইরূপ ব্যবস্থাও দৃষ্ট হয় যে, রোগ ব্যতীত যুদ্ধাদিতে ক্ষত হইয়া মরিলে তজ্জন্য দ্বিবিধ অশৌচ হয় অর্থাৎ সপ্তাহমধ্যে মরিলে তিনরাত্রি এবং তৎপর মরিলে স্ব স্ব জাত্যুক্ত নিয়মে অশৌচ গ্রহণীয়।

---

* সাধারণতঃ কুষ্ঠ অষ্টবিধ ;—(১) বিচর্চ্চিকা, (২) দুশ্চর্ম্মা, (৩) চর্চ্চরীয়, (৪) বিকচু, (৫) ব্রণ, (৬) তাম্র, (৭) কৃষ্ণ ও (৮) শ্বেত। এই সকল কুষ্ঠ উত্তোরোত্তর শ্রেষ্ঠ। ইহার মধ্যে যে কোনরূপ কুষ্ঠরোগী হউক না কেন, সে সর্ব্বকর্ম্মে অনধিকারী। কুষ্ঠরোগী মরিলে তাহাকে তীর্থে বা বৃক্ষমূলে প্রোথিত করিবে। তাহার দাহ, পিণ্ড বা শ্রাদ্ধতর্পণাদি নাই।

শবানুগমনাদ্যশৌচ। *

অসপিণ্ডের মরণে যদি কোন ব্রাহ্মণ বন্ধুবৎ তাহার বহন বা দাহাদি করে, তাহা হইলে তিন রাত্রি অশৌচ গ্রহণীয়। মাতার সহোদর প্রভৃতির বহনদাহাদি করিলেও স্বরূপ অশৌচ ব্যবস্থেয়। কোন অসপিণ্ড বিপ্র কোন ব্যক্তির বাটীতে শবদাহনান্তে তদন্ন সেবন করিলে তাহাকে দশ দিন অশৌচ গ্রহণ করিতে হইবে। কিন্তু অন্ন ভক্ষণ না করিয়া তাহার গৃহে বাস করিলে একাহ অশৌচ ব্যবস্থেয়।

কোন অনাথ বা দরিদ্র ব্রাহ্মণ মরিলে যদি অপরাপর

---

* জগৎপাতার এই অসীম ব্রহ্মাণ্ডের সর্ব্বত্রই সকলজাতিতেই শবানুগমন প্রথা প্রচলিত আছে, কিন্তু দুঃখের বিষয় এই যে, আমাদিগের বঙ্গদেশের অধম বাঙ্গালীজাতিরা ইহার প্রতি কোনরূপ আস্থাই প্রদর্শন করেন না। বিশেষ অনুধাবন করিয়া দেখিলে স্পষ্টই লক্ষিত হইয়া থাকে যে, পশুপক্ষ্যাদি তির্য্যক্‌-জাতির মধ্যেও শবানুগমন ও সহানুভূতি আছে, কিন্তু আমরা এরূপ নরাধম ও পশ্বাদি হইতেও হেয় যে, তৎপ্রতি কিছুমাত্র দৃষ্টিপাত করি না। আমাদিগের শাস্ত্রে এরূপ কোন বিশেষ প্রমাণ বা যুক্তি পাওয়া যায় না যে, সজাতীয় শবের অনুগমন করিতে নাই। শবানুগমনভেদে অশৌচগ্রহণের ব্যবস্থা আছে সত্য, কিন্তু সজাতীয় শবের অনুগমন করিবে না বা থাকিতে নাই, এরূপ যুক্তি কুত্রাপি দৃষ্ট হয় না। শবানুগমন দ্বারা সহানুভূতি প্রকাশ করা অথবা আর্থিকাদি নানা উপায়ে বিজাতীয় শবদাহনের আনুকূল্য করা যে সর্ব্বতোভাবে বিধেয় ও ধর্ম্মসঙ্গত, তাহা বলা বাহুল্যমাত্র।

ব্রাহ্মণেরা তাহার বহনদাহনাদি করে, তাহা হইলে সবস্ত্র স্নান পূর্ব্বক ঘৃত সেবন দ্বারা শুদ্ধ হইবে। কিন্তু এই যে নিয়ম লিখিত হইল, ইহা অসম্বন্ধিস্থলে বুঝিবে অর্থাৎ যদি মৃত ব্যক্তির সহিত কোন সম্বন্ধ না থাকে, তাহা হইলে সদ্যঃশৌচ হইবে, পরন্তু কোনরূপ সম্বন্ধ থাকিলে ত্রিরাত্রি অশৌচ গ্রহণীয়।

ব্রাহ্মণ হইয়া কদাচ শূদ্রের শবানুগমন করিবে না। হঠাৎ গমন করিলে স্নান পূর্ব্বক অগ্নিস্পর্শ ও ঘৃতপ্রাশন করিয়া বিশুদ্ধ হইবে।

শ্রেষ্ঠ জাতি হীনজাতীয়ের শব এবং হীন জাতি শ্রেষ্ঠজাতির দাহাদি করিলে মৃত ব্যক্তি যে জাতির, সেই জাতিবিহিত অশৌচ গ্রহণ করিবে।

লোভবশতঃ ভিন্নগোত্রীয় শবদাহাদি করিলে ব্রাহ্মণের দশাহ, ক্ষত্রিয়ের দ্বাদশাহ, বৈশ্যের এক পক্ষ এবং শূদ্রের একমাস অশৌচ হয়।

ব্রাহ্মণ হইয়া শবের সরস অস্থি স্পর্শ করিলে সবস্ত্র স্নান করিয়া শুদ্ধ হইবে এবং নীরস অস্থি স্পর্শ করিলে গোস্পর্শ ও সূর্য্য দর্শন করিয়া শুদ্ধি লাভ করিবে। *

কূর্ম্ম পুরাণের মতে এইরূপ দৃষ্ট হয় যে, ব্রাহ্মণ হইয়া ইচ্ছা-পূর্ব্বক বিপ্রশবের অনুগমন করিলে সবস্ত্র স্নান পূর্ব্বক অগ্নি ও ঘৃত সেবন করিয়া শুদ্ধ হইবে। ক্ষত্রিয় হইয়া ক্ষত্রিয়শবের

---

* বশিষ্ঠসংহিতায় লিখিত আছে যে, মানবের স্নিগ্ধ অস্থি স্পর্শ করিলে তিন রাত্রি এবং অস্নিগ্ধ অস্থি স্পর্শ করিলে অহো-রাত্র অশৌচ গ্রহণীয়।

অনুগামী হইলে সবস্ত্র স্নান, ঘৃত সেবন ও একাহ উপবাস করিবে। বৈশ্য হইয়া বৈশ্যশবের অনুগামী হইলে দুই রাত্রি উপবাস এবং স্নান ও ঘৃত প্রাশন ব্যবস্থেয়। শূদ্র হইয়া শূদ্র-শবের অনুগমন করিলে স্নান, ঘৃত সেবন, ত্রিরাত্র উপবাস ও এক শত প্রাণায়াম করিয়া শুদ্ধ হইতে হয়।

অশৌচশঙ্করব্যবস্থা।

কি জননাশৌচ, কি মরণাশৌচ যাহার মধ্যেই হউক্ না কেন, যদি অন্য কোন জননাশৌচ বা মরণাশৌচ উপস্থিত হয়, তাহা হইলে পূর্ব্ব অশৌচের শেষদিনেই দ্বিতীয় অশৌচের শেষ হইয়া যাইবে।

অশৌচের গুরুতা ত্রিবিধ;—প্রথম জননাশৌচ অপেক্ষা মরণাশৌচ গুরু, দ্বিতীয় জ্ঞাতির পুত্রাদিজন্ম অপেক্ষা আপনার পুত্রাদিজননাশৌচ গুরু, তৃতীয় সপিণ্ডের মরণাশৌচ অপেক্ষা আপনার পিতা মাতা ও পতির মরণাশৌচ গুরু। সপিণ্ডের জনন-মরণে সপিণ্ডের সমান অশৌচ হয়। এই উভয় সমানের মধ্যে সমানাশৌচ হইলে পূর্ব্বাশৌচে বিশুদ্ধ হওয়া যায়। পূর্ব্ব অশৌ-চের শেষ দিবসে অন্য সপিণ্ড মরিলে দুই দিবস অতিরিক্ত গ্রহণ করিতে হইবে। অশৌচান্ত-দ্বিতীয় দিনে অরুণোদয়ে সপিণ্ড মরিলে তিন দিন অতিরিক্ত গ্রহণ করিবে। গুরু অশৌচমধ্যে লঘু অশৌচ ঘটিলে অথবা লঘু অশৌচমধ্যে গুরু অশৌচ উপস্থিত হইলে প্রথম অশৌচের শুদ্ধিতেই সমস্ত শুদ্ধ হয়। যদি লঘুর পূর্ব্বার্দ্ধে গুরু অশৌচ হয়, তাহা হইলে ঐ পূর্ব্বার্দ্ধ লঘু অশৌচেই শুদ্ধ হইবে। লঘুর দ্বিতীয়ার্দ্ধে গুরু অশৌচ হইলে গুরুর দ্বিতী-য়ার্দ্ধে শুদ্ধ হয়। পিতার মৃত্যুর পর মাতা মরিলে অথবা মাতার

মৃত্যুর পর পিতা মরিলে উভয়ের গুরুত্ব নিবন্ধন প্রথম অশৌচেই শুদ্ধি হইবে। কিন্তু যদি দশদিবসে মরণ হয়, তবে দুই দিন অতিরিক্ত হইবে। আর রাত্রিশেষে মৃত্যু হইলে তিন দিন অতিরিক্ত হয়।

জননাশৌচের মধ্যে প্রসূতা স্ত্রীর পতি মরিলে জননাশৌচের শুদ্ধিতেই মরণাশৌচ শুদ্ধ হইবে। যদি সপিণ্ডের অশৌচান্তদিনে পিতার মৃত্যু হয়, তাহা হইলে সেই সপিণ্ডাশৌচ পিতৃমরণজনিত অশৌচান্তদিবসে সমাপ্ত হইবে। কেননা, এ স্থানে মহাগুরুনিপাত বুঝিতে হইবে। যদি পিতার মরণাশৌচের মধ্যে মাতার মৃত্যু হয়, তাহা হইলে পূর্ব্ব অশৌচান্তদিবসেই শেষ অশৌচের সমাপ্তি হয়। কেননা উভয় অশৌচই তুল্য। স্বীয় পুত্র বা কন্যা ভূমিষ্ঠ হইলে যদি সেই অশৌচের মধ্যেই সপিণ্ডের পুত্র বা কন্যা জন্মে, তাহা হইলে স্বীয় পুত্র-কন্যা-জন্মজন্য অশৌচান্তদিনে পরাশৌচের সমাপ্তি হইবে। যদি একদিনে উভয় সপিণ্ডের মৃত্যু হইয়া তৎপরে মাতৃ-পিতৃ-বিয়োগ হয় অথবা পতির মৃত্যু ঘটে, তবে পূর্ব্ব অশৌচান্তদিনেই সমস্ত অশৌচের শেষ হয়। যদি জননাশৌচের মধ্যে অন্য কোন জননাশৌচ পড়ে আর পূর্ব্বজাত সন্তানের উল্লিখিত অশৌচাভ্যন্তরে মরণ ঘটে, তাহা হইলে পিতা-মাতার জননাশৌচ ও সপিণ্ডগণ স্নানমাত্রে শুদ্ধ হইবে। যদি পরে সঞ্জাত বালক অশৌচাভ্যন্তরে মরে, তাহা হইলে সকলেরই জননাশৌচ তুল্যভাবে হইবে। সপিণ্ডের জাতাশৌচের প্রথমার্দ্ধে আপনার পুত্র জন্মিলে সপিণ্ডের অশৌচের শুদ্ধিতেই শুদ্ধি হইবে। যদি পরার্দ্ধে মৃত্যু হয়, তাহা হইলে আপন শুদ্ধিতে শুদ্ধি জানিবে। যদি বিদ্যুতাগ্নি প্রভৃতিতে মরণ

ঘটে, তাহা হইলে তিন রাত্রি অশৌচ ব্যবস্থেয় আর যদি তন্মধ্যে অন্য খণ্ডাশৌচ পড়ে, তাহা হইলে পূর্ব্ব অশৌচেই সমস্ত শেষ হইবে। ফল কথা, লঘু গুরু বিবেচনা পূর্ব্বক অশৌচব্যবস্থা নির্ণয় করিতে হয়।

অশৌচমধ্যে কর্ত্তব্যতা।

অশৌচমধ্যে সন্ধ্যা, অধ্যয়ন, হোম, আতিথ্য, তর্পণ, বৈশ্বদেবপূজন ও শ্রুতিবিহিত কার্য্য করিবে না। অশৌচমধ্যে দেবতা ও পিতৃগণের উদ্দেশে তর্পণ করিতে নাই আর ব্রাহ্মণদিগকে অভিবাদন বা তাহাদিগের প্রণামাদি গ্রহণ করিবে না। অশৌচাভ্যন্তরে ইষ্টপূজা করিতে হইলে স্নানাদি সমাধা করত কেবল মানসোপচারে পূজা করিবে। বাহ্যিক উপকরণযোগে না করিয়া কেবলমাত্র ধ্যানযোগে অর্চ্চনাই কর্ত্তব্য। *

অযাচিতভাবে কোন বস্তু প্রদান করিলে অশুচি ব্যক্তি তাহা গ্রহণ করিতে পারেন, কিন্তু কুলটা, দুষ্ক্রিয়াসক্ত, পাষণ্ড ও পতিত ব্যক্তিরা দিলে তাহা গ্রহণ নিষিদ্ধ। অশৌচ অবস্থায় অশুচি ব্যক্তি যদি লবণ, মধু, মাংস, পুষ্প, মূল, ফল, শাক, কাষ্ঠ, তৃণ, জল, দধি, ঘৃত, দুগ্ধ, তৈল, ঔষধ, অজিন, তণ্ডুল ও যাবতীয় পণ্য দ্রব্য স্পর্শ করে, তাহা হইলে তাহা গ্রহণ করা যায়।

---

* এই যে ব্যবস্থার উল্লেখ হইল, ইহা সকলের পক্ষে নহে। কারণ, যাহারা প্রথম হইতে সঙ্কল্পকারক অর্থাৎ যখন প্রথম দীক্ষা গ্রহণ করা হয়, তখন যাঁহারা এইরূপ সঙ্কল্প করিয়া থাকেন যে, যাবজ্জীবন প্রতিদিন পূজা করিব, তাঁহাদের পক্ষেই এই ব্যবস্থা নির্দ্দিষ্ট আছে। তাঁহারাই অশৌচাভ্যন্তরে নিত্যপূজার অনুষ্ঠান করিতে পারেন।

পূরকপিণ্ডদান।

অশৌচমধ্যেই পূরকপিণ্ড দিতে হয়, এই জন্য সাধারণের বিদিতার্থ এই স্থলেই তদ্বিষয় লিখিত হইল, যথা—দশপিণ্ডকেই পূরকপিণ্ড বলা যায়। অশৌচমধ্যেই ঐ দশ পিণ্ড দিবে। অক্ষম হইলে অশৌচান্তদিনে দিতে পারে।

ত্র্যহাশৌচে।—প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে চারি এবং তৃতীয় দিনে পাঁচ অথবা প্রথম দিনে তিন, দ্বিতীয় দিনে চারি ও তৃতীয় দিনে তিন অর্থাৎ প্রথম দিনে এক পিণ্ড দিবে, দ্বিতীয় দিনে চারি ও তৃতীয় দিনে পাঁচ পিণ্ড দিবে কিম্বা প্রথম দিনে তিন পিণ্ড দিয়া দ্বিতীয় দিনে চারি পিণ্ড ও তৃতীয় দিনে তিনটী পূরকপিণ্ড দিতে হয়।

চতুরহাশৌচে। প্রথম দিনে দুই, দ্বিতীয় দিনে তিন, তৃতীয় দিনে তিন ও চতুর্থ দিনে দুই পিণ্ড দিবে।

পঞ্চাহাশৌচে।—প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে দুই, তৃতীয় দিনে চারি, চতুর্থ দিনে দুই এবং পঞ্চম দিনে এক পিণ্ড দিবে।

ষড়হাশৌচে।—প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে তিন, তৃতীয় দিনে এক, চতুর্থ দিনে তিন, পঞ্চম দিনে এক এবং ষষ্ঠ দিনে এক পিণ্ড দিবে।

সপ্তাহাশৌচে। প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে এক, তৃতীয় দিনে দুই, চতুর্থ দিনে দুই, পঞ্চমদিনে দুই, ষষ্ঠদিনে এক, সপ্তম দিনে এক পিণ্ড দিবে।

অষ্টাহাশৌচে। প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে এক, তৃতীয় দিনে এক, চতুর্থ দিনে দুই, পঞ্চম দিনে দুই, ষষ্ঠ দিনে এক, সপ্তম দিনে এক ও অষ্টম দিনে এক পিণ্ড দিবে।

নবাহাশৌচে।—প্রথমদিনে এক, দ্বিতীয়দিনে এক, তৃতীয় দিনে এক, চতুর্থ দিনে এক, পঞ্চমদিনে দুই, ষষ্ঠদিনে এক, সপ্তম দিনে এক, অষ্টমদিনে এক ও নবম দিনে এক পিণ্ড দিবে।

দশাহাশৌচে। প্রথম হইতে দশদিন পর্য্যন্ত প্রতিদিন এক এক পিণ্ড দিবে।

পক্ষিণী অশৌচে।—দুই দিনেই পঞ্চ পঞ্চ এবং ত্র্যহাশৌচেও ঐরূপ পিণ্ড দিবে।

দ্বাদশাহাদ্যশৌচে।—প্রথম দিন হইতে নবমদিবস যাবৎ নয় পিণ্ড আর অশৌচান্ত দিনে এক পিণ্ড দিবে। বৈশ্য ও শূদ্রের পক্ষে এই নিয়ম। সদ্যঃশৌচ স্থলে বা একাহাশৌচ স্থলে সেই দিবসেই সকল পিণ্ড দিতে হয়।

দাহাদির শেষে এই নিয়মে পূরক পিণ্ড দিবে যে, দুই মুষ্টি তণ্ডুল দুই বার প্রক্ষালন করত মৃৎপাত্রে উত্তমরূপে পাক করিবে। ঈশানদিকে পাক করাই কর্ত্তব্য। পরে পবিত্রহস্ত ও বিপরীতোত্তরীয় হইয়া ভূতলে জানু পাতিয়া দক্ষিণাভিমুখে বসিবে। পরে চারিদিকে একহস্তপরিমাণ ও চতুরঙ্গুল উন্নত এবং দক্ষিণদিক্ নিম্ন বেদী করিয়া কুশজল নিক্ষেপ করিবে। অনন্তর তদুপরি নৈর্ঋতক্রমে চতুষ্কোণ রেখা করিয়া কুশ বিস্তৃত করত "অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব" মন্ত্রে সতিল জল দিবে। তৎপরে তিল, মধু ও ঘৃতযুক্ত বিল্বপরিমিত তপ্তপিণ্ড লইয়া "অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণঃ এতত্তে প্রথমং পিণ্ডপূরকং" এই মন্ত্রে কুশোপরি প্রদান করিবে। তদনন্তর পুনরায় হস্তধৌত জল উক্ত অবনেনিক্ষ্ব মন্ত্রে পিণ্ডোপরি দিতে হয়। তৎপরে ঊর্ণাতন্তুময় বাস লইয়া

"অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মন্নেতত্তে ঊর্ণাতন্তুময়ম্বাস" মন্ত্রে পিণ্ডোপরি দিবে। পরে কাঁচা মৃণ্ময় পাত্রে পিণ্ড-সমীপে জল রাখিবে। যথাসাধ্য গন্ধ ও পুষ্প পিণ্ডোপরি দিয়া যাবৎ ধূম উত্থিত না হয়, তাবৎ পিণ্ডের নিকট অবস্থান করত দর্শন করিবে। অনন্তর সলিলে বিসর্জ্জন করত গৃহে গমন করিতে হয়। যাহার উপনয়ন হয় নাই কিম্বা যে কন্যা অবিবাহিতা, তাহারা কুশাস্তরণ ব্যতীত পিণ্ড দিবে। অষ্টমবর্ষ বয়ঃক্রমের পর কুশোপরি পিণ্ড দিতে পারে। যদ্যপি ঐ সময়ের মধ্যে যজ্ঞোপবীত ও কন্যার বিবাহ হয়, তাহা হইলে কুশাস্তরণের উপরিভাগে পিণ্ড দিবে।

নীরক্ষীরদান।

কাষ্ঠময় ত্রিপদী প্রস্তুত করিয়া তাহার উপর মৃত্তিকাপাত্রে জল ও অন্যপাত্রে দুগ্ধ রাখিয়া ভূতলে জানু পাতিয়া বসিবে এবং বিপরীত উত্তরীয় করিয়া "প্রেতাত্র স্নাহি পিব চেদং ক্ষীরং" এই মন্ত্রে পিণ্ডের উপর দিবে। যদি দশ দিন দেয়, তাহা হইলে অধিক ফল হয়, নতুবা শেষে এক দিনে দিলেও চলিতে পারে। কোন কোন ব্যক্তি পিণ্ডোপরি না দিয়া নিবেদন করিয়া দিয়া থাকেন। পরন্তু পিণ্ডোপরি দেওয়াই যুক্তিযুক্ত। প্রতি পিণ্ডে এক একটী করিয়া ক্ষীরপাত্র দিতে হয় আর জলপাত্রও প্রথম পিণ্ডে এক, দ্বিতীয় পিণ্ডে দুই, তৃতীয় পিণ্ডে তিন এই নিয়মে দশ পিণ্ডে পঞ্চপঞ্চাশৎসংখ্য নীরপাত্র দিবে। যে ব্যক্তি অন্ত্যেষ্টি-ক্রিয়া করে, সেই ব্যক্তিই পূরকপিণ্ড দিবে। জ্যেষ্ঠ পুত্র বিদ্যমানেও কোন কারণে অন্ত্যেষ্টিক্রিয়া করিতে না পারিলে যে ব্যক্তি অন্ত্যেষ্টিক্রিয়া করিবে, সেই পূরকপিণ্ড দিবে।

আদ্য শ্রাদ্ধে, পূরকপিণ্ডে, প্রেততর্পণে ও মাসিক শ্রাদ্ধকালে সামবেদীয়গণ কদাচ স্বধা শব্দ প্রয়োগ করিবে না। অন্যান্য বেদীয়েরা পূরক ভিন্ন অন্যত্র স্বধা ব্যবহার করিবে।

গঙ্গাজলে অস্থিনিক্ষেপ।

মৃত ব্যক্তির অস্থি গঙ্গাজলে দিবার আবশ্যক হইলে উত্তরাভিমুখ হইয়া আচমন পূর্ব্বক কুশ জল লইয়া সঙ্কল্প করত অস্থিকে পঞ্চগব্যে অভিষেক করিবে। পরে স্বর্ণ, মধু, ঘৃত ও তিলমিশ্রিত বাটীর মধ্যে আবৃত করত দক্ষিণ দিক্ দর্শন পূর্ব্বক "নমো ধর্ম্মরাজায়" বলিয়া জলে অবতরণ করিবে। পরে "স মে প্রীতো ভবতু" বলিয়া দূরস্থ জলমধ্যে ফেলিয়া দিবে। তৎপরে স্নান করিয়া দক্ষিণা প্রদান করিবে।

শ্রাদ্ধ।

নিত্যকৃত্যাধ্যায়ে নিত্যশ্রাদ্ধস্থলে শ্রাদ্ধের প্রকারভেদ কথিত হইয়াছে। অধুনা সাধারণের বিদিতার্থ একোদ্দিষ্ট শ্রাদ্ধবিধি নিম্নে প্রদত্ত হইল। অন্যান্য শ্রাদ্ধসমূহের পদ্ধতি মৎপ্রকাশিতব্য "শ্রাদ্ধ" নামক গ্রন্থে দৃষ্টি করিলেই সবিস্তার জ্ঞাত হইতে পারিবেন।

সাম্বৎসরিকৈকোদ্দিষ্টশ্রাদ্ধপ্রয়োগঃ।

তত্র পূর্ব্বদিনেনিরামিষং সকৃদ্ভোজনং কৃত্বা পরদিনে দেবপূজান্তং কর্ম্ম কৃত্বা দক্ষিণাভিমুখীভূয় পাদৌ প্রক্ষাল্য দর্ভহস্তঃ প্রাঙ্মুখ উদঙ্মুখো বা দ্বিরাচম্য গোময়েনোপলিপ্তায়াং ভূমৌ মধ্যাহ্নে শ্রাদ্ধপর্য্যাদন্তেতরকালে বা দর্ভাসনে চোপবিশ্য তিলতৈলেন দীপং প্রজ্বাল্য ভোজ্যাদিকমুৎসৃজেৎ। তদ্‌যথা।—ভোজ্যাদিকমানীয় এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণভোজ্যায় নমঃ। ইতি ত্রিঃ সম্পূজ্য

এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ ইতি সম্পূজ্য কুশত্রয়সহিত-জলমাদায় ওঁ অদ্যামুকে মাস্যমুকপক্ষেঽমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ সাম্বৎসরিকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ স্বর্গকাম ইদং সোপকরণভোজ্যং বিষ্ণুদৈবতং যথানামগোত্রায় ব্রাহ্মণায়াহং দদানি। ততো দক্ষিণা। যথা,— এতে গন্ধপুষ্পে ওঁ ফলায় নমঃ ইতি ত্রিঃ সম্পূজ্য ওঁ অদ্যেত্যাদি কৃতৈতৎ-সোপকরণভোজ্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং ফলং বিষ্ণুদৈবতং যথানামগোত্রায় ব্রাহ্মণায়াহং দদানি। ততঃ দক্ষিণপাণৌ কৌশদ্বিদলরূপপবিত্রং বামে বহুতরকুশান্ ধৃত্বা ওঁ বাস্তুপুরুষায় নমঃ। ইতি গন্ধাদিনা বাস্তুং সম্পূজ্যান্নং দত্ত্বা ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। ইত্যনেন হরিং স্মৃত্বা যজ্ঞেশ্বরং গন্ধাদিনা সম্পূজ্য এতৎ শ্রাদ্ধীয়াগ্র-ভাগসঘৃতসোপকরণান্নং যজ্ঞেশ্বরায় ওঁ বিষ্ণবে নমঃ। ইত্যনেন শ্রাদ্ধীয়াগ্রভাগং দত্ত্বা পরকীয়ভূমৌ চেৎ তৎস্বামিনে মূল্যমথবা পিতৃরীত্যা এতদন্নং সোপকরণং এতদ্ভূস্বামিপিতৃভ্যঃ স্বধা ইত্যগ্রভাগং দদ্যাৎ। ততঃ উপবীতী দর্ভবটুং স্নাপয়িত্বা এতে গন্ধপুষ্পে ওঁ কুশময়ব্রাহ্মণায় নমঃ। ইতি সম্পূজ্য দক্ষিণামুখঃ প্রাচীনাবীতী পাতিতবামজানুস্তিলপ্রোক্ষিতদক্ষিণাগ্রৈকদর্ভযুক্তা-সনে দর্ভবটুং সংস্থাপ্য জলগণ্ডূষং দত্ত্বা ওঁ অদ্যেত্যাদি অমুক-গোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ একোদ্দিষ্টবিধিকসাম্বৎসরিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে। ওঁ কুরুষ্বেতি প্রতিবচনম্। ততঃ সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং জপেৎ। ততঃ ওঁ দেবতাভ্যঃ পিতৃ-ভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব

ভবন্ত্বিতি ত্রিঃ পঠেৎ। ততঃ পুণ্ডরীকাক্ষং স্মরেৎ। ততো মৃজ্জলেন শ্রাদ্ধীয়দ্রব্যপ্রোক্ষণং কর্ত্তব্যম্। রক্ষার্থমুদকপাত্রমেক-দেশে স্থাপয়েৎ। ততো ব্রাহ্মণায় জলং দত্ত্বা ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং স্বধা ইত্যুৎসৃজ্য ব্রাহ্মণবাম-পার্শ্বে মোটকং দদ্যাৎ। ততঃ ওঁ অপহতাসুরারক্ষাংসি বেদি-ষদঃ ইতি তিলান্ বিকীর্য্য ব্রাহ্মণাগ্রভূমৌ কুশপত্রমেকং দক্ষিণাগ্রং পাতয়িত্বা তদুপরি পাত্রং সংস্থাপ্য ওঁ পবিত্রাসি বৈষ্ণবী ইত্যনেনানখচ্ছিন্নং প্রাদেশমাত্রং ওঁ বিষ্ণুর্ম্মনসা পূতম-সীত্যনেন প্রোক্ষিতৈকদলকং পবিত্রং তৎপাত্রে নিধায় ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ॥ ইত্যনেন জলং তৎপাত্রে দদ্যাৎ। ততঃ ওঁ তিলোঽসি সোম-দেবত্যো গোষবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা। ইত্যনেন তিলা দেয়াঃ। তূষ্ণীং গন্ধপুষ্পে চ দত্ত্বা পাত্রং কুশেন পিধায় ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু ইত্যবধারয়েৎ। ওঁ অস্তিত্যুত্তরম্। ব্রাহ্মণহস্তে দক্ষিণাগ্রং অর্ঘ্যপাত্রীয়পবিত্রং দত্ত্বা জলান্তরং পুষ্পান্তরঞ্চ দত্ত্বা পুষ্পান্তরেণ ওঁ শিরঃপ্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ। ইতি পূজয়েৎ। ততস্তৎ-পাত্রং বামহস্ততলে কৃত্বা দক্ষিণহস্তেনাচ্ছাদ্য ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্যা অন্তরীক্ষা উত পার্থিবীর্যা হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবঃ শং স্যোনাঃ সুহবা ভবন্তু॥ ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং স্বধেতি দদ্যাৎ। সংস্রবগ্রহণন্যুব্জী-করণং ন কর্ত্তব্যম্। ততস্তৎ পাত্রং পরিত্যজ্য গন্ধাদিকমুৎসৃজ্য ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্পধূপদীপা-চ্ছাদনানি স্বধেত্যুৎসৃজ্য এষ তে গন্ধঃ এতত্তে পুষ্পং এষ তে

দীপঃ এতত্ত আচ্ছাদনম্। ইতি প্রত্যেকং নিবেদয়েৎ। ওঁ গন্ধাদিদানমিদমচ্ছিদ্রমস্তু ইত্যবধারয়েৎ। ওঁ অস্তিত্যুত্তরম্। ততঃ বস্ত্রযজ্ঞোপবীতস্বপ্রিয়পিতৃপ্রিয়ং দ্রব্যং যথাশক্তি দদ্যাৎ। ততো ব্রাহ্মণাগ্রস্থিতং কুশাদিকমমন্ত্রকমেবাপনীয় নৈঋর্তী-মারভ্য দক্ষিণাগ্রয়া জলধারয়া বামাবর্ত্তেন চতুষ্কোণমণ্ডলং কৃত্বা অন্নপাত্রং পাতয়িত্বা সর্ব্বমন্নাদিকং পাত্রান্তরিতহস্তাভ্যাং পত্নী স্বয়ম্বা পরিবেশয়েৎ। তত ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে॥ বিষ্ণো কব্যমিদং রক্ষস্ব ইতি চ পঠিত্বানথমঙ্গুষ্ঠং ক্ষিপেৎ। ততঃ ওঁ অপহতাসুরারক্ষাংসি বেদিষদ ইতি তিলান্ বিকীর্য্য ব্রাহ্মণায় জলগণ্ডুষং দত্ত্বা গায়ত্রীং জপেৎ। ততোঽন্নে মধু দেয়ং তদভাবে গুড়ং দেয়ম্। ততঃ সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং ওঁ মধুবাতেতি পঠিত্বা ওঁ মধু মধু মধ্বিতি চ জপেৎ। ততো বামহস্তেনান্নপাত্রং ধৃত্বা ওঁ অমুক-গোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽন্নং সোপকরণং স্বধেত্যুৎসৃজ্য জলগণ্ডূষং দত্ত্বা ওঁ ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ এতান্যুপকর-ণানি যথাসুখং বাগ্‌যতঃ সদ ইতি ব্রূয়াৎ। ততঃ সপ্রণবব্যা-হৃতিকাং গায়ত্রীং মধুবাতেত্যৃচং ওঁ মধু মধু মধ্বিতি চ। ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধীহীনঞ্চ যদ্ভবেৎ। তৎ সর্ব্বমচ্ছিদ্রমস্তি-ত্যুক্ত্বা শ্রব্যং পঠেৎ। তদ্‌যথা,—সপ্রণবব্যাহৃতিকাং গায়ত্রীং মধু-বাতেত্যৃচং ওঁ মধু মধু মধ্বিতি চ যজ্ঞেশ্বরো হব্য ইতি ওঁ যোগী-শ্বরমিতি। ওঁ মন্বত্রিবিষ্ণুহারীতেতি ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদমিতি ওঁ দুর্য্যোধনো মন্যুময় ইতি। ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময় ইতি ওঁ সপ্ত ব্যাধা ইতি। ততো দক্ষিণাগ্রান্ কুশানাস্তীর্য্য হস্তস্থমন্নং ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন

তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্। ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ॥ ইতি মন্ত্রাভ্যাং ব্রাহ্মণাগ্রভূমৌ সতিলজলপ্রোক্ষিতদক্ষিণাগ্রকুশোপরি বিকীরেৎ। ততো হস্তৌ প্রক্ষাল্যাচম্য হরিং স্মৃত্বা ব্রাহ্মণায় জলগণ্ডুষং দদ্যাৎ। ততঃ পূর্ব্ববদ্গায়ত্রীং পঠিত্বা ওঁ মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তু সিন্ধবঃ মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ ওঁ মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ মধু দ্যৌরস্তু নঃ পিতা ওঁ মধুমান্নো বনস্পতির্মধুমাংস্তু সূর্য্যো মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥ ইতি পঠিত্বা ওঁ শেষমন্নং ক্ব দেয়মিতি পৃচ্ছেৎ। ওঁ ইষ্টেভ্যো দীয়তামিত্যুত্তরম্। তত ওঁ পিণ্ডদানমহং করিষ্যে ইতি পৃচ্ছেৎ। ওঁ কুরুষ্বেত্যুত্তরম্। তত উচ্ছিষ্টসন্নিধৌ যত্রাচমনবিন্দবো ন প্রাপ্নুবন্তি তত্র নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধৃতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রাক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে। ইত্যনেন নৈঋ‍র্তীমারভ্য জলরেখায়া বামাবর্ত্তেন চতুষ্কোণমণ্ডলং কৃত্বা প্রাদেশমাত্রং সাগ্রকুশ পত্রদ্বয়ং গৃহীত্বা বামহস্তাম্বারব্ধদক্ষিণহস্তেন দক্ষিণাগ্রাং রেখাং মধ্যস্থানে অপহতানিহন্মিভ্যাং কুর্য্যাৎ। তদ্দর্ভদ্বয়মুত্তরস্যান্দিশি ক্ষিপেৎ। ততঃ রেখোপরি সমূলাগ্রান্ কুশানাস্তীর্য্য ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভির্দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রৈঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত॥ ইত্যাবাহ্য তিলাংশ্চাস্তীর্ণকুশোপরি বিকীরেৎ। ততঃ সতিলজলপাত্রং দক্ষিণহস্তেন গৃহীত্বা ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽবনেনিক্ষ্ব স্বধা। ইতি কুশমূলেঽবনেজয়েৎ। ততো মধ্বাজ্যতিলযুক্তং পিণ্ডং কৃত্বা দক্ষিণহস্তেন গৃহীত্বা বামহস্তগৃহীতজল-

পাত্রোপরি হরিং স্মৃত্বা ওঁ মধুবাতা ইত্যাদিনা মধু মধু মধ্বিত্যন্তং পঠিত্বা ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধূষত অস্তোষত স্বভানবো বিপ্রান্ বিষ্ঠয়া মতীয়ো যান্বিন্দ্রতে হরী। ইতি পঠিত্বা। ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেষ তে পিণ্ডঃ স্বধা ইত্যবনেজনস্থানে বামহস্তান্বারব্ধদক্ষিণহস্তেন দদ্যাৎ। ততঃ পিণ্ডশেষঞ্চ পিণ্ডান্তিকে দত্ত্বা অমন্ত্রকং করং নিঘৃষ্যাচম্য হরিং স্মৃত্বা পিণ্ডপাত্রপ্রক্ষালনজলেন ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽবনেনিক্ষ্ব স্বধেত্যনেন পিণ্ডমবনেজয়েৎ। ততঃ ওঁ অত্র পিতর্ম্মাদায়স্ব যথাভাগমাবৃষায়স্ব॥ ইতি জপেৎ। ততো বামাবর্ত্তেনোদঙ্মুখো ভূত্বা গ্লানিপর্য্যন্তং শ্বাসং ধৃত্বা পিতরং ভাস্করমূর্ত্তিকং ধ্যায়ন্ দক্ষিণামুখো ভবন্ ওঁ অমীমদৎ পিতা যথাভাগমাবৃষায়িষ্ট ইতি জপেৎ। ততঃ শ্বাসং ত্যজেৎ। ততঃ ওঁ নমস্তে পিতঃ পিতর্ণমস্তে ইতি কৃতাঞ্জলির্ব্বদেৎ। ওঁ গৃহান্নঃ পিতর্দ্দেহীতি গৃহিণীং পশ্যেৎ। ওঁ সদস্তে পিতর্দ্দেশ্ম॥ ইতি পিণ্ডং পশ্যেৎ। ততো নবমনবস্থা শুক্লবস্ত্রদশাভবং সূত্রং দ্বিগুণকুশসহিতং বামহস্তাদ্দক্ষিণহস্তেন গৃহীত্বা ওঁ এতদ্বঃ পিতরো বাস ইতি পঠিত্বা ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ স্বধা ইতি পিণ্ডে দদ্যাৎ। ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতরম্॥ ততস্তু, ক্লীং গন্ধাদিনা পিণ্ডং পূজয়েৎ। ততঃ কৃতাঞ্জলিঃ। ওঁ বসন্তায় নমস্তভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞঋতবে চ নমঃ সদা। হেমন্তায় নমস্তভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসম্বৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ॥ ইতি জপেৎ। তত ওঁ সুপ্রোক্ষিতমস্তু॥ ইতি ব্রাহ্মণাগ্রভূমিমাসিঞ্চেৎ। ওঁ অস্থিতি প্রতি-

বচনম্। ততঃ ব্রাহ্মণহস্তে ওঁ শিবা আপঃ সন্তু॥ ইতি জলং দদ্যাৎ। ওঁ সন্ত্বিতি প্রতিবচনম্। সৌমনস্যমস্ত্বিতি পুষ্পং দদ্যাৎ। ওঁ অস্ত্বিতি প্রতিবচনম্। ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু॥ ইতি দূর্ব্বাক্ষতং দদ্যাৎ। ওঁ অস্ত্বিতি প্রতিবচনম্। ততস্তিলাজ্যমধুযুক্তং জলং গৃহীত্বা ওঁ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিকমুপতিষ্ঠতামিত্যনেন ব্রাহ্মণহস্তে পিণ্ডে চ দদ্যাৎ। ওঁ উপতিষ্ঠতামিতি প্রতিবচনম্। ওঁ অঘোরঃ পিতাস্তু॥ ইতি বদেৎ। ওঁ অস্ত্বিতি প্রতিবচনম্। ওঁ গোত্রং নো বর্দ্ধতামিতি বদেৎ। ওঁ বর্দ্ধতামিত্যুত্তরম্। ততঃ সপবিত্রকুশান্ পিণ্ডোপরি দত্ত্বা ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিশ্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতরম্। ইতি পিণ্ডং সিঞ্চেৎ। ততো দক্ষিণাং কুর্য্যাৎ। ততঃ ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতৈতদেকোদ্দিষ্টবিধিকসাম্বৎসরিকশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং রজতং তন্মূল্যং বা বিষ্ণুদৈবতং যথানামগোত্রায় ব্রাহ্মণায়াহং দদানি। ততঃ কৃতাঞ্জলিঃ। সুমনাস্তন্মনা ভূত্বা দক্ষিণাং দিশং পশ্যন্ পিতরং যাচেত। ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ। শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্বহু দেয়ঞ্চ নোঽস্ত্বিতি। অন্নঞ্চ নো বহু ভবেদতিথীংশ্চ লভেমহি। যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিস্ম কঞ্চন। অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু। যস্মৈ সঙ্কল্পিতো দ্বিজস্তস্যাক্ষয়া তৃপ্তিরস্তু। এতাঃ সত্যাশিষঃ সন্তু। ওঁ সন্ত্বিতি প্রতিবচনম্। পিতৃবরপ্রসাদোঽস্তু। ওঁ অস্ত্বিতি প্রতিবচনম্। ততঃ ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি। ইতি ত্রিঃ

পঠেৎ। ততঃ ওঁ অভিরম্যতাং ইতি বিসর্জ্জনম্। ওঁ অভিরতোঽস্মীতি উত্তরম্। ততঃ ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যাদ্যাবা পৃথিবী বিশ্বরূপে আ মা গন্তং পিতরা মাতর যুৎমা মা সোমোঽমৃতত্বায় গম্যাৎ॥ ইতি মন্ত্রেণ প্রদক্ষিণবারিধারয়া ব্রাহ্মণং বেষ্টয়ন্ পিতরং প্রণমেৎ। ততঃ পিণ্ডস্তু গোঽজবিপ্রেভ্যো দদ্যাৎ। জলে বা ক্ষিপেৎ। শ্রাদ্ধীয়দ্রব্যং ব্রাহ্মণায় দদ্যাৎ জলে বা ক্ষিপেৎ। ততো বামদেব্যঞ্চ গীত্বা অশক্তৌ ঋক্চতুষ্টয়ং ত্রিধা পঠেৎ। ততো দক্ষিণপাণিনা দীপং প্রচ্ছাদ্য হস্তৌ প্রক্ষাল্যাচম্য কৃতৈতৎ কর্ম্মাচ্ছিদ্রমস্তু ইতি পৃচ্ছেৎ। ওঁ অস্ত্বিত্যুত্তরম্। ততঃ ওঁ অদ্যেত্যাদি কৃতৈতদেকোদ্দিষ্টশ্রাদ্ধকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য ওঁ তদ্বিষ্ণোরিত্যনেন বিষ্ণুং স্মরেৎ ইতি॥

প্রায়শ্চিত্ত।

মহাপাপ ও উপপাপাদিবিনাশার্থ যে কর্ম্ম করা যায়, তাহাকেই প্রায়শ্চিত্ত কহে। প্রায়শ্চিত্তের অপর এক নামই ব্রত। ব্রত অনেক প্রকার; তন্মধ্যে কতিপয় প্রধান প্রধান ব্রতের বিষয় লিখিত হইতেছে।—

প্রাজাপত্য ব্রত।

দ্বাদশ দিনে এই ব্রত শেষ হয়। প্রথমদিন কুক্কুটের অণ্ড প্রমাণ ষড়্‌বিংশ গ্রাসমাত্র আহার করিবে। তৎপরে তিন দিন রাত্রিকালে দ্বাবিংশগ্রাস, তদনন্তর তিনদিন অযাচিতভাবে চতুর্বিংশ গ্রাস ভক্ষণ করিবে। অবশেষে তিনদিন অনাহারে থাকিবে। এই ব্রতে অক্ষম হইলে পয়স্বিনী ধেনু দিবে, তাহাতেও অক্ষম হইলে ধেনুমূল্য দিবে। ধনীর পক্ষে ধেনুর মূল্য

পঞ্চকাহন, মধ্যবিধের পক্ষে তিন কাহন আর দরিদ্রের পক্ষে এক কাহন ব্যবস্থেয়।

চান্দ্রায়ণ।

পিপীলিকাকৃতি, যতি, শিশু, প্রকৃত প্রভৃতিভেদে চান্দ্রায়ণ অনেকপ্রকার। তন্মধ্যে প্রকৃত চান্দ্রায়ণে সার্দ্ধবিংশতি কার্ষাপণী বরাটক এবং এবং যতিচান্দ্রায়ণাদিতে সপাদ একাদশ কার্ষাপণী বরাটক দিতে হয়।

পরাক ব্রত।

ইন্দ্রিয়সংযম পূর্ব্বক দ্বাদশদিন উপবাস করিবে। অসমর্থ হইলে পঞ্চসংখ্য ধেনুদান অথবা তন্মূল্য পঞ্চদশ কাহন বরাটক দান ব্যবস্থেয়।

অতিকৃচ্ছ্র ব্রত।

এই ব্রত দ্বাদশদিনে সম্পন্ন হয়। প্রথম তিনদিন প্রত্যহ এক এক গ্রাস মাত্র আহার করিবে। পরে তিন দিন সন্ধ্যাকালে এক এক গ্রাস ভোজন, তৎপর তিনদিন অযাচিতভাবে এক এক গ্রাস, অবশেষে তিন দিন উপবাস করিবে। অক্ষম হইলে দুইটী ধেনুদান বা তন্মূল্য ষট্ কাহন কপর্দ্দক দিবে।

প্রায়শ্চিত্ত-পূর্ব্বদিনকৃত্য।

প্রায়শ্চিত্তের পূর্ব্বদিন নখ কর্ত্তন, কেশমুণ্ডন প্রভৃতি করত দিবাতে তিন বার স্নান ও ত্রিসন্ধ্যা করত ঘৃতমাত্র সেবন পূর্ব্বক সংযত হইয়া মৌনভাবে থাকিবে।*

---

* ঘৃত তেজোময় ব্রহ্মস্বরূপ, ঘৃতমধ্যে ব্রহ্মের অধিষ্ঠান আছে, এই হেতু ঘৃত পাপ দূর করে বলিয়া উহা সেবন করিতে হয়। কেশনখাদিবিষয়ে এইরূপ বিধি আছে যে, রাজা, রাজপুত্র, ব্রাহ্মণ ইহারা প্রায়শ্চিত্ত করিবার পূর্ব্বদিনে কেশ নখ প্রভৃতি

হইয়াছে। পাঁচ হইতে দশ বর্ষের মধ্যস্থ বালকেরা একচতুর্থাংশ প্রায়শ্চিত্ত করিবে।

প্রায়শ্চিত্তাকরণে পাপ।

প্রায়শ্চিত্তার্হ হইয়া প্রায়শ্চিত্ত না করিলে ইহলোকে নিন্দনীয় হইতে হয়, আর অন্তিমে ঘোরতর নরকে পড়ে।

প্রায়শ্চিত্তকালাতিক্রমে বিধি।

প্রায়শ্চিত্ত করিতে কালাতিপাত হইলে দ্বিগুণ রাজদণ্ড দিতে হয়, আর দ্বিগুণ দক্ষিণা সহ দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে। একবর্ষমধ্যে প্রায়শ্চিত্ত করিলে কালাতিপাতজন্য দোষ হয় না। তদূর্দ্ধেই উক্ত বিধি।

যজ্ঞোপবীতচ্ছেদনপ্রায়শ্চিত্ত।

শূদ্র দ্বারা ব্রাহ্মণের যজ্ঞসূত্র ছিন্ন হইলে, বিপ্র অন্য যজ্ঞসূত্র ধারণ পূর্ব্বক গায়ত্রী জপ করত একদিন উপবাসী থাকিবে। চণ্ডাল, পুকশ, ম্লেচ্ছ, অন্ত্যজ ও কাপালিক দ্বারা ছিন্ন হইলে, অতিকৃচ্ছ্রব্রত করিবে, তাহাতে অক্ষম হইতে তিনটী ধেনু বা তন্মূল্য ৯ কাহন বরাটক দান করিবে। মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, চণ্ডাল বা শ্বপচ দ্বারা যজ্ঞসূত্র ছিন্ন হইলে, সেই ব্রাহ্মণ মহাসান্তপন ব্রত করিবে, অথবা দুইটী ধেনু বা তন্মূল্য ৬ কাহন বরাটক দিবে। দৈবাৎ ব্রাহ্মণের উপবীত ছিন্ন হইলে, মনস্তাপ দ্বারাই বিশুদ্ধি হয় এবং তিন বার প্রাণায়ামপূর্ব্বক একদিন উপবাসী থাকিবে।

শূদ্র হইয়া ব্রাহ্মণের যজ্ঞসূত্র ছেদন করিলে, সেই শূদ্র নৃপতিকে ত্রিংশৎ পণ দণ্ড দিয়া স্বয়ং প্রাজাপত্য ব্রতের অনুষ্ঠান করিবে।

সুরাপানপ্রায়শ্চিত্ত।

স্মার্ত্তমতে নির্দ্দিষ্ট আছে যে, সুরাপান পূর্ব্বক তাম্র, রৌপ্য, সীসক এই কয়েকটির মধ্যে যে কোন একটী ধাতু দ্রবীভূত করিয়া পান করিলে পাপ দূর হইয়া থাকে। বৃহস্পতির মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, সুরাপানকারীকে অগ্নিমধ্যে ফেলিয়া দিবে এবং তাহার মুখ বহ্নিদগ্ধ হইলেই পাপের প্রায়শ্চিত্ত হয়।

রজস্বলানারীস্পর্শ-প্রায়শ্চিত্ত।

ব্রাহ্মণী হইয়া রজস্বলা ব্রাহ্মণীকে, ক্ষত্রিয়াকে, বৈশ্যাকে বা শূদ্রাকে স্পর্শ করিলে যথাক্রমে একরাত্র, ত্রিরাত্র, পঞ্চরাত্র ও ষড়্‌রাত্র অনাহার ও সকলপক্ষেই পঞ্চগব্য পান ব্যবস্থা। এইরূপ ব্যবস্থা সকলের পক্ষেই তুল্য অর্থাৎ ক্ষত্রিয়াদিরা স্পর্শ করিলেও এই ব্যবস্থা। পরন্তু ইহা জ্ঞানকৃত বলিয়া জানিবে। অজ্ঞানে স্পর্শ করিলে অর্দ্ধ ব্যবস্থা। চণ্ডাল ও শ্বপচ-নারীকে রজস্বলা-বস্থায় স্পর্শ করিলে সকল বর্ণকেই তিন রাত্রি উপবাস পূর্ব্বক পঞ্চগব্য পান করিয়া শুদ্ধ হইতে হয়।

রজস্বলা নারীকে রজস্বলা নারী স্পর্শ করিলে, যদি সেই নারী সবর্ণা হয়, তবে পঞ্চগব্য পান করিবে। কিন্তু অসবর্ণা হইলে, ব্রহ্মকূর্চ্চ করিতে হয়। *

অভক্ষ্য ভক্ষণে—

অজ্ঞানে একবারমাত্র গোমাংস ভক্ষণ করিলে প্রাজাপত্য ব্রত, তদক্ষমে ৩ কাহন বরাটক দান করিবে। জ্ঞানে একবার ভোজন করিলে দুইটী প্রাজাপত্য অথবা ৬ কাহন বরাটক দান

* ব্রহ্মকূর্চ্চ।—এক অহোরাত্র উপবাস পূর্ব্বক প্রাতঃকালে পঞ্চগব্য পান করিলে, তাহার নাম ব্রহ্মকূর্চ্চ।

করিতে হয়। একবর্ষ যাবৎ গোমাংস ভোজন করিলে এক বৎসর ব্রত করিবে। তাহাতে অক্ষম হইলে ১৫টী ধেনু বা তন্মূল্য ৪৫ কাহন বরাটক দান ব্যবস্থেয়। দক্ষিণা সাধ্যানুসারে দেয়। মতান্তরে এইরূপ ব্যবস্থা আছে যে, গ্রাম্য কুক্কুট ও গোমাংস ভক্ষণ করিলে ব্রাহ্মণ প্রায়শ্চিত্ত করিয়া পুনরায় উপনয়ন গ্রহণ করিবে। অসমর্থ হইলে ২২॥০ কাহন বরাটক দান দিবে। শঙ্খসংহিতায় লিখিত আছে যে, গো, অশ্ব, হস্তী, উষ্ট্র, সর্ব্বপ্রকার পঞ্চনখ * এবং গ্রাম্যকুক্কুট এই সকলের মাংস ভক্ষণ করিলে সম্বৎসর যাবৎ ব্রতাচরণ করিবে। অক্ষম হইলে ৪৫ কাহন বরাকট দান করিবে। কিন্তু ইহা জ্ঞানকৃত, অজ্ঞানে ভোজন করিলে অর্দ্ধ প্রায়শ্চিত্তান্তে পুনরায় উপনয়ন গ্রহণ করিতে হয়।

অমেধ্য বা অলেহ্য, অপেয়, অখাদ্য, রেত, মূত্র, মল প্রভৃতি জ্ঞানত ভক্ষণ করিলে চান্দ্রায়ণব্রত করিবে, অসমর্থ হইলে ২২॥০ কাহন বরাটকদান দিবে। অজ্ঞানে করিলে উহার অর্দ্ধ ব্যবস্থা।

মীন, কণ্টক, শম্বূক, শঙ্খ, শুক্তি, কপর্দ্দক ও বৃষ্টির জল সেবন করিলে পঞ্চগব্য পানরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়।

অম্বুবাচীদিনে স্বয়ংপক্ব বা পরপক্ব কিছু আহার করিলে চণ্ডালান্নভোজনের প্রায়শ্চিত্ত করিবে।

চণ্ডালাদি—অন্নভোজনে—

অন্ত্যাবসায়ীদিগের † জ্ঞানতঃ ভক্ষণ করিলে চান্দ্রায়ণব্রত

---

* পঞ্চনখ—নর, বানর, কুঞ্জর, ব্যাঘ্র।

† চণ্ডাল, শ্বপচ, ক্ষত্তা, সূত, বৈদেহিক, মাগধ ও আয়োগব এই কয় জাতির নাম অন্ত্যাবসায়ী।

অথবা তদনুকল্প ২২॥০ কাহন বরাটক দান করিবে। অজ্ঞানে ভোজন করিলে তপ্তকৃচ্ছ্র ব্রত বা তদনুকল্প ১১। কাহন বরাটক দান করিবে।

দুর্ভিক্ষাদি বিপদ উপস্থিত হইলে তৎকালে ব্রাহ্মণাদি বর্ণত্রয় শূদ্রাগারে অন্নভক্ষণ করিলে মনস্তাপ ও দ্রুপদাদিমন্ত্র জপ করিবে।

দিবামৈথুনে—

দিবাভাগে মৈথুন করিলে, নগ্ন হইয়া জলে স্নান করিলে এবং নগ্না পরস্ত্রীকে দেখিলে একদিন উপবাস করিয়া শুদ্ধিলাভ করিবে।

পর্ব্বমৈথুনে—

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি এই কয় পর্ব্বদিনে নারীসঙ্গ করিলে চান্দ্রায়ণ ব্রত অথবা ২২॥০ কাহন বরাটকদানরূপ প্রায়শ্চিত্ত করিবে। পর্ব্ব ব্যতীত অন্য সময়ে ঋতুমতী নারীতে উপগত না হইলে প্রাজাপত্য-ব্রতের অর্দ্ধ অথবা ১॥০ কাহন বরাটক দান করিতে হয়। অজ্ঞানে হইলে শত প্রাণায়াম করিবে।

আত্মোচ্ছিষ্ট-ভোজনে—

আহার করিতে করিতে উঠিয়া পুনর্ব্বার সেই পাত্রে উচ্ছিষ্ট দ্রব্য ভোজন করিলে ব্রাহ্মণ চান্দ্রায়ণব্রত বা তদনুকল্প ২২॥০ কাহন বরাটক দান করিবে। যদি ক্ষত্রিয় বা বৈশ্য ঐরূপ আত্ম-উচ্ছিষ্ট ভোজন করে, তাহা হইলে তপ্তকৃচ্ছ্র ব্রত বা তদনুকল্প ৯ কাহন বরাটক দান করিবে। শূদ্রজাতি হইলে ৪॥০ কাহন বরাটক দান করিবে।

চণ্ডালাদিস্পৃষ্ট-জলপান-প্রায়শ্চিত্ত।

অজ্ঞানে চণ্ডালাদি-স্পৃষ্ট জল পান করিলে কৃচ্ছ্র সান্তপন ব্রত করিবে আর জ্ঞানে করিলে দ্বিগুণ ব্রত করিতে হয়। ব্রতে অক্ষম হইলে ৬ কাহন বরাটকদানরূপ প্রায়শ্চিত্ত ব্যবস্থেয়।

চণ্ডালাদি-উচ্ছিষ্ট-ভোজনে—

কি বিপ্র, কি ক্ষত্রিয়, কি বৈশ্য যদি চণ্ডাল বা পতিতাদির উচ্ছিষ্ট ভক্ষণ করে, তাহা হইলে পরাকব্রতের অনুষ্ঠান করিবে। কিম্বা তদনুকল্প ১৫ কাহন বরাটকদানরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়। শূদ্র উহা ভোজন করিলে প্রাজাপত্য ব্রত বা ৩ কাহন বরাটক দান করিবে। যদি অজ্ঞানে ভোজন করে, তাহা হইলে অর্দ্ধেক ব্যবস্থা। আহারান্তে বমন করিয়া ফেলিয়া দিলেও উক্তরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে।

সংসর্গ—

পতিত ব্যক্তির সহিত সংসর্গ করিলে পতিতের যেমন প্রায়-চিত্তের বিধি আছে, তদ্রূপ প্রায়শ্চিত্ত করিবে।

বৃক্ষচ্ছেদনে—

সাধারণ বৃক্ষ বা লতা ছেদন করিলে ব্রাহ্মণের হাতে কিঞ্চিৎ দান করিতে হয়। ফলবান্ বৃক্ষ বা ফলবতী লতা ছেদন করিলে প্রাজাপত্য ব্রত বা তদনুকল্প ৩ কাহন বরাটক দিবে। স্বল্প-ফলবান্ বৃক্ষ বা স্বল্পফলবতী লতা ছেদন করিলে "আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্র পাঠ করিতে হয়।

চৌর্য্যে—

ব্রাহ্মণ হইয়া স্বর্ণ চুরি করিলে বল্কল ধারণ পূর্ব্বক অজ্ঞান-কৃত ব্রহ্মহত্যার ব্রত আচরণ করিবে অর্থাৎ দ্বাদশবার্ষিকী ব্রত

করিবে। অক্ষম হইলে বরাটকদান ব্যবস্থেয়। ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র হইয়া কোন ব্যক্তির স্বর্ণ-হীরকাদি চুরি করিলে মরণান্ত প্রায়শ্চিত্ত করিতে হয়।

গুরুদারাগমনপ্রায়শ্চিত্ত।

নিজ ভার্য্যাভ্রমে গুরুপত্নীতে উপগত হইলে জটাবল্কল ধারণ ও শ্মশ্রুকেশ প্রভৃতি ধারণ করত একবর্ষমধ্যে ত্রিংশৎ প্রজাপত্য করিবে, অক্ষম হইলে ৯০ কাহন বরাটক দান এবং ত্রিংশৎ কার্ষাপণী দক্ষিণা দিতে হয়। বিমাতা প্রভৃতি গুরুপত্নীতে গমন করিলে সুতপ্ত শয্যাতে শয়ন পূর্ব্বক লৌহময়ী জ্বলন্ত নারীমূর্ত্তি করিয়া তাহাকে আলিঙ্গন করত প্রাণ বিসর্জ্জন করিলেই শুদ্ধি হইবে।

অথবা গুরুদারাগামী পাপী স্বীয় শিশ্ন কর্ত্তন পূর্ব্বক অঞ্জলিতে ধরিয়া মৃত্যুকাল যাবৎ নৈঋ´ত কোণে প্রধাবিত হইবে।

অসবর্ণাগুরুপত্নীগমনপ্রায়শ্চিত্ত।

অসবর্ণা গুরুপত্নী হরণ করিলে জলাদি দ্বারা যাউ পাক করত ভক্ষণ পূর্ব্বক তিন মাসে তিনটী চান্দ্রায়ণ করিবে। অক্ষম হইলে প্রতি চান্দ্রায়ণে ২২॥ কাহন বরাটকদানরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়।

স্বভার্য্যার প্রতি মাতৃত্বাদিবাক্যপ্রয়োগের প্রায়শ্চিত্ত।

যদি ক্রোধবশে গুণবতী বয়স্থা পত্নীকে মাতৃ বা ভগিনী সম্বোধন করত ত্যাগ করে এবং পুনশ্চ তাহাকে উপভোগ করিতে হয়, তাহা হইলে ঋষিচান্দ্রায়ণ ব্রত করিয়া তৎপরে গ্রহণ করিবে। ঐ ব্রতের নিয়ম এই যে, একমাস প্রত্যহ তিন তিন গ্রাস অন্নমাত্র ভক্ষণ করিতে হয়। অক্ষম হইলে ২৩ টী ধেনু দান অথবা ৬৭॥০ বরাটকদান করিবে।

অথবা ক্রোধবশে বা মোহনিবন্ধন স্বীয় পত্নীকে মাতা বা ভগিনী সম্বোধন করিলে বিপ্রাদি বর্ণচতুষ্টয়ের পক্ষেই প্রাজাপত্য ব্রত বা ৩ কাহন বরাটকদানরূপ প্রায়শ্চিত্ত ব্যবস্থেয়।

উচ্ছিষ্টমুখে চণ্ডালাদিস্পর্শজনিতপ্রায়শ্চিত্ত।

উচ্ছিষ্টমুখ ব্রাহ্মণকে চণ্ডাল বা শ্বপচজাতি স্পর্শ করিলে এক সহস্র আটবার গায়ত্রী জপ ও একশতবার দ্রুপদাদি মন্ত্র জপ করিলেই শুদ্ধ হয়। যদি উচ্ছিষ্টমুখ ক্ষত্রিয় বা বৈশ্য অথবা শূদ্রকে উক্ত চণ্ডালাদি স্পর্শ করে, তাহা হইলে তিন দিন অনাহারে থাকিয়া পঞ্চগব্য পান করিবে। যদি অন্ত্যজ জাতিকে স্পর্শ করে, তাহা হইলে বিপ্র প্রাজাপত্য ব্রত আর ক্ষত্রিয়াদি বর্ণত্রয় পাদহীন উক্ত ব্রত করিবে। ব্রতে অক্ষম হইলে ব্রাহ্মণ ৩ কাহন বরাটক দান করিবেন। যদি আমদ্রব্য আহার ও স্পর্শ করে, তবে পাদ প্রায়শ্চিত্তের ব্যবস্থা নির্দ্দিষ্ট আছে।

সূতিকাদ্যান্নভোজন ও তদ্‌গৃহবাসপ্রায়শ্চিত্ত।

যদি শূদ্র, চিকিৎসক, ক্রূরব্যক্তি, নারীজীবী, মৃগজীবী, চণ্ডাল, ভূমিপাল, অজাজীবী, সারমেয়জীবী, শুঁড়ী ও সূতিকা ইত্যাদির অন্ন ভোজন করে, তবে সেই ব্রাহ্মণকে একমাস ব্রতাচরণ করিতে হয়। কিন্তু উহা জ্ঞানকৃত ভোজনে জানিবে। অজ্ঞানে ভোজন করিলে চণ্ডালাদির অন্ন ভোজনে যেরূপ প্রায়শ্চিত্তের বিধি আছে, সেইরূপ করিবে।

চণ্ডালাদির গৃহে বাস করা হইয়াছে ইহা জানিতে পারিলে ব্রাহ্মণাদি বর্ণত্রয়েরই চান্দ্রায়ণ ব্রত করা উচিত। অক্ষম হইলে ২২॥০ কাহন বরাটকদান করিবে। শূদ্র হইলে তাহাকে প্রাজাপত্য ব্রত অথবা তিন কাহন বরাটক দান করিতে হয়।

অজ্ঞানকৃত বাসস্থলে সকলকেই পরাকব্রত বা ১৫ কাহন বরাটক দান করিতে হইবে। যাহারা উহাদিগের সংসর্গ করে, তাহাদিগকে প্রাজাপত্য বা ৩ কাহন বরাটক দান করিতে হয়। সংসর্গীর সহিত সংসর্গ করিলে অর্দ্ধ প্রাজাপত্য বা ১৷৷০ কাহন বরাটক দিবে। আর যদি সংসর্গকারীর সংসর্গীর সংসর্গী হয়, তাহা হইলে এক চতুর্থাংশ প্রাজাপত্য বা ৸০ পণ বরাটক দান করিবে।

ব্রাত্যপ্রায়শ্চিত্ত।*

যে পিতৃমাতৃরহিত দরিদ্র, যথাকালে তাহার উপনয়ন না হইলে তিনটী প্রাজাপত্য বা ৯ কাহন বরাটক দান ও ১ কাহন দক্ষিণা দিবে।

মনুসংহিতার মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে, যে, ব্রাত্যকে ৩টী কৃচ্ছ্রব্রত করিয়া পরে উপনয়ন গ্রহণ করিতে হয়।

অনাশ্রমিত্বপ্রায়শ্চিত্ত।

যদি অপতিত পিতা, পুত্র, বন্ধু, ভ্রাতা, ভার্য্যা, আচার্য্য ও শিষ্য ইহাদিগকে পরিত্যাগ পূর্ব্বক আশ্রম পরিহার করে, তাহা হইলে এক শত পণ বরাটকদানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

মতান্তরে এইরূপ নিয়ম আছে যে, একবর্ষ অনাশ্রমী হইয়া থাকিলে প্রাজাপত্য বা ৩ কাহন বরাটক, দুই বর্ষ অনাশ্রমী থাকিলে অতিকৃচ্ছ্র বা ৯ কাহন বরাটক, তিনবর্ষ অনাশ্রমী হইয়া থাকিলে কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রব্রত বা ১৮ কাহন বরাটক এবং তদূর্দ্ধ অনাশ্রমী থাকিলে চান্দ্রায়ণ বা ২২৷৷০ কাহন বরাটকাদানরূপ প্রায়শ্চিত্ত করিবে।

---

* যথাকালে উপনয়ন না হইলেই তাহাকে ব্রাত্য কহে।

ম্লেচ্ছদাস্য-ম্লেচ্ছভোজনাদিপ্রায়শ্চিত্ত।

যদি নিরগ্নি ব্রাহ্মণ ম্লেচ্ছের, চণ্ডালাদির অথবা যবনের উচ্ছিষ্ট মার্জ্জন করে বা আহার করে, অথবা উষ্ট্র, মার্জ্জার, বিট্, বরাহ প্রভৃতির মাংস খায় কিম্বা ম্লেচ্ছাদির নারী সহ বিহার করে অথবা সেই নারীতে মুগ্ধ হইয়া তাহার অন্নাদি সেবন করে আর তৎসহ একমাস যাবৎ কুকর্ম্মে রত থাকে, তাহা হইলে প্রাজাপত্য ব্রত করিবে। সাগ্নিক বিপ্রের পক্ষে চান্দ্রায়ণ ব্যবস্থেয়। নিরগ্নি ব্রাহ্মণ একবর্ষ যাবৎ ম্লেচ্ছের দাসত্ব করিলে চান্দ্রায়ণ করিতে হয়। ক্ষত্রিয় ও বৈশ্যের প্রতি পরাকব্রতই ব্যবস্থা। শূদ্র একমাস যাবৎ দাসত্ব করিলে কৃচ্ছ্র ব্রতের এক চতুর্থাংশ করিবে, কিন্তু একবর্ষ দাসত্ব করিলে অর্দ্ধমাস যবযাউ ভক্ষণ করিতে হয়। এতদ্ভিন্ন বিপ্র চারিবর্ষ করিলে চতুঃসংখ্য চান্দ্রায়ণ, ক্ষত্রিয়-বৈশ্যেরা চতুঃসংখ্য পরাকব্রত এবং শূদ্র চতুঃসংখ্য প্রাজাপত্য করিবে। চারি বর্ষের ঊর্দ্ধ দাসত্ব করিলে মরণান্ত প্রায়শ্চিত্ত ব্যবস্থেয়।

ব্রাহ্মণবধপ্রায়শ্চিত্ত।

যে ব্যক্তি ইচ্ছা পূর্ব্বক জ্ঞানকৃত ব্রাহ্মণবধরূপ মহাপাপ করে, তাহাকে অগ্নিপ্রবেশ করিতে হয়; নচেৎ তাহার অন্য কোনরূপ প্রায়শ্চিত্তে শুদ্ধি নাই।

যে ব্যক্তি অজ্ঞানে ব্রহ্মহত্যা করে, সে দ্বাদশ বর্ষ যাবৎ বন মধ্যে কুটীর নির্ম্মাণ পূর্ব্বক নিহত বিপ্রের শিরোদেশ স্বীয় পাপের চিহ্নস্বরূপ ধারণ করিয়া অবস্থিতি করিবে। আর সেই শবের মস্তকে করিয়া ভিক্ষা আহরণ পূর্ব্বক তদ্দ্বারা আহারাদি নিষ্পন্ন করিতে হয়। যদি নিহত বিপ্রের মস্তক না পাওয়া

যায়, তবে অন্য কোন মৃত বিপ্রের মস্তক সংগ্রহ করিয়া লইবে। এই যে বিধি নির্দ্দিষ্ট হইল, ইহা নির্গুণ বিপ্রের পক্ষে জানিবে। যদি সগুণ হয়, তবে দ্বিগুণ ব্যবস্থেয়। আর নির্গুণ ক্ষত্রিয়ের পক্ষে দ্বিগুণ, নির্গুণ বৈশ্যের পক্ষে ত্রিগুণ, নির্গুণ শূদ্রের পক্ষে চতুর্গুণ এবং সগুণ ক্ষত্রিয়ের পক্ষে দ্বিগুণ, সগুণ বৈশ্যের পক্ষে ত্রিগুণ, সগুণ শূদ্রের পক্ষে চতুর্গুণ। উপরে যে ব্রতের কথা বলা হইল, তাহাতে অক্ষম হইলে ব্রাহ্মণ এক শত অশীতি প্রাজাপত্য করিবে অথবা একশত অশীতি ধেনু দান করিতে হয়, যদি তাহাতেও অক্ষম হয়, তবে এক শত অশীতি ধেনুর মূল্য ৫৪০ কাহন বরাটক দান ও ১০০ কাহন দক্ষিণা দিবে। ক্ষত্রিয়াদির পক্ষে উপরে যেরূপ প্রমাণ বলা হইয়াছে, তদনুরূপই করিতে হয় এবং যদি জ্ঞানত বধ করে, তবে চতুর্ব্বিংশতি বার্ষিকব্রতের অনুষ্ঠান করিবে। তাহাতে অক্ষম হইলে ১০৮০ কাহন বরাটক দিবে।

বালক, বৃদ্ধ, স্ত্রী, শূদ্র ইহারা অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে অর্থাৎ বিপ্র হইলে বিপ্রের অর্দ্ধ, ক্ষত্রিয় ক্ষত্রিয়ের অর্দ্ধ, বৈশ্য বৈশ্যের অর্দ্ধ এবং শূদ্র হইলে শূদ্রের নিরূপিত প্রায়শ্চিত্তের অর্দ্ধ করিবে।

ক্ষত্রিয়াদিবধপ্রায়শ্চিত্ত।

ব্রাহ্মণাদিরা জ্ঞানতঃ বৃত্তস্থ ক্ষত্রিয়কে বধ করিলে অজ্ঞানকৃত ব্রাহ্মণবধের একপাদ ব্রত করিবে অর্থাৎ তদ্রূপ শবমস্তক ধারণাদি পূর্ব্বক ত্রৈবার্ষিক ব্রতের অনুষ্ঠান করিতে হয়। ঐ প্রকার বৈশ্য বধ করিলে সার্দ্ধবার্ষিক এবং শূদ্রহত্যা করিলে নবমাসিক ব্রতের আচরণ করিবে। যদি অজ্ঞানকৃত বধ হয়, তাহা

হইলে শবমস্তক ধারণ করিবার আবশ্যক করে না। ক্ষত্রিয় হত্যা হইলে জটাধারণ করিবে আর শবের কেশ অলঙ্কারস্বরূপ ধরিয়া বল্কল পরিধান পূর্ব্বক তীর্থ ভ্রমণ করিবে এবং গ্রামে অবস্থিতি করিবে না, তরুমূলে বাস করিবে। উহাতে অক্ষম হইলে একটী বৃষ সহ সহস্র ধেনু দান করিতে হয়। তাহাতে অক্ষম হইলে ১০০ ৫ কাহন বরাটক দান ব্যবস্থেয় এবং বৈশ্য ও শূদ্রহত্যায় ১০০ কাহন বরাটক দিবে।

চণ্ডালাদিনারীগমনপ্রায়শ্চিত্ত।

ব্রাহ্মণ হইয়া চণ্ডাল প্রভৃতির গৃহে ভোজন বা চণ্ডালিনী গমন করিলে অথবা চণ্ডালের দান লইলে পতিত হয় আর জ্ঞানে করিলে তজ্জাতিত্ব প্রাপ্ত হইয়া থাকে। এই পাপ অজ্ঞান-কৃত হইলে ৪৫ প্রাজাপত্য অথবা ১৩৫ কাহন বরাটক দান ব্যবস্থা। জ্ঞানকৃত হইলে ব্রহ্মহত্যার সম্পূর্ণ প্রায়শ্চিত্ত করণীয়।

অন্ত্যজানারীগমনপ্রায়শ্চিত্ত।

রজক, চর্ম্মকার, নট, বরুড়, কৈবর্ত্ত, মেধি, ভিল্ল, অন্ত্যজ জাতি এই সপ্তবিধ। অজ্ঞানে এই সকল জাতির নারীতে উপগত হইলে, তাহাদের গৃহে আহার বা দান গ্রহণ করিলে পতিত হইতে হয় এবং জ্ঞানে করিলে তজ্জাতিত্ব পাইয়া থাকে। ঐ সকল জাতির নারীতে অথবা শৈলূষিকী ও ডোমপত্নীতে উপগত হইলে একটী চান্দ্রায়ণ করিবে। চান্দ্রায়ণে অক্ষম হইলে ৪৫ কাহন বরাটক দান আর অজ্ঞানকৃত হইলে ২২॥০ কাহন দান করিবে।

গর্ভপাতপ্রায়শ্চিত্ত।

সজ্ঞানে গর্ভ নষ্ট করিলে ব্রহ্মহত্যার সমান প্রায়শ্চিত্ত করণীয়। অজ্ঞানবধ হইলে নরহত্যার প্রায়শ্চিত্ত করিবে।

নারীবধপ্রায়শ্চিত্ত।

জ্ঞানে নারীবধ করিলে মরণান্ত প্রায়শ্চিত্ত, তাহাতে অনুকল্প নাই। অজ্ঞানকৃত ব্রাহ্মণীবধে ষড়্‌বর্ষ, ক্ষত্রিয়বধে তিন বর্ষ, বৈশ্যাবধে একবর্ষ ও শূদ্রাণীবধেও একবর্ষ নিয়মিত ব্রতাচরণ করিবে। ব্রতে অক্ষম হইলে ব্রাহ্মণীস্থলে ৯০ টী ধেনু বা তন্মূল্য ২৭০ কাহন বরাটক, ক্ষত্রিয়াস্থলে ৪৫ ধেনু বা তন্মূল্য ১৩৫ কাহন আর বৈশ্যা ও শূদ্রাস্থলে ১৫টী ধেনু বা ও তন্মূল্য ৪৫ কাহন বরাটক দান কর্ত্তব্য।

নীচবর্ণা দ্বারা উত্তমবর্ণা স্ত্রী বধ হইলে বহুদোষ বশতঃ স্বস্বজাত্যুক্ত প্রায়শ্চিত্তের দ্বিগুণ প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। বৃদ্ধ, বালক, রোগী প্রভৃতির পক্ষে অর্দ্ধেক ব্যবস্থেয়।

ব্যভিচারিণীবধপ্রায়শ্চিত্ত।

একবার পরপুরুষরতা নারীকে বধ করিলে একটী শূদ্রহত্যার প্রায়শ্চিত্ত করিবে অর্থাৎ ৯ মাস ব্রতানুষ্ঠান বা একশত কাহন বরাটক দান ব্যবস্থা। ব্যভিচারিণী ব্রাহ্মণী বধ করিলে ছয় মাস, ক্ষত্রিয়া বধ করিলে ৪ মাস ১৫ দিন, বৈশ্যাবধ করিলে ৩ মাস, শূদ্রাণীবধে দেড় মাস ব্রতানুষ্ঠান করিতে হয়। অক্ষম হইলে ১০০ কাহন বরাটক দান করিবে।

অসবর্ণগতাব্যভিচারিণীবধে—

যে স্ত্রী অধমবর্ণ পুরুষ সহ ব্যভিচারে রতা থাকে, তাহাকে হত্যা করিলে বিপ্র চর্ম্মপুট দান করিবে এবং ক্ষত্রিয় কার্ম্মুক, বৈশ্য ছাগ ও শূদ্র মেষ দিবে।

জ্ঞানাজ্ঞানকৃতগোবধ নির্ণয়।

"বধ করিব" সঙ্কল্প করত ইচ্ছা পূর্ব্বক বধ করিলেই তাহার

নাম জ্ঞানকৃত বধ। সেই ব্যক্তিই জ্ঞানকৃত বধজন্য প্রায়শ্চিত্তার্হ। আর অন্য পশু বধার্থ নিক্ষিপ্ত শরাদি দৈবাৎ লাগিয়া গোবধ হইলে অজ্ঞানকৃত বধজন্য প্রায়শ্চিত্ত করিবে।

গোবধে—

জ্ঞানে ব্রাহ্মণস্বামিক গো বধ করিলে এক মাস যাবৎ গোমূত্র সহ যবগ্রাস পান করিতে হয় এবং গোচর্ম্ম ধারণ পূর্ব্বক তদ্দ্বারা দেহাচ্ছাদন করিয়া গোষ্ঠে বাস করিবে। পর মাসে সন্ধ্যাকালে গোমূত্রে স্নান করত সৈন্ধব সহ উপরোক্ত যব ভোজন পূর্ব্বক সংযত হইয়া থাকিবে। দিবাতে গোগণ সহ গোষ্ঠে থাকিয়া গোচরণ-উত্থিত ধূলি সেবন করিবে। রাত্রিতে গোসমূহকে আশ্রমে আনিয়া সেবা করিবে। পরে প্রণাম পূর্ব্বক বীরাসনে বসিয়া তাহাদিগকে চৌরাদিভয় হইতে রক্ষা করিবে। যখন গোগণ উঠিবে, তখন উঠিতে হইবে, বসিলে বসিতে হইবে, গমন করিলে অনুগামী হইতে হইবে। শীত, জল, রৌদ্র, ঝড় ইত্যাদিতে গো পড়িলে তাহাদের রক্ষার্থ যত্ন করিবে। যদি তাহারা নিজের বা অপরের গৃহে অথবা শস্য-ক্ষেত্রে পড়ে কিম্বা অসময়ে বৎস স্তনপান করে, তাহা হইলে নিবারণ করিবে না। এইরূপে তিন মাস অতীত হইলে পাপ দূর হয়। তিন মাসান্তে একটী বৃষ সহ দশটী ধেনু দান করিতে হয়। তাহাতে অক্ষম হইলে স্বীয় যথাসর্ব্বস্ব ব্রাহ্মণকে দিবে। অথবা একপঞ্চাশৎ কাহন কপর্দ্দক দান ও দক্ষিণা পঞ্চদশ কাহন দিবে।

যদি বিপ্রের গো অজ্ঞানবশতঃ বধ করে, তাহা হইলে সার্দ্ধ পঞ্চবিংশ কার্ষাপণী কপর্দ্দক এবং দক্ষিণা সার্দ্ধ সপ্ত কার্ষাপণী দান করিবে।

ক্ষত্রিয় ও বৈশ্যের প্রায়শ্চিত্ত বিপ্রের সমান। নারী, শূদ্র, বালক, বৃদ্ধ, রোগী ইহাদিগের পক্ষে অজ্ঞানকৃত বধে ১২৸০ দান ও দক্ষিণা ৩৸০ কাহন বিধি।

যাহার বয়ঃক্রম একাদশ বর্ষ পূর্ণ হয় নাই, এরূপ বালক বালিকা অথবা রোগযুক্ত বালক বালিকা জ্ঞানকৃত বধ করিলে ১২৸০ কাহন দান আর দক্ষিণা ৩৸০ কাহন দিবে। কিন্তু অজ্ঞান- কৃত হইলে ৬।৵০ কাহন দান আর ১৵০ দক্ষিণা দিতে হয়।

যদি শূদ্র, বৃদ্ধ ও রোগী হয় অথবা স্ত্রীজাতি হয় কিম্বা অপূর্ণ ষোড়শ বর্ষের হয়, তাহা হইলে জ্ঞানকৃতবধে ১২৸০ কাহন দান ও দক্ষিণা ৩৸০ কাহন দিবে এবং অজ্ঞানকৃত বধে ৬।৵০ কাহন দান ও দক্ষিণা ১৸৵০ কাহন দিবে।

ঊনৈকাদশবর্ষীয় শূদ্রবালক বা শূদ্রবালিকা হইলে অথবা রোগী বা রোগিণী শূদ্রা হইলে ৬৵০ কাহন দান ও ১৸৵৹ কাহন দক্ষিণা দিবে।

বিপ্রস্বামিক একবর্ষবয়স্ক গোবৎস জ্ঞানে বধ করিলে নিয়- মিত প্রায়শ্চিত্তের একপাদ, দ্বিবর্ষের বৎস হইলে দ্বিপাদ, তিন বর্ষের হইলে তিন পাদ আর চারি বর্ষের হইলে প্রাজাপত্য অর্থাৎ পূর্ণ প্রায়শ্চিত্ত করিতে হয়।

ব্রাহ্মণের গর্ভবতী কপিলা দুগ্ধবতী সুব্রতা হোমধেনু রোধাদি দ্বারা হত হইলে নিয়মিত প্রায়শ্চিত্তের দ্বিগুণ প্রায়শ্চিত্ত বিধি অর্থাৎ ১০২ কাহন দান আর ৩০ কাহন দক্ষিণা দিবে। পরন্তু অজ্ঞানে বধ হইলে উহার অর্দ্ধ ব্যবস্থা। বৃদ্ধ, বালক, শূদ্র বা স্ত্রী জ্ঞানে বধ করিলে ৫১ কাহন দান ও দক্ষিণা ১৫ কাহন এবং অ জ্ঞানে হইলে ২৫॥০ কাহন দান ও ৭॥০ কাহন দক্ষিণা দিবে।

গর্ভিণী বধ না হইয়া কেবল গর্ভপাত হইলে ১২৮০ কাহন দান ও ৩৮০ কাহন দক্ষিণা দেয়।

যে গো অতি বৃদ্ধ, অতি কৃশ, রোগিণী, তাহাকে উক্তরূপে বধ করিলে ১৫॥০ কাহন দান ও ৭॥০ কাহন দক্ষিণা দিবে। শূদ্র ও নারীপক্ষে অর্দ্ধেক ব্যবস্থা এবং একাদশবর্ষীয়ের ন্যূনপক্ষে পাদব্যবস্থা।

গৃহদাহ প্রভৃতি দ্বারা একের অধিক গোবধ হইলে ১০২ কাহন দান ও ৩০ কাহন দক্ষিণা দিবে। উভয়ের অধিক ব্যক্তি একটি গোকে বিনাশ করিলে যে কয়জন মানুষ, তত সংখ্যার পাদ পাদ ব্যবস্থা।

একবর্ষীয় বৎসকে বালা ও দ্বিবর্ষীয়কে অতিবালা কহে। তৎপরে দন্ত জন্মিলে তরুণী গো বলা যায়। তরুণী বধে পূর্ণ-প্রায়শ্চিত্ত ব্যবস্থা।

ক্ষত্রিয়স্বামিক গো জ্ঞানে বধ করিলে বর্ণত্রয়ই ছয় মাস পর্য্যন্ত গোচর্ম্মে দেহাচ্ছাদন করত গোগ্রাস আহার করিবে এবং গোব্রত ধারণ করিয়া রহিবে। গোমূত্র দ্বারা যব পক্ব করিয়া তাহাই ভক্ষণ কর্ত্তব্য। এতদ্ব্যতীত গলদেশে রজ্জু বন্ধন পূর্ব্বক গোশব্দতুল্য বাক্য প্রয়োগ করিবে, গোর ন্যায় গোষ্ঠে বেড়াইবে। এইরূপ করিতে অক্ষম হইলে ৩৬ কাহন ধেনুমূল্য ও দক্ষিণা যথাসাধ্য দিবে। অজ্ঞানকৃত বধে ধেনুমূল্য ১৮ কাহন ও যথাশক্তি দক্ষিণা দেয়।

শূদ্র, স্ত্রী, শূদ্রস্ত্রী, অথবা বালক বা রোগী কিম্বা বৃদ্ধ ব্যক্তি জ্ঞানত বধ করিলে ১৮ কাহন দান ও যথাশক্তি দক্ষিণা এবং অজ্ঞানত বধ করিলে ৯ কাহন দান ও যথাশক্তি দক্ষিণা দিবে।

অপূর্ণ একাদশবর্ষের বালক-বালিকা হইলে জ্ঞানকৃতবধে ৯ কাহন এবং অজ্ঞানকৃতবধে ৪॥০ কাহন ও দক্ষিণা সাধ্যমতে দেয়।

কি ব্রাহ্মণ, কি ক্ষত্রিয়, কি বৈশ্য যদি বৈশ্যস্বামিক গোবধ করে, তবে গোমতীবিদ্যা জপ পূর্ব্বক গোষ্ঠে থাকিবে এবং পঞ্চগব্য পান করিবে। একমাস এই নিয়মে থাকিতে হয়।*

জ্ঞানে শূদ্রস্বামিক গোবধ করিলে চতুঃসংখ্য কৃচ্ছ্রব্রত অথবা তদনুকল্প দ্বাদশকার্ষাপণীদান এবং যথাসাধ্য দক্ষিণা দিবে। অজ্ঞানে হইলে অর্দ্ধ ব্যবস্থা। বৃদ্ধ, বালক, স্ত্রী ও শূদ্র ইহারা জ্ঞানে বধ করিলে ৬ কাহন দান, যথাশক্তি দক্ষিণা এবং অজ্ঞানবধ হইলে ৩ কাহন দান ও যথাসাধ্য দক্ষিণা দিবে। যাহার বয়ঃক্রম পাঁচবর্ষের ঊর্দ্ধ ও একাদশ বর্ষের ন্যূন, সে জ্ঞানে বধ করিলে ৩ কাহন দান ও যথাশক্তি দক্ষিণা এবং অজ্ঞানে হইলে ১॥০ কাহন দান ও যথাসাধ্য দক্ষিণা দিবে।

ব্রাহ্মণাদি যে কোন বর্ণই হউক্ না কেন, অধমশূদ্রস্বামিক গোবধ করিলে ছয় কাহন দান ও যথাসাধ্য দক্ষিণা দিবে।

শীতে, বায়ুতে, উদ্বন্ধনে অথবা শূন্যগৃহে রক্ষণনিবন্ধন যদি বিপ্রস্বামিক গোর মৃত্যু হয়, অপালননিমিত্ত মরে, বৃহৎ জলাশয়ে পড়িয়া প্রাণত্যাগ করে, ক্ষুদ্র জলাশয়ে পড়িয়া মরে, সর্পদষ্ট হইয়া প্রাণ হারায়, বিদ্যুতাগ্নিতে মরে, গর্ত্তে পড়িয়া মরে, কিম্বা শ্বাপদ কর্তৃক ভক্ষিত হয়, তাহা হইলে তৎস্বামী অনুত্তম

---

* গোময়ের দ্বিগুণ গোমূত্র, গোমূত্রের চতুর্গুণ ঘৃত, ঘৃতের আটগুণ দুগ্ধ এবং দুগ্ধের আটগুণ দধি, এই সমস্ত দ্রব্য একত্র করিলেই পঞ্চগব্য প্রস্তুত হয়।

প্রাজাপত্য করিবে। সশিখ মস্তক মুণ্ডন, ত্রিসন্ধ্যা স্নান পূর্ব্বক মৃত গোর শৃঙ্গ খুর পুচ্ছ ও কর্ণ সহ সরস চর্ম্ম পরিধান করত দিবাতে গো সহ ভ্রমণ করিয়া সন্ধ্যাতীতে গোগণ গোশালায় উপস্থিত হইলে তাহাদিগের সেবা করিবে এবং সমস্ত নিশা তাহাদের রক্ষাণাবেক্ষণ করিতে হয়। ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের পক্ষেই এই বিধি। এরূপ ব্রতে অক্ষম হইলে দুইটী প্রাজাপত্য করিবে। তাহাতেও অসমর্থ হইলে ৬ কাহন বরাটক দান ও দক্ষিণা এক বৃষমূল্য পঞ্চকাহন ও এক ধেনুমূল্য এককাহন দিবে।

বালক, বৃদ্ধ, স্ত্রী, শূদ্র ও রোগীর পক্ষে ৩ কাহন ও দক্ষিণা ৩ কাহন ব্যবস্থা। যদি উভয়ত্ব ঘটে ও একাদশোনবর্ষ বালক হয়, তবে ১॥০ কাহন দান ও ১॥০ কাহন দক্ষিণা দিবে।

যে ব্রাহ্মণাদিস্বামিক গোবৎসের বয়ঃক্রম ত্রিবর্ষ অপূর্ণ, তাহার অপালনাদি হেতু বধ হইলে ১॥০ কাহন দান ও ১॥০ কাহন দক্ষিণা দিবে। যদি বৎসস্বামী রাখালের করে সংপূর্ণ ভার দিয়া থাকে, তবে সেই রাখাল প্রায়শ্চিত্ত করিবে।

রাত্রিকালে গোস্বামীর বাটীতে যদি কোন মহা বিপদ ঘটে ও তজ্জন্য গোবধ হয়, তবে গোস্বামীকে প্রায়শ্চিত্ত করিতে হইবে। প্রাতঃকালে রাখালের হস্তে অর্পিত হইবার পর মরিলে রাখাল প্রায়শ্চিত্ত করিবে। রাখাল অর্থাভাবাদি বশতঃ প্রায়শ্চিত্ত করিতে অক্ষম হইলে গোস্বামী স্বীয় গৃহ হইতে সমস্ত দিয়া রাখালকে প্রায়শ্চিত্ত করাইবেন। বহু রাখালের প্রতি ভার থাকিলে প্রত্যেককে ঐরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়। যদি রাখাল ম্লেচ্ছ হয়, তবে গোস্বামী নিজে প্রায়শ্চিত্ত করিবে। অপালন হেতু বহু গো নষ্ট হইলে আর বহু গোস্বামী হইলে

প্রত্যেকে দ্বিগুণ দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিবে। যদি বহু গো অপালননিমিত্ত মরে আর তাহাদের স্বামী একব্যক্তি মাত্র হয়, তাহা হইলে সেই গোস্বামী নির্দ্দিষ্ট প্রায়শ্চিত্তের দ্বিগুণ করিবে।

যদি গো রুগ্ন থাকে অথচ তৎস্বামী অজ্ঞাতে অর্থাৎ না জানিয়া তাহাকে অবরুদ্ধ করে এবং তজ্জন্য সেই গোর মৃত্যু হয়, তবে এক চতুর্থাংশ প্রাজাপত্য অর্থাৎ ৸৹ পণ বরাটক দান করিবে। যদি উক্তরূপ গো বন্ধনদশায় থাকিয়া মরে, তবে ১৷৹ কাহন দান আর যদি উক্তরূপে গো ভারাধিক্য বশতঃ শকটাদিতে যোজিত হইয়া মরে, তাহা হইলে ২।৹ কাহন দানই ব্যবস্থা। যদি উক্ত প্রকারের গো দণ্ডাঘাতে * প্রাণত্যাগ করে তবে ৩ কাহন দান ও যথাসাধ্য দক্ষিণা দিবে। এই যে ব্যবস্থা কথিত হইল, ইহা অজ্ঞানকৃত। যদি ক্ষীণতাজ্ঞানে রোধাদি দ্বারা মরণ ঘটে, তবে একপাদ চান্দ্রায়ণ অর্থাৎ রোধজন্য বধে ১৬৸৴৹ কাহন, দণ্ডনিপাতনজন্য বধে ২২৷৹ কাহন ও যথাশক্তি দক্ষিণা দেয়। অতিরিক্ত দণ্ডাঘাত জন্য বধে ৪৫ কাহন ব্যবস্থা। স্ত্রী, শূদ্র, বালক ও বৃদ্ধ হইলে অর্দ্ধেক এবং অত্যন্ত বালক হইলে একপাদ ব্যবস্থা।

নাসাচ্ছেদন, কর্ণচ্ছেদন, বন্ধন, অধিক ভার বাহন, অধিক দোহন ইত্যাদিতে গোবধ হইলে কৃচ্ছ্র চান্দ্রায়ণ বা ২২৷৹ কাহন

---

* যাহার দৈর্ঘ্য বাহুপ্রমাণ, স্থৌল্য অঙ্গুষ্ঠপরিমিত, যাহা সরস ও পত্রসমন্বিত, তাহারই নাম প্রকৃত দণ্ড। ইহার অন্যথা করিয়া অন্যরূপ দণ্ড দ্বারা আঘাত পূর্ব্বক গোবধ করিলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিতে হয়।

দান ও যথাশক্তি দক্ষিণা দিবে। বর্ণচতুষ্টয়ের প্রতিই এই ব্যবস্থা, কেবল শূদ্র, স্ত্রী, বালক ও বৃদ্ধের পক্ষে অর্দ্ধ ব্যবস্থেয় ।

গোরগুমোচন করিলে সর্ব্ববর্ণের পক্ষেই চান্দ্রায়ণ বা ২২৷৷০ কাহন দান ব্যবস্থা। অন্য দ্বারা ঐ কার্য্য করাইলে ১১।০ কাহন দিবে। দক্ষিণা যথাশক্তি দেয়। বৃদ্ধ, স্ত্রী, বালক হইলে অর্দ্ধেক ব্যবস্থা।

হলশকটে যোজনাদিতে—

বৃষোৎসর্গে যে বৃষকে উৎসর্গ করা যায়, যদি তাহাকে লইয়া শকটে বা হলে যোজনা করে, তাহা হইলে প্রাজাপত্যদ্বয় করিবে। ব্রতে অসমর্থ হইলে ৬ কাহন বরাটক দান ব্যবস্থা। যদি গাভীকে হলাদিতে যোজনা করে, তবে ১২ কাহন দান করিবে।

মতান্তরে এরূপ নির্দ্দিষ্ট আছে যে, বৃষোৎসর্গে উৎসর্গীকৃত বৃষকে বা কপিলা ধেনুকে শকটাদিতে যোজনা করিলে চান্দ্রায়ণদ্বয় ব্রত বা ৪৫ কাহন বরাটক দান করিবে।

অস্থ্যাদিভঙ্গজন্যে—

কর্ণ ও লাঙ্গূল উৎপাটন করিলে কিম্বা অস্থ্যাদি ভাঙ্গিলে বর্ণচতুষ্টয়কেই প্রাজাপত্য ব্রতের আচরণ করিতে হয়। অক্ষম হইলে ৬ কাহন কপর্দ্দক দান ও যথাসাধ্য দক্ষিণা দেয়।

গোবধাপবাদ।

যে গোর পূর্ব্বে রোগ ছিল, পরে সুস্থ হইয়াছে আর এখন ব্যাধি নাই, তাহাকে তাহার প্রভু হলে বা শকটে যোজনা করিলে যদি তাহাকে তদবস্থায় অল্প পরিমাণে প্রহার করা যায় এবং সেই প্রহারজন্য সে মূর্চ্ছিত হইয়া পড়ে আর মূর্চ্ছা-

ভঙ্গান্তে পাঁচ পদ সাত পদ বা দশ পদ গমন করত কিঞ্চিৎ তৃণ জল সেবন পূর্ব্বক মরে, তবে সেই গোস্বামীকে প্রায়শ্চিত্ত করিতে হয় না। সযত্নে চিকিৎসা করিতে গিয়া তাহার যাতনা নিবারণার্থ, মৃতবৎস বাহির করিবার নিমিত্ত, বা তাহার হিতের জন্য প্রাণরক্ষার্থ যদি অগ্নিতাপ দেওয়া যায়, অথবা শিরাভেদাদি করা যায়, তাহাতে গোর মৃত্যু ঘটিলে প্রায়শ্চিত্ত করিতে হয় না।

গবেতর-পশুপক্ষীবধে—

ঘোটক বধ করিলে বস্ত্র দান করিবে, গজবধে পঞ্চসংখ্য বৃষ দান করিবে, অজ বা মেষবধে একটী একবর্ষবয়স্ক বৃষ দিবে এবং গর্দ্দভবধে একবর্ষবয়স্ক একটী বৎস দিবে। যজ্ঞার্থ ছাগমেষবধে প্রায়শ্চিত্ত নাই।

সাস্থি-অস্থিহীনবধে—

অস্থিযুক্ত জন্তু অর্থাৎ কৃকলাসাদি সহস্র সংখ্য বধ করিলে আর নিরস্থি অর্থাৎ পিপীলিকাদির শকটপ্রমাণ বধ করিলে শূদ্রহত্যাজনিত ব্রত করিবে। স্বল্পপ্রমাণ অস্থিযুক্ত জীব হইলে ব্রাহ্মণের হস্তে সাধ্যমত কিঞ্চিৎ দিবে আর স্বল্পপ্রমাণ নিরস্থি জীববধ হইলে একবার প্রাণায়াম করিতে হয়।

কুষ্ঠরোগে—

কুষ্ঠ বহুবিধ; তন্মধ্যে বৃহৎ কুষ্ঠরোগে পরাকব্রত বা তদনুকল্প ত্রিংশৎ কার্ষাপণী দান ব্যবস্থেয়।

সর্ব্বশ্বিত্রিতে পরাকদ্বয় ও অল্পপরিমাণে হইলে একটী পরাকব্রত করিবে।

স্বল্প কুষ্ঠস্থলে ১৫ কাহন বরাটক দান করিতে হয়।

যক্ষ্মাপ্রায়শ্চিত্ত।

যক্ষ্মারোগে পরাকব্রত বা পঞ্চসংখ্য ধেনু অথবা তন্মূল্য ১৫ কাহন বরাটক দান ব্যবস্থেয়।

অর্শোরোগে—

অকৃতপ্রায়শ্চিত্ত অশুচি শুক্রজাত পুত্র কন্যাও প্রায়শ্চিত্ত করিবে। তাহাদের পক্ষে ১০ কাহন বরাটক দানের ব্যবস্থা আছে। কন্যার পক্ষে তৃতীয় ভাগের এক ভাগ বিধি।

উপপাতক প্রায়শ্চিত্ত।

জ্বর, ছর্দ্দি, জলোদর, অজীর্ণ, মোহ, ভ্রম এই সমস্ত রোগ পূর্ব্বজন্মান্তরীণ উপপাপ হইতে জন্মে। এই সকল রোগে ৭।।০ কাহন বরাটক দান ব্যবস্থেয়।

অনুপাতকে—

মহাপাতকের সমান অনুপাতকী প্রায়শ্চিত্ত করিবে। * তদ্ভিন্ন গায়ত্রী জপ দ্বারাও অনুপাতকী শুদ্ধ হয়।

প্রকীর্ণ পাপপ্রায়শ্চিত্ত।

প্রকীর্ণ পাপক্ষয়ার্থ ৮ পণ বরাটক দান করিবে।

---

* সাধারণের বিদিতার্থ এই স্থানে মহাপাতকাদিনিরূপণ বিবৃত হইল, যথা—

ব্রহ্মহত্যা, সুরাপান, চৌর্য্য, গুরুদারাগমন, এই চারিটী মহাপাপ বলিয়া পরিগণিত। মাতা, দুহিতা ও পুত্রবধূগমন করিলে অতিপাতক হয়। পিতৃব্যপত্নী, রজস্বলা নারী, পরিত্যক্তানারী, সন্ন্যাসিনী, বিপ্রকন্যা, চণ্ডালী, ভগ্নীর সখী, উত্তমবর্ণা রমণী, সগোত্রা নারী, উপাধ্যায়পত্নী, পুরোহিতপত্নী, রাজমহিষী, শাশুড়ী, মাতৃশ্বসা, মাতার মাতামহী, মাতুলানী, পিসী প্রভৃতিতে

প্রায়শ্চিত্তান্তে পাপনাশজ্ঞান।

যথাবিধানে প্রায়শ্চিত্ত শেষ করিয়া গোগণকে যবাদি দিলে যদি তাহারা না খায়, তবে পুনর্ব্বার প্রায়শ্চিত্ত করিবে। তাহারা আহার করিলে জানিবে যে, পাপের শান্তি হইল।

পাপজরোগের প্রায়শ্চিত্ত।

কোন্ পাপে পরজন্মে কি রোগ জন্মে এবং সেই রোগে কিরূপ প্রায়শ্চিত্ত ব্যবস্থেয়, নিম্নলিখিত তালিকা দৃষ্টি করিলেই তাহা বোধগম্য হইবে যথা—

গমন করিলে অনুপাতক হয়। গোবধ, অযাজ্যযাজন, সামান্যাস্ত্রী গমন, আত্মবিক্রয়, জনকজননী গুরুপুত্র সহাধ্যায়ী ও অগ্নিহোত্র বর্জ্জন, পরিবেত্তার যাজন, পরিবেত্তা বা পরিবিত্তিকে কন্যা দান, অঙ্গুলী দ্বারা ভার্য্যার বা কন্যার যোনিবিদারণ, কর্জ্জ দিয়া বৃদ্ধি গ্রহণ, ব্রতভঙ্গকরণ, পুষ্করিণী প্রভৃতি বিক্রয়, উদ্যানাদি বিক্রয়, পুত্রাদি বিক্রয়, আজন্ম সংস্কারহীনতা, ত্রিসন্ধ্যাবর্জ্জন, নিকৃষ্ট ব্যক্তিকে অধ্যয়ন করান, নিকৃষ্ট ব্যক্তির নিকট শিক্ষা গ্রহণ, লৌহাদি, বিক্রয়, সমগ্র স্থান ও কর প্রভৃতি গ্রহণ, মানবপ্রাণহিংসার্থ অভিচারাদি মন্ত্র প্রবর্ত্তন, নারী-উপ-জীবিকা, ঔষধ বিক্রয়, পরহিংসা, জীবিত বৃক্ষচ্ছেদন, ইত্যাদিকে উপপাতক কহে। কৃমিকীটাদিনাশ, মদ্যাদিগত ফল ভক্ষণ, ফলপুষ্পহরণ, কাষ্ঠহরণ, অল্পদোষে অধিক শাস্তিদান, ইত্যাদিকে প্রকীর্ণ পাপ কহে।

পাপজনিত রোগ।	প্রায়শ্চিত্তবিধি।
তাম্রহরণ জনিত শ্বিত্ররোগে ...	প্রাজাপত্যব্রতানুষ্ঠান ও একশত পল তাম্রদান।
তাম্বূলহরণজনিত শ্বেতৌষ্ঠে ...	দক্ষিণা সহ প্রবালদান।
রাজহত্যাজনিত ক্ষয়রোগে ...	গো, ভূমি, স্বর্ণ, মিষ্টান্ন সামগ্রী, জল, বস্ত্র, তিলধেনু ও ঘৃতধেনু দান।
মেষবধজনিত পাণ্ডুরোগে ...	একপল কস্তূরিকা দান।
দুগ্ধহরণজনিত বহুমূত্ররোগে ...	দুগ্ধবতী গাভীদান।
ঘৃতহরণজনিত নেত্ররোগে ...	দুগ্ধবতী গাভীদান।
সীসহরণজন্য শীর্ষরোগে ...	একদিন উপবাস পূর্ব্বক শতপল সীসকদান।
রঙ্গহরণজন্য শ্লেষ্মারোগে ...	একদিন উপবাস পূর্ব্বক শতপল রঙ্গ দান।
তৈলহরণ জন্য কণ্ডুরোগে ...	উপবাসী থাকিয়া দুইটী তৈল-পূর্ণ কুম্ভদান।
ফলহরণজন্য অঙ্গুলিব্রণরোগে ...	দশসহস্র নানারূপ ফল দান।
গুড়হরণজন্য গুল্মরোগে ...	গুড়ধেনু দান।
বিপ্ররত্ন হরণজন্য অনপত্যে ...	মহারুদ্রমন্ত্র জপ।
বিবিধ দ্রব্য হরণজন্য গ্রহণীতে ...	অন্ন, জল, বস্ত্র ও স্বর্ণদান।
রক্তবস্ত্র ও প্রবাল হরণজন্য রক্তবাতে ...	মণিরাগযুক্তা সবস্ত্রা মহিষীদান।
কাষ্ঠহরণ জন্য স্বিন্নহস্তে ...	দুই পল রক্তচন্দন দান।
কন্দমূলহরণজন্য হ্রস্বপাণি রোগে ...	দেবমন্দির ও উদ্যান দান।

পুস্তক হরণজন্য মূকরোগে ... ন্যায়শাস্ত্র বা ইতিহাস লেথাইয়া সদক্ষিণ দান।

পরনিন্দা জনিত টাকরোগে ... কাঞ্চন সহ দুগ্ধবতী ধেনুদান।

দেবমন্দিরে মলমূত্রত্যাগ জন্য গুহ্যরোগে ... একমাস দেবার্চ্চনা, দুইটী গোদান এবং প্রাজাপত্য বা তন্মূল্যদান।

দাবাগ্নিদায়কের রক্তাতীসারে ... জলাশয় খনন, অন্নদান ও বটবৃক্ষ রোপণ।

গর্ভপাতজন্য যকৃৎ-প্লীহাদিরোগে ... যকৃতে ৩ পল স্বর্ণ, প্লীহাতে ৩ পল রৌপ্য ও জলোদরে ৩ পল তাম্র সহ জলধেনু দান।

পক্ষপাতজন্য পক্ষাঘাতে ... তিন নিষ্ক কাঞ্চন দান।

মদ্যপানজন্য রক্তপিত্তে ... ঘৃতপূর্ণ কুম্ভ এবং স্বর্ণযুক্ত অর্দ্ধ কুম্ভপূরিত মধু দান। *

বিষদান জন্য ছর্দ্দিরোগে ... দশটী দুগ্ধবতী ধেনু দান।

পরোপতাপদান জন্য শূলে ... অন্নদান এবং দশ সহস্র রুদ্রমন্ত্র জপ।

কুপরামর্শদানজন্য শ্বাসকাসে ... সহস্রপল ঘৃতদান।

অনিবেদিত ভোজনজন্য অলসরোগে ... সহস্র বা অক্ষমস্থলে দুইশত ব্রাহ্মণ ভোজন।

পুত্রবধজন্য মৃতবৎস রোগে ... প্রথমতঃ একটী বিপ্রের বিবাহ দিবে, পরে হরিবংশ শ্রবণ, মহারুদ্রপূজা, দূর্ব্বা দ্বারা অযুত হোম, একাদশনিষ্কপ্রমাণ স্বর্ণপুত্রিকা সদক্ষিণ দান, তৎপরে অন্য ব্রাহ্মণকে সাধ্যমত দক্ষিণা দিয়া বরুণমন্ত্রে স্ত্রীপুরুষকে স্নান করাইয়া বসনভূষণাদি দিবে।

---

* গৌড়ী পৌষ্ট ব্যতীত বারুণীযন্ত্রোদ্ভব মাদকদ্রব্যের নাম মদ্য।

মাতৃপিতৃবধজন্য জড় জন্মান্ধরোগে ... মাতাকে বধ করিলে অন্ধ এবং পিতাকে বধ করিলে জড় হয়। তৎপাপমোচনার্থ ত্রিশটী প্রাজাপত্য বা ত্রিশটী ধেনু দান পূর্ব্বক একপলপ্রমাণ স্বর্ণনৌকা ও রৌপ্যকুম্ভ প্রস্তুত করিয়া তাম্রভাণ্ডোপরি রাখিবে। পরে নিষ্কপ্রমাণ হিরণ্ময় কৃষ্ণমূর্ত্তি পট্টবস্ত্রে বেষ্টিত করিয়া তদুপরি স্থাপন পূর্ব্বক পূজা ও হোম করিবে। অনন্তর বিসর্জ্জন করিয়া অন্যান্য ব্রাহ্মণকেও দক্ষিণা দিবে।

বিধবাগমনজন্য প্রমেহে ... একমাস রুদ্রমন্ত্র জপ ও যথাশক্তি স্বর্ণদান।

সুরাপানজন্য শ্যাবদন্তে ... একটী প্রাজাপত্য বা তদনুকল্প, তৎপরে সাতটী শর্করার তুলাপুরুষদান, পরে অযুত মহারুদ্র মন্ত্র জপ ও তাহার দশাংশ হোম।

সগোত্রাগমনজন্য ভগন্দরে ... মহিষী দান।

সজাতীয়াগমন জন্য হৃদ্‌ব্রণে ... দুইটী প্রাজাপত্য।

পশুযোনি গমন জন্য মূত্রাঘাতে ... দুইটী তিলপাত্র দান।

তুরগী গমনজন্য গুহ্যরোগে ... সহস্র কুম্ভ জল দ্বারা একমাস শিবলিঙ্গ স্নপন।

মাতুলানী গমন জন্য পৃষ্ঠকুব্জে ... কৃষ্ণাজিন দান।

পিতৃস্বসৃগমন জন্য সর্ব্বাঙ্গাবচ্ছিন্নব্রণে ... সম্যক্‌রূপ বিবিধদান।

গুরুপত্নীগমন জন্য মূত্রকৃচ্ছ্রে ... অগ্রে বেদী নির্ম্মাণ করিয়া তাহার পশ্চিমে একটী কুম্ভ নীলবস্ত্রে আবৃত ও নীলমালালঙ্কৃত করিয়া স্থাপন করিবে। তদুপরি তাম্রভাণ্ডস্থিত ষট্‌-নিষ্কপ্রমাণ কাঞ্চননির্ম্মিত বিশ্বরূপী বরুণমূর্ত্তি স্থাপন পূর্ব্বক পুরুষসূক্তমন্ত্রে পূজা করিবে। পরে জপ ও জপের

দশাংশ হোম করিবে। তৎপরে সামবেদজ্ঞ বিপ্র সামবেদ পাঠ করিবে। পরে বিংশনিষ্ক প্রমাণ স্বর্ণপুত্তলিকা ব্রাহ্মণকে দিবে। তৎপরে আচার্য্যকে স্তুতি করত বরুণপ্রতিমা দান করিবে।

মাতৃগমনজন্য লিঙ্গনাশে ... বেদীর উত্তরে কুম্ভ স্থাপন পূর্ব্বক কৃষ্ণবস্ত্রে আবৃত করিবে। তদুপরি কুবেরমূর্ত্তি রাখিয়া পুরুষসূক্ত মন্ত্রে পূজা করিবে। অনন্তর অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ অথর্ব্ববেদ পাঠ করিবে। পরে বিংশতি নিষ্কপ্রমাণ স্বর্ণ-পুত্তলিকা দান করিতে হয়। উক্ত প্রতিমা আচার্য্যকে দেয়। (চাণ্ডালীগমনজন্য) হীনমুষ্করোগেও এই বিধি।)

কদন্নদান জন্য মন্দোদরে ... তিনটী ধেনু বা তন্মূল্য দান এবং এক শত ব্রাহ্মণ ভোজন।

শূকরবধ জন্য দন্তররোগে ... সদক্ষিণ ঘৃতকুম্ভ দান।

ঘোটকবধ জন্য বক্রমুখে ... শতপল চন্দন দান।

হরিণশৃগালবধজন্য খঞ্জরোগে ... এক পল স্বর্ণময় অশ্বদান।

বায়সবধজন্য কর্ণহীনরোগে ... কৃষ্ণবর্ণ গোদান।

উপহাসজন্য কাণরোগে ... মুক্তাসহ গোদান।

সৌগন্ধহরণজন্য দুর্গন্ধরোগে ... লক্ষ পদ্মহোম।

দেবতাহরণ জন্য বিবিধজ্বরে ... জ্বরে কর্ণে রুদ্রমন্ত্র জপ, মহাজ্বরে মহারুদ্র মন্ত্র, রুদ্রজ্বরে অতিরুদ্রমন্ত্র, বৈষ্ণবজ্বরে রুদ্রমন্ত্র ও মহারুদ্রমন্ত্রজপ।

পক্কান্নহরণ জন্য জিহ্বারোগে ... এক লক্ষ গায়ত্রী জপ ও তদ্দশাংশ তিলহোম।

দধিচৌর্য্যজন্য উন্মাদরোগে ... দধিধেনু দান।

বস্ত্রহরণজন্য ছুলিরোগে ... ... নিষ্কপ্রমাণ স্বর্ণ দ্বারা প্রজাপতির মূর্ত্তি নির্ম্মাণ করিয়া দুইখানি বস্ত্র সহ দান।

ব্রাহ্মণবধজন্য কুষ্ঠে ... যে ব্যক্তি ব্রহ্মহত্যা করে, সে নরক-ভোগের পর পাণ্ডুবর্ণ কুষ্ঠরোগযুক্ত হইয়া জন্মগ্রহণ করে। তাহার প্রায়শ্চিত্ত এইরূপ,—সর্ব্বাগ্রে পীতবস্ত্রাবৃত কুম্ভচতুষ্টয় পঞ্চপল্লবাদিসমন্বিত করত তাহার উপরে মধ্যকুম্ভে রজতময় অষ্টদলপদ্ম স্থাপন পূর্ব্বক তদুপরি প্রতিমা স্থাপন করিবে। প্রতিমা অর্দ্ধপল স্বর্ণদ্বারা নির্ম্মাণ করিবে এবং তাহার চারি মুখ ও দশ হাত হইবে। তৎপরে ষোড়শোপচারে কিম্বা পুরুষসূক্তমন্ত্রে প্রতিদিন তিনবার পূজা করিয়া ঋগ্বেদাদি চতুর্ব্বেদোক্ত মন্ত্র উক্ত কুম্ভচতুষ্টয়ের উপর উচ্চারণ করিবে। অনন্তর অযুত পুরুষসূক্ত জপান্তে গ্রহশান্তি করত তদ্দশাংশ সংখ্যায় পলাশসমিধ দ্বারা হোম করিবে। হোমাবশিষ্ট দ্রব্য মধ্যকুম্ভে রাখিবে। এইরূপ দ্বাদশদিন যাগ করত আচার্য্যকে গো ভূমি স্বর্ণ ও তিল দক্ষিণা দিতে হয়। তৎপরে আচার্য্য যজমানকে অভিষেক করিবেন।

প্রকীর্ণ অংশ।

পঞ্চমবর্ণ গুঁড়ি।

হরিদ্রাচূর্ণ পীতবর্ণ, তণ্ডুলচূর্ণ শ্বেত, কুসুমফলচূর্ণ অরুণ, চিতি ধানপোড়াচূর্ণ কৃষ্ণ এবং বিল্বাদিপত্রচূর্ণ শ্যামল।

হবিষ্যান্ন দ্রব্য।

শ্বেত আমোন ধান্তের আতপতণ্ডুল, মুগ, বেতুয়া শাক্, কাল শাক, সামুদ্রিক লবণ, যব, তিল, সৈন্ধব, কোতধান্ত, হিঞ্চাশাক, কেউ ব্যতীত সমস্ত মূল, দধি, দুগ্ধ, ঘৃত, আম্র, তেঁতুল, কাঁঠাল, জীরক, নারাঙ্গা লেবু, পিপ্পলী, আমলকী, হরীতকী, কদলী, গুড় ব্যতীত ইক্ষুসম্বন্ধীয় মিষ্টদ্রব্য, নারিকেল।

আরত্রিক বিধি।

কোশার বামে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করত তদুপরি দীপ রাখিয়া বারত্রয় "আরত্রিকদীপায় নমঃ" বলিয়া অর্চ্চনা করিবে। পরে "অমুকদেবায় নমঃ" বলিয়া দশবার জপ করত আসনের প্রান্তে দক্ষপদ ও বামপার্শ্বস্থ ভূতলে বামচরণ রাখিয়া দণ্ডায়মান হওত যজ্ঞসূত্র সহ উত্তরীয় ধারণ পূর্ব্বক ঘণ্টা বাজাইতে বাজাইতে আরত্রিক করিতে হয়। প্রথমতঃ দীপমালা দ্বারা দেবতার পদসমীপে চারিবার, নাভিদেশে দুইবার, মুখমণ্ডলে তিনবার ও সর্ব্বাঙ্গে সাতবার আরত্রিক করিবে। তদনন্তর জলপূর্ণ শঙ্খ দ্বারা নয় বার আরত্রিক করিতে হয় এবং প্রতিতিনবারের পর মাটীতে একটু জল ফেলিবে। অনন্তর বসন দ্বারা, বিল্বপত্র ও পুষ্প এবং চামরাদি দ্বারা প্রত্যেকে তিন তিনবার আরত্রিক করত সাষ্টাঙ্গে প্রণাম করিবে।

অচ্ছিদ্রাবধারণ।

করপুটে কহিবে যে, "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষেঽমুকতিথৌ কৃতৈতৎ কর্ম্মাচ্ছিদ্রমস্তু।"

বৈগুণ্যসাধন।

হাতে জল লইয়া বিষ্ণুরোম্ ইত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা কৃতেঽস্মিন্ অমুককর্ম্মণি যৎ বৈগুণ্যং জাতং তদ্দোষ-প্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।

শান্তিদান মন্ত্র।

ওঁ মহাবামদেব্যঋষির্ব্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতীঃ সদাবৃধঃ সখাকয়া সচিষ্ঠয়া বৃতা; ওঁ কস্তাসত্যো মদানাং মংহিষ্ঠো মৎস-দন্ধসঃ দৃঢ়াচিদা রুজেবসু; ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরীতৃণাং সত্যং ভবাঃ স্যূতয়ে; ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্বদেবাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

বিষ্ণুপাদোদক ধারণ মন্ত্র।

কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্ত্তিনাশন। সর্ব্বপাপপ্রশমনং পাদোদকং প্রযচ্ছ মে॥ অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনং। বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহং॥

বিপ্রপাদোদক ধারণ মন্ত্র।

ব্রহ্মাণ্ডোদরমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ। তানি সর্ব্বাণি তীর্থানি সন্তি বিপ্রপদোদকে। বিপ্রপাদোদকং পীত্বা যাব-ত্তিষ্ঠতি মেদিনী। তাবৎ পুরুষমাত্রেণ পিবন্তি পিতরোদকং॥

অশ্বত্থস্নান মন্ত্র।

চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনং। শত্রূণাঞ্চ সমুত্থানং অশ্বত্থ শময়াশু মে। অশ্বত্থরূপী ভগবান্ প্রীয়তাং মে জনার্দ্দন॥

দ্বাদশদানের ও যোড়শদানের দ্রব্য।

(১) সভূমি ধান্য, (২) আসন, (৩) জলপাত্র, (৪) অন্নপাত্র, (৫) বস্ত্র, (৬) তাম্বূলপাত্র, (৭) ফলপাত্র, (৮) চন্দনপাত্র, (৯) ছত্র, (১০) পাদুকা, (১১) শয্যা, (১২) কড়ি এক কাহন। (তৈজসাধার সহ দীপ, তৈজসাধার সহ মাল্য, স্বর্ণ ও রৌপ্য, এই চারিটী দ্রব্য যোড়শে অধিক দিতে হয়।)

ক্ষৌরকর্ম্ম।

জন্মমাসে ক্ষৌরকর্ম্ম সম্পাদন করিলে রোগ ও ধনপুত্র নাশ পায়। নাপিতের গৃহে গিয়া ক্ষৌরকর্ম্ম সম্পাদন করিলে শ্রীহীন হইতে হয়। রবিবারে ক্ষৌর নির্ব্বাহ করিলে দুঃখ, সোমবারে সুখ, মঙ্গলে মৃত্যু, বুধে ধনলাভ, বৃহস্পতিতে মানহানি, শুক্রবারে শুক্রক্ষয় এবং শনিবারে সর্ব্বপ্রকার দোষের কারণ হয়। প্রথমে শ্মশ্রুকেশাদি কর্ত্তন করিয়া পরে নখ কর্ত্তন করিবে। রোহিণী, বিশাখা, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, মঘা ও কৃত্তিকা, এই সকল নক্ষত্রে ক্ষৌর বর্জ্জন করিবে। মৈথুনান্তে ক্ষৌর নিষিদ্ধ। ক্ষৌরকার্য্যকালে কেশব, দিতি ও অদিতি এই কয়জনকে এবং পাটলিপুত্র, মহীচ্ছত্রা ও আনর্ত্তপুর এই তিন নগরকে স্মরণ করিলে মঙ্গল হইয়া থাকে। দেবকার্য্যে, পিতৃশ্রাদ্ধে, জন্মমাসে, জন্মনক্ষত্রে ও রবির অংশক্ষয়ে ক্ষৌরকর্ম্ম বর্জ্জনীয়। পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া ক্ষৌরকর্ম্ম করণীয়। স্নানান্তে, সন্ধ্যাকালে ও রাত্রিতে ক্ষৌর করিবে না।

গৃহশুদ্ধি ও দ্রব্যশুদ্ধি।

বিপ্র, ক্ষত্র অথবা বৈশ্যের গৃহে কুক্কুর প্রভৃতির মৃত্যু হইলে দশ দিনান্তে সেই গৃহ শুদ্ধ হয়। শূদ্র মরিলে এক মাসের পর

বিপ্রাদি বর্ণত্রয়ের গৃহ শুদ্ধ হয় আর পতিত ব্যক্তি মরিলে দুই মাসান্তে শুদ্ধ হইবে। বিপ্রাদি বর্ণত্রয়ের গৃহে ম্লেচ্ছ ব্যক্তি মরিলে চারিমাসান্তে গৃহ শুদ্ধ হয় এবং চণ্ডালাদি মরিলে সে গৃহ আর শুদ্ধ হয় না। ব্রাহ্মণের গৃহে ব্রাহ্মণ মরিলে তিন দিন, ক্ষত্রের গৃহে ক্ষত্রিয় মরিলে পাঁচ দিন, বৈশ্যের গৃহে বৈশ্য মরিলে আট দিন এবং শূদ্রের গৃহে শূদ্র মরিলে একপক্ষ পরে গৃহ শুদ্ধ হয়। গৃহমধ্যে কেহ মরিলে সেই গৃহাভ্যন্তরস্থ মৃত্তিকাপাত্র ও পক্ক অন্নাদি ফেলিয়া দিবে। পরে গোময় দ্বারা গৃহ লেপন করত ছাগ দ্বারা আঘ্রাণ করাইবে। অনন্তর বিপ্র স্বর্ণ ও কুশসমন্বিত জল দ্বারা সেই গৃহ অভিষিক্ত করিবেন।

স্বর্ণ, রৌপ্য, শঙ্খ, প্রস্তর, শুক্তি, রত্নময় পাত্র আর অনুচ্ছিষ্ট কাংস্য, তাম্র, পিত্তল, লৌহ, রঙ্গ ও সীসময় বস্তু জল দ্বারা ধৌত হইলেই শুদ্ধি লাভ হয়।

উল্লিখিত ধাতুপাত্র বা পাষাণপাত্র শূদ্র কর্ত্তৃক উচ্ছিষ্ট হইলে তিনবার ক্ষার, অম্ল ও জল দ্বারা ধৌত করিয়া লইবে। ঐ সকল পাত্র সূতিকা, রজস্বলা, শব, মল ও মূত্র দ্বারা স্পৃষ্ট হইলে যাবৎ তাপ সহ্য হয়, তাবৎকাল অগ্নিমধ্যে দিয়া শুদ্ধ করিবে।

যে জীবের মাংস অখাদ্য, যদি তাদৃশ কোন জীবের মৃত দেহ বাপী কূপ ও তড়াগাদি জলাশয়ে পড়ে, তাহা হইলে সেই জল অশুদ্ধ হয়। উহা শুদ্ধ করিতে হইলে কূপ হইতে ত্রিশ কলসী, তড়াগ বা পুষ্করিণী হইতে ষষ্টি কুম্ভ এবং সরোবর হইতে একশত কুম্ভ জল তুলিয়া মন্ত্রপূত পঞ্চগব্য দিলেই শুদ্ধ হয়।

কাঁচা মাংস, ঘৃত, মধু, তৈল আর ফল এই সমস্ত দ্রব্য ম্লেচ্ছ-পাত্রে রাখিলে অশুদ্ধ হয়, কিন্তু পাত্রান্তর করিলেই শুদ্ধ হইবে।

জল দ্বারা স্বর্ণ ও রজত, ভস্ম দ্বারা কাংস্য, অম্ল দ্বারা পিত্তল ও তাম্র এবং অগ্নিযোগে মৃণ্ময় পাত্র শুদ্ধ হয়।

যে ব্যক্তি ভগ্ন কাংস্যপাত্রে আহার করে, সে অশুদ্ধ হয়। যদি সেই ব্যক্তি নদীতে স্নান পূর্ব্বক এক সহস্র অষ্টাধিক গায়ত্রী জপ করত একাহারী হইয়া থাকে, তবে শুদ্ধ হইবে।

কোন কোন মতে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, তাম্র, স্বর্ণ, রৌপ্য, প্রস্তর ও স্ফটিক এই সকল ভগ্ন বা অভগ্ন হউক্ সর্ব্বদাই শুদ্ধ।

বিবাহের সম্বন্ধ বিবেচনা।

বরের সহিত কন্যার কোনরূপ বৈজিক সম্বন্ধ আছে কি না, তাহা পরিজ্ঞাত হইতে হইলে বরের পক্ষ হইতে দেখাই কর্ত্তব্য।* বরের পিতা এবং পিতার মামাতো ভাই, মাসীতো ভাই ও পিসীতো ভাই এই চতুষ্টয় ব্যক্তি পিতৃপক্ষে অর্থাৎ পিতৃসম্বন্ধেই ইহাঁদিগের সহিত সম্বন্ধ আর বরের মাতামহ এবং মাতার মামাতো ভাই, মাসীতো ভাই ও পিসীতো ভাই এই চতুষ্টয়

---

* বৈজিক সম্বন্ধ দূরবর্ত্তী হইলেই সেই বংশোৎপন্ন কন্যাকে বিবাহ করিতে হয়। ইহার কারণ এই যে, এইরূপ করিলে দম্পতীর স্বাস্থ্যোন্নতি হয় এবং দীর্ঘজীবী বুদ্ধিমান্ সন্তান জন্মে। ভার্য্যার সহিত বংশের নিকট সম্বন্ধ থাকিলে দম্পতীর দেহান্ত-র্গত শোণিতের বিকৃতি দ্বারা উৎপাদিকাশক্তি ক্ষয় হওয়াতে নানারূপ অনিষ্ট ঘটিয়া থাকে।

ব্যক্তি মাতৃপক্ষে অর্থাৎ মাতৃসম্বন্ধেই ইহাঁদিগের সহিত সম্বন্ধ। ইহাঁদিগকেই গণনার প্রতিযোগী বলা যায় অর্থাৎ ইহাঁদিগকে লইয়া ঊর্দ্ধ বা অধঃ পিতৃপক্ষে সাত পুরুষ এবং মাতৃপক্ষে পাঁচ পুরুষ পর্য্যন্ত গণনা করিতে হয়। প্রথমতঃ দেখা কর্ত্তব্য যে, পূর্ব্বকথিত প্রতিযোগী অষ্ট ব্যক্তির মধ্যে কাহারও সঙ্গে বীজসংস্রবাধীন কন্যার কোন সম্বন্ধ আছে কি না? থাকিলে কোন্ প্রতিযোগীর সঙ্গে আছে, তাহা প্রথমে বিবেচনা করিয়া সেই প্রতিযোগী ধরিয়া গণনা করিতে হয়।

সমানপ্রবরা ও সগোত্রা * কন্যা বিবাহ নিষিদ্ধ। শূদ্রেরা আপনা হইতে ঊর্দ্ধতন চতুর্দ্দশ পুরুষের মধ্যবর্ত্তিনী কন্যা ভিন্ন সগোত্রা কন্যাও বিবাহ করিতে পারেন।

মাতামহগোত্রে ব্রাহ্মণের বিবাহ করা উচিত নহে অর্থাৎ এই ব্যক্তি মদীয় মাতামহবংশে উৎপন্ন হইয়াছে, এই প্রকার স্মরণ হওয়া অবধি (একবিংশ পুরুষ পর্য্যন্ত) বিবাহ করা নিষিদ্ধ।

---

* বংশপরম্পরাপ্রসিদ্ধ ব্রাহ্মণরূপ আদি পুরুষেরই নাম গোত্র। যেমন ভরদ্বাজ যে বংশের আদিপুরুষ, তাহারা ভরদ্বাজ গোত্র। শূদ্রপক্ষে যে বিপ্র আদি পুরোহিত ছিলেন, তাঁহার গোত্রানুসারেই শূদ্রের গোত্র হইয়াছে। এইরূপ অনুমান হয় যে, প্রথমতঃ বৈজিক সম্বন্ধ না থাকা প্রযুক্ত মুনিগণ শূদ্রের সগোত্রা-বিবাহ এককালে নিষেধ করেন নাই। বহুসংখ্য অধম শূদ্রজাতির উপজাতির মধ্যে সগোত্রা বিবাহের প্রথা আছে। গোত্রপ্রবর্ত্তক ঋষিদিগের পরিচয়বিধায়ক শিষ্যাদিরূপ যে সকল মুনি, তাঁহাদিগের নামই প্রবর।

বাৎস্য গোত্রে ও সাবর্ণ গোত্রে বিবাহ নিষিদ্ধ, কেন না, গোত্রের প্রভেদ থাকিলেও প্রবরের ঐক্য আছে।

ভিন্নগোত্রোৎপন্ন হইলেও যে সকল কন্যা পিতৃসপিণ্ড অর্থাৎ বরের পিতাকে লইয়া পিতামহাদি ঊর্দ্ধতন সাত পুরুষ যাবৎ গণনা করত সেই সপ্তপুরুষের প্রত্যেকের বংশীয় পুত্র বা তনয়া-পরম্পরায় উৎপন্না অধস্তন (বীজপুরুষ হইতে) সপ্তম পুরুষ-মধ্য-বর্ত্তিনী যে সকল কন্যা, তাহাদিগকে বিবাহ করিতে নাই। ঐ প্রকার পিতৃসপিণ্ডার ন্যায় মাতামহসপিণ্ডা কন্যাও পরিত্যাগ করিবে অর্থাৎ বরের মাতামহকে লইয়া প্রমাতামহাদি ঊর্দ্ধতন পঞ্চম পুরুষের প্রত্যেকের পুত্র বা তনয়ার পরম্পরায় উৎপন্না নিম্ন-পঞ্চম-পুরুষের মধ্যবর্ত্তিনী যে সকল কন্যা, তাহারা পরিত্যজ্যা।

বিবাহবিষয়ে মাতামহসাপিণ্ড্য পঞ্চম এবং পিতৃসাপিণ্ড্য সপ্তম পুরুষ যাবৎ। সর্ব্বত্র বরের পিতৃপক্ষে সপ্তমী কন্যা পর্য্যন্ত অবিবাহ্যা আর বরের মাতৃপক্ষে পঞ্চমী কন্যা যাবৎ অবিবাহ্যা। সুতরাং তৎপরবর্ত্তিনীকে বিবাহ করা যায়। কোন কোন ঋষির মধ্যে পিতৃপক্ষে ষষ্ঠী ও মাতৃপক্ষে চতুর্থী কন্যা বিবাহ্যা। পিতার ও মাতার মাসী পিসী আর মামার বংশপরম্পরোৎপন্না অধস্তন সপ্তমী ও পঞ্চমী কন্যা যাবৎ বিবাহ করা যায়। পিতার পিসীর তনয়, পিতার মাসীর তনয় ও পিতার মামার তনয়রূপ পিতৃবন্ধুত্রয় হইতে পরম্পরাক্রমে উৎপন্না সপ্তমী কন্যা যাবৎ অবিবাহ্যা। এই প্রকার মাতার পিসীর তনয়, মাতার মাসীর তনয় আর মাতার মামার তনয়রূপ মাতৃবন্ধুত্রয় হইতে অধস্তন বংশপরম্পরাক্রমে উৎপন্না পঞ্চমী কন্যা যাবৎ পরিত্যজ্যা।

পিতার ও মাতার পিসীতনয়ের ও মাসীতনয়ের পিত্রাদি উর্দ্ধতন পুরুষের সঙ্গে বৈজিক সম্বন্ধ না থাকা হেতু তৎকুলে অর্থাৎ পূর্ব্বকথিত পিতার ও মাতার পিসী বা মাসীর সপত্নীর কন্যাদির সঙ্গে বিবাহ হইতে পারে।

পূর্ব্বকথিত সপিণ্ডাদি নিষিদ্ধা কন্যা সকল ত্রিগোত্রান্তরিতা হইলে বিবাহ করা যাইতে পারে। ত্রিগোত্রান্তরিতা কন্যা গণনার প্রণালী এই যে, প্রতিযোগী গোত্রচতুষ্টয় গ্রহণ পূর্ব্বক উর্দ্ধতন গণনায় (সপ্তমী পঞ্চমী মধ্যগত নিবন্ধন) কন্যা পরিত্যজ্যা বলিয়া গণনীয়া হইলে সেই প্রতিযোগীগোত্র লইয়া চতুর্গগোত্রা কন্যাকে বিবাহ করা যাইতে পারে।

মাতৃনাম্নী কন্যা বিবাহ করিতে নাই। বাগ্‌দানান্তে মাতৃনাম্নী জানিলে কন্যার পিতার আজ্ঞা লইয়া ঐ কন্যার নামান্তর করিয়া লইয়া বিবাহ করা কর্ত্তব্য।

বিমাতার ভ্রাতৃকন্যা অবিবাহ্যা, কিন্তু সেই ভ্রাতৃকন্যার কন্যাকে বিবাহ করা যায়।

মন্ত্রদাতা গুরুর তনয়া, শিষ্যের তনয়া ও অধ্যাপকের কন্যাও অবিবাহ্যা।

উপাকর্ম্ম।

বার্ষিককৃত্য। বেদপাঠ ও ত্রিসন্ধ্যার দ্বারা যেমন দিনকৃত পাপের ক্ষয় হয় তেমনি সমস্ত বর্ষকৃত পাপ এক উপাকর্ম্ম দ্বারা ক্ষয় হয়। সেজন্য উপাকর্ম্ম ব্রাহ্মণ মাত্রেরই একান্ত কর্ত্তব্য। সামবেদী ভাদ্রমাসে হস্তানক্ষত্রে, যজুর্ব্বেদী শ্রাবণমাসে পূর্ণিমায়, ঋগ্বেদী শ্রাবণমাসে শ্রবণানক্ষত্রে অথবা ভাদ্রমাসে হস্তানক্ষত্রযুক্ত পঞ্চমীতে উপাকর্ম্ম করিবেন। উপাকর্ম্মপদ্ধতি মৎপ্রকাশিতব্য "উপাকর্ম্ম" পুস্তকে দ্রষ্টব্য।

গর্ভাধানের দ্রব্য।

ষষ্ঠী পূজার শাড়ী ১, মার্কণ্ডেয় পূজার যোড় ১, আসনাঙ্গুরী ২ প্রস্থ, মধুপর্কবাটী ২ টা, গব্য ঘৃত ১ দফা, মধু ১ দফা, দধি ১ দফা, চিনি ১ দফা, বড় নৈবদ্য ২ খানা, কুচানৈবেদ্য ১ খানা, বটের ডাল ১ টা, ঘট ১ টা, জামাতার বস্ত্র ১ যোড়া, কন্যার শাড়ী ১ খানা, বটপত্র ২১ টা, পিটুলির পুত্তলিকা ২১ টা, খৈ ১ দফা, কড়ি ১ দফা, পুষ্পাদি, আভ্যুদয়িকের দ্রব্য, * কলার ডোঙ্গা অথবা কদলাপত্র ২০, গামছা ১৬ খানা, সূর্য্যার্ঘ্যদ্রব্যাদি (জবাপুষ্প, করবীর পুষ্প, দূর্ব্বা, শ্বেত সর্ষপ, রক্তচন্দন, শ্বেত চন্দন, কুশার অগ্র ১ টা, আতপ তণ্ডুল, বিল্বপত্র), সিন্দূর, দক্ষিণা ১ দফা, ব্রাহ্মণ ভোজন ১ দফা।

আভ্যুদয়িকের দ্রব্য।

বস্ত্র ৭, ষষ্ঠীপূজার শাড়ী ১, মার্কণ্ডেয় পূজার বস্ত্র ১ যোড়, আসনাঙ্গুরী ২ প্রস্থ, মধুপর্ক ২, রম্ভা ১৫ গণ্ডা, সুপারী ১৫ গণ্ডা, পান ১৫ গণ্ডা, আতপ চাউল।৫ পোনের সের, ধূপ, দীপ, উপকরণ, যব ১ দফা, মটর কলায় ৷৷ সের, চিনি ৴ আধ পোয়া, মধু /• একছটাক, গব্য ঘৃত /০ এক ছটাক, পুষ্পতুলস্যাদি, সন্দেশ, বাতাসা, দক্ষিণা।

অধিবাসদ্রব্য।

গঙ্গামৃত্তিকা, চন্দন, পাথরের নুড়ি ১ টা, ধান্য, দূর্ব্বা, পুষ্প, রম্ভা ১ ছড়া, দধি, গব্য ঘৃত, স্বস্তিক, সিন্দূর সহ কৌটা ১ টা,

---

* গর্ভাধানে সামবেদীয়দিগের আভ্যুদয়িক নাই, কেবল ঋগ্বেদীয় ও যজুর্ব্বেদীয়গণের আছে।

শঙ্খ ১, কাজল সহ কাজললতা ১, হরিদ্রা, শ্বেত সর্ষপ, সোণা, রূপা, তামা, চামর ১, দর্পণ ১, প্রদীপ ১, সূতা ১, এই সমস্ত দ্রব্য একটি পাত্রে রাখিলেই তাহার নাম অধিবাসদ্রব্য।

পুংসবন ও সীমন্তোন্নয়নের দ্রব্য।

অধিবাসদ্রব্যাদি, বরণের কুলা ১, * শ্রী ১, ষষ্ঠীপূজার শাড়ী ১, মার্কণ্ডেয় পূজার যোড় ১, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটী ২, গব্য ঘৃত, মধু, দধি, চিনি, বড় নৈবেদ্য ২, কুচা নৈবেদ্য ১, বটের ডাল ৭ টা, ঘট ১ টা, বটপত্র ২১ টা, পিটুলির পুত্তলিকা ২১ টা, খৈ, কড়ি ১ দফা, পুষ্পতুলস্যাদি, আভ্যুদয়িকের দ্রব্য, কলার ডোঙ্গা বা কদলীপত্র ২০, গামছা ৮ যোড়া, সূর্য্যার্ঘ্য-দ্রব্যাদি, সিন্দূর, হোমের বালি, হোমের কাঠ, সজারুর কাঁটা ৩ টা, তীর ১ টা, সূত্রপূর্ণ টেকো ১ টা, যুগ্ম যজ্ঞডুমুর ২ টা, ঘুন্‌সী ১, ভেলা ১ টা, হোমের ঘি ।৴ এক পোয়া, চরুর মালসা ১, চরুর দুগ্ধ ৴১ সের, চিনি ।৴ এক পোয়া, কুলা ১, ধুচুনি ১, তিল, দক্ষিণা, ব্রাহ্মণভোজন।

অন্নপ্রাশনের দ্রব্য।

বালকের চেলির যোড় ১, টোপর ১, পুষ্পমালা, হোমের ঘি, বালি, হোমের কাঠ, ষষ্ঠী পূজার শাড়ী ১, মার্কণ্ডেয় পূজার বস্ত্র ১ যোড়, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটী ২, গব্য ঘৃত, মধু, দধি,

---

* একখানি কুলার উপর ৪ টী মুঙ্গলি ভাঁড় রাখিয়া সেই ভাঁড় চারিটীতে হরিদ্রাক্ত চাউল, সুপারী ও চারি গণ্ডা কড়ি দিয়া একখানি রক্ত বস্ত্র দ্বারা সেই ভাঁড় আচ্ছাদিত করিবে। ইহারই নাম বরণের কুলা।

চিনি, বড় নৈবেদ্য ২, কুচা নৈবেদ্য ১, বটের ডাল, বটপত্র, খৈ, কড়ি, আভ্যুদয়িকের দ্রব্যাদি, কদলীপত্র, সূর্য্যার্ঘ্যদ্রব্যাদি, পুষ্পতুলস্যাদি, ঘট, দক্ষিণা, ব্রাহ্মণভোজন।

চূড়াকরণের দ্রব্য।

আভ্যুদয়িকের দ্রব্য, ক্ষুর ১, কাঁসার পাত্র ১, বালকের পরিধেয় বস্ত্র ২, কর্ণবেধের গুঁজি ২, পুষ্পতুলস্যাদি, দক্ষিণা, ব্রাহ্মণভোজন।

কর্ণবেধের দ্রব্য।

আভ্যুদয়িকের দ্রব্যাদি, কর্ণ বিন্ধিবার গুঁজি ২, পুষ্পতুলস্যাদি, দক্ষিণা, ব্রাহ্মণভোজন।

উপনয়নের দ্রব্য।

শাড়ী ১, ধুতি ১, আসনাঙ্গুরী ২ প্রস্থ, মধুপর্কবাটী ২ প্রস্থ, বড় নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, আভ্যুদয়িকের দ্রব্যাদি, বটের ডাল ১, বালি, কেসে, যজ্ঞকাষ্ঠ, হোমের কাষ্ঠ, তিল, হরীতকী, অধিবাসের দ্রব্যাদি, শ্রী বা আক্, সিন্দূর, ধূপ, দীপ, সমিধ ৫০, বৃষগোময়, যব, মুগ, মাষকলায়, শ্বেত সর্ষপ, গুঁজি ২ টা, কাংস্যবাটী ১ টা, ক্ষুর ১, ঝুলির গামছা ১, গৈরিক বস্ত্র ১ যোড়, পৈতা (গ্রন্থি দেওয়া) ২ প্রস্থ, মেখলা ১, কৃষ্ণসারচর্ম্ম ১, বিল্বদণ্ড ১, বেউড় বংশের দণ্ড ১, সমাবর্ত্তনের রক্তবস্ত্র ১, পুষ্পমাল্য, অলঙ্কার, ছাতি ১, পাদুকা, টোপর ১, কুলা ১, ধুচুনি ১, চরুর মালসা ১, চরুর দুগ্ধ ⁄॥ আদসের, চিনি এক পোয়া, হোমের গব্য ঘৃত ⁄১ সের, দক্ষিণা ১ দফা, ব্রাহ্মণভোজন ১ দফা।

বিবাহের দ্রব্য।

আভ্যুদয়িকের দ্রব্যাদি, টোপর ১, সিঁতি ময়ূর ১, শীষসুদ্ধ নারিকেল ১টা, চণ্ডীর পুঁথি ১, কোশাকুশি ১ যোড়া, কন্যাচ্ছাদন গামছা ১, (ঐ গামছাতে ৫ টী হরীতকী, ৫ টী বয়ড়া, ৫টী সুপারী, ৫ টী আমলকী, ৫ টী বড় এলাইচ, ৫ খণ্ড হরিদ্রা ও ৫ গণ্ডা কড়ি বান্ধা থাকে।) সোনামুনি, হাই আমলা, ধুতুরা-ফল, কুলা ১, আকন্দ তুলা, পুষ্প, চন্দন, বরণডালা, মধুপর্কবাটী ১, বরাভরণ, কন্যাভরণ, দানসামগ্রী, বরের দক্ষিণা।

কুশণ্ডিকার দ্রব্য।

খৈ ৪ অঞ্জলি, কুলা ১, হোমের গব্য ঘৃত ✓৷৷ সের, শিল নোড়া, এক কলসী জল ও একটী আম্রশাখা, সিন্দূর ১ বাণ্ডিল, বেণার পাতা, সাঁই বাবলার পাতা, বর-কন্যার পরিধেয় বস্ত্র, ঘট ১ টা, বালি, কাঠ, দক্ষিণা।

অনন্তব্রতের দ্রব্য *।

লক্ষ্মী পূজার শাড়ী ১, বিষ্ণু পূজার বস্ত্র ১ যোড়া, আসনাঙ্গুরী ২ প্রস্থ, মধুপর্কবাটী ২ টা, বড় নৈবেদ্য ১৪ খানা, ছোট নৈবেদ্য ১ খানা, জলপানি দ্রব্য ১ খানা, ১৪ থাই সূত্রের ডোর ১, ১৪টী ফল, পুষ্পতুলস্যাদি, পায়স ও পিষ্টক, ভোজ্য ১ টা, দক্ষিণা।

---

* ধর্ম্মানুষ্ঠানমধ্যে অনন্তব্রতের পদ্ধতিটী সবিস্তার প্রকাশিত থাকায় তদ্ব্রতের আবশ্যকীয় দ্রব্যাদিই লিখিত হইল। অন্যান্য ব্রতের দ্রব্যাদি মৎপ্রকাশিতব্য "ব্রত" নামক গ্রন্থে দ্রষ্টব্য।

সম্পূর্ণ।